

লেকচার সিরিজের
SURE SUCCESS

Short
সিলেবাসে

HSC সৃজনশীল

কম
খর

টু টেস্ট
সেপারেস

পদার্থবিজ্ঞান

দ্বিতীয় পত্র

বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র

সেট-০৪

ঢাকা বোর্ড ২০২৪

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ পরীক্ষাগারে আদর্শ তাপমাত্রা ও চাপে একটি সিলিন্ডারে এক মোল কার্বন ডাইঅক্সাইড গ্যাস রাখা আছে। পরীক্ষা সম্পন্নের এক পর্যায়ে শিক্ষক শিক্ষার্থীদের বললেন, রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় গ্যাসের আয়তন ২ গুণ করতে সমোষ্ণ প্রক্রিয়ার তুলনায় কম কাজ করতে হবে।


- ক. অভ্যন্তরীণ শক্তি কী? ১
খ. রুদ্ধতাপীয় প্রসারণে সিস্টেমে উষ্ণতাহ্রাস পায়- ব্যাখ্যা কর। ২
গ. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় গ্যাসটির চূড়ান্ত চাপ নির্ণয় কর। ৩
ঘ. শিক্ষকের বক্তব্য যথার্থ ছিল কিনা- গাণিতিকভাবে যাচাই কর। ৪

২ ▶ চিত্র অনুযায়ী গঠিত ধারকে সঞ্চিত শক্তি পাওয়া গেল $9.96 \times 10^{-9} \text{ J}$ । ধারকত্ব বৃদ্ধির কৌশলস্বরূপ 2 mm পুরুত্বের এবং 4 পরাবৈদ্যুতিক ধ্রুবকসম্পন্ন একটি বস্তু পাতদ্বয়ের মাঝে স্থাপন করা হলো।



- ক. গাউসিয়ান তল কী? ১
খ. “চার্জিত গোলকের কেন্দ্রে প্রাবল্য শূন্য”- ব্যাখ্যা কর। ২
গ. ধারকের পাতের ক্ষেত্রফল নির্ণয় কর। ৩
ঘ. ধারকত্ব বৃদ্ধির কৌশল সঠিক হয়েছিল কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪


৩ ▶



চিত্রে PQR একটি সমকোণী সমদ্বিবাছ ত্রিভুজ। চিত্রানুসারে P বিন্দুতে স্থাপিত বস্তুটি ভারসাম্যভাবে ঝুলে থাকবে কিনা তা পরীক্ষা করা হচ্ছিল।

- ক. সান্ট কী? ১
খ. কার্শফের প্রথম সূত্র চার্জের সংরক্ষণ নীতি মেনে চলে- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের P বিন্দুতে বিভবের মান কত? ৩
ঘ. উদ্দীপকের P বিন্দুতে স্থাপিত বস্তুটিকে শূন্যে ঝুলিয়ে রাখা যাবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪


৪ ▶



চিত্রে প্রদর্শিত প্রতিটি কোষের তড়িচ্চালক শক্তি 1.5 V এবং অভ্যন্তরীণ রোধ 1 Ω।

- ক. গাউসের সূত্রটি লেখ। ১
খ. গ্যালভানোমিটার রক্ষায় শান্টের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে A ও B বিন্দুর মধ্যবর্তী তুল্যরোধ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তনীর $X = 10 \Omega$ রোধটি অপসারণ করলে অ্যামিটার প্রবাহ কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৫ ▶



পদার্থবিজ্ঞান গবেষণাগারে ইয়ং-এর দ্বি-চির পরীক্ষাটি সম্পন্ন করতে 2.95 mm ব্যবধানের চিরদ্বয় থেকে 1 m দূরে পর্দা স্থাপন করা হলো। P বিন্দুতে সৃষ্ট ডোরার ক্ষেত্রে ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য ছিল 5900 \AA এবং তরঙ্গদ্বয়ের পথ পার্থক্য পাওয়া গেল $2.36 \times 10^{-6} \text{ m}$ ।

- ক. সুসংগত উৎস কী? ১
খ. সূর্য থেকে আগত তরঙ্গমুখের প্রকৃতি কীরূপ হবে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে পর্দায় সৃষ্ট ডোরার ব্যবধান নির্ণয় কর। ৩
ঘ. P বিন্দুতে কী ধরনের ব্যতিচার সৃষ্টি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


৬ ▶ 40 আলোকবর্ষ দূরে একটি গ্রহে যাওয়ার জন্য 45 বছর বয়সী নভোচারীকে 0.6 c বেগের নভোযানে পাঠানো হলো। নভোচারীর ভর 80 kg। নভোচারীর গড় আয়ুষ্কাল 80 বছর। (1 আলোকবর্ষ = $9.4 \times 10^{15} \text{ m}$)।

- ক. দৈর্ঘ্য সংকোচন কী? ১
খ. প্লাটিনামের সূচন কম্পাঙ্ক $16 \times 10^{14} \text{ Hz}$ বলতে কী বুঝায়? ২
গ. চলন্ত অবস্থায় নভোচারীর ভর কত হবে? ৩
ঘ. উদ্দীপকের তথ্য অনুযায়ী নভোচারী ঐ গ্রহে জীবিত পৌঁছাতে সক্ষম হবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৭ ▶ একটি তেজস্ক্রিয় মৌলের অর্ধায়ু 3.82 দিন। একজন গবেষক পরীক্ষাগারে পর্যবেক্ষণে মতামত দিল যে, 18.75 দিন পর মৌলটির 96.67% ক্ষয় হবে।

- ক. গড় আয়ু কী? ১
খ. ফটোতড়িৎ ক্রিয়া সম্পন্নের জন্য ন্যূনতম কম্পাঙ্কের আলো প্রয়োজন- ব্যাখ্যা কর। ২
গ. মৌলটির ক্ষয় ধ্রুবক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে পর্যবেক্ষণটি সঠিক ছিল কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



চিত্রে একটি কমন এমিটর n-p-n ট্রানজিস্টর বর্তনী দেখানো হলো।

- ক. NAND গেইট কী? ১
খ. ডায়োডের জেনার ক্রিয়া ব্যাখ্যা কর। ২
গ. ট্রানজিস্টরটির প্রবাহ বিবর্তন গুণক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তনী থেকে বিবর্তিত সংকেত পাওয়া সম্ভব কিনা, গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

সেট-০৪

রাজশাহী বোর্ড ২০২৪

বিষয় কোড : 175



সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ চিত্র-১ ও চিত্র-২ এ প্রদর্শিত প্রত্যেকটি কোষের তড়িচ্চালক বল 1.5 V এবং অভ্যন্তরীণ রোধ 1.5Ω বহিঃস্থ 100Ω রোধের সাথে যুক্ত করা আছে।




- ক. ইলেকট্রন ভোল্ট কাকে বলে? ১
খ. তেজস্ক্রিয় ক্ষয় সূত্র ব্যাখ্যা কর। ২
গ. বর্তনী-২ এর প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. বর্তনী-১ ও বর্তনী-২ এর মধ্যে কোনটির বহিঃরোধ বেশি উল্লেখ হবে? বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ একজন পরীক্ষার্থী সমতল অপবর্তন গ্রেটিং ব্যবহার করে আলোর অপবর্তন পর্যবেক্ষণ করছিল। অপবর্তন গ্রেটিং এর চিরের ও দাগের বেধ যথাক্রমে 0.005 mm এবং 0.001 mm। ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 4000 Å। পর্দার কেন্দ্রীয় চরমের উভয় পাশে গৌণ চরম দেখতে পায়।
ক. আলোর সুসঙ্গত উৎস কাকে বলে? ১
খ. ডোপিং কীভাবে অর্ধপরিবাহীর তড়িৎ পরিবাহিতাকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. প্রথম ক্রমের উজ্জ্বল রেখার জন্য অপবর্তন কোণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে ৬ষ্ঠ অবমের জন্য অপবর্তন সম্ভব কি-না? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৩ ▶ উদ্দীপকে একটি সাধারণ নিঃসারক n-p-n বর্তনী দেখানো হলো :




- ক. গতিয় রোধ কাকে বলে? ১
খ. সাধারণ নিঃসারক বিবর্ধক বর্তনীতে ইনপুট ও আউটপুট সংকেতের মধ্যে 180° দশা পার্থক্য হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বর্তনীতে $\alpha = 0.99$ হলে ক্ষমতা লাভ কত হবে? ৩
ঘ. উদ্দীপকের বর্তনী থেকে বহিঃগামী সিগন্যালের ক্ষমতা ও অন্তঃগামী সিগন্যালের ক্ষমতা কিরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৪ ▶ একটি ধারক 150টি বৃত্তাকার টিনের পাতের তৈরি। প্রতিটি পাত পরস্পর হতে 0.4 mm পুরু এবং 7.6×10^{-3} m ব্যাসার্ধের অক্ষের চাদর দ্বারা পৃথকীকৃত। অক্ষের পরাবৈদ্যুতিক ধ্রুবক 6 এবং একটি অন্তর একটি পাত পরস্পর যুক্ত।
[$\epsilon_0 = 8.854 \times 10^{-12} \text{C}^2 \text{N}^{-1} \text{m}^{-2}$]

- ক. জড় প্রসঙ্গ কাঠামো কী? ১
খ. তড়িৎ ক্ষেত্রের কোনো বিন্দুর বিভব 1.5V বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের ধারকের ধারকত্ব নির্ণয় কর। ৩
ঘ. 220 V বৈদ্যুতিক উৎসের সাথে 100টি টিনের পাত ও 0.6 mm পুরুত্ব মানের ধারক যুক্ত করলে উৎপন্ন শক্তি পূর্ববর্তী ধারকের উৎপন্ন শক্তি থেকে একই থাকবে না- উত্তরের সপক্ষে গাণিতিক যুক্তি দাও। ৪
- ৫ ▶ এক খণ্ড রেডিয়ামে 6.023×10^{23} টি অক্ষত পরমাণু ছিল। এক বছর পর দেখা গেল 6.0×10^{23} টি পরমাণু ভেঙে গেছে।
ক. LED কাকে বলে? ১
খ. রেফ্রিজারেটর তাপ ইঞ্জিনের বিপরীত নীতিকে সমর্থন করে- ব্যাখ্যা কর। ২
গ. রেডিয়ামের গড় আয়ু বের কর। ৩
ঘ. পরবর্তী এক বছরে ভেঙে যাওয়া পরমাণু সংখ্যা এবং পূর্ববর্তী এক বছরে ভেঙে যাওয়া পরমাণু সংখ্যা সমান হবে কি-না গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৬ ▶ একটি কার্নো ইঞ্জিনের উৎসের তাপমাত্রা 340 K। এই তাপমাত্রায় ইঞ্জিনটি উৎস হতে 2200 J তাপ শোষণ করে এবং তাপ গ্রাহকে 240 K তাপমাত্রায় 1200 J তাপ বর্জন করে।
ক. প্লাংকের তাপগতিবিদ্যার ২য় সূত্র বিবৃত কর। ১
খ. $H = 0.24 I^2 R t$ সমীকরণ অনুসারে H-R লেখ চিত্রটি অঙ্কন করে প্রকৃতি কীরূপ হবে ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে এন্ট্রপির পরিবর্তন নির্ণয় কর। ৩
ঘ. ইঞ্জিনটির উৎসের তাপমাত্রা 120 K বাড়ালে দক্ষতার কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে উপস্থাপন কর। ৪
- ৭ ▶ নিচের বর্তনীটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. পরাবৈদ্যুতিক ধ্রুবক কাকে বলে? ১
খ. গোলাকার পরিবাহীর ধারকত্ব ব্যাখ্যা কর। ২
গ. বর্তনীটির মধ্যবর্তী ধারকের সঞ্চিত চার্জের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. সর্বাধিক শক্তি সঞ্চয়ের জন্য উদ্দীপকের সমবায়টি কী যথার্থ? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে ব্যাখ্যা কর। ৪

৮ ▶



- উদ্দীপকের চিত্রে একটি তেজস্ক্রিয় X-পরমাণুর তেজস্ক্রিয় ক্ষয়ের চিত্র দেখানো হয়েছে। যার গড় আয়ু 2.488×10^3 বছর।
ক. কার্যকৃত সহগ কী? ১
খ. পরমাণুর কক্ষপথে ইলেকট্রনের শক্তি ঋণাত্মক- ব্যাখ্যা কর। ২
গ. মৌলটির $0.25 N_0$ পরিমাণ ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
ঘ. মৌলটির C বিন্দুতে ক্ষয় হয়ে পৌঁছাতে যে সময় লাগে তা 'A' বিন্দুতে ক্ষয় হওয়া সময়ের ৩ গুণ হবে কি-না? বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

সেট-০২

যশোর বোর্ড ২০২৪

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি তাপ ইঞ্জিন তাপ উৎস হতে 600 K তাপমাত্রায় 1100 J তাপ গ্রহণ করে 90 K তাপমাত্রার তাপগ্রাহকে 300 J তাপ বর্জন করে। তাপ উৎস ও তাপগ্রাহকে তাপমাত্রা বাড়ানো এবং কমানোর ব্যবস্থা আছে।

- ক. এনট্রপি কাকে বলে? ১
খ. গ্যাসের ক্ষেত্রে দুটি আপেক্ষিক তাপ থাকার কারণ বুঝিয়ে লেখ। ২
গ. ইঞ্জিনটির দক্ষতা নির্ণয় কর। ৩
ঘ. তাপ ইঞ্জিনটিকে প্রত্যাবর্তী করতে কী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। ৪

২ ▶ পরীক্ষাগারে দেখা যায়, একটি সমান্তরাল পাত ধারকের প্রত্যেকটি পাতের ক্ষেত্রফল 1.55 m^2 । পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 2 cm এবং তা বাতাস দ্বারা পূর্ণ আছে। পাতদ্বয়ের বিভব পার্থক্য 50 V। পাতদ্বয়ের মধ্যে 2.5 ডাইইলেকট্রিক ধ্রুবকবিশিষ্ট পদার্থ দ্বারা পূর্ণ করলে সঞ্চিত শক্তির পরিবর্তন হয়। এক্ষেত্রে $\epsilon_0 = 8.854 \times 10^{-12} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}$ ।

- ক. তড়িচ্চালক বল কাকে বলে? ১
খ. সার্কিটে সান্ট ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে ধারকটির ধারকত্ব নির্ণয় কর। ৩
ঘ. ধারকটি ডাইইলেকট্রিক পদার্থ দ্বারা পূর্ণ করলে সঞ্চিত শক্তির যে পরিবর্তন হয় তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ ইলেকট্রিসিটি ল্যাবরেটরিতে একটি মিটার ব্রিজের একটি ফাঁকে 2Ω এবং অপর ফাঁকে 3Ω রোধ সংযুক্ত আছে। শিক্ষার্থীরা নিস্পন্দ বিন্দু ঠিক মারখানে পেতে চাচ্ছে।

- ক. কৃষ্ণবস্তুর বিকিরণ কাকে বলে? ১
খ. ডায়োডে তড়িৎ একদিকে প্রবাহিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. নিস্পন্দ বিন্দু কোথায় পাওয়া যাবে? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্য সফল করার জন্য কী পদক্ষেপ নেওয়া যেতে পারে? গাণিতিক বিশ্লেষণপূর্বক উত্তর দাও। ৪

৪ ▶ একটি সমতল অপবর্তন গ্রোটিং এর চির এবং দাগের প্রস্থ যথাক্রমে $1 \times 10^{-6} \text{ m}$ ও $1.5 \times 10^{-6} \text{ m}$ । গ্রোটিংটির উপর 5500 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো দ্বারা আলোকিত করা হলো।


- ক. গঠনমূলক ব্যতিচার কাকে বলে? ১
খ. ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় চিরদ্বয়ের ব্যবধান স্বল্প হওয়া প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২
গ. একক দৈর্ঘ্যে চিরের সংখ্যা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের গ্রোটিং থেকে ৫ম ক্রমের উজ্জ্বল পটী পাওয়া যাবে কি-না? গাণিতিক বিশ্লেষণসহ যাচাই কর। ৪

৫ ▶ মডার্ন ফিজিক্স ল্যাবরেটরিতে দেখা যায়, 3000 Å তরঙ্গদৈর্ঘ্যের আলোকরশ্মি $6.56 \times 10^{14} \text{ Hz}$ সূচন কম্পাঙ্কের একখণ্ড ধাতুর উপর আপতিত হলে ফটো-ইলেকট্রন নির্গত হয়। [প্লাঙ্কের ধ্রুবক, $h = 6.63 \times 10^{-34} \text{ J-s}$]

- ক. নিউক্লীয় ফিশন কাকে বলে? ১
খ. বস্তুর চলমান অবস্থার ভর এবং নিশ্চল অবস্থার ভরের পার্থক্য লেখ। ২

- গ. ফটো-ইলেকট্রনের সর্বোচ্চ গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. 4000 Å তরঙ্গদৈর্ঘ্যের আলোকরশ্মি ধাতবখণ্ডটির উপর আপতিত হলে কি ফটোইলেকট্রন পাওয়া সম্ভব? গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৬ ▶



চিত্র-১ : রোধের সমাবেশ

চিত্র-১ এর রোধের সমাবেশকে 12 V তড়িৎ উৎসের সাথে যুক্ত করায় বর্তনীতে তড়িৎপ্রবাহ শুরু হয়। সময়ের সাথে সাথে বর্তনীর তাপমাত্রা বৃদ্ধি পায় এবং প্রবাহমাত্রা কমতে থাকে। কোনো এক পর্যায়ে প্রবাহমাত্রা $\frac{1}{7} \text{ Amp}$ হয়। রোধের তাপমাত্রা গুণাঙ্ক $0.05/^\circ\text{C}$ ।

- ক. তড়িৎ দ্বিমেরু কাকে বলে? ১
খ. একটি ফাঁপা গোলকের অভ্যন্তরের সকল বিন্দুতে বিভব সমান।- ব্যাখ্যা কর। ২
গ. বর্তনীর প্রবাহমাত্রা হ্রাস পেয়ে $\frac{1}{7} \text{ Amp}$ হলে বর্তনীর তাপমাত্রা কত বৃদ্ধি পায়? নির্ণয় কর। ৩
ঘ. বর্তনীর রোধগুলোর সমাবেশ চিত্র-২ এর মতো হলে প্রবাহমাত্রার তাৎক্ষণিক কী পরিবর্তন হবে তার গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

৭ ▶ একটি ট্রানজিস্টরের সাধারণ পীঠ সংযোগ থাকা অবস্থায় পীঠ প্রবাহ ও নিঃসারক প্রবাহের মান যথাক্রমে 0.04 mA ও 0.7 mA পাওয়া যায়।

- ক. তাপগতিবিদ্যার ১ম সূত্রটি লেখ। ১
খ. ডোপিং কেন করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুযায়ী ট্রানজিস্টরটির প্রবাহ বিবর্ধক গুণকের মান নির্ণয় কর। ৩
ঘ. ট্রানজিস্টরটির প্রবাহ লাভ β এর মানের পরিবর্তন কীরূপ হবে যদি পীঠ প্রবাহের মান দ্বিগুণ করা হয়? গাণিতিক বিশ্লেষণসহকারে উত্তর দাও। ৪

৮ ▶ একটি H_2 পরমাণুর ইলেকট্রন -1.5 eV শক্তি অবস্থা হতে -3.4 eV শক্তি অবস্থায় আসে। [ভূমি অবস্থার শক্তি -13.6 eV , $c = 3 \times 10^8 \text{ ms}^{-1}$, $h = 6.63 \times 10^{-34} \text{ Js}$, দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্যের পাল্লা $4 \times 10^{-7} \text{ m}$ হতে $8 \times 10^{-7} \text{ m}$]

- ক. ভর ক্রটির সংজ্ঞা দাও। ১
খ. ${}^{226}_{88}\text{Ra} = {}^{222}_{86}\text{Rn} + \alpha$ বিক্রিয়াটি একটি নিউক্লীয় ঘটনা।- ব্যাখ্যা কর। ২
গ. ইলেকট্রনটি প্রাথমিক অবস্থায় কত নম্বর কক্ষপথে ছিলো? নির্ণয় কর। ৩
ঘ. ইলেকট্রন নিঃসৃত বিকিরণ দৃশ্যমান আলো হবে কী? গাণিতিক বিশ্লেষণ দাও। ৪

সেট-০৪

কুমিল্লা বোর্ড ২০২৪

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


- ১▶ পিস্টনযুক্ত একই ধরনের দুটি ভিন্ন সিলিন্ডারে 10°C তাপমাত্রার ৪ gm করে হাইড্রোজেন গ্যাস আছে। প্রথম সিলিন্ডারে আয়তন স্থির রেখে 410 J তাপ প্রদান করায় গ্যাসের তাপমাত্রা 15°C এ উন্নীত হলো। অপরপক্ষে দ্বিতীয় সিলিন্ডারে চাপ স্থির রেখে 410 J তাপ প্রদান করা হলো। [মোলার গ্যাস ধ্রুবক $R = 8.31\text{ Jmol}^{-1}\text{ K}^{-1}$]
- ক. তাপ গতিবিদ্যার শূন্যতম সূত্রটি বিবৃত কর। ১
- খ. রুদ্ধতাপীয় প্রসারণে সিস্টেম শীতল হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. স্থির আয়তনে মোলার তাপ ধারণক্ষমতা (C_v) নির্ণয় কর। ৩
- ঘ. দ্বিতীয় সিলিন্ডারে গ্যাসের তাপমাত্রা 15°C এ উন্নীত হবে কি-না? গাণিতিক বিশ্লেষণসহ যাচাই কর। ৪

২▶



উপরের চিত্রানুযায়ী বায়ু মাধ্যমে অবস্থিত ABCD আয়তক্ষেত্রের A ও C বিন্দুতে যথাক্রমে $+1.5 \times 10^{-3}\text{C}$ এবং $-2.5 \times 10^{-3}\text{C}$ চার্জ স্থাপন করা হলো। [$\epsilon_0 = 8.854 \times 10^{-12}\text{C}^2\text{N}^{-1}\text{m}^{-2}$]

- ক. বিন্দু চার্জ কাকে বলে? ১
- খ. কোনো মাধ্যমের পরাবৈদ্যুতিক ধ্রুবক 2.5 বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
- গ. B বিন্দুতে তড়িৎ প্রাবল্য নির্ণয় কর। ৩
- ঘ. যদি B ও D বিন্দুকে একটি ধাতব তার দ্বারা যুক্ত করা হয় তবে ধনাত্মক আধান কোন দিক হতে প্রবাহিত হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪
- ৩▶ উদ্দীপকে দুটি বর্তনী দেখানো হলো :



চিত্র-১

চিত্র-২

তড়িচ্চালক বল, $E = 3\text{ volt}$


অভ্যন্তরীণ রোধ, $r = 0.2\ \Omega$ এবং বহিঃরোধ, $R = 30\ \Omega$

- ক. তাড়ন বেগের সংজ্ঞা দাও। ১
- খ. তাপমাত্রা বৃদ্ধি পেলে পরিবাহীর প্রবাহমাত্রা কমে যায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. ১নং বর্তনীতে মূল প্রবাহ বের কর। ৩
- ঘ. উদ্দীপকের আলোকে কোন বর্তনীতে একক সময়ে অধিক শক্তি অপচয় হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৪▶ আলোর ব্যতিচার পরীক্ষা করার জন্য ছাত্ররা দুটি সুসংগত উৎস ব্যবহার করল। উৎস হতে নির্গত আলোর তরঙ্গদৈর্ঘ্য $4500\ \text{\AA}$ । উৎস হতে পর্দার দূরত্ব 1 m এবং ডোরার প্রস্থ 5 mm।
- ক. পয়েন্টিং ভেক্টর কাকে বলে? ১
- খ. ব্যতিচার পরীক্ষায় সুসংগত আলোর উৎস ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উক্ত উৎস হতে নির্গত ফোটনের শক্তি হিসাব কর। ৩
- ঘ. পর্দার কেন্দ্র হতে 6.38 mm দূরে কোন ধরনের ডোরা সৃষ্টি হবে তার গাণিতিক বিশ্লেষণ দাও। ৪
- ৫▶ তোহা ও নূহা দুই বন্ধুর জন্ম 1955 সালে। তারা যে স্কুলের ছাত্রী ছিল সে স্কুল স্থাপিত হয় 1915 সালে। 25 বছর বয়সে নূহা

85 m লম্বা মহাকাশযানে চড়ে 0.6 c বেগে মহাকাশে যাত্রা শুরু করল এবং নূহার হিসাব মতে 30 বছর পরে ফিরে এলো তার স্কুলের 100 বছর পূর্তি অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য।

- ক. জড় কাঠামো কাকে বলে? ১
- খ. X-রশ্মি চৌম্বকক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় কি-না, ব্যাখ্যা কর। ২
- গ. তোহার নিকট মহাকাশযানের দৈর্ঘ্য কত মনে হবে? হিসাব কর। ৩
- ঘ. নূহা তার স্কুলের অনুষ্ঠানে যোগ দিতে পারবে কি-না? গাণিতিক বিশ্লেষণসহ উত্তর দাও। ৪

৬▶




চিত্র-২ : রোধের ভিন্ন সমাবেশ

চিত্র-১ : রোধের সমাবেশ

চিত্র-১ এর রোধের সমাবেশকে 12 V তড়িৎ উৎসের সাথে যুক্ত করায় বর্তনীতে তড়িৎপ্রবাহ শুরু হয়। সময়ের সাথে সাথে বর্তনীর তাপমাত্রা বৃদ্ধি পায় এবং প্রবাহমাত্রা কমেতে থাকে। কোনো এক পর্যায়ে প্রবাহমাত্রা $\frac{1}{7}\text{ Amp}$ হয়। [রোধের তাপমাত্রা গুণাঙ্ক $\alpha = 0.05/^\circ\text{C}$]

- ক. তড়িৎ দ্বিমেরু কাকে বলে? ১
- খ. প্রোটনসমূহ ধনাত্মক আধানবিশিষ্ট হওয়া সত্ত্বেও নিউক্লিয়াস গঠিত হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. বর্তনীর প্রবাহমাত্রা হ্রাস পেয়ে $\frac{1}{7}\text{ Amp}$ হলে বর্তনীর তাপমাত্রা কত বৃদ্ধি পায়? নির্ণয় কর। ৩
- ঘ. বর্তনীর রোধগুলোর সমাবেশ চিত্র-২ এর মতো হলে প্রবাহমাত্রার তাৎক্ষণিক কী পরিবর্তন হবে তার গাণিতিক বিশ্লেষণ দাও। ৪
- ৭▶ সামিয়া ও স্নেহা প্রত্যেকে আলাদাভাবে যথাক্রমে 22 MeV ও 25 MeV শক্তি প্রয়োগ করে হিলিয়াম নিউক্লিয়াস ভেঙে প্রোটন ও নিউট্রনে পরিণত করার চেষ্টা করল। প্রোটনের ভর $m_p = 1.00758\text{ amu}$, নিউট্রনের ভর $m_n = 1.00894\text{ amu}$ এবং হিলিয়াম নিউক্লিয়াসের ভর 4.00389 amu।
- ক. ক্ষয় ধ্রুবকের সংজ্ঞা দাও। ১
- খ. নিউক্লিয় ফিশন বিক্রিয়ায় কেন ক্যাডমিয়াম দণ্ড ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
- গ. হিলিয়ামের ভরক্রটি বের কর। ৩
- ঘ. সামিয়া অথবা স্নেহা হিলিয়াম নিউক্লিয়াস ভাঙতে সক্ষম হবে কি-না, গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৮▶



উদ্দীপকে একটি কমন এমিটার ট্রানজিস্টর বর্তনী দেখানো হলো। বর্তনীটির গভীর রোধ ও ভাররোধ যথাক্রমে $55\ \Omega$ ও $45\ \Omega$ । বর্তনীর কারেন্ট গেইন 80 এবং কালেক্টর কারেন্ট 5.4 mA।

- ক. ডোপিং কাকে বলে? ১
- খ. তাপমাত্রা বৃদ্ধিতে অর্ধপরিবাহীর তড়িৎ পরিবাহিতা বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. বর্তনীর নিঃসারক প্রবাহ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বর্তনী থেকে 100% ভোল্টেজ গেইন পাওয়া সম্ভব কি-না? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪

সেট-০৪

চট্টগ্রাম বোর্ড ২০২৪

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


- ১ ▶ কার্নো ইঞ্জিনের প্রতি স্তরে সংকোচন বা প্রসারণের অনুপাত 1 : 6, এতে কার্যনির্বাহক বস্তু হিসাবে 3 মোল দ্বি-পরমাণুক গ্যাস ব্যবহার করা হলো। $[\gamma = 1.4]$




- ক. পানির শ্রেণি বিন্দু কাকে বলে? ১
খ. প্রত্যাবর্তী প্রক্রিয়ায় এন্ট্রপি স্থির থাকে কেন? ব্যাখ্যা কর। ২
গ. কার্যনির্বাহক বস্তুকে A হতে B বিন্দুতে আনতে কৃতকাজ নির্ণয় কর। ৩
ঘ. প্রদত্ত ইঞ্জিনের কর্মদক্ষতা 55% অপেক্ষা বেশি হওয়া সম্ভব কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ চিত্রে বায়ু মাধ্যমে বর্গক্ষেত্রের A, B ও C বিন্দুতে যথাক্রমে $q_1 = 2 \times 10^{-9} \text{ C}$, $q_2 = 3 \times 10^{-9} \text{ C}$ ও $q_3 = -4 \times 10^{-9} \text{ C}$ চার্জ আছে। বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 1 m.



- ক. ধারক কী? ১
খ. চার্জের তলমাত্রিক ঘনত্ব তড়িৎ প্রাবল্যের ϵ_0 গুণ- ব্যাখ্যা কর। ২
গ. বর্গক্ষেত্রের কেন্দ্র P তে তড়িৎ প্রাবল্য নির্ণয় কর। ৩
ঘ. যে কোনো চার্জকে D বিন্দু হতে P বিন্দুতে আনতে কাজ সম্পাদিত হবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ নিচের বর্তনীটি লক্ষ কর :



- ক. প্রবাহ ঘনত্ব কাকে বলে? ১
খ. কোনো পরিবাহীর পরিবাহিতা 0.2 সিমেন্স বলতে কী বুঝায়? ২
গ. বর্তনীর A বিন্দুতে বিভব নির্ণয় কর। ৩
ঘ. বর্তনীকে 20°C তাপমাত্রার 2 kg পানিতে ডুবিয়ে 1 ঘণ্টা চালু রাখলে পানি বাষ্পীভূত হবে কি না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৪ ▶ চিত্রে কেন্দ্রীয় চরম বিন্দু O হতে ৪র্থ চরম বিন্দু P এর দূরত্ব 6 mm।



- ক. শ্রেটিং প্রবক কাকে বলে? ১
খ. দশা পার্থক্য পথ পার্থক্যের $\frac{2\pi}{\lambda}$ গুণ- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের চিরদ্বয় হতে পর্দার দূরত্ব অর্ধেক করা হলে, ডোরার ব্যবধান বর্তমান ডোরার প্রস্থের সমান হবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ কোন ধাতু থেকে ইলেকট্রন নিঃসরণের জন্য প্রয়োজনীয় তরঙ্গ দৈর্ঘ্যের সর্বোচ্চ মান 4400 Å। উক্ত ধাতুর উপর 1500 Å তরঙ্গদৈর্ঘ্যের অতিবেগুনি রশ্মি এবং 500 Å তরঙ্গদৈর্ঘ্যের এক্স-রশ্মি ফেলা হলো। প্লাঙ্কের প্রবক $h = 6.63 \times 10^{-34} \text{ Js}$
- ক. কাল দীর্ঘায়ন কাকে বলে? ১
খ. কোনো বস্তু আলোর সমান বেগে চলতে পারে না- ব্যাখ্যা কর। ২
গ. ধাতুর কার্যপেক্ষক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন আলোক রশ্মির জন্য নিঃসৃত ইলেকট্রনের বেগ বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ হাইড্রোজেন পরমাণুর তৃতীয় কক্ষপথ হতে একটি ইলেকট্রন উত্তেজিত অবস্থায় শক্তি বিকিরণ করে দ্বিতীয় কক্ষপথে আসে। ইলেকট্রনের ভর $9.1 \times 10^{-31} \text{ kg}$, ইলেকট্রনের চার্জ $1.6 \times 10^{-19} \text{ C}$ । প্লাঙ্কের প্রবক $6.63 \times 10^{-34} \text{ Js}$, আলোর দ্রুতি $3 \times 10^8 \text{ m s}^{-1}$ এবং $\epsilon_0 = 8.854 \times 10^{-12} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}$ ।
- ক. বন্ধন শক্তি কাকে বলে? ১
খ. নিউক্লীয় ফিশন বিক্রিয়ায় ক্যাডমিয়াম দণ্ড ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. পরমাণুর তৃতীয় কক্ষপথের ব্যাসার্ধ নির্ণয় কর। ৩
ঘ. ইলেকট্রনটি শক্তির যে বিকিরণ নিঃসরণ করে তা চোখে দেখা যাবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ রেডিয়ামের অর্ধায়ু 1620 বছর এবং এর প্রারম্ভিক পরিমাণ $1 \times 10^{-3} \text{ kg}$ ।
- ক. ডোপিং কী? ১
খ. বিমুখী বায়াসে ডায়োডের ডিপ্লেশন স্তর বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
গ. রেডিয়ামের গড় আয়ু নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের রেডিয়ামের প্রথম 2 mg ক্ষয় হতে যে সময় লাগে পরবর্তী 2 mg ক্ষয় হতে একই সময় লাগবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ সাধারণ এমিটার ট্রানজিস্টর সার্কিট এর ইনপুট ভোল্টেজ 1.1 V থেকে বৃদ্ধি করে 1.6 V করা হয়। এতে পীঠ প্রবাহ 8 mA থেকে বৃদ্ধি পেয়ে 28 mA হয়। ফলে আউটপুট লোড রেজিস্ট্যান্স 150 Ω এর জন্য কারেন্ট গেইন 75 পাওয়া যায়।
- ক. অর্ধপরিবাহী কাকে বলে? ১
খ. দুটি পৃথক p-n জংশন ডায়োডকে জোড়া লাগিয়ে p-n-p ট্রানজিস্টর তৈরি করা যায় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. এমিটার প্রবাহের পরিবর্তন নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ট্রানজিস্টর থেকে ক্ষমতা লাভ 35,000 পাওয়া সম্ভব কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সেট-০২

সিলেট বোর্ড ২০২৪

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ একটি কার্নো ইঞ্জিনের তাপ উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রা যথাক্রমে 727°C ও 227°C । ইঞ্জিনটি তাপ উৎস থেকে 1000 J তাপ গ্রহণ করে। একজন ইঞ্জিনিয়ার উক্ত ইঞ্জিনের দক্ষতা 60% এ উন্নীত করেন।

- ক. প্রত্যাবর্তী প্রক্রিয়া কাকে বলে? ১
খ. মহাবিশ্বের এনট্রপি সর্বদা বৃদ্ধি পাচ্ছে- ব্যাখ্যা কর। ২
গ. ইঞ্জিনটির কৃতকাজের মান কত? ৩
ঘ. তাপগ্রাহকের কী পরিবর্তন করে উদ্দীপকের ইঞ্জিনিয়ার প্রদত্ত দক্ষতায় উন্নীত করতে সক্ষম হয়েছিলেন? গাণিতিকভাবে ব্যাখ্যা দাও। ৪

২ ▶




চিত্রে EFGH বর্গক্ষেত্রটির কেন্দ্র O।

$EF = FG = GH = HE = 1\text{ m}$

প্রথমে E, F ও G বিন্দুতে যথাক্রমে $+3\text{ C}$, -3 C ও $+3\text{ C}$ চার্জ রয়েছে। দ্বিতীয় ক্ষেত্রে H বিন্দুতে $+1\text{ C}$ চার্জের একটি হালকা বস্তু স্থাপন করা হলো।

- ক. কোষের অভ্যন্তরীণ রোধ কাকে বলে? ১
খ. বিভিন্ন পরিবাহকের রোধের উষ্ণতা সহগ বিভিন্ন হয়- ব্যাখ্যা কর। ২
গ. প্রথম ক্ষেত্রে বর্গক্ষেত্রের কেন্দ্রে বিভব এর মান কত হবে? ৩
ঘ. দ্বিতীয় ক্ষেত্রে রক্ষিত বস্তুটি কোন দিকে গতিশীল হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶




চিত্র-১

চিত্র-২

বর্তনীতে উল্লেখিত প্রতিটি তড়িৎ কোষের মান 1.5 V । তড়িৎ কোষের অভ্যন্তরীণ রোধ $0.2\ \Omega$ এবং বহিঃস্থ রোধ $R = 10\ \Omega$ ।

- ক. আপেক্ষিক রোধ বলতে কী বোঝ? ১
খ. বর্তনীতে শান্টের ব্যবহার ব্যাখ্যা কর। ২
গ. ১নং বর্তনীতে চাবি বন্ধ অবস্থায় R' রোধের বিভব পার্থক্য নির্ণয় কর। ৩
ঘ. চাবি খোলা অবস্থায় চিত্র-১ ও চিত্র-২ এর মধ্যে কোন ক্ষেত্রে তড়িৎ প্রবাহমাত্রা অধিক হবে? গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

৪ ▶



চিত্র অনুযায়ী ইয়ং এর দ্বিচির পরীক্ষায় দুই চিরের মধ্যবর্তী দূরত্ব $2a = 0.5\text{ mm}$ এবং চির থেকে পর্দার দূরত্ব 1.4 m । কেন্দ্রীয় উজ্জ্বল বিন্দু O হতে দ্বিতীয় উজ্জ্বল P বিন্দুর দূরত্ব 6 mm (x_n)।

- ক. তরঙ্গমুখ বলতে কী বোঝ? ১
খ. রাস্তার সিগনাল বাতিতে লাল বর্ণের বাতি ব্যবহার করার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ব্যবহারকৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য বের কর। ৩

ঘ. উদ্দীপকে ব্যবহৃত আলো পরিবর্তন না করে ডোরার প্রশ্ন দ্বিগুণ করতে হলে পর্দাকে সরাতে হবে- গাণিতিকভাবে উক্তিটি ব্যাখ্যা কর। ৪


৫ ▶ 25 বছর বয়সের 50 kg ভরের একজন নভোচারী 100 m দৈর্ঘ্যের ও 1000 kg ভরের নভোযানে চড়ে 0.7 c বেগে মহাশূন্যে ভ্রমণরত অবস্থায় দৈর্ঘ্য বরাবর $70 \times 50\text{ m}^2$ আকারের একটি মাঠকে অতিক্রম করছেন। [আলোর বেগ $= 3 \times 10^8\text{ m s}^{-1}$]

- ক. কৃষ্ণবস্তুর বিকিরণ বলতে কী বোঝ? ১
খ. X-ray উৎপাদনে উচ্চ বিভব ব্যবহার করতে হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. স্থির অবস্থা সাপেক্ষে নভোচারীর গতিশীল অবস্থায় ভর কত হবে? ৩
ঘ. নভোচারী কর্তৃক চলন্ত অবস্থায় মাঠের আকার বর্গাকার দেখার সম্ভাবনা আছে কি? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে যাচাই কর। ৪

৬ ▶ প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থায় পরীক্ষা করার জন্য 50 gm তেজস্ক্রিয় পদার্থ উন্মুক্তভাবে রেখে দেওয়া হলো। 10 দিন পরে দেখা গেল যে 8.1 gm অবশিষ্ট আছে। মৌলটির গড় আয়ু 5.48 দিন।

- ক. তেজস্ক্রিয়তার একক লেখ। ১
খ. বন্ধনশক্তির উপর পরমাণুর স্থায়িত্ব নির্ভর করে- ব্যাখ্যা কর। ২
গ. মৌলটির ক্ষয়ধ্রুবক কত? ৩
ঘ. পরীক্ষাগারে 10 দিনের পরিবর্তে 18 দিন মৌলটি রেখে দিলে কোনো অংশ অবশিষ্ট থাকবে কি-না? গাণিতিক বিশ্লেষণসহ ব্যাখ্যা কর। ৪

৭ ▶




চিত্র-১

চিত্র-২

চিত্র-১ এ নিঃসারক প্রবাহ 1.45 mA এবং সংগ্রাহক প্রবাহ 1.08 mA । ২নং চিত্রে ভূমি প্রবাহ 0.11 mA এবং $\beta = 10$ ।

- ক. ডোপিং কি? ১
খ. ডায়োডের ক্ষেত্রে বিপরীত ঝাঁকের লেখচিত্র ব্যাখ্যা কর। ২
গ. ১নং চিত্রের উপাত্ত থেকে প্রবাহ বিবর্ধন গুণক (α) নির্ণয় কর। ৩
ঘ. বিবর্ধক হিসেবে বর্তনী দুটির কার্যকারিতার তুলনামূলক গাণিতিক বিশ্লেষণ করে সপক্ষে যুক্তি দাও। ৪

৮ ▶



উপরের লেখচিত্রে $n = 1\text{ mole}$ গ্যাসের জন্য P-V লেখের চক্রীয় প্রক্রিয়া দেখানো হয়েছে। B বিন্দুতে উৎস হতে 200 J তাপ গৃহীত হয়।

- ক. তাপীয় সিস্টেম কী? ১
খ. রুদ্ধতাপীয় সংকোচনে চাপের পরিবর্তন অধিকতর কেন? ব্যাখ্যা কর। ২
গ. CA ও AB পথে মোট কৃতকাজ কত? ৩
ঘ. BC পথে অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন নির্ণয় করা সম্ভব হবে কি? গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০৪

বরিশাল বোর্ড ২০২৪

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১▶ নিচের লেখচিত্রে ২ মোল কোনো গ্যাসের তাপমাত্রার সাথে চাপের পরিবর্তন দেখানো হলো। OA অংশে গ্যাসের আয়তন স্থির থাকে। স্থির আয়তনে গ্যাসের মোলার আপেক্ষিক তাপ $12.5 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$ ।




- ক. প্রত্যাবর্তী প্রক্রিয়ার সংজ্ঞা দাও। ১
খ. সমোষ্ণ প্রক্রিয়া ধীর প্রক্রিয়া কেন? ব্যাখ্যা কর। ২
গ. OA রেখায় অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন নির্ণয় কর। ৩
ঘ. লেখচিত্রের AB ও BC অংশের কৃতকাজ গাণিতিক বিশ্লেষণ সহকারে তুলনা কর। ৪
- ২▶ একটি সমান্তরাল পাত ধারকের পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 4 cm এবং এটি বায়ু দ্বারা পূর্ণ। ধারকটিতে $9.6 \mu\text{C}$ চার্জ প্রদান করায় পাতদ্বয়ের মধ্যে 200 NC^{-1} তড়িৎ প্রাবল্যের সৃষ্টি হয়। পরবর্তীতে ধারকটির পাতদ্বয়ের মধ্যবর্তী স্থানে $K = 1.5$ মানের পরাবৈদ্যুতিক মাধ্যম দ্বারা পূর্ণ করা হলো।
- ক. এনট্রপি কি? ১
খ. রুদ্ধতাপীয় প্রসারণে সিস্টেম শীতল হয়- ব্যাখ্যা কর। ২
গ. প্রথম ক্ষেত্রে ধারকটির ধারকত্ব নির্ণয় কর। ৩
ঘ. দ্বিতীয় ক্ষেত্রে ধারকটির সম্ভবত শক্তির পরিবর্তন গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩▶ নিচের বর্তনীটি লক্ষ কর :



- ক. তড়িৎ পরিবাহিতা কাকে বলে? ১
খ. তড়িৎ প্রবাহের ফলে পরিবাহীতে তাপ উৎপন্ন হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. চাবি K খোলা (OFF) অবস্থায় AB এর মধ্য দিয়ে তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. চাবি K বন্ধ (ON) এবং খোলা (OFF) অবস্থায় AB এর দুই প্রান্তের বিভব পার্থক্যের পরিবর্তন গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৪▶ বায়ুতে ইয়ং এর দ্বিচির পরীক্ষায় দুটি চিরের মধ্যবর্তী দূরত্ব 0.4 mm এবং চির হতে পর্দার দূরত্ব 1 m। কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে 12 তম উজ্জ্বল ডোরার দূরত্ব 9.3 mm। পরবর্তীতে পরীক্ষণটি পানিতে সম্পন্ন করা হলো। পানির প্রতিসরাঙ্ক $\frac{4}{3}$ ।
- ক. সমবর্তন কাকে বলে? ১
খ. পয়েন্টিং ভেক্টর ব্যাখ্যা কর। ২

- গ. বায়ুতে ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
ঘ. পানিতে কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে 9.3 mm দূরত্বে উজ্জ্বল ডোরার সংখ্যার পরিবর্তন হবে কি-না যাচাই কর। ৪
- ৫▶ কোনো ধাতুর সূচন তরঙ্গদৈর্ঘ্য 5100 Å। ধাতুটিকে 4600 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো দ্বারা আলোকিত করা হলো। এর ফলে নির্গত ফটোইলেকট্রন দ্বারা কোনো ধাতব লক্ষ্যবস্তুরে আঘাত করা হলো। এক্স রশ্মির তরঙ্গদৈর্ঘ্যের পাল্লা $5 \times 10^{-8} \text{ m} - 5 \times 10^{-15} \text{ m}$ ।
- ক. গ্যালিলিওর রূপান্তর কী? ১
খ. তেজস্ক্রিয়তা একটি স্বতঃস্ফূর্ত ঘটনা- ব্যাখ্যা কর। ২
গ. ধাতুটির কার্যাপেক্ষক eV এককে নির্ণয় কর। ৩
ঘ. নির্গত ফটোইলেকট্রনের সমস্ত শক্তি ব্যয়ে এক্স রশ্মি উৎপন্ন করা যাবে কি-না যাচাই কর। ৪
- ৬▶ দুজন ছাত্রের এক গবেষণায় কোনো স্থানের তেজস্ক্রিয়তা পাওয়া গেল 10 millicurie। কিন্তু মানুষের জন্য সহনীয় মাত্রা $5 \mu\text{ curie}$ । ঐ স্থানের তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু 20 বৎসর। একজন ছাত্র মন্তব্য করলো “আমাদের জীবদশায় এই স্থান মানব বসতির উপযোগী হবে না।” [মানুষের গড় আয়ু 75 বৎসর]।
- ক. ভরকণা কাকে বলে? ১
খ. তেজস্ক্রিয় বিকিরণে γ -রশ্মি সবসময় α ক্ষয় বা β ক্ষয় এর সাথে নিঃসৃত হয় কিন্তু এককভাবে হয় না- ব্যাখ্যা কর। ২
গ. ঐ স্থানের তেজস্ক্রিয় পদার্থের অক্ষত পরমাণুর সংখ্যা নির্ণয় কর। ৩
ঘ. ছাত্রের মন্তব্য সঠিক কি-না- গাণিতিক যুক্তির মাধ্যমে যাচাই কর। ৪
- ৭▶ উদ্দীপকটি লক্ষ কর :



- ট্রানজিস্টরের প্রবাহ বিবর্ধক গুণক 0.96 এবং অন্তরোধ 100Ω ।
- ক. লিকেজ প্রবাহ কাকে বলে? ১
খ. কোনো গোলীয় পরিবাহীর ধারকত্ব কোন কোন বিষয়ের উপর নির্ভর করে? ব্যাখ্যা কর। ২
গ. I_C এর মান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে ভোল্টেজ গেইন 100 অপেক্ষা বেশি- যাচাই কর। ৪
- ৮▶ মেসন কণাসমূহের গড় আয়ু এবং স্থির ভর যথাক্রমে 3×10^{-6} seconds এবং $1.82 \times 10^{-28} \text{ kg}$ । এরা পৃথিবীপৃষ্ঠ থেকে 4 km উপরে আপতিত হবার পর 0.98 c বেগে পৃথিবীর দিকে ধাবিত হয়। পৃথিবীপৃষ্ঠে এদের উপস্থিতি শনাক্ত করা হলো।
- ক. দুর্বল নিউক্লীয় বলের সংজ্ঞা দাও। ১
খ. আলোর বেগের কাছাকাছি বেগে চলমান কোনো বস্তুর ভর আপেক্ষিক- ব্যাখ্যা কর। ২
গ. গতিশীল মেসনের ভর নির্ণয় কর। ৩
ঘ. পৃথিবীপৃষ্ঠে মেসন কণার উপস্থিতির কারণ আপেক্ষিক তত্ত্বের আলোকে গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

সেট-০২

দিনাজপুর বোর্ড ২০২৪

বিষয় কোড : 1 7 5


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶




উপরের চিত্রে গ্যাসের চাপ প্রথমে ধীরে দ্বিগুণ এবং পরে দ্রুত তিনগুণ করলে তাপমাত্রা পেল 197.83°C । জাহিন দাবি করল পাত্রের গ্যাস হিলিয়াম।

- ক. শান্ট কী? ১
খ. হাইগেনের নীতি অপবর্তন সমর্থন করে কি-না- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১ম ক্ষেত্রে কৃতকাজ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের আলোকে জাহিনের দাবি সঠিক ছিল কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ করে মতামত দাও। ৪

২ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.4 mm এবং চির হতে পর্দার দূরত্ব 1.2 m । ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 3800 \AA । কেন্দ্রীয় উজ্জ্বল বিন্দুর উভয় পাশে 9.12 mm পর্যন্ত আলোর বিস্তৃতি পাওয়া যায়। [একটি চিরের প্রস্থ 0.1 mm]


- ক. অস্তঃস্থ শক্তি কী? ১
খ. ট্রানজিস্টরের বেস পাতলা করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. কেন্দ্রীয় উজ্জ্বল বিন্দুর যেকোনো এক পাশে সর্বোচ্চ কত ক্রম উজ্জ্বল বিন্দু পাওয়া যাবে? নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের দ্বি-চির এর পরিবর্তে একক চিরের পরীক্ষণে পঞ্চম ক্রম চরমের ক্ষেত্রে কৌণিক সরণ একই হবে কি-না- বিশ্লেষণ কর। ৪

৩ ▶ চিত্রটি লক্ষ কর :



- ক. তড়িৎ প্রাবল্য কী? ১
খ. জলপ্রপাতের কিছু উপর হতে পানি পড়লে পানির তাপমাত্রা বৃদ্ধি পায় কেন? ২
গ. চাবি (K) খোলা অবস্থায় ADC পথে প্রবাহের মান নির্ণয় কর। ৩
ঘ. চাবি বন্ধ করলে গ্যালভানোমিটার এর মধ্যদিয়ে গতিশীল প্রবাহ মূল প্রবাহের এক-তৃতীয়াংশ হবে কি-না- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৪ ▶ চিত্রটি লক্ষ কর :



[C বিন্দুতে 2 kg ভরের একটি বস্তু এবং 0.2 C চার্জ স্থাপন করা হলো]

- ক. কাল দীর্ঘায়ন কী? ১
খ. তেজস্ক্রিয়তা স্বতঃস্ফূর্ত নিউক্লীয় ঘটনা- ব্যাখ্যা কর। ২
গ. C বিন্দুতে (চার্জ স্থাপনের পূর্বে) তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
ঘ. 'C' বিন্দুতে চার্জিত বস্তুটি স্থির থাকবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ $2.918 \times 10^{15}\text{ Hz}$ কম্পাঙ্কের ফোটন দ্বারা একটি পরমাণুর প্রথম কক্ষের ইলেকট্রনকে আঘাত করা হলো। পরমাণুটির প্রথম কক্ষের ব্যাসার্ধ 0.53 \AA এবং শক্তি -13.6 eV ।

- [$h = 6.63 \times 10^{-34}\text{ Js}$]
ক. ভরকণাটিকে কাকে বলে? ১
খ. বিটা ক্ষয়ে ইলেকট্রন নির্গত হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের পরমাণুর প্রথম কক্ষপথে ঘূর্ণায়মান ইলেকট্রনের বেগ নির্ণয় কর। ৩
ঘ. ইলেকট্রনকে আঘাত করার ফলে তার কক্ষপথের পরিবর্তন হবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৬ ▶ একটি কাল্পনিক ট্রেনের ভর 500 টন এবং এটি 0.8 c দ্রুতিতে একটি স্টেশনের প্লাটফর্ম অতিক্রম করল। প্লাটফর্মে দাঁড়ানো একজন যাত্রী চলমান ট্রেনের দৈর্ঘ্য মাপলে 200 m যা প্লাটফর্মের দৈর্ঘ্যের সমান।

- ক. নিবৃত্তি বিভব কাকে বলে? ১
খ. ধাতব পদার্থের সূচন কম্পাঙ্ক শূন্য হতে পারে কি? ব্যাখ্যা কর। ২
গ. ট্রেনটির আপেক্ষিক গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. ট্রেনের কোনো যাত্রী প্লাটফর্মের দৈর্ঘ্য মাপলে দৈর্ঘ্যের কোনো পরিবর্তন পাবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

৭ ▶ কমন ইমিটার ট্রানজিস্টর সংযোগ বর্তনীতে 0.85 V ও 1.10 V বিভব প্রয়োগে ইমিটার প্রবাহ যথাক্রমে 10 mA ও 40 mA পাওয়া যায়। প্রবাহ বিবর্ধন গুণক 0.98 এবং ভার রোধ $120\text{ }\Omega$ ।

- ক. এক কুরী কাকে বলে? ১
খ. সকল অপরিবাহী ডাইইলেকট্রিক নয়- ব্যাখ্যা কর। ২
গ. ট্রানজিস্টরটির প্রবাহ লাভ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ট্রানজিস্টরটি বিবর্ধক রূপে ক্রিয়া করবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ দুটি কার্ণো-ইঞ্জিনের উৎসের তাপমাত্রা যথাক্রমে 327° C এবং 227° C । ইঞ্জিনদ্বয়ের প্রতিসুরে সংকোচন ও প্রসারণের অনুপাত যথাক্রমে $1 : 2$ এবং $1 : 3$ । উভয় ইঞ্জিনের কার্যনির্বাহক বস্তু 2 mol দ্বি-পরমাণুক গ্যাস।

- ক. এনট্রপি কাকে বলে? ১
খ. গ্যাসের ক্ষেত্রে দুই ধরনের আপেক্ষিক তাপ থাকে কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রথম ইঞ্জিনের ক্ষেত্রে সমোষ্ণ প্রসারণে কৃতকাজ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কার্ণো-ইঞ্জিনদ্বয়ের মধ্যে কোনটি বেশি কার্যক্ষম- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪

সেট-২

ময়মনসিংহ বোর্ড ২০২৪

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



$$n = 1 \text{ mole}, \gamma = 1.4$$

$$R = 8.31 \text{ J mole}^{-1} \text{ K}^{-1}$$

ক. কানোঁর চক্র কাকে বলে?

১

খ. সমোষ্ণ রেখার চেয়ে রুদ্ধতাপীয় রেখা অধিকতর খাড়া- ব্যাখ্যা কর।

২


গ. চিত্র থেকে BC অংশে কাজের পরিমাণ নির্ণয় কর।

৩

ঘ. চিত্রের AB এবং CD অংশে এনট্রপির পরিবর্তন একই হবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৪

২ ▶



A ও B বিন্দুতে চার্জের পরিমাণ যথাক্রমে $+6 \times 10^{-9} \text{ C}$ ও $+4 \times 10^{-9} \text{ C}$. $OA = OB = OP = 10 \text{ cm}$, $OP \perp AB$.

ক. আধানের কোয়ান্টায়ন কী?

১

খ. কোনো সমবিভব তলে চার্জ স্থানান্তরে কৃতকাজ শূন্য- ব্যাখ্যা কর।

২


গ. P বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর।

৩

ঘ. B বিন্দুতে $+4 \times 10^{-9} \text{ C}$ চার্জটির পরিবর্তে সমমানের বিপরীত চার্জ স্থাপন করলে P বিন্দুতে তড়িৎ প্রাবল্যের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৪

৩ ▶



ক. প্রবাহ ঘনত্ব কাকে বলে?

১

খ. নিরাপত্তা ফিউজে সরু এবং সংকর ধাতু ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর।

২


গ. শুধুমাত্র K_1 চাবি বন্ধ অবস্থায় উদ্দীপকের বর্তনীতে মোট প্রবাহমাত্রা নির্ণয় কর।

৩

ঘ. উদ্দীপকের বর্তনীর সবগুলো চাবি বন্ধ অবস্থায় P_1 রোধের কীরূপ পরিবর্তন করলে গ্যালভানোমিটারের মধ্য দিয়ে কোনো তড়িৎ প্রবাহিত হবে না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৪

৪ ▶ 100Ω রোধের গ্যালভানোমিটার, 5Ω শান্ট নিয়ে একটি তড়িৎ বর্তনী তৈরি করা হলো। গ্যালভানোমিটারের প্রবাহ 0.46 A ।



ক. কোষের সমবায় কী?

১

খ. খোলা বর্তনীতে কোষের দুই প্রান্তের বিভব পার্থক্য এর তড়িচ্চালক শক্তির সমান- ব্যাখ্যা কর।

২

গ. শান্টের প্রবাহ বের কর।

৩

ঘ. “বর্তনীর শান্টের সাথে 5Ω মানের আরও একটি রোধ শ্রেণিতে যুক্ত করলে মূল প্রবাহের 20% গ্যালভানোমিটার দিয়ে প্রবাহিত হবে”- উক্তিটির সত্যতা গাণিতিকভাবে যাচাই কর।

৪

৫ ▶ নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যের আলো দিয়ে $6 \times 10^{-3} \text{ mm}$ প্রস্থের চির আলোকিত করে অপবর্তন সৃষ্টি করা হলো। ফলে কেন্দ্রীয় চরমের উভয় পাশে তৃতীয় ক্রমের অবমগুলোর মধ্যবর্তী কৌণিক দূরত্ব 34.26° পাওয়া গেল। লেন্স থেকে পর্দার দূরত্ব 150 cm ।

ক. আলোর সমবর্তন কাকে বলে?

১

খ. ব্যতিচারে সুসংগত উৎস ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর।

২

গ. উদ্দীপকের আলোর তরঙ্গদৈর্ঘ্য বের কর।

৩

ঘ. উদ্দীপকের চিরে 6000 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেললে কেন্দ্রীয় চরমের উভয় পাশে দ্বিতীয় ক্রমের অবম ও চরমের রৈখিক দূরত্বের পার্থক্য এবং তৃতীয় ক্রমের অবম ও চরমের রৈখিক দূরত্বের পার্থক্য একই হবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর।

৪

৬ ▶ পটাশিয়ামের কার্য-অপেক্ষক হলো 2.0 eV । 3500 \AA তরঙ্গদৈর্ঘ্যের অতিবেগুনি আলো পটাশিয়াম ধাতুর উপর আপতিত হলে ফটোইলেকট্রন নির্গত হয়। পরবর্তীতে ঐ ধাতুর উপর 7800 \AA ও 4450 \AA তরঙ্গদৈর্ঘ্যের যথাক্রমে লাল ও নীল আলো আপতিত করা হলো।

ক. ভরের আপেক্ষিকতা কাকে বলে?

১

খ. কোনো ধাতুর ফটোতড়িৎ প্রিন্সিপাল সূচন কম্পাঙ্কের উপর নির্ভরশীল- ব্যাখ্যা কর।

২


গ. ফটোইলেকট্রনের সর্বোচ্চ গতিশক্তি বের কর।

৩

ঘ. উদ্দীপকে দৃশ্যমান আলো দুটির মধ্যে কোন আলোর জন্য নিবৃত্তি বিভব বেশি হবে? গাণিতিকভাবে যাচাই কর।

৪

৭ ▶



উপরের লেখচিত্রে সময়ের সাথে অক্ষত তেজস্ক্রিয় পরমাণুর পরিবর্তন দেখানো হয়েছে। তেজস্ক্রিয় পদার্থটির অবক্ষয় ধ্রুবক $4.02 \times 10^{-4} \text{ Y}^{-1}$ ।

ক. ভরক্রটি কী?

১

খ. কোনো নিউক্লিয়াসের গড় বন্ধন শক্তি ভরসংখ্যার উপর নির্ভর করে কেন? ব্যাখ্যা কর।

২


গ. উদ্দীপকের তেজস্ক্রিয় পদার্থটি A বিন্দুতে পৌঁছাতে কত সময় লাগবে?

৩

ঘ. উদ্দীপকের তেজস্ক্রিয় পদার্থটির গড় আয়ুর পর তার অক্ষত পরমাণুর সংখ্যা C বিন্দুতে হবে কিনা? গাণিতিক বিশ্লেষণে যাচাই কর।

৪

৮ ▶ একটি সাধারণ ইমিটার ট্রানজিস্টরের এ $2 \text{ k}\Omega$ মানের লোড রেজিস্টার সংযোগ দেওয়া হলো। ট্রানজিস্টরের প্রবাহ লাভ 50 এবং ট্রানজিস্টরের অন্তঃপ্রবাহ $0.5 \text{ k}\Omega$ ।



ক. বিভব প্রাচীর কাকে বলে?

১

খ. দুটি পৃথক p-n জংশন ডায়োডকে জোড়া লাগিয়ে p-n-p ট্রানজিস্টর তৈরি করা যায় না কেন? ব্যাখ্যা কর।

২

গ. উদ্দীপকের ট্রানজিস্টরের প্রবাহ বিবর্ধনগুণক বের কর।

৩

ঘ. যদি উদ্দীপকের ট্রানজিস্টরের পীঠ প্রবাহ $60 \mu\text{A}$ হয় তবে ট্রানজিস্টরটি বিবর্ধক হিসাবে ব্যবহার করা যাবে কিনা? গাণিতিক বিশ্লেষণে মতামত দাও।

৪

সেট-০৪

ঢাকা বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ্য কর :



চিত্রে গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তন দেখানো হয়েছে। এখানে Q থেকে R এ যেতে তাপগতীয় ব্যবস্থায় 80 J তাপশক্তি সরবরাহ করা হয়েছে।


- ক. অভ্যন্তরীণ শক্তি কাকে বলে? ১
 খ. রুদ্ধতাপীয় প্রসারণে সিস্টেম শীতল হয়- ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপক অনুসারে R অবস্থানে আসতে তাপগতীয় ব্যবস্থাটিতে অন্তঃস্থ শক্তির পরিবর্তন কত? ৩
 ঘ. উদ্দীপক অনুসারে, PQRP চক্রের প্রতিটি ধাপে কাজের তুলনা কর। ৪

২ ▶ উদ্দীপকটি লক্ষ্য কর :




- প্রতিটি পাতের ক্ষেত্রফল 2 cm^2 ; $\epsilon_0 = 8.854 \times 10^{-12} \text{ Nm}^2\text{C}^{-2}$ ।
 ক. বৈদ্যুতিক দ্বিপোলার সংজ্ঞা দাও। ১
 খ. γ -রশ্মি বৈদ্যুতিক ক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় না।- ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের ধারকটির ধারকত্ব নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের M বিন্দু হতে N বিন্দুতে $+2C$ আধানকে নিতে কোনো কাজ সম্পন্ন হবে কি?- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৩ ▶ উদ্দীপকটি লক্ষ্য কর :




- ক. 1 কুলম্ব চার্জের সংজ্ঞা দাও। ১
 খ. বর্তনীতে কোষের তড়িচ্চালক বল সম্পূর্ণ কার্যকর হয় না কেন?- ব্যাখ্যা কর। ২
 গ. গ্যালভানোমিটার বিচলিত অবস্থায় তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের 'X' Ω রোধটি, ব্রিজে প্রদত্ত কোনো একটি রোধের সাথে ব্যবহার করে সাম্যাবস্থা সৃষ্টি সম্ভব কিনা? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৪ ▶ উদ্দীপকটি লক্ষ্য কর :




- দ্বি-চির পরীক্ষণটিতে 5890 Å আলোক রশ্মি ব্যবহার করা হলো।
 ক. সুসঙ্গত উৎস কী? ১
 খ. তরঙ্গ মুখের প্রকৃতি উৎস হতে দূরত্ব নির্ভর- ব্যাখ্যা কর। ২

- গ. পরপর দুটি উজ্জ্বল ডোরার দূরত্ব নির্ণয় কর। ৩
 ঘ. P বিন্দুটিতে কোন ধরনের ব্যতিচার পাওয়া যাবে গাণিতিক ব্যাখ্যা কর। ৪
 ৫ ▶ 56 g নাইট্রোজেন গ্যাসকে একটি ইঞ্জিনের সাহায্যে প্রথমে সমোষ্ণ প্রক্রিয়ায় ও পরে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় আয়তন তিনগুণ করা হলো। ইঞ্জিনটি 127° C এবং 27° C তাপমাত্রায় কার্যকর আছে। (নাইট্রোজেনের আণবিক ভর 28 g)
 ক. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রটি বিবৃত কর। ১
 খ. সংবেদনশীল বৈদ্যুতিক যন্ত্রে সান্টের ব্যবহার জরুরী কেন?- ব্যাখ্যা কর। ২
 গ. ইঞ্জিনটির কর্মদক্ষতা নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের কোন প্রক্রিয়ায় কৃতকাজ বেশি হবে?- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪
 ৬ ▶ উদ্দীপকটি লক্ষ্য কর :

B পাতের কার্য অপেক্ষক 2.2 eV

- ক. অজড় প্রসঙ্গ কাঠামো কাকে বলে? ১
 খ. গ্যালেলিও ও লরেঞ্জ রূপান্তর কখন অভিন্ন হবে ব্যাখ্যা কর। ২
 গ. B পাতের সূচন তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপক অনুযায়ী 3V বিভব প্রয়োগে ফটোক্যারেন্ট পাওয়া যাবে কিনা- গাণিতিকভাবে যাচাই কর। ৪
 ৭ ▶ ধরো ${}_1\text{H}^3 + {}_1\text{H}^2 \rightarrow {}_2\text{He}^4 + {}_0\text{n}^1$ । ফিউশন বিক্রিয়ায় নির্গত শক্তি দিয়ে একটি আলফা কণাকে আঘাত করা হলো। দেওয়া আছে :
 ${}_1\text{H}^3$ এর ভর = 3.0155 amu; ${}_1\text{H}^2$ এর ভর = 2.0136 amu;
 ${}_2\text{He}^4$ এর ভর = 4.0015 amu; নিউট্রন (n) এর ভর = 1.00867 amu;
 প্রোটন (p) এর ভর = 1.00758 amu
 ক. গড় আয়ুর সংজ্ঞা দাও। ১
 খ. এক্স রশ্মি নল থেকে উৎপন্ন এক্স রশ্মির ন্যূনতম তরঙ্গদৈর্ঘ্য ঐ নলের ক্যাথোড ও অ্যানোডের প্রদত্ত বিভব পার্থক্যের উপর নির্ভর করে। ব্যাখ্যা দাও। ২
 গ. ফিউশন বিক্রিয়াটির ভরক্রটি নির্ণয় কর। ৩
 ঘ. বিক্রিয়াটিতে উৎপন্ন শক্তি α কণাকে সম্পূর্ণ ভাঙতে সক্ষম হবে কিনা- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৮ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ্য কর :



বর্তনী-১

A	B	Y
0	0	0
0	1	0
1	0	0
1	1	1

সত্যক সারণি

- ক. নিঃশেষিত স্তর কাকে বলে? ১
 খ. p-n-p ট্রানজিস্টর অপেক্ষা n-p-n ট্রানজিস্টর অধিক কার্যকর কেন? ব্যাখ্যা কর। ২
 গ. ১নং বর্তনীর সত্যক সারণি লেখ। ৩
 ঘ. উদ্দীপকের সত্যক সারণির লজিক গেইটের সাথে একটি NOT গেইট যুক্ত করলে কোনো লজিক গেইট তৈরি হবে কিনা- তা চিত্র ও সত্যক সারণির সাহায্যে ব্যাখ্যা কর। ৪

সেট-০২

রাজশাহী বোর্ড ২০২৩

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ একটি তাপগতীয় ব্যবস্থায় 14 g নাইট্রোজেন গ্যাস 30 °C তাপমাত্রায় ও 1 বায়ুমণ্ডলীয় চাপে রক্ষিত আছে। স্থিরচাপে এতে তাপশক্তি সরবরাহ করা হলে তাপমাত্রা 35° C হয়। পরবর্তীতে উপরোক্ত প্রক্রিয়াটি সমোষ্ণ প্রক্রিয়ায় একটি আদি অবস্থান হতে একই আয়তনের পরিবর্তন করে কৃতকাজের পরিমাপ করা হলো ($R = 8.31 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$, $C_v = 20.8 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$)।
- ক. তাপের যান্ত্রিক সমতা কী? ১
- খ. গাড়ির টায়ার বিস্ফোরণের সময় কী ধরনের তাপগতীয় প্রক্রিয়া সংগঠিত হয়? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে স্থির চাপের ক্ষেত্রে অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন নির্ণয় কর। ৩
- ঘ. স্থির চাপ প্রক্রিয়া এবং সমোষ্ণ প্রক্রিয়ায় উদ্দীপকে নির্ণেয় কৃতকাজের মান সমান হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


২ ▶



চিহ্নে দুটি ফাঁপা গোলকের পৃষ্ঠে চার্জ প্রদান করা হয়েছে।

- ক. সান্ট কাকে বলে? ১
- খ. তড়িৎ ক্ষেত্রের ধারণা ব্যাখ্যায় কুলম্বের সূত্রের সীমাবদ্ধতা ব্যাখ্যা কর। ২
- গ. গোলকদ্বয়ের সংযোজক সরলরেখা বরাবর নিরপেক্ষ বিন্দুর অবস্থান নির্ণয় কর। ৩
- ঘ. গোলকদ্বয় একটি পরিবাহী তার দ্বারা সংযুক্ত করা হলে গোলকদ্বয়ে চূড়ান্ত চার্জের পরিমাণের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৩ ▶



M, N এবং S তিনটি রোধ যাদের মান যথাক্রমে 18Ω, 36Ω এবং 40Ω। T রোধটি পরিবর্তনশীল। প্রাথমিক অবস্থায় চাবি K টি খোলা রেখে বাতিটিতে 2 sec সময়ে উৎপন্ন তাপের পরিমাণ নির্ণয় করা হয়।


- ক. তড়িৎ দ্বিমেরু কাকে বলে? ১
- খ. একই মানের কোষের সমান্তরাল সমবায়ে সর্বোচ্চ পরিমাণ তড়িৎপ্রবাহ পাওয়ার ক্ষেত্রে অভ্যন্তরীণ রোধ কীভাবে হওয়া প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
- গ. 1ম ক্ষেত্রে চাবি খোলা অবস্থায় উৎপন্ন তাপের পরিমাণ নির্ণয় কর। ৩
- ঘ. চাবিটি বন্ধ অবস্থায় পরিবর্তনশীল 'T' রোধকে কী অবস্থা অবলম্বন করলে উৎস থাকা সত্ত্বেও বাতিটি নিভে যাবে? সঠিক বর্তনী চিত্র অঙ্কনপূর্বক গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৪ ▶ ইয়ং-এর দ্বিচিড় পরীক্ষণে ব্যবহৃত আলোক উৎসের তরঙ্গদৈর্ঘ্য 5896 Å, চিড়দ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 2 mm এবং চিড় ও পর্দার লম্ব দূরত্ব 1 m। পরবর্তীতে চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব অর্ধেক এবং চিড় ও পর্দার দূরত্ব দ্বিগুণ করা হলো।

- ক. তরঙ্গমুখ কাকে বলে? ১
- খ. ব্যতিচার ও অপবর্তন আলোক ঘটনা দুটির মাঝে মৌলিক পার্থক্য কী? ব্যাখ্যা কর। ২

- গ. 1ম ক্ষেত্রে দশম উজ্জ্বল ডোরার কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. দ্বিতীয় ক্ষেত্রে ডোরা গ্রন্থ পরিবর্তন হয়- গাণিতিক ব্যাখ্যা দাও। ৪
- ৫ ▶ আলোক তড়িৎ ক্রিয়া পরীক্ষায় সোডিয়াম ধাতব পাতের উপর $0.714 \times 10^{15} \text{ Hz}$ কম্পাঙ্কের আলো আপতিত করলে নিবৃত্তি বিভব 0.65 V হয়। আবার $3.1 \times 10^2 \text{ nm}$ তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেললে নিবৃত্তি বিভব 1.69 V হয়।
- ক. তড়িৎ ফ্লাক্স কাকে বলে? ১
- খ. পরিবাহীর রোধের উপর তাপমাত্রার নির্ভরশীলতা লেখচিত্রে সাহায্যে ব্যাখ্যা কর। ২
- গ. পরীক্ষণে প্রাপ্ত উপাত্ত হতে সূচন কম্পাঙ্ক নির্ণয় কর। ৩
- ঘ. উভয় ক্ষেত্রে ইলেকট্রনের সর্বোচ্চ বেগ সমান নয়- গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৬ ▶



একজন নভোচারী রকেটে করে 0.1 c বেগে পৃথিবী হতে মঙ্গল গ্রহের উদ্দেশ্যে Y-অক্ষ বরাবর রওয়ানা দেন। চিহ্নে রকেটে রক্ষিত একটি আয়তাকার কাগজের টুকরোর গতি নির্দেশিত হয়েছে।


- ক. বোর ব্যাসার্ধ কাকে বলে? ১
- খ. β-ক্ষয়ের ক্ষেত্রে মৌলের প্রোটন সংখ্যা বৃদ্ধি পায়- ব্যাখ্যা কর। ২
- গ. কাগজ টুকরাটির গতিশীল ভর নির্ণয় কর। ৩
- ঘ. পৃথিবীতে অবস্থানরত একজন ব্যক্তির নিকট কাগজের টুকরাটির ক্ষেত্রফল কত হতে পারে? আপেক্ষিকতার আলোকে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶

একখণ্ড রেডিয়ামের ভর 5 g। 1g রেডিয়াম ($^{226}_{88}\text{Ra}$) হতে প্রতি সেকেন্ডে প্রায় 3.7×10^{10} টি পরমাণু ভেঙে যায়। একজন শিক্ষার্থী হিসাব করে বলল 600 বছর পরেও 2 g রেডিয়াম অবশিষ্ট থাকবে।

- ক. ভরক্রটি কাকে বলে? ১
- খ. A_ZX মৌলটি হতে একটি α কণা নিঃসরণ হলে মৌলটির সংকেত কী হবে? ২
- গ. রেডিয়ামের অর্ধায়ু নির্ণয় কর। ৩
- ঘ. শিক্ষার্থীর বক্তব্য সঠিক কিনা? গাণিতিকভাবে ব্যাখ্যা দাও। ৪

৮ ▶



- ক. ডিপ্লেশন লেয়ার কী? ১
- খ. বিপরীত ঝোঁকে ডায়োডে তড়িৎ প্রবাহ হয় না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. বর্তনীতে প্রবাহ লাভ কত হবে? নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বর্তনীটি সুইচ হিসাবেও কাজ করানো সম্ভব- বিশ্লেষণ কর। ৪

সেট-০২

যশোর বোর্ড ২০২৩

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ দ্বি-পারমাণবিক গ্যাস সংবলিত একটি কার্ণো ইঞ্জিন 500 K তাপমাত্রার উৎস হতে তাপ গ্রহণ করে। প্রতি প্রসারণে এর আয়তন তিনগুণ হয়।


- ক. তড়িৎ দ্বিমেরু কাকে বলে? ১
খ. রুদ্ধতাপীয় সংকোচনের সময় সিস্টেমের অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি পায়- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ইঞ্জিনটির প্রাথমিক দক্ষতা নির্ণয় কর। ৩
ঘ. ইঞ্জিনের দক্ষতা 60% করতে হলে কী ব্যবস্থা নিতে হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

২ ▶



- ক. ইঞ্জিনের কর্মদক্ষতা কী? ১
খ. চার্জিত গোলাকার পরিবাহীর কেন্দ্রে তড়িৎ প্রাবল্য শূন্য হয় কেন? ২
গ. উদ্দীপকের P বিন্দুতে তড়িৎ বিভব বের কর। ৩
ঘ. OP রেখা দ্বিমেরুর মধ্য বিন্দুতে যথাক্রমে 0° এবং 90° কোণ উৎপন্ন করলে P বিন্দুতে তড়িৎ প্রাবল্যের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিক ব্যাখ্যা কর। ৪

৩ ▶




- চিত্রে ABC একটি সমবাহু ত্রিভুজ।
দ্বাদশ শ্রেণির ছাত্রী লাবিবা বলল, A বিন্দুতে স্থাপিত P বস্তুটি ঝুলবে। কিন্তু তার বাম্ববী লামিসা বলল, এটি সম্ভব নয়।
ক. গাউসের সূত্রটি বিবৃত কর। ১
খ. চার্জিত গোলাকার পরিবাহীর কেন্দ্র থেকে দূরত্ব বনাম বিভব লেখচিত্রের প্রকৃতি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের A বিন্দুর বিভবের মান কত? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত দুই জনের মধ্যে কার উক্তিটি সঠিক? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৪ ▶ 90Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে 1Ω রোধ সমান্তরালে যুক্ত আছে। বর্তনীর মূল প্রবাহ 3 A. এই গ্যালভানোমিটার দ্বারা 3 A এর অধিক তড়িৎ প্রবাহ মাপা সম্ভব।


- ক. কার্শফের প্রথম সূত্রটি বিবৃত কর। ১
খ. তামার আপেক্ষিক রোধ $1.56 \times 10^{-8} \Omega \text{ m}$ বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে 1Ω রোধের মধ্য দিয়ে প্রবাহিত তড়িৎের মান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে কী ব্যবস্থা গ্রহণ করলে 30 A তড়িৎপ্রবাহ মাপা সম্ভব? ৪

৫ ▶ চিত্রে ইয়ং এর দ্বিচিড় পরীক্ষার একটি ব্যবস্থা দেখানো হলো। চিড়ে 3100 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেলা হলে পর্দার কেন্দ্র হতে উভয় দিকে 10টি ডোরা দেখা গেল।



- ক. সুসঙ্গত উৎস কী? ১
খ. রেডনের অর্ধায়ু 3.82 দিন বলতে কী বুঝায়? ২
গ. পর্দায় 10 তম উজ্জ্বল ডোরার কৌণিক সরণ কত? ৩
ঘ. উদ্দীপকে চিড় দুটির ব্যবধান অর্ধেক করা হলে পর্দায় ডোরার সংখ্যার কী পরিবর্তন হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৬ ▶




চিত্রে ফটোতড়িৎ ক্রিয়ার ক্ষেত্রে ধাতব পাতের উপর আপতিত আলোর কম্পাঙ্ক বনাম ধাতব পাত থেকে নির্গত ইলেক্ট্রনের গতিশক্তি দেখানো হয়েছে।

- ক. ডোপিং কী? ১
খ. নিউক্লিয়ার ফিশন ও ফিউশন বিক্রিয়ার মধ্যে কোনটি অধিক নিরাপদ? ২
গ. উদ্দীপকের B বিন্দুতে সর্বোচ্চ গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. B ও C বিন্দুতে নিবৃত্তি বিভবের পার্থক্য গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ Y তেজস্ক্রিয় মৌলটির অর্ধায়ু 3.82 দিন ল্যাব পর্যবেক্ষণে জানা গেল 17.74 দিন পর মৌলটির $\frac{24}{25}$ অংশ ক্ষয় হয়।

- ক. গড় আয়ু কী? ১
খ. NOR gate-কে সার্বজনীন gate বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে মৌলটির 65% ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
ঘ. উদ্দীপকের পর্যবেক্ষণটি সঠিক ছিল কি না? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৮ ▶ একটি কমন এমিটার n-p-n ট্রানজিস্টর বর্তনী দেখানো হলো। ট্রানজিস্টরটির গতীয় রোধ 40Ω এবং কারেন্ট গেইন 75।



- ক. p-টাইপ অর্ধপরিবাহী কী? ১
খ. তাপমাত্রা বৃদ্ধিতে অর্ধপরিবাহীর রোধ কমে- ব্যাখ্যা কর। ২
গ. ট্রানজিস্টরটির প্রবাহ বিবর্ধন গুণক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তনী থেকে 120 মানের ভোল্টেজ গেইন পাওয়া সম্ভব কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪

সেট-০২

কুমিল্লা বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▶



চিত্রে একটি কার্নো ইঞ্জিনের P-V লেখচিত্র দেখানো হলো।

- ক. তাপ ইঞ্জিন কাকে বলে? ১
- খ. গ্যাসের মোলার আপেক্ষিক তাপ দুই প্রকার কেন? ব্যাখ্যা কর। ২
- গ. ইঞ্জিন কর্তৃক কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের কার্নো ইঞ্জিনের তাপগ্রাহকের তাপমাত্রা দ্বিগুণ করলে দক্ষতা অর্ধেক হবে কিনা- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


২ ▶



চিত্রে একটি বৃত্তাকার পথের A এবং B বিন্দুতে দুটি চার্জ স্থাপন করা হয়েছে। P বৃত্তের কেন্দ্র, বৃত্তের ব্যাসার্ধ 15 cm এবং AB = BC = CD = DA।


- ক. তড়িৎ ফ্লাক্স কাকে বলে? ১
- খ. কোনো বস্তুর আধান $7.5 e$ হতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের P বিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান নির্ণয় কর। ৩
- ঘ. C ও D বিন্দুর সাথে একটি পরিবাহী তার যুক্ত করলে, পরিবাহীর মুক্ত ইলেকট্রনগুলো কোন দিকে গতিশীল হবে? গাণিতিকভাবে মতামত দাও। ৪

৩ ▶



- ক. কির্শফের দ্বিতীয় সূত্রটি বিবৃত কর। ১
- খ. ম্যাঙ্গানিনের রোধের উষ্ণতা সহগ $3 \times 10^{-5} K^{-1}$ বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে বর্তনীর I_1 নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে কোষ দুটিকে কীভাবে যুক্ত করলে বহিঃরোধে তাপ উৎপন্ন অধিক হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶



বায়ু মাধ্যমে ইয়ং-এর দ্বিচিড় পরীক্ষায় ব্যবহৃত আলোর তরঙ্গ দৈর্ঘ্য $\lambda = 3800 \text{ \AA}$ এবং $S_2P - S_1P = 6\lambda$ ।


- ক. গ্রোটিং ফ্রিক্বেন্সি কাকে বলে? ১
- খ. ফ্রনহফার শ্রেণি অপবর্তনে উত্তল লেন্স ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

- গ. চিত্রে O এবং P বিন্দুর মধ্যকার দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. সমগ্র পরীক্ষাটিকে 1.30 প্রতিসরাঙ্কের কোনো মাধ্যমে সম্পন্ন করা হলে 12 তম অঙ্কার ডোরার কৌণিক অবস্থানের কী পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶ একটি ধাতুর উপর 3000 \AA এবং 4400 \AA তরঙ্গ দৈর্ঘ্যবিশিষ্ট দুটি তড়িৎ চুম্বকীয় তরঙ্গ আলাদাভাবে ফেলা হলো। ফলে দুটি ক্ষেত্রেই ধাতব পৃষ্ঠ হতে ইলেকট্রন নির্গত হলো। ধাতুটির সূচন তরঙ্গ দৈর্ঘ্য 5454 \AA ।


- ক. কৃষ্ণবস্তু কাকে বলে? ১
- খ. বস্তুর বেগ বৃদ্ধি পেলে দৈর্ঘ্য সংকোচন বৃদ্ধি পায়- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে ধাতুটির কার্যাপেক্ষক MeV এককে নির্ণয় কর। ৩
- ঘ. ধাতুর উপর আপতিত আলোর তরঙ্গদৈর্ঘ্য বৃদ্ধি পেলে নিবৃত্তি বিভব কমে- উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



- ক. নিউক্লিয়ার বন্ধন শক্তি কাকে বলে? ১
- খ. নিউক্লিয়াসের ঘনত্ব এর ভরসংখ্যার উপর নির্ভর করে না- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের A মৌলের গড় আয়ু নির্ণয় কর। ৩
- ঘ. A মৌলের 60% ক্ষয় হতে যে সময় লাগে, B মৌলের 30% ক্ষয় হতে একই সময় লাগবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


৭ ▶



বর্তনীর ট্রানজিস্টরের $\alpha = 0.98$ এবং $I_E = 1.5 \text{ mA}$ ।

- ক. সম্মুখী ঝাঁক কাকে বলে? ১
- খ. ব্যান্ড তত্ত্বের আলোকে অন্তরক পদার্থের পরিবাহিতা ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে I_B নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বর্তনীটিকে ভোল্টেজ বিবর্ধক হিসেবে ব্যবহার করা যায় কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



- ক. ধারক কাকে বলে? ১
- খ. ধারক এবং তড়িৎ কোষের তুলনা কর। ২
- গ. বর্তনীর তুল্য ধারকত্ব বের কর। ৩
- ঘ. বর্তনীর কোন ধারকটিতে সঞ্চিত শক্তির পরিমাণ সবচেয়ে বেশি? গাণিতিক বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪

সেট-০২

চট্টগ্রাম বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১। ক্লিসিয়াস পিস্টনযুক্ত সিলিন্ডারে এক মোল হাইড্রোজেন গ্যাস নিয়ে P-V এর লেখচিত্র নিম্নে প্রদর্শিত চক্রটির অনুরূপ একটি চক্র পেলেন। ক্লিসিয়াসের মতে এটি একটি প্রত্যাবর্তী চক্র।




- ক. তাপগতিবিদ্যার ২য় সূত্র বিবৃত কর। ১
খ. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় গ্যাসকে সংকুচিত করলে তাপমাত্রা বৃদ্ধি পায়- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে হাইড্রোজেন গ্যাসকে B হতে C তে আনতে কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. ক্লিসিয়াসের দাবিটি যৌক্তিক কি না ব্যাখ্যা কর। ৪

২।



- 20 cm² ক্ষেত্রফলের দুটি ধাতব পাতকে 3 cm ব্যবধানে রেখে চিত্র অনুযায়ী ধারক তৈরি করা হলো। পরবর্তীতে $K = 5$ এবং 2 mm পুরুত্ববিশিষ্ট একটি ব্লক পাতদ্বয়ের মাঝে রেখে ধারকত্ব নির্ণয় করা হলো।
ক. 1 eV বলতে কী বুঝ? ১
খ. কোনো ধারকের গায়ে 0.025 μF - 220 V লেখা থাকলে কী বুঝায়- ব্যাখ্যা কর। ২
গ. প্রথম ক্ষেত্রে পাতদ্বয় সম্পূর্ণ চার্জিত হলে সঞ্চিত শক্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. 1ম ক্ষেত্রের তুলনায় ২য় ক্ষেত্রে ধারকের কীরূপ পরিবর্তন হবে- গাণিতিকভাবে নির্ণয় কর। ৪

৩।



- ক. মিটার ব্রিজ কী? ১
খ. কোনো বাতির গায়ে '100 W-220 V' লেখা আছে। বলতে কী বুঝায়? ২
গ. বর্তনীর চাবি S খোলা অবস্থায় মূল প্রবাহ মাত্রা কত? ৩
ঘ. উদ্দীপকের বর্তনীর চাবি S বন্ধ অবস্থায় 10 min তড়িৎ প্রবাহ চালানার ফলে R_4 রোধের ফিউজটি গলে যাবে কি? তোমার উত্তর গাণিতিক বিশ্লেষণে দাও। [ফিউজটি 300 J তাপে গলে যাবে] ৪

- ৪। 12.5 রোধের একটি তারকে টেনে দ্বিগুণ করে একটি হিটারের কুণ্ডলী তৈরি করে একে 220 V সরবরাহ লাইনে যুক্ত করা হলো। কুণ্ডলীকে 30° C এর পানিতে নিমজ্জিত করে 305 sec বিদ্যুৎ

চালনা করা হলো। ধরে নিতে হবে সম্পূর্ণ তড়িৎ শক্তি তাপ শক্তিতে রূপান্তরিত হয়েছে।

- ক. কার্শফের ২য় সূত্র বিবৃত কর। ১
খ. শাটের রোধ শূন্য বা অসীম কোনটি নয়- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তারটির দৈর্ঘ্য 12.5 cm ও প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 0.1 cm² হলে উপাদানের আপেক্ষিক রোধ কত? ৩
ঘ. উদ্দীপকের পানি কি ফুটবে? তোমার উত্তর গাণিতিক বিশ্লেষণে দাও। ৪
৫। ইয়াং এর দ্বিচিড় পরীক্ষায় চিড়দ্বয়ের মধ্যবর্তী ব্যবধান 1 mm এর থেকে পর্দার দূরত্ব 1 m। ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 6000 Å।
ক. তরঙ্গ মুখ কী? ১
খ. সু-সংগত উৎসের বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের পর্দায় সৃষ্ট ডোরাগুলোর প্রস্থ কত? ৩
ঘ. উদ্দীপকের চিড় দুটির মধ্যবর্তী দূরত্ব ব্যবহৃত আলোর তরঙ্গ দৈর্ঘ্যের দ্বিগুণ হলে পর্দায় সর্বোচ্চ কয়টি উজ্জ্বল ডোরা পাওয়া সম্ভব? তোমার উত্তর গাণিতিক বিশ্লেষণে দাও। ৪
৬। একজন মহাশূন্যচারী 30 বছর বয়সে $1.8 \times 10^8 \text{ m s}^{-1}$ বেগে গতিশীল মহাশূন্যযানে চড়ে ছায়াপথ অনুসন্ধানে গেলেন এবং পৃথিবীর হিসেবে 30 বছর পর ফিরে এলেন। ঐ মহাশূন্যযানের দৈর্ঘ্য 120 m এবং ভর 2200 kg ছিল।
ক. সূচন কম্পাঙ্ক কী? ১
খ. $E = mc^2$ সমীকরণটির অর্থ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বর্ণিত মহাশূন্যচারী পৃথিবীতে ফিরে এলে তার কাছে তার বয়স কত হবে? ৩
ঘ. উদ্দীপকের আলোকে গতিশীল অবস্থায় মহাশূন্যযানের দৈর্ঘ্য ও ভর স্থির অবস্থায় দৈর্ঘ্য ও ভরের পার্থক্য হবে কি? তোমার উত্তর গাণিতিক বিশ্লেষণে দাও। ৪
৭। ইউরেনিয়ামের অর্ধায়ু 700 মিলিয়ন বছর। নিউট্রন ও ইউরেনিয়ামের সংঘর্ষে তেজস্ক্রিয় শক্তি নির্গত হয়। যদি ভরগুলো ${}_{92}^{235}\text{U} = 235.0439 \text{ amu}$, ${}_{56}^{141}\text{Ba} = 140.9139 \text{ amu}$, ${}_{36}^{92}\text{Kr} = 91.8973 \text{ amu}$ ও ${}_0^1\text{n} = 1.0087 \text{ amu}$ হয়। [$1 \text{ amu} = 1.6604 \times 10^{-27} \text{ kg}$]
ক. রেডিও আইসোটোপ কী? ১
খ. পরমাণুতে আবদ্ধ ইলেকট্রনের মোট শক্তি সর্বদা ঋণাত্মক হয়- ব্যাখ্যা কর। ২
গ. ইউরেনিয়ামের 40% ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় নির্গত শক্তির পরিমাণ 200 MeV এর অধিক হইবে কিনা? তোমার উত্তর গাণিতিক বিশ্লেষণে দাও। ৪
৮।

ক. ডোপিং কী? ১
খ. n-টাইপ অর্ধপরিবাহী তড়িৎ নিরপেক্ষ কি-না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিন্যাসে প্রবাহ বিবর্তন কত হবে? ৩
ঘ. নিঃসারক বাহুর মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহ পাঠালে বহির্গামীতে 5 watt ক্ষমতা পাওয়া যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সেট-০২

সিলেট বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।


১ ▶



চিত্রে 1 mole পরিমাণ কোনো গ্যাসের ক্ষেত্রে দুটি সমোষ্ণ লেখ দেখানো হয়েছে। গ্যাসটির স্থির আয়তনে মোলার আপেক্ষিক তাপ $25.18 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$ ।

- এনট্রপি কাকে বলে? ১
- তাপ উৎস ও তাপগ্রাহকের তাপমাত্রার মধ্যে পার্থক্য কমে গেলে ইঞ্জিনের দক্ষতাও কমে যায়-ব্যাখ্যা কর। ২
- CD অংশে কৃতকাজের পরিমাণ নির্ণয় কর। ৩
- A হতে C তে নিতে তাপশক্তির পরিবর্তন B হতে D তে নিতে তাপশক্তির পরিবর্তনের সমান হবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


২ ▶



চিত্রের B ও C বিন্দুতে যথাক্রমে $+9 \text{ nC}$ ও -16 nC আধানযুক্ত দুটি বিন্দু বস্তু দৃঢ়ভাবে রাখা আছে। $AD = 12 \text{ cm}$; B, AD এর মধ্যবিন্দু এবং C বিন্দু AD কে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

- পর্যবেক্ষণ কাকে বলে? ১
 - চার্জিত গোলকের পৃষ্ঠে তড়িৎ প্রাবল্য সর্বোচ্চ- ব্যাখ্যা কর। ২
 - D বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
 - তৃতীয় একটি একক ধনাত্মক আধানযুক্ত বিন্দু বস্তুকে A বিন্দুতে স্থাপন করলে বস্তুটি কোন দিকে গতিশীল হবে? গাণিতিক বিশ্লেষণসহ নির্ণয় কর। ৪
- ৩ ▶ পদার্থবিজ্ঞান ল্যাবের ইয়ং এর দ্বিচিড় পরীক্ষায় একবর্ণী 5890 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলোক উৎস, চিড়দ্বয় 0.8 mm ব্যবধানে এবং পর্দা চিড়দ্বয় হতে 1 m দূরত্বে আছে। রিমা পর্দাকে চিড়দ্বয়ের দিকে 5.2 cm সরিয়ে এবং সীমা পর্দাকে বিপরীত দিকে 5.2 cm দূরে সরিয়ে ব্যতিচার সজ্জা পর্যবেক্ষণ করে। রিমা ডোরার প্রস্থের পরিবর্তন 0.02 mm দেখল।
- আলোর সমবর্তন কাকে বলে? ১
 - ফ্রনহফার শ্রেণি অপবর্তনে উজ্জ্বল লেঙ্গ ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
 - পর্দার প্রাথমিক অবস্থানে প্রতিটি ডোরার প্রস্থ নির্ণয় কর। ৩
 - রিমার পরীক্ষায় কেন্দ্রীয় উজ্জ্বল পট্টি হতে তৃতীয় অন্ধকার পট্টির দূরত্ব প্রাথমিক অবস্থান থেকে যতটুকু কমে সীমার পরীক্ষায় ততটুকু বৃদ্ধি পায়- গাণিতিকভাবে যাচাইপূর্বক বিশ্লেষণ কর। ৪


৪ ▶



- শার্ট কাকে বলে? ১
- নিকেলের রোধের উষ্ণতা সহগ $6 \times 10^{-3} \text{ } ^\circ\text{C}^{-1}$ বলতে কী বুঝ? ২

- বর্তনী-১ এর বহিঃরোধ R এর মধ্য দিয়ে প্রবাহিত তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
 - কোষের সমবায়ের ধরন পরিবর্তনের ফলে বহিঃরোধ R এর দুই প্রান্তের বিভব পার্থক্যের পরিবর্তন হয়-বর্তনী-১ ও বর্তনী-২ এর আলোকে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ রাইসা আলোক তড়িৎ ত্রিফা পরিষ্কার পটাশিয়াম ধাতুর উপর যথাক্রমে 4300 \AA ও 5600 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করল। পটাশিয়ামের কার্য অপেক্ষক 2.1 eV ।
- কাল দীর্ঘায়ন কী? ১
 - এক্স রশ্মি নলে টার্গেট হিসেবে উচ্চ গলনাঙ্কবিশিষ্ট ধাতু ব্যবহার করা হয় কেন? ২
 - পটাশিয়ামের সূচন তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
 - রাইসার পরীক্ষায় আপতিত আলোর তরঙ্গদৈর্ঘ্যের পরিবর্তনের ফলে পটাশিয়ামের নিবৃত্তি বিভবের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



চিত্র-১

চিত্র-২

চিত্র-১ ও চিত্র-২ এর উভয় বর্তনীর A ও B বিন্দুর মধ্যে 220 V বিভব পার্থক্য প্রয়োগ করা হলো। প্রতিটি ধারকের প্রতিটি সমান্তরাল পাতের ক্ষেত্রফল 6 cm^2 ।

- চার্জের তলমাত্রিক ঘনত্ব কাকে বলে? ১
 - কোনো বস্তুর আধান -0.8 C হতে পারে কী? ব্যাখ্যা কর। ২
 - চিত্র-১ এর C_3 ধারকের পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত? (শূন্যস্থানে) ৩
 - চিত্র-১ ও চিত্র-২ এর C_1 ধারকে সঠিক শক্তির পরিমাণ একই কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ সুমি গবেষণাগারে A, B ও C তিনটি তেজস্ক্রিয় পদার্থের নমুনা নিয়ে পরীক্ষা করছিল। কোনো এক মুহূর্তে A ও B পদার্থের ভাঙনের হার যথাক্রমে 500 s^{-1} ও 400 s^{-1} এবং 5 s পর যথাক্রমে 400 s^{-1} ও 300 s^{-1} পর্যবেক্ষণ করল। C নমুনার গায়ে অর্ধায়ু 36 d লেখা ছিল।
- নিউক্লিয় বন্ধনশক্তি কাকে বলে? ১
 - হাইড্রোজেন পরমাণুর 1 m কক্ষপথে ঘূর্ণায়মান ইলেকট্রনের বেগ অপেক্ষা ২য় কক্ষপথে ঘূর্ণায়মান ইলেকট্রনের বেগ কম- ব্যাখ্যা কর। ২
 - C মৌলের তেজস্ক্রিয় ক্ষয় ধ্রুবক নির্ণয় কর। ৩
 - A ও B মৌলের তেজস্ক্রিয়তা সমান কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ একটি n-p-n ট্রানজিস্টরের সাধারণ নিঃসারক সংযোগ বর্তনীতে সংগ্রাহক প্রযুক্ত বায়াসিং ভোল্টেজ $V_{CC} = 12 \text{ V}$, ইনপুট রোধ $R_{in} = 200 \text{ } \Omega$ । সংগ্রাহক বর্তনীতে লোড রোধ $R_L = 1 \text{ K } \Omega$ এর মধ্য দিয়ে $I_C = 1 \text{ mA}$ তড়িৎ প্রবাহিত হয়। প্রবাহ বিবর্তন গুণক $\alpha = 0.98$ ।
- কঠিন পদার্থের শক্তি ব্যান্ড কী? ১
 - p-n জংশন ডায়োডের ক্ষেত্রে “বিপরীত সম্পৃক্ত কারেন্ট”- ব্যাখ্যা কর। ২
 - ট্রানজিস্টরটির সংগ্রাহক নিঃসারক ভোল্টেজ (V_{CE}) নির্ণয় কর। ৩
 - ট্রানজিস্টরটি ভোল্টেজ বিবর্তক হিসেবে কাজ করে-গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সেট-০২

বরিশাল বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▶



উপরের P-V চিত্রটি একটি প্রত্যাবর্তী তাপ ইঞ্জিনের।


- ক. বদ্ধ সিস্টেম কী? ১
খ. সমোষ্ণ প্রক্রিয়ায় অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন শূন্য কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তাপ ইঞ্জিনে সমোষ্ণ প্রসারণে এনট্রপির পরিবর্তন নির্ণয় কর। ৩
ঘ. উৎসের তাপমাত্রা স্থির রেখে ইঞ্জিনটির দক্ষতা 1.5 গুণ করা সম্ভব কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶

চিত্রানুযায়ী বর্তনীতে যুক্ত ধারকগুলোর প্রতিটির মান 900 pF। পাতদ্বয়ের ব্যবধান 0.4 cm। $\epsilon_0 = 8.85 \times 10^{-12} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}$ ।


- ক. ইলেকট্রনের তাড়ন বেগ কাকে বলে? ১
খ. কার্শফের প্রথম সূত্র চার্জের সংরক্ষণ নীতি মেনে চলে- ব্যাখ্যা কর। ২
গ. ধারকের যে কোনো একটি পাতের ক্ষেত্রফল নির্ণয় কর। ৩
ঘ. C3 ধারককে অপসারণ করে C1 ধারকের মধ্যে কাগজ (K = 3) দ্বারা পূর্ণ করা হলে, বর্তনীর সম্ভিত তড়িৎ শক্তি পূর্বাপেক্ষা বেশি হবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৩ ▶




- ক. ধারকত্ব কী? ১
খ. কোনো বস্তুতে চার্জের মান নিরবচ্ছিন্ন হতে পারে না- ব্যাখ্যা কর। ২
গ. বর্তনীর AB অংশের বিভব পার্থক্য কত? ৩
ঘ. R5 রোধ অপসারণ করে বর্তনী সম্পূর্ণ করলে মূল প্রবাহের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶

[P বিন্দুতে দশা পার্থক্য = 6π , আলোর কম্পাঙ্ক = 10^{16} Hz , $S_1 S_2 = 1 \text{ mm}$, পানির প্রতিসরাঙ্ক = 1.33।]

৫ ▶

চিত্রানুযায়ী বর্গক্ষেত্রের কেন্দ্র O-তে $1 \mu\text{C}$ চার্জে চার্জিত 12 kg ভরের একটি ধাতব গোলক রাখা হলো।

- ক. গাউসের সূত্রটি বিবৃত কর। ১
খ. বর্তনীতে প্রবাহ পরিমাপে অ্যামিটারকে শ্রেণিতে সংযুক্ত করার কারণ ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'O' বিন্দুতে মোট বিভব কত? ৩
ঘ. ধাতব গোলকটিকে সাম্যাবস্থায় রাখতে কী পরিমাণ বল কোনদিকে প্রয়োগ করতে হবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪
৬ ▶ নাবিহা ফটোতড়িৎ ক্রিয়া পরীক্ষা করার জন্য 3 eV কার্যাপেক্ষকের একখণ্ড ধাতু নিল। ধাতুটিতে 280 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেলা হলো। সে তার বাম্ববী নিলাকে বলল, ধাতুটি থেকে $7.11 \times 10^5 \text{ m/s}$ বেগের ইলেকট্রন নির্গত হয়।
ক. কার্যাপেক্ষক কাকে বলে? ১
খ. আলোর উজ্জ্বল্য বাড়লে ফটো কারেন্ট বাড়ে কেন? ব্যাখ্যা কর। ২
গ. পরীক্ষণে ব্যবহৃত আলোর সূচন তরঙ্গদৈর্ঘ্য কত? ৩
ঘ. নাবিহার উক্তির যথার্থতা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
৭ ▶ X তেজস্ক্রিয় মৌলটির অর্ধায়ু 3.82 দিন। ল্যাব পর্যবেক্ষণে জানা গেল 17.74 দিন পরে মৌলটির অক্ষত পরমাণুর সংখ্যা প্রারম্ভিক মানের $\frac{1}{25}$ অংশ।
ক. ক্ষয় ধ্রুবক কী? ১
খ. NAND কে সার্বজনীন gate বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে মৌলটির 85% ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
ঘ. উদ্দীপকমতে পর্যবেক্ষণটি সঠিক ছিল কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

- ৮ ▶ একটি ট্রানজিস্টরের কালেক্টর প্রবাহ 0.072 A এবং বেইজ প্রবাহ 0.008 A। অপর একটি ট্রানজিস্টরের ইমিটার প্রবাহ 0.065 A এবং বেইজ প্রবাহ 0.005 A।
ক. শক্তি ব্যান্ড কাকে বলে? ১
খ. ডোপিং তড়িৎ পরিবাহিতার জন্য সহায়ক- ব্যাখ্যা কর। ২
গ. প্রথম ট্রানজিস্টরের প্রবাহ বিবর্ধন গুণক বের কর। ৩
ঘ. প্রবাহ বিবর্ধক হিসেবে কোন ট্রানজিস্টরটি বেশি উপযোগী? বিশ্লেষণ কর। ৪

সেট-০৪

দিনাজপুর বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


১ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর :



চিত্রে গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তন দেখানো হয়েছে। এখানে, Q থেকে R এ যেতে তাপগতীয় ব্যবস্থায় 80 J তাপশক্তি সরবরাহ করা হয়েছে।


- ক. অভ্যন্তরীণ শক্তি কাকে বলে? ১
 খ. রুদ্ধতাপীয় সংকোচনে সিস্টেম উষ্ণ হয়-ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপক অনুসারে R অবস্থানে আসতে তাপগতীয় ব্যবস্থাটিতে অন্তঃস্থ শক্তির পরিবর্তন কত? ৩
 ঘ. উদ্দীপক অনুসারে, PQR চক্রের প্রতিটি ধাপে কাজের তুলনা কর। ৪

২ ▶ সমান ব্যাসার্ধের দুটি গোলক X ও Y শূন্যস্থানে পরস্পর থেকে 30 cm দূরে অবস্থিত। A গোলকে চার্জ $+6 \times 10^{-12}C$ এবং B গোলকে চার্জ $+24 \times 10^{-12}C$ আছে।



- ক. অপবর্তন কাকে বলে? ১
 খ. ডিজিটাল ও এনালগ পদ্ধতির মধ্যে পার্থক্য নিরূপণ কর। ২
 গ. R বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
 ঘ. R বিন্দুতে তড়িৎপ্রাবল্য শূন্য হতে পারে কিনা? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৩ ▶ উদ্দীপকটি লক্ষ কর-



- ক. গাউসের সূত্র বিবৃত কর। ১
 খ. সংবেদনশীল বৈদ্যুতিক যন্ত্রে সান্টের ব্যবহার জরুরি কেন? ব্যাখ্যা কর। ২
 গ. চাবি K খোলা অবস্থায় 3 Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য নির্ণয় কর। ৩
 ঘ. চাবি K অন অবস্থায় বর্তনীর কোন বাহুটি বেশি তাপশক্তি উৎপন্ন করবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় 5890 Å আলো ব্যবহারে চিরদ্বয় থেকে 1.5 m দূরে স্থাপিত পর্দায় ব্যতিচার সজ্জা সৃষ্টি করা হলো। চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1 mm।

- ক. হাইগেনসের নীতি লেখ। ১
 খ. অনুদৈর্ঘ্য তরঙ্গ সমবর্তিত হয় না কেন? ব্যাখ্যা কর। ২
 গ. প্রথম উজ্জ্বল ডোরার কোণিক বিস্তার নির্ণয় কর। ৩
 ঘ. চির ও পর্দার অবস্থান অপরিবর্তিত রেখে দশম উজ্জ্বল ডোরার অবস্থানে ১৫তম অন্ধকার ডোরা সৃষ্টি করা যাবে কি? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৫ ▶ একটি কণা (P) এর স্থির ভর $2 \times 10^{-20} \text{ kg}$ । কণাটি 0.91 c বেগে গতিশীল। আর একটি কণা (Q) যার স্থির ভর $1.6 \times 10^{-19} \text{ kg}$ ।

- ক. X রশ্মি কি? ১
 খ. মাইকেলসন মোরলে পরীক্ষার ফলাফল ব্যাখ্যা কর। ২
 গ. P কণাটির আপেক্ষিক তুল্যীয় গতিশক্তি নির্ণয় কর। ৩
 ঘ. আপেক্ষিক তুল্যানুযায়ী P কণাটির ভর Q কণার স্থির ভরের সমান হওয়া সম্ভব- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৬ ▶ ধর ${}_1\text{H}^3 + {}_1\text{H}^2 \rightarrow {}_2\text{He}^4 + {}_0\text{n}^1$ ফিউশন বিক্রিয়ায় নির্গত শক্তি দিয়ে একটি আলফা কণাকে আঘাত করা হলো।

- দেওয়া আছে, ${}_1\text{H}^3$ এর ভর = 3.0155 amu
 ${}_1\text{H}^2$ এর ভর = 2.0136 amu
 ${}_2\text{He}^4$ এর ভর = 4.0015 amu
 নিউটন (n) এর ভর = 1.00867 amu
 প্রোটন (p) এর ভর = 1.00758 amu

- ক. গড় আয়ুর সংজ্ঞা দাও। ১
 খ. এক্স-রশ্মি নল থেকে উৎপন্ন এক্স-রশ্মির ন্যূনতম তরঙ্গদৈর্ঘ্য ঐ নলের ক্যাথোড ও অ্যানোডে প্রদত্ত বিভব পার্থক্যের উপর নির্ভর করে- ব্যাখ্যা দাও। ২
 গ. ফিউশন বিক্রিয়াটির ভরক্রটি নির্ণয় কর। ৩
 ঘ. ফিউশন বিক্রিয়ায় নির্গত শক্তি দ্বারা আলফা কণাকে সম্পূর্ণ ভাঙতে পারবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৭ ▶ একটি (pnp) ট্রানজিস্টরে 10^{-8} sec সময়ে 100টি হোল এমিটার অঞ্চল হতে নির্গত হয় যার মধ্যে 97% পীঠ অঞ্চল অতিক্রম করে সংগ্রাহক অঞ্চলে পৌঁছে।

- ক. অঙ্কাল নম্বর পদ্ধতি কাকে বলে? ১
 খ. সিলিকন অপেক্ষা জারমেনিয়ামের ক্ষেত্রে যোজন ইলেকট্রন সহজে পরিবহন ব্যাধে যাবে- ব্যাখ্যা কর। ২
 গ. এমিটার প্রবাহ নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের আলোকে $\alpha = \frac{\beta}{1+\beta}$ এর সত্যতা যাচাই কর। ৪

৮ ▶ 56 g নাইট্রোজেন গ্যাসকে একটি ইঞ্জিনের সাহায্যে প্রথমে সমোষ্ণ প্রক্রিয়ায় এবং পরে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় আয়তন তিনগুণ করা হয়। ইঞ্জিনটি 127°C ও 27°C তাপমাত্রায় কার্যকর আছে। (নাইট্রোজেনের আণবিক ভর 28g)

- ক. তাপ গতিবিদ্যার শূন্যতম সূত্রটি বিবৃত কর। ১
 খ. ফটোইলেকট্রনের গতিশক্তি আলোর তীব্রতা নয় কম্পাঙ্ক নির্ভর- ব্যাখ্যা কর। ২
 গ. ইঞ্জিনটির কর্মদক্ষতা নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের কোন প্রক্রিয়ায় কৃতকাজ বেশি হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

সেট-০২

ময়মনসিংহ বোর্ড ২০২৩

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ উদ্দীপক চিত্রের উভয় কার্নোচক্র কার্যনির্বাহক বস্তু হিসেবে 1 মোল দ্বিপারমাণবিক গ্যাস ব্যবহৃত হয়েছে। চক্র দুটির প্রতি চক্রে সংকোচন ও প্রসারণের অনুপাত যথাক্রমে 1 : 3 এবং 1 : 4। ($R = 8.31 \text{ Jmol}^{-1}\text{K}^{-1}$)।




- ক. রেফ্রিজারেটরের কর্মসম্পাদন সহগ কাকে বলে? ১
খ. সমআয়তন প্রক্রিয়ায় সিস্টেমে প্রদত্ত তাপ সম্পূর্ণটাই অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধির কাজে ব্যবহৃত হয়।- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ১ম কার্নোচক্রের, কার্যনির্বাহক বস্তুকে B থেকে C-তে নিতে মোট কৃতকাজ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে, কোন কার্নো চক্রটি বেশি কার্যকর? গাণিতিক বিশ্লেষণ করে মতামত দাও। ৪

- ২ ▶ সমান ব্যাসার্ধের দুটি গোলক X ও Y শূন্যস্থানে পরস্পর থেকে 30 cm দূরে অবস্থিত। A গোলকে চার্জ $+6 \times 10^{-12}$ C এবং B গোলকে চার্জ $+24 \times 10^{-12}$ C আছে।
ক. ধারকত্বের সংজ্ঞা দাও। ১
খ. কুলম্বের সূত্রের সীমাবদ্ধতা ব্যাখ্যা কর। ২
গ. R বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
ঘ. R বিন্দুতে তড়িৎ প্রাবল্য শূন্য হতে পারে কী? গাণিতিক বিশ্লেষণ করে যুক্তি উপস্থাপন কর। ৪



- ৩ ▶ একটি হাইড্রোজেন পরমাণুতে 13.4 eV শক্তির আলো ফেলা হলো এবং সব শক্তি শোষিত হলো। উল্লেখ্য যে, হাইড্রোজেন পরমাণুতে ইলেকট্রনটি ১ম শক্তিস্তরে অবস্থান করছিল। দেওয়া আছে, $h = 6.63 \times 10^{-34} \text{ Js}$; $\epsilon_0 = 8.854 \times 10^{-12} \text{ Nm}^2 \text{ C}^{-2}$; $E_1 = -13.6 \text{ eV}$.
ক. তড়িচ্চালক বল কাকে বলে? ১
খ. গোলাকার পরিবাহীর ধারকত্ব ব্যাসার্ধের উপর নির্ভরশীল- ব্যাখ্যা কর। ২
গ. আপতিত আলোর তরঙ্গদৈর্ঘ্য অ্যাংস্ট্রম এককে নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রনটির চূড়ান্ত অবস্থান গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৪ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর :



- ক. 1 কুলম্ব চার্জের সংজ্ঞা দাও। ১
খ. বর্তনীতে কোষের তড়িচ্চালক বল সম্পূর্ণ কার্যকর হয় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. গ্যালভানোমিটার বিচ্ছিন্ন অবস্থায় উদ্দীপকের বর্তনীর তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের 'X' Ω রোধটি, ব্রিজে প্রদত্ত কোনো একটি রোধের সাথে ব্যবহার করে সাম্যাবস্থা পাওয়া সম্ভব কিনা? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪


- ৫ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় 5890 Å আলো ব্যবহারে 1.5 m দূরে স্থাপিত পর্দায় ব্যতিচার সজ্জা সৃষ্টি করা হলো, চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1 mm।
ক. হাইগেনসের নীতি লেখ। ১
খ. অনুদৈর্ঘ্য তরঙ্গ সমবর্তীত হয় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. প্রথম উজ্জ্বল ডোরার কোণিক বিস্তার নির্ণয় কর। ৩
ঘ. চির ও পর্দার অবস্থান অপরিবর্তীত রেখে দশম উজ্জ্বল ডোরার অবস্থানে 15তম অন্ধকার ডোরা সৃষ্টি করা যাবে কিনা? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

- ৬ ▶ পটাশিয়ামের কার্য অপেক্ষক 2 eV। পটাশিয়ামের একটি পাতের উপর প্রথমে 3000 Å এর আলো আপতিত হলো। পরবর্তীতে 4500 Å এর আলো ফেলা হলো :
 $h = 6.63 \times 10^{-34} \text{ J-s}$
ক. কাল দীর্ঘায়ন কাকে বলে? ১
খ. চলমান বস্তুর দৈর্ঘ্য কখনও শূন্য হয় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. ১ম ক্ষেত্রে নিঃসৃত ইলেকট্রনের গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. “একই ধাতুর উপর আপতিত আলোর তরঙ্গদৈর্ঘ্য বাড়ালে নিবৃত্তি বিভব কমে যায়”- উদ্দীপকের আলোকে গাণিতিকভাবে যাচাই কর। ৪

- ৭ ▶ X এবং Y দুটি তেজস্ক্রিয় পদার্থ। X-পদার্থটির 1g থেকে প্রতি সেকেন্ডে 3.5×10^{10} সংখ্যক α কণা নিঃসৃত হয়। X-এর পারমাণবিক ভর 226 g। 4000 বৎসর পরে Y পদার্থটির $\frac{1}{32}$ অংশ অবশিষ্ট থাকে।

- ক. আইসোটোপ কাকে বলে? ১
খ. রাসায়নিক বিক্রিয়া ও নিউক্লীয় বিক্রিয়ার মধ্যে পার্থক্য লেখ। ২
গ. Y পদার্থটির ক্ষয় ধ্রুবক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন তেজস্ক্রিয় পদার্থটি অধিকতর স্থায়ী হবে? যাচাই কর। ৪

- ৮ ▶ চিত্রে p-n জংশনের I-V লেখচিত্র দেখানো হয়েছে :



- ক. ডোপিং কী? ১
খ. তাপমাত্রার সাথে অর্ধপরিবাহীর রোধের পরিবর্তন ব্যাখ্যা কর। ২
গ. AB অংশের গতীয় রোধ নির্ণয় কর। ৩
ঘ. লেখচিত্রের AB ও ACD অংশে বিভব পার্থক্যের সাথে তড়িৎ প্রবাহের ভিন্নতার কারণ বিশ্লেষণ কর। ৪

সেট-০৩

ঢাকা বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট


পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ 0 °C তাপমাত্রার 0.07 kg বরফকে একটি নির্দিষ্ট উচ্চতা থেকে ফেলে দেওয়া হলো। এতে বিভবশক্তি 55% তাপে রূপান্তরিত হলো এবং এই তাপ সমস্ত বরফকে গলিয়ে দিলো। কিছু সময় পর বরফগলা পানির তাপমাত্রা 5 °C এ উন্নীত হলো। দেওয়া আছে, বরফ গলনের আপেক্ষিক সুপ্ততাপ $3.36 \times 10^5 \text{ J kg}^{-1}$ এবং পানির আপেক্ষিক তাপ $4200 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$ ।
- ক. তাপগতিবিদ্যার দ্বিতীয় সূত্রটি বিবৃত কর। ১
- খ. সম আয়তন প্রক্রিয়ায় কাজ শূন্য কেন? ব্যাখ্যা দাও। ২
- গ. বরফ খণ্ডটি কত উচ্চতা থেকে ফেলা হয়েছিল? ৩
- ঘ. বরফ গলন এবং বরফগলা পানির তাপমাত্রা বৃদ্ধি কোন ক্ষেত্রে পরিবেশের উপর অধিক প্রভাব পড়বে? এন্ট্রপির আলোকে ব্যাখ্যা কর। ৪


২ ▶



চিত্রে 100 g ভর এবং $1 \mu\text{C}$ চার্জের একটি গোলক ভূমির উপর D বিন্দুতে অবস্থিত। এখানে $AB = AD = BD$ এবং $\angle ACB = 90^\circ$ । সমগ্র ব্যবস্থাটি উল্লম্ব অবস্থায় রাখা আছে।

- ক. অভ্যন্তরীণ শক্তি কী? ১
- খ. তাপ ইঞ্জিনের দক্ষতা কখনও 100% হতে পারে না- ব্যাখ্যা কর। ২
- গ. A ও B বিন্দুর চার্জের জন্য C বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
- ঘ. D বিন্দুর গোলকটি উপরে উঠবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪


৩ ▶



সংযুক্ত অ্যামিটারের অভ্যন্তরীণ রোধ 0.5 Ω

- ক. তড়িৎ দ্বিপোল কী? ১
- খ. কেন চার্জিত গোলকের কেন্দ্রে প্রাবল্য ও বিভব উভয়ই শূন্য নয়? ২
- গ. বর্তনীর A ও B বিন্দুর মধ্যবর্তী বিভব পার্থক্য নির্ণয় কর। ৩
- ঘ. বর্তনীর 2 Ω রোধটি অপসারণ করলে অ্যামিটারের কি পরিবর্তনে প্রবাহমাত্রা পরিমাপ করা যাবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪


৪ ▶



ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় 5800 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করা হয়েছে। পরবর্তীতে দ্বি-চিড়টি 0.2 mm প্রস্থের একক চিড় দ্বারা প্রতিস্থাপন করা হলো।

- ক. সত্যক সারণি কী? ১
- খ. সূর্য থেকে আগত আলোর তরঙ্গমুখের প্রকৃতি কিরূপ হবে? ব্যাখ্যা কর। ২
- গ. ব্যতিচার ঝালরের প্রস্থ নির্ণয় কর। ৩
- ঘ. উভয়ক্ষেত্রে একই তরঙ্গদৈর্ঘ্যের আলোর জন্য 1ম চরমের কৌণিক বিস্তার অভিন্ন হবে কিনা? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৫ ▶ অনন্য সিঞ্জিয়াম ধাতুর পাতের $4.5 \times 10^{-7} \text{ m}$ তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করে ফটো তড়িৎ ক্রিয়ার পরীক্ষা পরিচালনা করছে। সে নিবৃত্তি বিভব পেলে 1.5 V। পরবর্তীতে $5.5 \times 10^{-7} \text{ m}$ তরঙ্গদৈর্ঘ্যের সবুজ আলো ব্যবহার করে। [দেওয়া আছে, ইলেকট্রনের ভর = $9.1 \times 10^{-31} \text{ kg}$]
- ক. জড় প্রসঙ্গ কাঠামো কাকে বলে? ১
- খ. কোনো বস্তুর ভর কখনো অসীম হতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক অনুসারে ফটোইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। ৩
- ঘ. সবুজ আলো ব্যবহার করায় ফটোতড়িৎ প্রবাহ ঘটবে কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৬ ▶ 2010 সালে 20 g ভরের দুটি তেজস্ক্রিয় পদার্থ ছিল। যার একটির গড় আয়ু 12.5 বছর। 2020 সালে অন্যটির 8 g অবশিষ্ট থাকে।
- ক. ভরক্রম কী? ১
- খ. বোরের পরমাণু মডেলের সাহায্যে কিভাবে রাদারফোর্ডের পরমাণু মডেলের সীমাবদ্ধতা দূর করা হয়েছে? ব্যাখ্যা কর। ২
- গ. প্রথম পদার্থটির অর্ধায়ু নির্ণয় কর। ৩
- ঘ. 2030 সালে উভয় পদার্থ সমপরিমাণে অবশিষ্ট থাকবে কিনা? যাচাই কর। ৪
- ৭ ▶ একটি দুর্বল সংকেতকে 250 গুণ বিবর্ধিত করার লক্ষ্যে একটি ট্রানজিস্টর বর্তনীতে ইনপুটে 35 Ω এবং লোডে 85 Ω ব্যবহার করা হলো। বর্তনীটির ভূমিতে 50 μA প্রয়োগ সরলে সংগ্রাহকে 50 mA প্রবাহ পাওয়া যায়।
- ক. ফ্যারাড কাকে বলে? ১
- খ. বর্তনীর প্রান্তিক বিভব তড়িচ্চালক বলের চেয়ে ছোট হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. ট্রানজিস্টরের প্রবাহ বিবর্ধন গুণক নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের উদ্দেশ্য পূরণ হবে কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৮ ▶



বর্তনীতে ব্যবহৃত প্রতিটি ডায়োড অভিন্ন। এদের যে কোনোটির দুইপ্রান্তে 0.6 volt বিভব পার্থক্য সৃষ্টি করায় প্রবাহ 100 mA হতে 150 mA এ পরিবর্তিত হয়। আবার ব্রিজটির সাহায্যে AC Signal কে DC Signal এ রূপান্তর করতে গিয়ে দেখা গেল D_4 ডায়োডটি নষ্ট।

- ক. NAND গেইট কী? ১
- খ. ডায়োডের জেনার ক্রিয়া ব্যাখ্যা কর। ২
- গ. প্রতিটি ডায়োডের গতীয় রোধ নির্ণয় কর। ৩
- ঘ. বর্তনীতে D_4 সংযুক্ত অবস্থায় AC কে DC তে রূপান্তর সম্ভব কিনা? সচিত্র ব্যাখ্যা দাও। ৪

সেট-০১

রাজশাহী বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ আদর্শ তাপমাত্রা ও চাপে একটি সিলিন্ডারে এক মোল হিলিয়াম গ্যাস রাখা আছে। পরবর্তীতে উক্ত হিলিয়ামের আয়তন প্রথমে সমোষ্ণ প্রক্রিয়ায় এবং পরে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় 1.5 গুণ করা হলো।

- ক. তাপগতিবিদ্যার প্রথম সূত্র বিবৃত কর। ১
খ. প্রাক্তীয় বিভব বর্তনীর তড়িৎ চালক বল অপেক্ষা ছোট হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় গ্যাসটির চূড়ান্ত চাপ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী কোন প্রক্রিয়ায় বেশি কাজ সম্পন্ন হয়েছে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে বুঝিয়ে দাও। ৪


২ ▶



চিত্রে 100 gm ভর এবং $1 \mu\text{C}$ চার্জের একটি গোলক ভূমির উপর D বিন্দুতে অবস্থিত। এখানে $AB = AD = BD$ এবং $\angle ACB = 90^\circ$ । সমগ্র ব্যবস্থাটি উল্লম্ব অবস্থায় রাখা আছে।


- ক. অস্তিত্ব শক্তি কী? ১
খ. তাপ ইঞ্জিনের দক্ষতা কখনও 100% হতে পারে না- ব্যাখ্যা কর। ২
গ. A ও B বিন্দুর চার্জের জন্য C বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
ঘ. D বিন্দুর গোলকটি উপরে উঠবে কিনা- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৩ ▶ বর্তনীটি লক্ষ কর :



- ক. ডোপিং কী? ১
খ. বর্তনীতে ফিউজ ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. 10 সেকেন্ডে 2Ω এ উৎপন্ন তাপের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. A ও B বিন্দুর মধ্যে '40 W-100 V' এর একটি বাছ শ্রেণিতে স্থাপন করলে ইহা পূর্ণ উজ্জ্বলতার সাথে জ্বলবে কি না- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৪ ▶




ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় 5800 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করা হয়েছে। পরবর্তীতে দ্বি-চিড়টি 0.2 mm বেধের একক চিড় দ্বারা প্রতিস্থাপন করা হলো।

- ক. সত্যক সারণি কী? ১
খ. সূর্য হতে আগত আলোর তরঙ্গমুখের প্রকৃতি কীরূপ হবে ব্যাখ্যা কর। ২

- গ. ব্যতিচার বালরের প্রস্থ নির্ণয় কর। ৩
ঘ. উভয় ক্ষেত্রে একই তরঙ্গদৈর্ঘ্যের আলোর জন্য 1ম চরমের কৌণিক বিস্তার অভিন্ন হবে কি না- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৫ ▶



দ্বাদশ শ্রেণির বিজ্ঞানের ছাত্রী মিনা পরীক্ষাগারে ফটোতড়িৎ ক্রিয়া প্রদর্শন করে তার প্রাপ্ত ফলাফল হতে উল্লিখিত গ্রাফটি অঙ্কন করলো। পরীক্ষাগারে 1.5 volt এর একটি ব্যাটারি আছে।

- ক. আপেক্ষিকতার প্রথম স্বীকার্য বিবৃত কর। ১
খ. নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া দ্রুত হারে বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
গ. সূচন তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
ঘ. মিনা কি কোনোভাবে উক্ত পরীক্ষায় প্রাপ্ত ফটোপ্রবাহ ঐ ব্যাটারির সাহায্যে বন্ধ করতে পারবে? গাণিতিকভাবে ব্যাখ্যা দাও। ৪

৬ ▶ 2010 সালে 20 gm ভরের দুটি তেজস্ক্রিয় পদার্থ ছিলো, যার একটির গড় আয়ু 12.5 বছর। 2020 সালে অন্যটির 8 gm অবশিষ্ট থাকে।

- ক. ভরত্রুটি কী? ১
খ. বোরের পরমাণু মডেলের সাহায্যে কীভাবে রাদারফোর্ডের পরমাণু মডেলের সীমাবদ্ধতা অতিক্রম করা যায়- ব্যাখ্যা কর। ২
গ. প্রথম পদার্থটির অর্ধায়ু নির্ণয় কর। ৩
ঘ. 2030 সালের উভয় পদার্থ সমপরিমাণে অবশিষ্ট থাকবে কি না যাচাই কর। ৪

৭ ▶ বায়ু মাধ্যমে কোনো ধারকের সমান্তরাল পাত দুটির প্রতিটির ক্ষেত্রফল $1 \times 10^{-4} \text{ m}^2$ এবং তারা পরস্পর হতে $2 \times 10^{-3} \text{ m}$ দূরে অবস্থিত। ধারকটিকে $2 \mu\text{C}$ আধানে চার্জিত করলে পাতদ্বয়ের মধ্যে 4 mV বিভব পার্থক্যের সৃষ্টি হয়। পরবর্তীতে পাত দুটিকে সমদ্বিখুতি করে একই ব্যবধানে রেখে দুটি ধারক তৈরি করে শ্রেণি সমবায়ে সাজানো হলো।

- ক. গাউসীয় তল কাকে বলে? ১
খ. একই দূরত্বে অবস্থিত দুটি চার্জের ক্রিয়াশীল বল পরাবৈদ্যুতিক মাধ্যম দ্বারা কীভাবে প্রভাবিত হয়- ব্যাখ্যা কর। ২
গ. আদি অবস্থায় ধারকের পাতদ্বয়ের মধ্যবিন্দুতে তড়িৎ প্রাবল্য নির্ণয় কর। ৩
ঘ. পরবর্তী ঘটনায় সঞ্চিত শক্তি পূর্বাপেক্ষা বৃদ্ধি পাবে কি না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶ একটি দুর্বল সংকেতকে 250 গুণ বিবর্ধিত করার লক্ষ্যে একটি ট্রানজিস্টর বর্তনীতে ইনপুটে 35Ω এবং লোডে 85Ω ব্যবহার করা হলো। বর্তনীটির ভূমিতে $50 \mu\text{A}$ প্রয়োগ করলে সংগ্রাহকে 50 mA পাওয়া যায়।

- ক. ফ্যারাড কাকে বলে? ১
খ. গ্যালেলিও রূপান্তর লরেঞ্জ রূপান্তরের একটি বিশেষ রূপ- ব্যাখ্যা কর। ২
গ. ট্রানজিস্টরের প্রবাহ বিবর্ধন গুণক কত? ৩
ঘ. উদ্দীপকের উদ্দেশ্য পূরণ হবে কি না- গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০৩

যশোর বোর্ড ২০২২

বিষয় কোড : 175


সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।


১ ▶ নিম্নের P-V নির্দেশক চিত্র একটি কার্নোর চক্র কার্যকর পদার্থ দ্বারা সম্পাদিত কাজ দেখানো হলো :



- ক. অপ্রত্যাবর্তী প্রক্রিয়া কাকে বলে? ১
খ. বিশ্বজগৎ ক্রমে ক্রমে তাপীয় মৃত্যুর দিকে এগিয়ে চলছে-
ব্যাখ্যা কর। ২
গ. C বিন্দুতে আয়তন নির্ণয় কর। ৩
ঘ. AB এবং BC পর্যায়ে কৃতকাজ সমান হবে কি না-
গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ২ ▶ সিয়াম 1 kg বরফকে - 10 °C তাপমাত্রা হতে 30 °C তাপমাত্রার পানিতে পরিণত করে। সামির 30 °C তাপমাত্রার 1 kg পানিকে 100 °C তাপমাত্রার বাষ্পে পরিণত করে। সিয়াম দাবি করল তার প্রক্রিয়াটি বেশি শৃঙ্খল।
($S_w = 4200 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$, $L_f = 3.36 \times 10^5 \text{ J kg}^{-1}$, $S_{ice} = 2100 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$ এবং $L_v = 2.26 \times 10^6 \text{ J kg}^{-1}$)
ক. তাপগতিবিদ্যার প্রথম সূত্র বিবৃত কর। ১
খ. রুদ্ধতাপীয় প্রসারণ এবং সংকোচনে অন্তঃস্থ শক্তির পরিবর্তন ব্যাখ্যা কর। ২
গ. সামিরের প্রক্রিয়ায় মোট প্রয়োজনীয় তাপ নির্ণয় কর। ৩
ঘ. সিয়ামের দাবি সঠিক কিনা- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪
- ৩ ▶ চিত্রে, A ও C বিন্দুতে বায়ু মাধ্যমে যথাক্রমে - 2 × 10⁻⁹ C এবং + 1.5 × 10⁻⁹ C চার্জ স্থাপন করা হলো :



- ক. তড়িৎ দ্বিমেরু ড্রামক কাকে বলে? ১
খ. গোলাকার পরিবাহীর ধারকত্বের সাথে ব্যাসার্ধের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. B বিন্দুতে প্রাবল্যের মান কত? ৩
ঘ. B এবং D বিন্দুতে বিভবের মান সমান হবে কিনা-
গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪
- ৪ ▶ উদ্দীপকে একটি বর্তনী দেখানো হলো :




- ক. তাড়ন বেগের সংজ্ঞা দাও। ১
খ. বর্তনীতে রোধের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ২
গ. বর্তনীর মোট প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. R₃ এর সাথে কত রোধ, কীভাবে সংযুক্ত করলে এর ভিতর দিয়ে R₂ এর সমান প্রবাহ পাওয়া যাবে- গাণিতিকভাবে দেখাও। ৪

৫ ▶ ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় চিড় দুটির মধ্যবর্তী দূরত্ব 2.5 mm। ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 5830 Å চিড়ের মধ্যবর্তী অঞ্চলে আপতিত করার ফলে পর্দার উপর পর্যায়ক্রমে উজ্জ্বল ও অন্ধকার পট্টির সৃষ্টি হয়। কেন্দ্রীয় উজ্জ্বল পট্টি হতে প্রথম উজ্জ্বল পট্টির মধ্যবর্তী দূরত্ব 0.4672 mm।

- ক. সূচন কম্পাঙ্ক কাকে বলে? ১
খ. নিউক্লিয়ার ফিশান ও ফিউশান বিক্রিয়ার কোনটি অধিক নিরাপদ- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে চিড় থেকে পর্দার দূরত্ব কত পাওয়া যাবে? ৩
ঘ. কেন্দ্রীয় চরম থেকে 5.1392 mm দূরত্বে কততম উজ্জ্বল ডোরার সৃষ্টি হবে- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৬ ▶ কবির ও আবির 30 বছর বয়সে যথাক্রমে 0.88 c এবং 0.99 c বেগে গতিশীল দুটি মহাশূন্যানে করে মহাকাশ ভ্রমণে গেলেন। পৃথিবীর হিসেবে 20 বছর পর তারা পৃথিবীতে ফিরে এলেন।
ক. আইনস্টাইনের আপেক্ষিকতার দ্বিতীয় স্বীকার্যটি লেখ। ১
খ. কী শর্তে লরেন্টজ রূপান্তর গ্যালিলীয় রূপান্তরে কিংবা গ্যালিলীয় রূপান্তর লরেন্টজ রূপান্তরে পরিবর্তিত হয়- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে পৃথিবীতে ফিরে আসার পর তাদের বয়সের ব্যবধান কত হবে? ৩
ঘ. যাত্রাকালে পৃথিবীতে উভয়ের ভর 70 kg হলে গতিশীল অবস্থায় তাদের ভর সমান হবে কিনা- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৭ ▶ একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি হিসেবে বিজ্ঞানীরা U-235 ব্যবহার করে। এক বছর পর প্রতি মোল অর্থাৎ 6.02 × 10²³ টি পরমাণু ভেঙে 1.02 × 10²³ টি পরমাণু অক্ষত থাকে।

- ক. ডোপিং কী? ১
খ. ব্যতিচারের ক্ষেত্রে উৎসদ্বয় খুবই কাছাকাছি রাখার কারণ ব্যাখ্যা কর। ২
গ. U-235-এর অর্ধায়ু নির্ণয় কর। ৩
ঘ. পরবর্তী এক বছরে ভেঙে যাওয়া পরমাণুর সংখ্যা পূর্ববর্তী এক বছরে ভেঙে যাওয়া পরমাণু সংখ্যার সমান হবে কিনা- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

৮ ▶ নিচে একটি কমন এমিটার n-p-n ট্রানজিস্টর বর্তনী দেখানো হলো :



- ক. ভরকোটি কাকে বলে? ১
খ. p-n জংশন ডায়োডের ডিপ্লেশন লেয়ার চার্জ নিরপেক্ষ-
ব্যাখ্যা কর। ২
গ. প্রবাহ বিবর্ধন গুণক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তনী থেকে বিবর্ধিত সংকেত পাওয়া সম্ভব কিনা
ভোল্টেজ গেইন নির্ণয়ের মাধ্যমে গাণিতিকভাবে দেখাও। ৪

সেট-০১

কুমিল্লা বোর্ড ২০২২

বিষয় কোড : 175


সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ নিচের চিত্রে কার্ণো ইঞ্জিনের কার্যকরী পদার্থের চারটি ধাপ দেখানো হলো-



- ক. অভ্যন্তরীণ শক্তি কাকে বলে? ১
খ. জগতের এন্ট্রপি বৃদ্ধি পাচ্ছে- ব্যাখ্যা কর। ২
গ. C বিন্দুতে চাপ নির্ণয় কর। ৩
ঘ. প্রতিটি ধাপে এন্ট্রপি হিসাব করে ইঞ্জিনটির প্রত্যাগামিতা কী যাচাই করা সম্ভব? গাণিতিক বিশ্লেষণপূর্বক তোমার মতামত দাও। ৪

২ ▶



চিত্র-১


চিত্র-২

পাতের ক্ষেত্রফল = 4 cm^2 পাতের ক্ষেত্রফল = 2 cm^2

উভয় ক্ষেত্রে $Q = 3C$ এবং $K = 1.0005$

- ক. গ্যাসের সূত্র বিবৃত কর। ১
খ. কোনো বিন্দুর আধান $2.3 \times 10^{-19} \text{ C}$ হতে পারে না- ব্যাখ্যা কর। ২
গ. চিত্র-১ এ পাতধারকের বিভব পার্থক্য 6 V হলে, ধারকে সম্বন্ধিত শক্তি কত? ৩
ঘ. উভয় ধারকের ধারকত্ব সমান পেতে হলে চিত্র-১ এবং চিত্র-২ এর ধারকদ্বয়ের পাতসমূহকে কীভাবে স্থাপন করতে হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶




- ক. মিটার ব্রিজ কী? ১
খ. শান্ট কীভাবে গ্যালভানোমিটারকে রক্ষা করে? ২
গ. DC বাহুতে কত মানের রোধ কীভাবে যুক্ত করলে ব্রিজটি সাম্যাবস্থা লাভ করবে? ৩
ঘ. গ্যালভানোমিটারের নিঃস্পন্দ অবস্থায় ABC এবং ADC অংশের প্রবাহমাত্রার অনুপাত এবং রোধের অনুপাত একই হবে কি? গাণিতিকভাবে তোমার মতামত দাও। ৪

৪ ▶ পরীক্ষাগারে একটি ফ্রনহফার শ্রেণির একক চিড়ের দরুন অপবর্তন পরীক্ষায় 5890 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করা হলো। দ্বিতীয় ক্রমের চরমের জন্য অপবর্তন কোণ 10° পাওয়া গেল এবং দশম অবম বিন্দুটি পাওয়ার চেষ্টা করা হলো।

- ক. এক কুলম্ব কী? ১
খ. দুটি বিন্দুর বিভব পার্থক্য 6 V বলতে কী বোঝায়? ২
গ. চিড়ের বেধ নির্ণয় কর। ৩
ঘ. পরীক্ষণে দশম অবম বিন্দুটি পাওয়ার চেষ্টা সফল হয়েছিল কি? গাণিতিক যুক্তিসহ তোমার মতামত দাও। ৪


৫ ▶ একজন মহাশূন্যচারী ২৫ বছর বয়সে $1.8 \times 10^8 \text{ m/sec}$ বেগে গতিশীল একটি মহাশূন্যযানে চড়ে মহাকাশ ভ্রমণে গেলেন। পৃথিবীর হিসাবে তিনি ৩০ বছর মহাকাশে কাটিয়ে ভূপৃষ্ঠে ফিরে এলেন। পৃথিবীতে মহাশূন্যযানটির দৈর্ঘ্য ছিল 80 m ।

- ক. ফটোইলেকট্রিক ক্রিয়া কী? ১
খ. প্লাটিনামের সূচন কম্পাঙ্ক $15.24 \times 10^{14} \text{ Hz}$ বলতে কী বোঝায়? ২
গ. পৃথিবী থেকে পরিমাপকৃত গতিশীল মহাশূন্যযানটির দৈর্ঘ্য কত? ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত মহাশূন্যচারী ভূপৃষ্ঠে ফিরে এসে ৪৫ তম জন্মদিন পালন করবে- এ কথা সঠিকতা যাচাই কর। ৪
৬ ▶ বিজ্ঞানীরা ল্যাবরেটরিতে দুটি তেজস্ক্রিয় পদার্থ রেখে লক্ষ করেন যে, পদার্থ দুটি নিম্নের লেখচিত্র অনুযায়ী তেজস্ক্রিয় বিকিরণ করে :



- ক. বোরের পরমাণু মডেলের ইলেকট্রনের কৌণিক ভরবেগ সংক্রান্ত স্বীকার্য লিখ। ১
খ. কোনো একটি স্থায়ী নিউক্লিয়াসের ভর ও এর উপাদানিক কণাগুলোর মুক্ত অবস্থার মিলিত ভর সমান হয় না কেন? ২
গ. B মৌলটির বন্ধন শক্তি eV এ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে A ও B মৌলের গড় আয়ু কি এক হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪


৭ ▶



D_1, D_2 এবং D_3 একই প্রকৃতির তিনটি ডায়োড। এদের প্রতিটির গতিয় রোধ 150Ω ।

- ক. দৈর্ঘ্য সংকোচন কী? ১
খ. হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রনের বেগ কক্ষপথের ব্যাসার্ধের সাথে কীরূপ সম্পর্কিত? ব্যাখ্যা কর। ২
গ. A ও B বিন্দুর মধ্যে পার্থক্য নির্ণয় কর। ৩
ঘ. বর্তনীতে D_3 ডায়োডটিকে M ও N এর মাঝে কীভাবে স্থাপন করা হলে ভোল্টমিটারটি ক্রমাগত সর্বম্মিন ও সর্বোচ্চ পাঠ দিবে? বর্তনী চিত্র অঙ্কনপূর্বক বিশ্লেষণ কর। ৪

৮ ▶



1 gm পানি তরল হতে বাষ্পীভূত হওয়ার দুটি স্তর দেওয়া আছে। D বিন্দুতে বাষ্পের আয়তন 1700 cc । (পানির আপেক্ষিক তাপ $4200 \text{ J/kg}^{-1} \text{ K}^{-1}$)

- ক. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রটি লেখ। ১
খ. কার্ণোর ইঞ্জিনে দ্বিতীয় ধাপে তাপমাত্রা হ্রাস ঘটে কেন? ২
গ. AB পথে এন্ট্রপির পরিবর্তন নির্ণয় কর। ৩
ঘ. BD পথে অন্তঃস্থ শক্তি নির্ণয় করা সম্ভব- গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০১

চট্টগ্রাম বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ তাপ সুপরিবাহী ও অপরিবাহী পদার্থের তৈরি দুটি ঘর্ষণহীন পিস্টনযুক্ত সিলিডারে 3×10^5 Pa চাপে ও 750 K তাপমাত্রায় 1 mol নাইট্রোজেন গ্যাস আছে। অতঃপর উভয় সিলিডারে চাপের পরিমাণ অর্ধেক করা হলো। নাইট্রোজেনের ক্ষেত্রে $\gamma = 1.4$ এবং $R = 8.31 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$ ।

- ক. পানির ব্রহ্ম বিন্দু কাকে বলে? ১
খ. $C_V < C_P$ কেন? ব্যাখ্যা কর। ২
গ. অপরিবাহী সিলিডারের চূড়ান্ত তাপমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. সিলিডারদ্বয়ের মধ্যে কৃতকাজের তুলনা কর। ৪

২ ▶




উপরের চিত্রে A ও B উভয় বিন্দুতেই 150 C চার্জ দেওয়া আছে।

- ক. সান্ট কাকে বলে? ১
খ. আধানের কোয়ান্টায়ন বলতে কী বুঝ? ২
গ. 'C' বিন্দুর তড়িৎ প্রাবল্যের মান কত? ৩
ঘ. 'C' বিন্দুর তড়িৎ প্রাবল্যের দিক কোন দিকে হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় চির দুটির ব্যবধান 0.3 mm এবং পর্দার দূরত্ব 160 cm। নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যের আলো চিরের উপর ফেলা হলে পর্দার কেন্দ্র হতে উভয় পার্শ্বে 12টি উজ্জ্বল ডোরা দেখা যায়।

- ক. তেজস্ক্রিয়তা কাকে বলে? ১
খ. হাইগেনের নীতি ব্যাখ্যা কর। ২
গ. আলোর তরঙ্গদৈর্ঘ্যের মান নির্ণয় কর। ৩
ঘ. চিরের ব্যবধান অর্ধেক করা হলে তরঙ্গদৈর্ঘ্যের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶




উদ্দীপকে একটি কমন এমিটার n-p-n ট্রানজিস্টর বর্তনী দেখানো হলো-

- ক. ডোপিং কী? ১
খ. ডায়োডের সম্মুখী ঝোঁক বলতে কী বুঝ? ২

- গ. উদ্দীপকের বর্তনীর কারেন্ট গেইন β কত? ৩
ঘ. বেস প্রবাহ ও কালেক্টর প্রবাহ দ্বিগুণ করা হলে ভোল্টেজ গেইনের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶



- ক. তাড়ন বেগ কী? ১
খ. তড়িচ্চালক শক্তি ও বিভব পার্থক্যের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. বর্তনীর প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. R_3 এর সাথে কত মানের রোধ কীভাবে যুক্ত করলে এর ভেতর দিয়ে R_1 এর সমান প্রবাহ পাওয়া যাবে? গাণিতিকভাবে তোমার মতামত দাও। ৪

৬ ▶ 5.55×10^{14} Hz সূচন কম্পাঙ্কের একস্ল ধাতুর উপর 2800 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো পতিত হলে ধাতু থেকে ইলেকট্রন নির্গত হয়।

- ক. দৈর্ঘ্য সংকোচন কাকে বলে? ১
খ. ভরের আপেক্ষিকতা বলতে কি বুঝ? ২
গ. নির্গত ফটোইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। ৩
ঘ. ধাতুখুরে উপর 3800 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত হলে ইলেকট্রন নির্গত হবে কি না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ ট্রিটিয়ামের অবক্ষয় ধ্রুবক $5.54 \times 10^{-2} \text{ Y}^{-1}$ ।

- ক. ক্ষয় ধ্রুবক কাকে বলে? ১
খ. তেজস্ক্রিয় ক্ষয় সূত্র ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে প্রদত্ত ট্রিটিয়ামের 64% ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
ঘ. উদ্দীপকে প্রদত্ত তেজস্ক্রিয় মৌলটির অর্ধায়ু অপেক্ষা গড় আয়ু বেশি- সত্যতা যাচাই কর। ৪

৮ ▶ একটি সমান্তরাল পাত ধারকের প্রতি পাতের ক্ষেত্রফল 4 mm^2 । পাতদ্বয় বায়ুতে পরস্পর হতে 0.5 m ব্যবধানে অবস্থিত। প্রত্যেক পাতে সরবরাহকৃত চার্জের পরিমাণ $9 \times 10^{-9} \text{ C}$ ।

- ক. বিন্দু আধান কী? ১
খ. 1 eV বলতে কী বুঝ? ২
গ. ধারকটির ধারকত্ব নির্ণয় কর। ৩
ঘ. পাতদ্বয়ের মধ্যকার বিভব পার্থক্য অর্ধেক করা হলে ধারকটির সঞ্চিত শক্তি পূর্বকার সঞ্চিত শক্তির এক-চতুর্থাংশ হবে কি না? গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০৩

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ একজন ফুটবলার অনুশীলন করার সময় হঠাৎ লক্ষ করল যে, ফুটবলটি ফেটে বাতাস বের হচ্ছে। সে আরও লক্ষ করল যে, ফুটবল থেকে যে বাতাস বের হচ্ছে তা পারিপার্শ্বিকের তুলনায় উষ্ণ। ফুটবলের অভ্যন্তরস্থ বায়ুর তাপমাত্রা 27°C , বায়ুর চাপ 2 atm , বায়ুর আয়তন 1 m^3 এবং $\gamma = 1.4$ ছিল।
- ক. এন্ট্রপি কী? ১
- খ. রুদ্ধতাপ প্রক্রিয়ায় গ্যাসকে সংনমিত করলে গ্যাসের তাপমাত্রা বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. ফুটবল থেকে নির্গত বায়ুর চূড়ান্ত আয়তন নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের ফুটবলের ভিতর থেকে নির্গত বাতাস পারিপার্শ্বিকের তুলনায় গরম হওয়ার কারণ কী? গাণিতিকভাবে বিশ্লেষণপূর্বক ব্যাখ্যা কর। ৪
- ২ ▶ দুটি তাপ ইঞ্জিন 400 K এবং 800 K তাপমাত্রার ব্যবধানে কার্যকর। ইঞ্জিন দুটিতে ব্যবহৃত জ্বালানির আপেক্ষিক তাপ যথাক্রমে $2000\text{ J kg}^{-1}\text{ K}^{-1}$ এবং $1500\text{ J kg}^{-1}\text{ K}^{-1}$ । ইঞ্জিন দুটিতে 10 gm ভরের ভিন্ন কার্যকর পদার্থ ব্যবহার করা হয়েছে।
- ক. ত্রৈধ বিন্দু কাকে বলে? ১
- খ. জ্বালানির পরিবর্তন সর্বদা ধনাত্মক— ব্যাখ্যা কর। ২
- গ. প্রথম ইঞ্জিনের দক্ষতা 10% বাড়তে হলে উৎসের তাপমাত্রা কত বাড়তে হবে? ৩
- ঘ. উদ্দীপকের আলোকে কোন ইঞ্জিনটি বেশি পরিবেশবান্ধব হবে? তোমার মতামত গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ দুটি একই রকমের ক্ষুদ্র ধাতব বলে যথাক্রমে $+3\text{ nC}$ এবং -12 nC আধান আছে। এরা বায়ুতে 3 cm ব্যবধানে থাকলে এদের মধ্যে তড়িৎ আকর্ষণ বল ক্রিয়া করে। পরবর্তীতে বল দুটি পরস্পরের সাথে স্পর্শ করে পুনরায় 3 cm ব্যবধানে রাখা হলো।
- ক. কুলম্ব কাকে বলে? ১
- খ. সমধর্মী চার্জ পরস্পরকে বিকর্ষণ করে কেন? ব্যাখ্যা কর। ২
- গ. প্রথম ক্ষেত্রে তড়িৎ আকর্ষণ বলের মান নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের দ্বিতীয় ক্ষেত্রে তড়িৎ বলের প্রকৃতি পূর্বের সমান না ভিন্ন— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪
- ৪ ▶ উদ্দীপকের বর্তনীতে দুটি $60\text{ W} - 220\text{ V}$ লেখা বাম্ব সংযুক্ত করে 220 V উৎসের সাথে সংযোগ দেওয়া হলো।
- $60\text{ W} - 220\text{ V}$
 A বাতি
-
- 220 V
- ক. রোধ কী? ১
- খ. একই তাপমাত্রায় ভিন্ন উপাদানবিশিষ্ট পরিবাহীর আপেক্ষিক রোধ ভিন্ন হয়— ব্যাখ্যা কর। ২
- গ. প্রত্যেক ব্যক্তির ফিলামেন্টের রোধ কত? ৩
- ঘ. উদ্দীপকের বর্তনী হতে 'R' রোধ অপসারণ করলে A ও B বাতির উজ্জ্বলতা বাড়বে না কমবে— গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৫ ▶ একদল শিক্ষার্থী পদার্থবিজ্ঞান গবেষণাগারে ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষাটি সম্পন্ন করার জন্য চিড় দুটির মধ্যবর্তী দূরত্ব 2 mm এবং চিড় থেকে পদার্থটিকে 1 m দূরে স্থাপন করল। পরীক্ষায় ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য ছিল 5900 \AA এবং চিড় দুটি থেকে নিঃসৃত আলোর তরঙ্গদ্বয়ের পথ পার্থক্য পেল $1.5 \times 10^{-6}\text{ m}$ ।
- ক. হাইগেনের নীতি লেখ। ১
- খ. ইয়ং এর দ্বি-চিড় পরীক্ষায় ব্যবহৃত দুটি চিড়ের একটি বন্ধ করে দিলে পর্দায় ডোরার কীরূপ পরিবর্তন দেখা যাবে? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে পর্দায় সৃষ্ট ডোরার ব্যবধান নির্ণয় কর। ৩
- ঘ. শিক্ষার্থীদের ইয়ং-এর দ্বি-চিড় পরীক্ষায় পর্দায় কোন ধরনের ব্যতিচার সৃষ্টি হয়েছে? তার গাণিতিক বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ একজন মহাশূন্যচারী 25 বছর বয়সে $2.5 \times 10^8\text{ m s}^{-1}$ বেগে একটি রকেটে চড়ে নতুন গ্রহ অনুসন্ধানে গেল। পৃথিবীতে রকেটের দৈর্ঘ্য ছিল 72 m ।
- ক. দ্য ব্রগলীর তরঙ্গ কী? ১
- খ. কৃষ্ণ গহ্বর হতে আলো নির্গত হতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উক্ত গতিশীল রকেটের দৈর্ঘ্য কত হবে? ৩
- ঘ. অনুসন্ধান শেষে নভোচারী পৃথিবীর হিসাবে 25 বছর পর ফিরে আসলে আপেক্ষিক তত্ত্ব অনুযায়ী তার বয়স পৃথিবীর ক্যালেন্ডার মোতাবেক একই হবে কিনা— গাণিতিকভাবে বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামত দাও। ৪
- ৭ ▶ ট্রিটিয়াম একটি তেজস্ক্রিয় পদার্থ। এটি প্রতিনিয়ত ক্ষয় হচ্ছে। ট্রিটিয়ামের অর্ধায়ু 12.5 বছর।
- ক. নিউক্লিয়াস কাকে বলে? ১
- খ. পরমাণুর শক্তি স্তরের শক্তি ঋণাত্মক কেন? ব্যাখ্যা কর। ২
- গ. 25 বছর পর একটি নির্দিষ্ট ট্রিটিয়াম বস্তুখণ্ডের কত অংশ অবশিষ্ট থাকবে? নির্ণয় কর। ৩
- ঘ. ট্রিটিয়ামের 50% ক্ষয় হতে যে সময় লাগে তা তার গড় আয়ু অপেক্ষা বেশি না কম হবে গাণিতিকভাবে বিশ্লেষণপূর্বক মতামত দাও। ৪
- ৮ ▶ n-p-n ট্রানজিস্টরকে প্রথমে সাধারণ নিঃসারক বিন্যাসে সংযোগ দিয়ে নিঃসারক প্রবাহ 1.92 mA এবং পীঠ প্রবাহ 0.08 mA পাওয়া গেল। পরে সাধারণ ভূমি বিন্যাসে সংযোগ দিয়ে নিঃসারক প্রবাহ এবং সংগ্রাহক প্রবাহের মান পাঁচগুণ করা হলো।
- ক. ব্যান্ড তত্ত্ব কী? ১
- খ. ডোপিং কীভাবে অর্ধ পরিবাহীর তড়িৎ পরিবাহিতাকে প্রভাবিত করে ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক অনুসারে প্রবাহ লাভ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের ট্রানজিস্টরের সংযোগ বিন্যাস পরিবর্তন করায় প্রবাহ বিবর্ধক ও গুণকের মান পরিবর্তন হবে কিনা— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

সেট-০৩

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট


পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ 327 °C তাপমাত্রার 1 মোল গ্যাস দ্বারা একটি কার্নো ইঞ্জিন কাজ সম্পাদন করছে। কার্নো চক্রের প্রতিটি ধাপে সংকোচন বা প্রসারণের অনুপাত 1 : 6। (সার্বজনীন গ্যাস ধ্রুবক $R = 8.31 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$ এবং $\gamma = 1.4$)
- ক. সিস্টেম কী? ১
- খ. অপ্রত্যাগামী প্রক্রিয়া একটি একমুখী প্রক্রিয়া- ব্যাখ্যা কর। ২
- গ. ইঞ্জিনের সর্বনিম্ন তাপমাত্রা নির্ণয় কর। ৩
- ঘ. কার্নোর চক্রের সমোষ্ণ প্রসারণ ও সংকোচনে সম্পাদিত কাজের পরিমাণ একই হবে কি-না? গাণিতিকভাবে যাচাই কর। ৪


২ ▶



গোলাকার পরিবাহীতে 5টি প্রোটনের সমপরিমাণ চার্জ দেওয়া আছে। গোলকের ব্যাসার্ধ 0.5 m। (মাধ্যমের পরাবৈদ্যুতিক ধ্রুবক $1.005, \frac{1}{4\pi\epsilon_0} = 9 \times 10^9 \text{ N m}^2 \text{ C}^{-2}$)


- ক. ধারকের ধারকত্ব কাকে বলে? ১
- খ. স্থিরতড়িৎ সম্পর্কিত কুলম্বের সূত্র ও নিউটনের মহাকর্ষ সম্পর্কিত সূত্রের মধ্যে কী কী মিল-অমিল রয়েছে? লেখ। ২
- গ. গোলকটির কেন্দ্র থেকে 0.8 m দূরের কোনো বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে চার্জিত গোলাকার পরিবাহীটিকে যদি সমান ব্যাসার্ধের 5টি গোলকে বিভক্ত করা হয় যাতে প্রত্যেক গোলকে চার্জ সমভাবে বন্টিত হয় তাহলে পরিবর্তিত প্রতিটি পরিবাহীর পৃষ্ঠের বিভব পূর্বের পরিবাহীর পৃষ্ঠের বিভবের এক-পঞ্চমাংশ হবে কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



- ক. কার্শফের 1ম সূত্র বিবৃত কর। ১
- খ. শার্ট কিভাবে গ্যালভানোমিটারকে রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
- গ. প্রদত্ত বর্তনীর মূল তড়িৎ প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
- ঘ. বর্তনীতে 1 মিনিট তড়িৎ প্রবাহ চললে কোন রোধকে বেশি তাপ উৎপন্ন হবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৪ ▶



চিত্রে $C_1 = C_2 = 2 \mu\text{F}$, $C_3 = C_4 = 4 \mu\text{F}$, $E = 12 \text{ V}$

- ক. এক ইলেকট্রন ভোল্ট কাকে বলে? ১

- খ. কোনো বস্তুতে $1.6 \times 10^{-18} \text{ C}$ চার্জ থাকা সম্ভব কিনা? যুক্তি দাও। ২
- গ. 1নং চিত্রে তুল্য ধারকত্ব নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বর্তনী দুটির ক্ষেত্রে কোনটিতে সঞ্চিত শক্তির পরিমাণ বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ মাহি ও রাহি ইলেকট্রনিকস দোকান থেকে দুটি n-p-n ট্রানজিস্টর কিনে আনে। মাহির ট্রানজিস্টরে ইনপুট ভোল্টেজ, ইনপুট রোধ, ভাররোধ এবং সংগ্রাহক প্রবাহ যথাক্রমে, 2 V, 50 Ω, 4 Ω এবং 30 mA। অপরদিকে রাহির ট্রানজিস্টরে প্রবাহ লাভ, ইনপুট রোধ এবং ভার রোধ যথাক্রমে 80, 40 Ω এবং 60 Ω।
- ক. ভরের আপেক্ষিকতা কাকে বলে? ১
- খ. সমান গতিবেগ সম্পন্ন প্রোটন ও ইলেকট্রনের মধ্যে ইলেকট্রনের ডি ব্রগলি তরঙ্গদৈর্ঘ্য বেশি কেন? ব্যাখ্যা কর। ২
- গ. মাহির ট্রানজিস্টরের ভোল্টেজ গেইন নির্ণয় কর। ৩
- ঘ. মাহি ও রাহির ট্রানজিস্টরদ্বয়ের ক্ষমতা বিবর্ধন কি সমান হবে? গাণিতিক মতামত দাও। ৪

মৌল	ভর সংখ্যা	প্রোটন সংখ্যা	নিউক্লিয়াসের ভর (amu)
Fe	56	26	56
U	235	92	235.0439

স্থির অবস্থায় প্রোটনের ভর = 1.00728 amu, নিউট্রনের ভর = 1.00876 amu, 1 amu ভরের সমতুল্য শক্তি 931 MeV

- ক. নিউক্লিয়ার ফিশন কাকে বলে? ১
- খ. আলফা রশ্মি তড়িৎক্ষেত্র দারা বিচ্যুত হয় কিন্তু গামা রশ্মি হয় না- ব্যাখ্যা কর। ২
- গ. ইউরেনিয়ামের ভরপ্রাণটি নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে বর্ণিত দুটি মৌলের কোনটি থেকে একটি নিউক্লিয়ন বের করা সহজ হবে? গাণিতিক বিশ্লেষণসহ দেখাও। ৪
- ৭ ▶ 0.6 c গতিতে চলমান একটি রকেটে 0.5 kg ভরের এক মিটার লম্বা একটি তামার দণ্ড রাখা আছে। স্থির অবস্থায় তামার ঘনত্ব 8960 kg m^{-3} , c আলোর দ্রুতি।

- ক. ফটোতড়িৎ ক্রিয়া কী? ১
- খ. কোনো তেজস্ক্রিয় পদার্থের নিঃশেষকাল অসীম- ব্যাখ্যা কর। ২
- গ. তামার দণ্ড থেকে প্রাপ্ত শক্তি নির্ণয় কর। ৩
- ঘ. প্রস্থ ও বেধ আপেক্ষিকতার বিবেচনায় না এনে রকেটে তামার ঘনত্বের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিক ব্যাখ্যাসহ দেখাও। ৪

- ৮ ▶ রিয়া এবং রিপা দুটি অপবর্তন গ্রোটিং নিয়ে পরীক্ষা করছিল। রিয়ার গ্রোটিং এ প্রতি সেন্টিমিটারে দাগসংখ্যা 6000। এর ভিতরে কমলা রঙের আলো ফেলা হলো। অপরদিকে রিপার গ্রোটিং-এর গ্রোটিং ধ্রুবক $1.6 \times 10^{-6} \text{ m}$ । সে সবুজ আলো নিয়ে পরীক্ষা করছিল। রিয়া বলল প্রথম উজ্জ্বল রেখার জন্য অপবর্তন কোণ আমার ক্ষেত্রে বেশি হবে। রিপা বলল, দেখা যাক।

আলোর বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (Å)
কমলা	6000
সবুজ	5000
বেগুনী	4000

- ক. তরঙ্গের ব্যতিচার কাকে বলে? ১
- খ. আলোক বছর আসলে সময় নয়- ব্যাখ্যা কর। ২
- গ. বেগুনী আলোর ক্ষেত্রে একটি ফোটনের শক্তি নির্ণয় কর। ৩
- ঘ. রিয়ার উক্তি যথার্থ কিনা? হিসাব কর। ৪

সেট-০১

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 175


সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



চিত্রে P-V লেখচিত্র দ্বারা একটি চক্রীয় প্রক্রিয়া দেখানো হয়েছে।

এখানে, A বিন্দুতে তাপমাত্রা = 300 K

স্থির আয়তনে মোলার আঃ তাপ = 20.78 J mol⁻¹ K⁻¹মোল সংখ্যা = 1.6; $\gamma = 1.4$ এবং 1 atm = 10⁵ N m⁻²

ক. অন্তঃস্থ শক্তির সংজ্ঞা দাও। ১

খ. কার্ণের ইঞ্জিনের কার্যনির্বাহক বস্তু পরিবর্তন করলে ঐ ইঞ্জিনের দক্ষতার কোনোরূপ পরিবর্তন হবে না কেন? ব্যাখ্যা কর। ২

গ. AB পথে কৃতকাজের মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের চক্রীয় প্রক্রিয়ায় এন্ট্রপির পরিবর্তন শূন্য হবে কিনা- গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মতামত দাও। ৪

২ ▶ পরীক্ষাগারে একজন শিক্ষার্থী ধারক নিয়ে কাজ করছিলেন। ধারকের প্রতিটি পাতের ক্ষেত্রফল 45 cm² এবং পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 2 mm এবং একে 400 V এর উৎসের সাথে সংযোগ দিয়ে চার্জিত করা হচ্ছে। শিক্ষার্থী K = 5 মানের পরাবৈদ্যুতিক মাধ্যম একবার প্রবেশ করিয়ে চার্জিত করলো এবং আরেকবার পরাবৈদ্যুতিক মাধ্যম ব্যতীত চার্জিত করলো এবং সংশ্লিষ্ট শক্তি উভয়ক্ষেত্রে পরিমাপ করলো।


ক. আধান ঘনত্ব কী? ১

খ. অসীম দৈর্ঘ্যের চার্জিত পরিবাহক কর্তৃক সৃষ্ট তড়িৎক্ষেত্র প্রাবল্যের সাথে দূরত্বের সম্পর্ক কীরূপ? ব্যাখ্যা কর। ২

গ. পরাবৈদ্যুতিক মাধ্যম ব্যতিরেকে ধারকটিতে প্রতিটি পাতে সংশ্লিষ্ট চার্জের মান কত? ৩

ঘ. উদ্দীপকে শিক্ষার্থীর পরীক্ষণে কোন ক্ষেত্রে সংশ্লিষ্ট শক্তির মান বেশি হবে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



চিত্রে 1 m দৈর্ঘ্যের একটি বর্গাকার টেবিল। টেবিল এর চারটি কোণ A, B, C এবং D তে যথাক্রমে 4×10^{-12} C, 4×10^{-12} C, 2×10^{-12} C এবং 2×10^{-12} C চার্জ স্থাপন করা হলো এবং পরবর্তীতে 10 gm ভরের +1C মানের চার্জিত একটি শোলা বল বর্গাকার তলের কেন্দ্রে স্থাপন করা হলো।


ক. গাউসের সূত্রটি বিবৃত কর। ১

খ. কোনো স্থানে তড়িৎক্ষেত্রের মান শূন্য হলে তড়িৎ বিভবের কী হবে? ব্যাখ্যা কর। ২

গ. কেন্দ্রে চার্জিত বস্তু স্থাপনের পূর্বে কেন্দ্রে বিভবের মান নির্ণয় কর। ৩

ঘ. শোলা বলের উপর ক্রিয়াশীল তড়িৎ বল ও অভিকর্ষজ বলের মান ভিন্ন- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶



ক. কির্শফের ২য় সূত্রটি বিবৃত কর। ১

খ. তড়িৎবাহী পরিবাহক চার্জিত হয় কি? ব্যাখ্যা কর। ২

গ. বর্তনীটিতে তড়িৎ প্রবাহ I এর মান নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের বর্তনীর R₁ এবং R₂ এর যদি পারস্পরিক স্থান পরিবর্তন করা হয় তাহলে R₃ রোধে তাপজনিত শক্তি ক্ষয়ের হারের পরিমাণ একই থাকবে কি? গাণিতিকভাবে যাচাইপূর্বক তোমার মতামত দাও। ৪

৫ ▶ ইয়ং-এর দ্বি-চিড় পরীক্ষায় 600 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করা হলো এবং বায়ুতে ডোরার প্রস্থ 2 mm পাওয়া গেল। পরবর্তীতে 500 nm এবং 400 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো দিয়ে ডোরার অবস্থান পর্যবেক্ষণ করা হলো।

ক. অপবর্তন কোণ কী? ১

খ. সমবর্তিত আলোকে ঘূর্ণায়মান সমবর্তক দিয়ে পর্যবেক্ষণ করা হলে আলোর তীব্রতার হ্রাসবৃদ্ধি ঘটে কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে 1ম আলোক উৎসের ক্ষেত্রে পরীক্ষণটি 1.42 প্রতিসরাঙ্কের তরলে ডুবিয়ে করা হলে ডোরার প্রস্থ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকে আলোক উৎসের পরিবর্তনের সাথে সাথে পর্দার একটি নির্দিষ্ট অবস্থানে উজ্জ্বল ডোরার ক্রম সংখ্যা বাড়বে না কমবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪

৬ ▶ ফটোতড়িৎ ক্রিয়ায় A, B এবং C তিনটি ধাতব প্লেট ব্যবহার করা হলো যাদের কার্যঅপেক্ষক যথাক্রমে W_A = 3 eV, W_B = 4 eV এবং W_C = 5 eV এবং আলাদাভাবে এদের উপর যথাক্রমে 500 nm, 400 nm এবং 300 nm তরঙ্গদৈর্ঘ্যের সমতীব্রতার আলো ফেলে ফটোতড়িতের মান পরীক্ষা করা হলো। [h = 6.6 × 10⁻³⁴ Js]


ক. কাল দীর্ঘায়ন কী? ১

খ. X-Ray পরীক্ষায় প্রাপ্ত X-Ray এর তীব্রতা পরীক্ষণের কোন বিষয়ের উপর নির্ভর করে? ব্যাখ্যাসহ লিখ। ২

গ. A প্লেটের ক্ষেত্রে নির্গত ইলেকট্রনের সর্বোচ্চ গতিশক্তি নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের তথ্য হতে তিনটি ধাতুর ক্ষেত্রে নিবৃত্তি বিভবের মানের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭ ▶



চিত্রে হাইড্রোজেন পরমাণুর শক্তিস্তর দেখানো আছে এবং ইলেকট্রন স্থানাঙ্কের ক্ষেত্রে A, B এবং C তিনটি ধাপ দেখানো হয়েছে যেন কোনো একটি হতে 6513 Å তরঙ্গদৈর্ঘ্যের ফোটন কণা নির্গত হয়।

[C = 3 × 10⁸ m s⁻¹, h = 6.6 × 10⁻³⁴ Js]


ক. গড় আয়ু কাকে বলে? ১

খ. একটি নিউক্লিয়াসের স্থায়িত্ব নির্ভর করে নিউক্লিয়ন প্রতি বন্ধনশক্তির উপর- ব্যাখ্যা কর। ২

গ. n = 2 শক্তিস্তরে ইলেকট্রনের বেগ নির্ণয় কর। ৩

ঘ. উদ্দীপকের প্রদত্ত তরঙ্গদৈর্ঘ্যের ফোটন কণা নিঃসরণের জন্য A, B এবং C এর মধ্যে কোনটি দায়ী- গাণিতিকভাবে বিশ্লেষণ করে তোমার সিদ্ধান্ত দাও। ৪

৮ ▶



0.5 V এর একটি সিগন্যালকে বিবর্তিত করার জন্য চিত্রে প্রদত্ত ট্রানজিস্টরটি ব্যবহৃত হয়। সিগন্যালটি ইনপুটে যুক্ত করার ফলে পীঠ প্রবাহের পরিবর্তন 10 μA হয়।

ক. দাতা পরমাণু কাকে বলে? ১

খ. "Knee Voltage" এর মান 0.7 V বলতে কী বুঝ? ২

গ. ইনপুট রোধের মান কত? ৩

ঘ. প্রদত্ত ট্রানজিস্টর এর সাহায্যে উদ্দীপকে উল্লিখিত সিগন্যালটি বিবর্তিত করা যাবে কি? গাণিতিকভাবে যাচাই কর। ৪

সেট-০১

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়-১ ঘণ্টা ৪০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ একটি কার্নো ইঞ্জিন 500 K তাপমাত্রায় উৎস থেকে 1250 J তাপ গ্রহণ করে এবং তাপগ্রাহকে 700 J তাপ বর্জন করে। ইঞ্জিনের তাপ উৎস ও তাপগ্রাহক উভয়েরই তাপশক্তির পরিবর্তন সাপেক্ষে ইঞ্জিনের দক্ষতা 20% বৃদ্ধি করা সম্ভব।

- ক. অভ্যন্তরীণ শক্তি কাকে বলে? ১
খ. 'উষ্ণতামিতিক পদার্থ হিসাবে পারদ ব্যবহার সুবিধাজনক - ব্যাখ্যা কর। ২
গ. তাপ গ্রাহকের তাপমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ইঞ্জিনটির দক্ষতা বৃদ্ধি করা সংক্রান্ত তথ্যটি গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


২ ▶



বর্তনীটিতে বায়ু মাধ্যমে ধারকগুলোর প্রতিটির পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.1 mm। তিনটি ধারককেই প্রদেয় তিনটি স্থানের মধ্যেই অবস্থান পরিবর্তন করা যায়।

- ক. কিশফের ১ম সূত্রটি লেখ। ১
খ. সমবিভব তলের সাথে তড়িৎক্ষেত্রের মধ্যবর্তী কোণ 90° কেন? ২
গ. C_1 ধারকের পাতের ক্ষেত্রফল নির্ণয় কর। ৩
ঘ. ধারক তিনটি অবস্থান কীভাবে পরিবর্তন করলে বর্তনীতে সর্বোচ্চ সম্ভবত শক্তি পাওয়া যাবে? গাণিতিকভাবে বর্তনী চিত্র অঙ্কনপূর্বক বিশ্লেষণ কর। ৪

৩ ▶




চিত্র-১

চিত্র-২

- ক. তড়িৎ প্রবাহের জন্য তাপ উৎপাদন সংক্রান্ত জুলের সূত্রটি বিবৃত কর। ১
খ. হারানো ভোল্টের মান 2V বলতে কী বুঝ? ২
গ. চিত্র-১ হতে কিশফের সূত্রের সাহায্যে প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. চিত্র-২ এ M ও N প্রান্তে চিত্র-১ এ ব্যবহৃত তিনটি রোধককেই কীভাবে বর্তনী সংযোগ দেওয়া হলে সর্বোচ্চ তড়িৎ প্রবাহ পাওয়া সম্ভব? বর্তনী চিত্রসহ গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৪ ▶



$$S_1 S_2 = 0.3 \text{ mm}; D = 1 \text{ m}, OL = 8.2 \text{ mm}$$

- ক. হাইগেনের নীতি বিবৃত কর। ১
খ. কাচের সমবর্তন কোণ 57° বলতে কী বুঝায়? ২

- গ. L বিন্দুতে কততম গঠনমূলক ব্যতিচার সৃষ্টি হবে? ৩
ঘ. চিডুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব এক-তৃতীয়াংশে হ্রাস করা হলে, একটি অক্ষকার ডোরার বেধের কোনোরূপ পরিবর্তন হবে কি? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪


৫ ▶ কোনো এক মহাকাশ গবেষণা কেন্দ্র থেকে 500 kg ভরের এবং 11.5 m দৈর্ঘ্যের একটি নভোযান 0.3 C বেগে উৎক্ষেপণ করা হয়েছিল।

- ক. সূচনা কম্পাঙ্ক কাকে বলে? ১
খ. "ফিশনের পর উৎপাদের মোট ভর বিক্রয়কের মোট ভরের তারতম্য হয়, কেন?" ব্যাখ্যা কর। ২
■ নিচের উদ্দীপক থেকে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :

ABNM একটি বর্গক্ষেত্র যার M ও N বিন্দুতে সমমানের বিপরীতধর্মী দুটি চার্জ স্থাপন করা হয়েছে।



২৪. বর্গক্ষেত্রের কেন্দ্রে নিট তড়িৎ ক্ষেত্রের দিক বর্গক্ষেত্রের সাপেক্ষে কোন দিকে হবে?

- ক) উপরের দিকে খ) নিচের দিকে
গ) ডান দিকে ঘ) বাম দিকে

২৫. কোন বিন্দুতে তড়িৎ ক্ষেত্রের মান সবচেয়ে বেশি হবে?

- ক) A খ) B গ) C ঘ) D

সেট-ক

সময়-২০ মিনিট

সিলেট বোর্ড ২০২২

বিষয় কোড : 175

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান-১৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যেকোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]

১. এনট্রপির একক কোনটি?

- ক) $J kg^{-1}$ খ) $J kg^{-1} mol^{-1}$
গ) $J kg^{-1} K^{-1}$ ঘ) $J K^{-1}$

২. বোরের স্বীকার্য অনুসারে অনুমোদিত কক্ষপথে ইলেকট্রনের কৌণিক ভরবেগ কত?

- ক) $L = \frac{nh}{2\pi}$ খ) $L = \frac{2\pi}{nh}$
গ) $L = \frac{2n\pi}{h}$ ঘ) $L = \frac{2h}{\pi}$


৩. ফ্রেনেল শ্রেণির অপবর্তনে আলোকরশ্মি ও তরঙ্গমুখ কীরূপ হয়?

- ক) অভিসারী ও গোলায়ী
খ) অপসারী ও গোলায়ী
গ) সমান্তরাল ও সমতল
ঘ) সমান্তরাল ও বেলনাকৃতি

৪. আর্গন গ্যাসের ক্ষেত্রে $\gamma = \frac{5}{3}$ হলে স্থির আয়তনে মোলার আপেক্ষিক তাপ কত?

- ক) $\frac{7}{2} R$ খ) $\frac{5}{2} R$
গ) $\frac{3}{2} R$ ঘ) R

৫. ফটোতড়িৎ ক্রিয়ায় নিচের XY গ্রাফের ঢাল কোন রাশি নির্দেশ করে?



- ক) নিবৃত্তি বিভব খ) কার্য অপেক্ষক
গ) প্রাক্ষের প্রবক ঘ) সূচন কম্পাঙ্ক

৬. হুইটস্টোন ব্রিজ নীতিতে কাজ করে-

- i. মিটার ব্রিজ ii. পটেনশিওমিটার
iii. পোস্ট অফিস বক্স

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৭. তড়িৎ প্রবাহ ও তড়িৎ বিভব এর মধ্যে সম্পর্ক স্থাপন করেন কোন বিজ্ঞানী?

- ক) ভোল্ট খ) ওহম
গ) অ্যাম্পিয়ার ঘ) নিউটন

৮. তেজস্ক্রিয় ক্ষয় প্রবকের মাত্রা কোনটি?

- ক) $[T]$ খ) $[T^{-1}]$
গ) $[\lambda]$ ঘ) $[\lambda^{-1}]$

৯. $(\sqrt{\epsilon_0 \mu_0})^{-1}$ এর মান কোনটি?

- ক) $6.63 \times 10^{-34} Js$
খ) $8.85 \times 10^{-12} N^{-1} m^{-2} C^2$
গ) $9 \times 10^9 Nm^2 C^{-2}$
ঘ) $3 \times 10^8 m s^{-1}$


■ নিচের তথ্য অনুযায়ী ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও :

20 cm ব্যাসার্ধের একটি ফাঁপা গোলকে $5\mu C$ চার্জ প্রদান করা হলো।

১০. গোলকের অভ্যন্তরে তড়িৎ প্রাবল্য কত?

- ক) অসীম
খ) $5.625 \times 10^6 NC^{-1}$
গ) $1.125 \times 10^6 NC^{-1}$
ঘ) শূন্য

১১. চার্জিত গোলকটির তড়িৎ বিভব (V) ও কেন্দ্র হতে দূরত্ব (r) এর মধ্যে কোনটি সঠিক লেখচিত্র?



১২. নিউক্লিয় বলের বৈশিষ্ট্য-

- i. বেশি পাল্লা
ii. আকর্ষণধর্মী
iii. স্বল্প পাল্লা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৩. রেফ্রিজারেটর তাপগতিবিদ্যার কোন সূত্রের ভিত্তিতে নির্মিত হয়?

- ক) শূন্যতম খ) প্রথম
গ) দ্বিতীয় ঘ) তৃতীয়

১৪. শাট সম্পর্কে সঠিক তথ্য কোনটি?

- ক) যন্ত্রের সাথে সমান্তরালে যুক্ত বড় মানের রোধ
খ) যন্ত্রের সাথে শ্রেণিতে যুক্ত ছোট মানের রোধ
গ) যন্ত্রের সাথে সমান্তরালে যুক্ত ছোট মানের রোধ
ঘ) যন্ত্রের সাথে শ্রেণিতে যুক্ত বড় মানের রোধ

১৫. দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্যের পাল্লা কোনটি?


- ক) 100 nm হতে 300 nm
খ) 400 nm হতে 780 nm
গ) 1000 nm হতে 1200 nm
ঘ) 5000 nm হতে 10000 nm

১৬. রুদ্ধতাপীয় পরিবর্তন-

- i. দ্রুত সংঘটিত হয়
ii. অপরিবাহী পাত্রে সংঘটিত হয়
iii. $pV^{\gamma-1} = \text{ধ্রুবক}$
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৭. ও'হমের সূত্র অনুযায়ী তড়িৎ প্রবাহ বনাম বিভবপার্থক্য লেখের ঢাল কোন রাশি নির্দেশ করে?



- ক) বিভব পার্থক্য
খ) তড়িৎ চালক শক্তি
গ) তড়িৎ পরিবাহিতা
ঘ) আপেক্ষিক রোধ

১৮. বৈদ্যুতিক ফিউজ-এ তারের বৈশিষ্ট্য কোনটি?

- ক) কম রোধ, উচ্চ গলনাঙ্ক
খ) উচ্চ রোধ, উচ্চ গলনাঙ্ক
গ) উচ্চ রোধ, কম গলনাঙ্ক
ঘ) কম রোধ, কম গলনাঙ্ক

১৯. নিচের কোন পদার্থের রোধের উষ্ণতা গুণাঙ্ক


(α) ঋণাত্মক?

- ক) জার্মেনিয়াম খ) ব্রোঞ্জ
গ) পিতল ঘ) অদ্র

২০. $^{40}_{20}Ca$ এবং $^{39}_{19}K$ পরস্পরের কী?

- ক) আইসোটোপ
খ) আইসোটোন
গ) আইসোবার
ঘ) আইসোমার

■ নিচের তথ্য অনুসারে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :



২১. লজিক বতনী নির্দেশ করে কোনটি?

- ক) NAND
খ) NOR
গ) XOR
ঘ) XNOR

২২. আউটপুট $F = 1$ পাওয়া যাবে ইনপুট নিচের কোনটি হলে?

- ক) $A = 0, B = 0$ খ) $A = 0, B = 1$
গ) $A = 1, B = 0$ ঘ) $A = 1, B = 1$

২৩. কোনটি সর্বাপেক্ষা দুর্বল বল?

- ক) মহাকর্ষ
খ) নিউক্লিয় দুর্বল বল
গ) তড়িত চৌম্বকীয় বল
ঘ) নিউক্লিয় সবল বল

২৪. ফোটন কণার ক্ষেত্রে কোন তথ্য প্রযোজ্য-

- i. স্থিতিভর অসীম
ii. চার্জহীন

iii. ভরবেগ $P = \frac{h}{\lambda}$

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

২৫. বাড়ির প্রধান মিটারে 6 A - 220 V লেখা আছে। 60 W এর কতগুলো বাস্ব নিরাপদে ব্যবহার করা যাবে?

- ক) 11 খ) 22
গ) 33 ঘ) 44

সেট-খ

বরিশাল বোর্ড ২০২২

বিষয় কোড : 175

সময়-২০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা


পূর্ণমান-১৫

[বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যেকোনো পনোরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]


১. ফটোইলেকট্রিক ক্রিয়ায় ফটোইলেকট্রনের গতিশক্তি নির্ভর করে আপতিত আলোকের কীসের উপর?

- (ক) তীব্রতা (খ) কম্পাঙ্ক
(গ) ভর (ঘ) বেগ

২. তেজস্ক্রিয় রূপান্তর সূত্র $N = N_0 e^{-\lambda t}$ নিচের কোন লেখচিত্রটি সমর্থন করে?



৩.



চিত্রে z চিহ্নিত প্রান্তটি কী?

- (ক) P টাইপ নিঃসারক (খ) P টাইপ সংগ্রাহক
(গ) n টাইপ নিঃসারক (ঘ) n টাইপ সংগ্রাহক

৪. তড়িৎ বর্তনীতে উৎপন্ন তাপের সমীকরণ হলো-

i. VIt ii. $\frac{V^2}{Rt}$ iii. I^2Rt

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৫. তাপগতিবিদ্যার প্রথম ও দ্বিতীয় সূত্রের সমন্বিত রূপ হলো-

i. $dw = Tds - du$
ii. $du = Tds - pdv$
iii. $dw = Tds - CvdT$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৬. গোলাকার পরিবাহীর ধারকত্ব এর ব্যাসার্ধের-

- (ক) সমানুপাতিক
(খ) বর্গের ব্যস্তানুপাতিক
(গ) ব্যস্তানুপাতিক
(ঘ) বর্গের সমানুপাতিক

৭. ক্ষেত্রল শ্রেণির অপবর্তনে আপতিত তরঙ্গমুখের আকৃতি হবে-

- i. গোলাীয় ii. সমতল
iii. সিলিন্ডার

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮. 1.6×10^6 eV গতিশক্তি সম্পন্ন ইলেকট্রনের ভর কত?

- (ক) 3.75×10^{-31} kg
(খ) 9.1×10^{-31} kg
(গ) 9.75×10^{-31} kg
(ঘ) 37.54×10^{-31} kg


৯. আপেক্ষিক তত্ত্ব অনুসারে নিচের কোনটি পরিবর্তনশীল নয়?

- (ক) ভর (খ) সময়
(গ) আলোর দ্রুতি (ঘ) দৈর্ঘ্য

১০. Ge এর ক্ষেত্রে যোজন ব্যান্ড ও পরিবহন ব্যান্ডের মধ্যে শক্তির ব্যবধান কত?

- (ক) 0.7 eV (খ) 1.1 eV
(গ) 6 eV (ঘ) 7 eV

■ নিচের উদ্দীপকের আলোকে ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও :




১১. চিত্রে P বিন্দুতে গঠনমূলক ব্যতিচার হলে S_1 ও S_2 উৎস থেকে নিঃসৃত তরঙ্গদ্বয়ের দশা পার্থক্য হবে-

- (ক) $\frac{\pi}{4}$ (খ) $\frac{\pi}{2}$
(গ) 2π (ঘ) $\frac{3\pi}{2}$

১২. চিত্রে Q বিন্দুতে প্রথম অন্ধকার ডেরা সৃষ্টি হলে এর পথ পার্থক্য হবে-

- (ক) 0 (খ) $\frac{\lambda}{4}$
(গ) $\frac{\lambda}{2}$ (ঘ) $\frac{3\lambda}{4}$

১৩.



চিত্রের ফটোইলেকট্রন ক্রিয়ায় $\frac{BC}{BD}$ কে প্রকাশ করা হয়-

- (ক) নিবৃত্তি বিভব (খ) কার্যোপেক্ষক
(গ) তরঙ্গদৈর্ঘ্য (ঘ) প্ল্যাঙ্কের ধ্রুবক


১৪. তাপগতীয় প্রক্রিয়ার ক্ষেত্রে প্রযোজ্য-

- i. সমোষ্ণ প্রক্রিয়ায়, $du = 0$
ii. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায়, $dw = -du$
iii. সমআয়তন প্রক্রিয়ায়, $dq = du$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫.



উপরের চিত্রে A ও B বিন্দুর মধ্যে তুল্য ধারকত্ব কত?

- (ক) 0.015 μF (খ) 0.03 μF
(গ) 0.05 μF (ঘ) 0.06 μF


১৬. তেজস্ক্রিয় বস্তুখণ্ডে গড় জীবন হলো-

- (ক) $\frac{\lambda}{\ln 2}$ (খ) $\frac{1}{\lambda}$
(গ) $\frac{0.693}{T \frac{1}{2}}$ (ঘ) $\frac{0.693}{\lambda}$

১৭. হাইড্রোজেন পরমাণুর চতুর্থ বোর কক্ষে ইলেকট্রনের কৌণিক ভরবেগ হলো-

- (ক) $\frac{h}{\pi}$ (খ) $\frac{2h}{\pi}$ (গ) $\frac{h}{\lambda}$ (ঘ) $\frac{2h}{\lambda}$

১৮.



চিত্রে M ও N বিন্দুর মধ্যে তুল্য রোধের মান-

- (ক) 4 Ω (খ) 8.75 Ω
(গ) 10 Ω (ঘ) 13.33 Ω

১৯. প্রবাহ ঘনত্বের একক কোনটি?

- (ক) $A m^{-2}$ (খ) A m
(গ) $m A^{-1}$ (ঘ) $A^{-1} m^2$

২০. একটি কার্নো ইঞ্জিন হিমাঙ্ক ও স্কুটনাঙ্কের মধ্যে কার্যরত আছে। এর দক্ষতা কত?

- (ক) 98% (খ) 62.18%
(গ) 46.28% (ঘ) 26.81%

২১. 400 W - 200 V চিহ্নিত বাম্বের রোধ কত?

- (ক) 200 Ω (খ) 100 Ω
(গ) 2 Ω (ঘ) 0.5 Ω


২২. প্রত্যগামী প্রক্রিয়ায় এন্ট্রপি-

- (ক) স্থির থাকে (খ) বৃদ্ধি পায়
(গ) হ্রাস পায় (ঘ) শূন্য হয়

২৩. একটি সুষম তড়িৎক্ষেত্রে 50 cm ব্যবধানে অবস্থিত দুটি বিন্দুর বিভব পার্থক্য 200 V। প্রাবল্য কত?

- (ক) $50 Vm^{-1}$ (খ) $100 Vm^{-1}$
(গ) $400 Vm^{-1}$ (ঘ) $1600 Vm^{-1}$

২৪.



চিত্রে বর্গক্ষেত্রের ৪র্থ কৌণিক বিন্দুতে কত চার্জ স্থাপন করলে কেন্দ্রে বিভব শূন্য হবে?

- (ক) -3C (খ) 3C
(গ) 5C (ঘ) 7C

২৫. ইয়ংয়ের দ্বি-চিড় পরীক্ষায় ধ্বংসাত্মক ব্যতিচার সৃষ্টির জন্য দশা পার্থক্য হলো-

- (ক) $2\pi n$ (খ) $2n \left(\frac{\lambda}{2}\right)$
(গ) $(2n + 1)\pi$ (ঘ) $\left(n + \frac{1}{2}\right)\lambda$

সেট-ঘ

দিনাজপুর বোর্ড ২০২২

বিষয় কোড : 175


সময়-২০ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান-১৫

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যেকোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।]


১. ৫ সে. মি. ব্যাসার্ধের চার্জিত ফাঁপা গোলকের পৃষ্ঠে বিভব ১০ V হলে কেন্দ্রে বিভব হবে-
 (ক) ০ V (খ) ২ V
 (গ) ৫ V (ঘ) ১০ V
২. কোনো তেজস্ক্রিয় পদার্থের প্রারম্ভিক পরমাণু সংখ্যা N_0 অর্থাৎ ৩ দিন হলে ১৫ দিন পর অক্ষত পরমাণু সংখ্যা-
 (ক) $\frac{N_0}{32}$ (খ) $\frac{N_0}{16}$
 (গ) $\frac{N_0}{10}$ (ঘ) $\frac{N_0}{8}$
৩. কমন ইমিটার বর্তনীতে V_{CE} স্থির থাকলে I_B বনাম I_C লেখচিত্র নিম্নরূপ :



লেখচিত্রটির ঢাল প্রকাশ করে-

- (ক) প্রবাহ লাভ (খ) প্রবাহ বিবর্ধক গুণক
 (গ) বিভব লাভ (ঘ) ক্ষমতা লাভ

৪.



উপরের বর্তনী দ্বারা নিচের কোন লজিক গেট বাস্তবায়ন করা যায়?

- (ক) OR (খ) NOT
 (গ) AND (ঘ) NAND

৫.

প্রত্যাবর্তী প্রক্রিয়ার ক্ষেত্রে-

- (ক) এটি স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া
 (খ) এটি ধীর প্রক্রিয়া
 (গ) তাপগতীয় সাম্যাবস্থা বজায় থাকে না
 (ঘ) শক্তির অপচয় হয়

৬.

তড়িৎ প্রবেশ্যতার S.I একক হলো-

- (ক) $Nm^{-2}C^{-2}$ (খ) $N^{-1}m^{-2}C^{-2}$
 (গ) $Nm^{-2}C^2$ (ঘ) $N^{-1}m^{-2}C^2$

৭.

কোনো তড়িৎ দ্বিমেরুর অক্ষের উপর মধ্যবিন্দু হতে r দূরত্বে কোনো বিন্দুতে তড়িৎ বিভব হলো- (যেখানে $p = 2lq$)

- (ক) $V = \frac{1}{4\pi\epsilon_0} \frac{p}{(r-l)}$ (খ) $V = \frac{1}{4\pi\epsilon_0} \frac{p}{(r+l)}$
 (গ) $V = \frac{1}{4\pi\epsilon_0} \frac{p}{(r^2-l^2)}$ (ঘ) $V = \frac{1}{4\pi\epsilon_0} \frac{p}{(r^3-l^3)}$

৮.

তরঙ্গমুখের উপরস্থ কণাসমূহের দশা পার্থক্য হলো-

- (ক) ০ রেডিয়ান (খ) $\frac{\pi}{4}$ রেডিয়ান
 (গ) $\frac{\pi}{2}$ রেডিয়ান (ঘ) π রেডিয়ান

উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :

কোনো তাপ ইঞ্জিনের তাপগ্রাহকের তাপমাত্রা ১৬০ K এবং দক্ষতা ৪০%।

৯. তাপ উৎসের তাপমাত্রা হলো-
 (ক) ৪০০ K (খ) ৬০০ K
 (গ) ৭২০ K (ঘ) ৯০০ K
১০. ইঞ্জিনের দক্ষতা দ্বিগুণ করতে হলে উৎসের তাপমাত্রা বৃদ্ধি করতে হবে-
 (ক) ৪৫০ K (খ) ৬০০ K
 (গ) ৯০০ K (ঘ) ১২০০ K
১১. জার্মেনিয়াম কেলাসের শক্তিস্তর কত?
 (ক) ০.৩ eV (খ) ০.৭ eV
 (গ) ১.০ eV (ঘ) ১.১ eV
১২. কোন পদার্থের তাপমাত্রা বাড়াতে রোধ কমে?
 (ক) নাইক্রোম (খ) কপার
 (গ) অ্যালুমিনিয়াম (ঘ) জার্মেনিয়াম
১৩. কার্ণো চক্রের দ্বিতীয় ধাপে
 i. চাপ হ্রাস পায় ii. তাপমাত্রা হ্রাস পায়
 iii. আয়তন হ্রাস পায়
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও :

n সংখ্যক C ধারকত্বের ধারককে V ভোল্ট উৎসের সাথে যথাক্রমে শ্রেণি ও সমান্তরালে যুক্ত করা হলো।

১৪. শ্রেণি ও সমান্তরালে তুল্য ধারকত্ব যথাক্রমে C_s ও C_p হলে নিচের কোনটি সঠিক?

- (ক) $C_p = n^2 C_s$ (খ) $C_p = n C_s$
 (গ) $C_p = \frac{C_s}{n}$ (ঘ) $C_p = \frac{C_s}{n^2}$

১৫. উদ্দীপকে শ্রেণি ও সমান্তরাল তুল্যধারকের সংশ্লিষ্ট শক্তি যথাক্রমে U_s ও U_p হলে নিচের কোনটি সঠিক?

- (ক) $U_p = \frac{U_s}{n}$ (খ) $U_p = U_s$
 (গ) $U_p = n U_s$ (ঘ) $U_p = n^2 U_s$


১৬. 1 কুরি = ?

- (ক) 3.7×10^3 Bq (খ) 3.7×10^4 Bq
 (গ) 3.7×10^7 Bq (ঘ) 3.7×10^{10} Bq

১৭. কোনো সুসংগত উৎস হতে নির্গত তরঙ্গদ্বয়ের সমদশায় মিলিত হবে যদি তরঙ্গদ্বয়ের পথ পার্থক্য-

- (ক) $\frac{\lambda}{2}$ এর যুগ্ম গুণিতক হয়
 (খ) $\frac{\lambda}{2}$ এর অযুগ্ম গুণিতক হয়
 (গ) $\frac{\lambda}{4}$ এর যুগ্ম গুণিতক হয়
 (ঘ) $\frac{\lambda}{4}$ এর অযুগ্ম গুণিতক হয়

১৮. কোনো নির্দিষ্ট পরিবাহীর দু'প্রান্তের বিভব পার্থক্য V ভোল্ট এবং পরিবাহীতে উদ্ভূত তাপ H জুল। (R ও t ধ্রুবক) নিচের কোন লেখচিত্র সঠিক?



১৯. পানির প্রতিসরাঙ্ক 1.33। পানিতে সমবর্তন কোণে আলোকরশ্মি আপতিত করলে প্রতিসরণ কোণ হবে-

- (ক) ৯০° (খ) ৫৩°
 (গ) ৩৭° (ঘ) ২৬°

২০. ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় চির হতে পর্দার দূরত্ব হ্রাস করা হলে-


- i. ঝালরের প্রস্থ হ্রাস পায়
 ii. ডোরা ব্যবধান হ্রাস পায়
 iii. ঝালরের কৌণিক বেধ হ্রাস পায়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি লক্ষ কর এবং ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :

নিচের লেখচিত্র ফটোতড়িৎ ক্রিয়ায় কম্পাঙ্ক ও গতিশক্তির সম্পর্ক প্রকাশ করে।



২১. উদ্দীপকে কার্যপেক্ষক এর মান কত?

- (ক) 1.2×10^{-19} J (খ) 1.9×10^{-19} J
 (গ) 3.3×10^{-19} J (ঘ) 3.9×10^{-19} J

২২. উদ্দীপকে আপতিত আলোর কম্পাঙ্ক হলো-

- (ক) 2.43×10^{15} Hz
 (খ) 2.22×10^{15} Hz
 (গ) 2.11×10^{15} Hz
 (ঘ) 1.43×10^{15} Hz

২৩. ${}^7_3\text{Li} + X \rightarrow {}^4_2\text{He} + {}^4_2\text{He}$ এখানে X হলো-

- (ক) আলফা কণা
 (খ) নিউট্রন
 (গ) প্রোটন
 (ঘ) ডিউটেরন

২৪. আপেক্ষিকতার তত্ত্ব অনুসারে-

- i. $t = \frac{t_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$
 ii. $L = \frac{L_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$
 iii. $m = \frac{m_0}{\sqrt{1 - \frac{v^2}{c^2}}}$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. প্রথম ও দ্বিতীয় বোর কক্ষপথে ইলেকট্রনের শক্তির অনুপাত-

- (ক) ১ : ২ (খ) ১ : ৪
 (গ) ২ : ১ (ঘ) ৪ : ১

সেট-ক

সময়-২০ মিনিট

ময়মনসিংহ বোর্ড ২০২২

বিষয় কোড : 1 7 5

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা


পূর্ণমান-১৫

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যেকোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেওয়া যাবে না।

১. রুদ্ধতাপীয় প্রত্যগামী প্রক্রিয়ায় কোনো সিস্টেমের যে তাপগতীয় ধর্ম ধ্রুব থাকে তাকে বলে-

- (ক) গতিশক্তি (খ) অন্তঃস্থ শক্তি
(গ) তাপমাত্রা (ঘ) এনট্রপি


২. তড়িৎ প্রাবল্য ও দূরত্বের মধ্যকার সম্পর্কসূচক লেখচিত্র কোনটি?



৩. একটি ধারকের দুই পাতের মধ্যে বিভব পার্থক্য 150 V। ধারকে সঞ্চিত শক্তি 14.9×10^{-7} J। ধারকের ধারকত্ব কত?

- (ক) 1.3×10^{-5} F (খ) 6.5×10^{-9} F
(গ) 1.3×10^{-10} F (ঘ) 6.5×10^{-10} F

■ নিচের উদ্দীপক হতে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও :



৪. বিক্রিয়াটি কোন ধরনের?

- (ক) ফিউশন
(খ) ফিশন
(গ) নিউক্লীয় তাপ বিক্রিয়া
(ঘ) সংযোজন বিক্রিয়া

৫. বিক্রিয়াটিতে কী পরিমাণ শক্তি উৎপন্ন হবে?

- (ক) 132 MeV (খ) 182 MeV
(গ) 192 MeV (ঘ) 200 MeV

৬. 1 a.m.u =

- i. 931 MeV
ii. 931×10^6 eV
iii. 1.66057×10^{-27} kg

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. তাপের যান্ত্রিক সমতার একক কোনটি?

- (ক) জুল-ক্যালরি (খ) জুল/ক্যালরি
(গ) ক্যালরি/গ্রাম (ঘ) ক্যালরি/জুল

৮. পৃথিবীর ব্যাসার্ধ 6500 km। এর ধারকত্ব কত?

- (ক) 711 F (খ) 722 μ F
(গ) 640 μ F (ঘ) 614 μ F

৯. একটি চার্জিত বস্তুকে পৃথিবীর সাথে যুক্ত করলে বস্তুটিতে আধানের পরিমাণ-

- (ক) বৃদ্ধি পাবে (খ) শূন্য হবে
(গ) হ্রাস পাবে (ঘ) অপরিবর্তিত হবে

১০. $G =$ গ্যালভানোমিটারের রোধ এবং $S =$ সার্কটের রোধ হলে, সার্কট ধ্রুবক হবে-

- (ক) $\frac{S+G}{S}$ (খ) $\frac{S}{S+G}$
(গ) $\frac{S+G}{G}$ (ঘ) $\frac{G}{S+G}$

■ নিচের উদ্দীপক হতে ১১ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :

এক গুচ্ছ এক্স রশ্মির প্রতিটি ফোটনের কম্পাঙ্ক 3×10^{17} Hz.

১১. ফোটনটির শক্তি কত?

- (ক) 1.989×10^{-16} J
(খ) 2.89×10^{-16} J
(গ) 19.89×10^{-16} J
(ঘ) 91.98×10^{-16} J

১২. উদ্দীপকে উল্লিখিত ফোটনের-

- i. বেগ 3×10^8 m s⁻¹
ii. তরঙ্গদৈর্ঘ্য 10 Å
iii. ভরবেগ 6.63×10^{-25} kg m s⁻¹

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩. 1.8Ω রোধের একটি অ্যামিটার 1 A তড়িৎ প্রবাহ গ্রহণ করতে পারে। 10 A তড়িৎ প্রবাহ মাত্রার জন্য কত রোধের সার্কট ব্যবহার করতে হবে?

- (ক) 0.2 Ω (খ) 1.2 Ω
(গ) 2.2 Ω (ঘ) 4.2 Ω

১৪. একটি কার্নো ইঞ্জিনের পানির হিমাঙ্ক ও স্ফুটনাঙ্ক-এর মধ্যে কার্যকর দক্ষতা কত?

- (ক) 100% (খ) 26.8%
(গ) 20.6% (ঘ) 0%

১৫. বিশেষ আপেক্ষিক তত্ত্বানুসারে-

- i. আলোর বেগে গতিশীল কার্ণামোতে সময় অসীম।
ii. আলোর বেগে চলমান বস্তুর দৈর্ঘ্য শূন্য।
iii. আলোর বেগে চলমান বস্তুর ভর শূন্য হয়।

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. নিচের কোনটি চার্জ নিরপেক্ষ রশ্মি?

- (ক) ক্যাথোড রশ্মি
(খ) আলফা রশ্মি
(গ) গামা রশ্মি
(ঘ) বিটা রশ্মি

১৭. বুলিয়ান বীজগণিত অনুযায়ী (A+B) এর মান কত?

- (ক) A.B (খ) A+B
(গ) A+B (ঘ) A.B

১৮. একটি নিউক্লিয়াসের ভরক্রটি 0.0377 a.m.u. হলে এর বন্ধন শক্তি কত?

- (ক) 3.51 MeV (খ) 35.2 MeV
(গ) 37.7 MeV (ঘ) 931 MeV

১৯. 1 kg ইউরেনিয়াম (^{235}U) হতে শক্তির পরিমাণ কত kWh?

- (ক) 5.25×10^2 (খ) 2.29×10^7
(গ) 3.92×10^7 (ঘ) 9.32×10^7

২০. তিনটি সিস্টেম তাপীয় সাম্যাবস্থায় থাকলে তাদের নিচের কোন রাশিটি একই হবে?

- (ক) বিভবশক্তি (খ) অন্তঃস্থ শক্তি
(গ) ভর (ঘ) তাপমাত্রা

২১. তড়িৎ ক্ষেত্রের কোনো বিন্দুর বিভব হচ্ছে-

- (ক) অসীম দূর থেকে একক ঋণাত্মক চার্জ আনতে কৃতকাজ
(খ) ঐ বিন্দুতে একক ধনাত্মক চার্জের উপর ক্রিয়াশীল বল
(গ) অসীম দূর থেকে একক ধনাত্মক চার্জ আনতে কৃতকাজ
(ঘ) ঐ বিন্দুতে একক ঋণাত্মক চার্জের ওপর ক্রিয়াশীল বল

২২. ভোল্ট এর তুল্য একক কোনটি?

- (ক) J.C⁻¹ (খ) J.C
(গ) N.C⁻¹ (ঘ) N.m⁻¹

■ নিচের উদ্দীপকটি পড় এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :

একটি প্রত্যাবর্তী কার্নো ইঞ্জিন যখন 27°C তাপমাত্রায় তাপগ্রাহকে থাকে তখন এর কর্ম-দক্ষতা হয় 50%।

২৩. ইঞ্জিনটির উৎসের তাপমাত্রা কত?

- (ক) 500 K (খ) 550 K
(গ) 600 K (ঘ) 650 K

২৪. ইঞ্জিনটির দক্ষতা 60% করতে হলে-

- i. উৎসের তাপমাত্রা 750 K করতে হবে
ii. তাপগ্রাহকের তাপমাত্রা 150 K কমাতে হবে
iii. উৎসের তাপমাত্রা 150 K বাড়তে হবে

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. $^{40}_{20}\text{Ca}$ এবং $^{39}_{19}\text{K}$ হচ্ছে-

- (ক) আইসোবার (খ) আইসোটোপ
(গ) আইসোমার (ঘ) আইসোটোন

শীর্ষস্থানীয় কলেজসমূহের
নির্বাচনি পরীক্ষার প্রশ্নপত্র

SURE SUCCESS

মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল

বিষয় কোড : 1 7 5

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ দুটি তাপ ইঞ্জিন 400 K এবং 800 K তাপমাত্রার ব্যবধানে কার্যকর। ইঞ্জিন দুটিতে ব্যবহৃত জ্বালানির আপেক্ষিক তাপ যথাক্রমে $2000 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$ এবং $1500 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$ । ইঞ্জিন দুটিতে 10 gm ভরের ভিন্ন কার্যকর পদার্থ ব্যবহার করা হয়েছে।
- ক. প্রত্যাবর্তী প্রক্রিয়ার সংজ্ঞা দাও। ১
- খ. $C_p > C_v$ কেন?— ব্যাখ্যা কর। ২
- গ. প্রথম ইঞ্জিনের দক্ষতা 15% বাড়তে হলে উৎসের তাপমাত্রা কত বাড়তে হবে? ৩
- ঘ. কোন ইঞ্জিনটির এনট্রপির পরিবর্তন কম হবে?— গাণিতিক ভাবে বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ আদর্শ তাপমাত্রা ও চাপে একটি সিলিন্ডারে এক মোল হিলিয়াম গ্যাস রাখা আছে। পরবর্তীতে উক্ত হিলিয়ামের আয়তন প্রথমে সমোষ্ণ প্রক্রিয়ায় এবং পরে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় 1.5 গুণ করা হলো।
- ক. পানির ত্রৈধবিন্দু কি? ১
- খ. “সমোষ্ণ প্রক্রিয়ায় অভ্যন্তরীণ শক্তির পরিবর্তন শূন্য।”— ব্যাখ্যা কর। ২
- গ. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় গ্যাসটির চূড়ান্ত চাপ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপক অনুযায়ী কোন প্রক্রিয়ায় বেশি কাজ সম্পন্ন হয়েছে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে বুঝিয়ে দাও। ৪
- ৩ ▶
-
- বর্গক্ষেত্রের কেন্দ্রে $1 \mu\text{C}$ চার্জ চার্জিত 12 kg ভরের একটি ধাতব গোলক রাখা হলো। প্রতি বাছুর দৈর্ঘ্য 2 m.
- ক. ইলেকট্রনের তাড়নবেগ কাকে বলে? ১
- খ. ভোল্টমিটার সমান্তরালে সংযুক্ত করা হয় কেন?— ব্যাখ্যা কর। ২
- গ. বর্গক্ষেত্রের কেন্দ্রে মোট বিভব নির্ণয় কর। ৩
- ঘ. ধাতব গোলকটিকে সাম্যাবস্থায় রাখতে কী পরিমাণ বল যুক্ত করতে হবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৪ ▶
- এখানে,

$R_1 = 8 \Omega$

$R_2 = 16 \Omega$

$R_a = 24 \Omega$

$R_b = 32 \Omega$

$E = 12 \text{ V}$

এবং $r = 0.5 \Omega$
- ক. তড়িৎ দ্বিমেরু কাকে বলে? ১
- খ. একটি বাল্বে 100 W–220 V লেখার অর্থ ব্যাখ্যা কর। ২
- গ. বর্তনীর তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
- ঘ. ব্রীজে প্রদত্ত কোনো রোধের সাথে 16Ω রোধ যুক্ত করে সাম্যাবস্থা পাওয়া সম্ভব কি?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ বায়ুতে ইয়ং-এর একটি দ্বি-চির পরীক্ষায় ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 5200 \AA , পর্দার দূরত্ব 90 cm এবং চিরের ব্যবধান 0.4 mm। এরপর পরীক্ষণটি গ্লিসারিন ও কেরোসিন মাধ্যমে সম্পন্ন করা হয়। গ্লিসারিন ও কেরোসিনের প্রতিসরণাঙ্ক যথাক্রমে 1.47 এবং 1.44।
- ক. তড়িতচৌম্বক তরঙ্গ কাকে বলে? ১
- খ. গৌণ তরঙ্গ কিভাবে সৃষ্টি হয়?— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের পরীক্ষণটি হতে 7-তম অন্ধকার ডোরার দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. অন্য মাধ্যম দুটিতে ডোরার প্রস্থ সমান পাওয়া যাবে কি? গাণিতিক মতামত দাও। ৪
- ৬ ▶ v বেগে চলমান একটি মহাকাশযানে একটি বস্তুর ভর 100 kg । চলমান অবস্থায় মহাকাশযানের দৈর্ঘ্য তার নিশ্চল দৈর্ঘ্যের 50% হয়ে যায়।
- ক. কার্যাপেক্ষক কি? ১
- খ. আপেক্ষিকতার বিশেষ তত্ত্বের স্বীকার্য ব্যাখ্যা কর। ২
- গ. মহাকাশযানের বেগ নির্ণয় কর। ৩
- ঘ. মহাকাশযানটি যখন স্থির থাকে তখন বস্তুর ভর কত হবে? ৪
- ৭ ▶ একটি মৌলের অর্ধায়ু 3.82 দিন।
- ক. তেজস্ক্রিয় ক্ষয় সূত্রটি লিখ। ১
- খ. আলোর একটি নির্দিষ্ট কম্পাঙ্ক পাওয়ার পর আলোক তড়িৎ ক্রিয়া সম্পন্ন হয়।— ব্যাখ্যা কর। ২
- গ. মৌলটির 25% ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
- ঘ. 75% ক্ষয় করার জন্য 25% ক্ষয় করার সময়ের 3 গুণ সময় লাগবে কি-না?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ একটি n-p-n ট্রানজিস্টরের সাধারণ বেস সংযোগ বর্তনীতে এমিটার কারেন্ট 0.5 mA , বেস কারেন্ট $25 \mu\text{A}$ এবং লোড রোধ 3000Ω .
- ক. ডোপিং কি? ১
- খ. NAND গেইট একটি সার্বজনীন গেইট।— ব্যাখ্যা কর। ২
- গ. প্রবাহ বিবর্তন গুণক নির্ণয় কর। ৩
- ঘ. এমিটারের মধ্য দিয়ে কি পরিমাণ তড়িৎ প্রবাহ পাঠালে বহির্গামীতে 5 watt ক্ষমতা পাওয়া যাবে?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

বিনাইদহ ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 5


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



চিত্র-১



চিত্র-২

- ক. বিভব বিভাজক কাকে বলে? ১
 খ. তড়িৎ বর্তনীতে শান্ট খুব গুরুত্বপূর্ণ কেন? ২
 গ. চিত্র-১ এর 'A' বিন্দুতে বিভব নির্ণয় কর। ৩
 ঘ. চিত্র-২ এর কোন ধারকটিতে সঞ্চিত শক্তি অধিক হবে?—
 গাণিতিক যুক্তির মাধ্যমে দেখাও। ৪

- ২ ▶ দ্বি-পারমাণবিক গ্যাস সংবলিত একটি কার্নো ইঞ্জিন 510 K তাপমাত্রা উৎস হতে তাপ গ্রহণ করে। প্রতি প্রসারণে এর আয়তন তিন গুণ হয়। যদি ইঞ্জিনের দক্ষতা 50% করতে হয়, তবে উৎসের তাপমাত্রা বৃদ্ধি করতে হবে অথবা গ্রাহকের তাপমাত্রা কমাতে হবে।

- ক. শূন্যতম সূত্র কি? ১
 খ. সমোষ্ণ প্রক্রিয়ায় $dW = dQ$ কেন?— ব্যাখ্যা কর। ২
 গ. ইঞ্জিনটির প্রাথমিক দক্ষতা নির্ণয় কর। ৩
 ঘ. যদি ইঞ্জিনের দক্ষতা 50% করতে হয়, তবে কোন প্রক্রিয়াটি অধিক পরিবেশ বান্ধব হবে?— গাণিতিকভাবে যুক্তি দাও। ৪


- ৩ ▶ বিনাইদহ ক্যাডেট কলেজের খেলার মাঠের দৈর্ঘ্য 500 m এবং প্রস্থ 200 m। একজন নভোচারী 0.9 c বেগে 1000 kg ভরের একটি মহাকাশযান নিয়ে মাঠের দৈর্ঘ্য বরাবর অতিক্রম করল।

- ক. সূচন কম্পাঙ্ক কাকে বলে? ১
 খ. কোনো বস্তুর বেগ ফোটনের বেগের সমান হতে পারে না কেন?— ব্যাখ্যা কর। ২
 গ. মহাকাশযানের আপেক্ষিক ভর কত? ৩
 ঘ. নভোচারীর নির্ণীত ক্ষেত্রফল মাঠে দাঁড়িয়ে থাকা কোনো ব্যক্তির পরিমাপকৃত ক্ষেত্রফলের সমান হবে কি?—
 গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

- ৪ ▶ কোনো ট্রানজিস্টরের বেস কারেন্ট 105 μ A এবং কালেক্টর কারেন্ট 2.05 mA। বেস কারেন্টের 2.7 μ A পরিবর্তনের ফলে কালেক্টর কারেন্টের প্রবাহ পরিবর্তন হলো 0.65 mA।

- ক. 1 রাদারফোর্ড কাকে বলে? ১
 খ. n-type অর্ধপরিবাহী ঋণাত্মক চার্জ চার্জিত কি-না?—
 ব্যাখ্যা কর। ২
 গ. I_E এবং α এর মান বের কর। ৩
 ঘ. বেস ও কালেক্টর কারেন্টের পরিবর্তনের ফলে β এর মান পূর্বের তুলনায় বৃদ্ধি পাবে কি-না? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪


৫ ▶




চিত্রে A ও B দুটি ধাতব পাত। পাত দুটির কার্য অপেক্ষক W_A এবং W_B যথাক্রমে 2.1 eV এবং 2.0 eV। আলোক উৎস থেকে যথাক্রমে 6800 Å এবং 5500 Å তরঙ্গদৈর্ঘ্যের আলোকরশ্মি আপতিত হয়।

- ক. দৈর্ঘ্য সংকোচন কাকে বলে? ১
 খ. আপেক্ষিকতার তত্ত্বমতে কোনো বস্তুর বেগ আলোর বেগের বেশি হতে পারে না— ব্যাখ্যা কর। ২
 গ. B ধাতব পাতের সূচন কম্পাঙ্ক কত? ৩
 ঘ. উদ্দীপকে A ও B উভয় পাতে ফটোতড়িৎ ক্রিয়া সংঘটিত হবে কি-না— গাণিতিকভাবে মতামত দাও। ৪

৬ ▶



চিত্র-১



চিত্র-২

- ক. শান্ট কি? ১
 খ. খাঁটি সিলিকন কি অর্ধপরিবাহী?— ব্যাখ্যা কর। ২
 গ. চিত্র-১ এর বর্তনীর মোট তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
 ঘ. উভয় চিত্রের বর্তনীর তুল্য রোধের তুলনা কর। ৪
 ৭ ▶ কোনো তেজস্ক্রিয় মৌলের বিভিন্ন সময়ে অক্ষত পরমাণু সংখ্যা নিচের ছকে দেওয়া হলো :

সময় t (d)	0	8	t'	24
অক্ষত পরমাণু সংখ্যা, N	N_0	$\frac{N_0}{2}$	$\frac{N_0}{3}$	$\frac{N_0}{8}$

- ক. ভরকণাটি কি? ১
 খ. পরমাণুর ইলেকট্রনের মোট শক্তি সর্বদা ঋণাত্মক।—
 ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের তেজস্ক্রিয় বস্তুটির অবক্ষয় ধ্রুবক নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের t' এর মান তেজস্ক্রিয় বস্তুটির গড় আয়ু অপেক্ষা বেশি হবে কি-না— গাণিতিক বিশ্লেষণের সাহায্যে উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

- ৮ ▶ রহিম প্রতি সেন্টিমিটারে 6000 দাগবিশিষ্ট অপবর্তন গ্রিটিং এর 5890 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেলল। অপরদিকে করিম প্রতি সেন্টিমিটারে 1.25×10^5 সংখ্যক দাগবিশিষ্ট অপবর্তন গ্রিটিং-এ 2200 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেলল।

- ক. আলোর সমবর্তন কাকে বলে? ১
 খ. 1 amu এর শক্তিকে MeV এককে প্রকাশ কর। ২
 গ. রহিমের পরীক্ষণে প্রথম চরমের জন্য অপবর্তন কোণ নির্ণয় কর। ৩
 ঘ. করিমের পরীক্ষণে তরঙ্গদৈর্ঘ্যের কিরূপ পরিবর্তন আনলে দ্বিতীয় চরমের জন্য রহিম ও করিম উভয়ের ক্ষেত্রে অপবর্তন কোণ একই পাওয়া যাবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

রংপুর ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 5


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



- ক. অপ্রত্যাবর্তী প্রক্রিয়া কি? ১
খ. এনট্রপির পরিবর্তন সর্বদা ধনাত্মক- ব্যাখ্যা কর। ২
গ. চিত্রের C বিন্দুতে চাপ নির্ণয় কর। ৩
ঘ. প্রদত্ত চিত্রের প্রতিটি ধাপের এনট্রপির পরিবর্তন নির্ণয় পূর্বক ইঞ্জিনটি প্রত্যাবর্তী কিনা- তা বলা সম্ভব। গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪

২ ▶




বর্তনী-১

বর্তনী-২

- ক. তাপের যান্ত্রিক তুল্যাক কি? ১
খ. নিউক্লিয় ফিশন এবং ফিউশনের মধ্যে কোনটি বেশি ক্ষতিকর।- ব্যাখ্যা কর। ২
গ. বর্তনী-১ এর ক্ষেত্রে কার্শফের সূত্রের সাহায্যে I_3 -এর মান নির্ণয় কর? ৩
ঘ. বর্তনী ১ ও ২ এর মধ্যে কোনটি একক সময়ে বেশি শক্তি হারাবে? বিশ্লেষণ কর। ৪

৩ ▶




বৃত্তের ব্যাসার্ধ 15 cm

- ক. পানি ত্রৈধ বিন্দু কি? ১
খ. বর্তনীতে কোনো কোষের তড়িচ্চালক বল সম্পূর্ণ কার্যকর হয় না কেন?- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের P বিন্দুতে তড়িৎ প্রাবল্যের মান নির্ণয় কর। ৩
ঘ. C ও D বিন্দুর সাথে একটি পরিবাহী তার যুক্ত করলে, পরিবাহীর মুক্ত ইলেকট্রনগুলো কোন দিকে গতিশীল হবে? গাণিতিকভাবে মতামত দাও। ৪
- ৪ ▶ 0.6 c গতিতে চলমান একটি রকেটে 0.5 kg ভরের এক মিটার লম্বা একটি লোহার দণ্ড রাখা আছে। স্থির অবস্থায় লোহার ঘনত্ব 8960 kg m^{-3} , c আলোর দ্রুতি।

- ক. গ্রেটিং ধ্রুবক কি? ১
খ. β নির্গমনে প্রোটন সংখ্যা বেড়ে যায়।- ব্যাখ্যা কর। ২
গ. লোহার দণ্ডের মোট শক্তি নির্ণয় কর। ৩
ঘ. প্রস্থ ও বেধ আপেক্ষিকতার বিবেচনায় না এনে রকেটে লোহার ঘনত্বের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিক ব্যাখ্যাসহ দেখাও। ৪

- ৫ ▶ দুটি তেজস্ক্রিয় পদার্থ লক্ষ করে দেখা যায় পদার্থ দুটি নিম্নের লেখচিত্র অনুযায়ী তেজস্ক্রিয় বিকিরণ করে :



- ক. পয়েন্টিং ভেক্টর কি? ১
খ. ধাতুর পরমাণুর বাইরে শক্তিস্তরের ইলেকট্রনগুলো কিভাবে শক্তি ব্যান্ড গঠন করে। ব্যাখ্যা কর। ২
গ. B মৌলটির বন্ধন শক্তি eV এ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে A ও B মৌলের গড় আয়ু কি এক হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মতামত দাও। ৪
- ৬ ▶ রাফি এবং রিয়াদ দুটি অপবর্তন গ্রেটিং নিয়ে পরীক্ষা করছিল। রাফির গ্রেটিং এ প্রতি সেন্টিমিটারে দাগসংখ্যা 6000। এর ভিতরে কমলা রঙের আলো ফেলা হলো। অপরদিকে রিয়াদের গ্রেটিং-এর গ্রেটিং ধ্রুবক $1.6 \times 10^{-6} \text{ m}$ । সে সবুজ আলো নিয়ে পরীক্ষা করছিল। রাফি বলল প্রথম উজ্জ্বল রেখার জন্য অপবর্তন কোণ আমার ক্ষেত্রে বেশি হবে।

আলোর বর্ণ	তরঙ্গদৈর্ঘ্য (Å)
কমলা	6000
সবুজ	5000
বেগুনী	4000

- ক. শান্ট কি? ১
খ. নিউক্লিয়াসের ঘনত্ব ভরসংখ্যার উপর নির্ভরশীল নয়।- ব্যাখ্যা কর। ২
গ. সবুজ আলোর ক্ষেত্রে একটি ফোটনের শক্তি MeV এককে নির্ণয় কর। ৩
ঘ. রাফির উক্তি যথার্থ কিনা? হিসাব কর। ৪
- ৭ ▶ সায়েম 1 kg বরফকে -10° C তাপমাত্রা হতে 30° C তাপমাত্রার পানিতে পরিণত করে। আলিফ 30° C তাপমাত্রার 1 kg পানিকে 100° C তাপমাত্রার বাষ্পে পরিণত করে। সায়েম দাবি করল তার প্রক্রিয়াটি বেশি শৃঙ্খল। ($S_w = 4200 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$, $L_f = 3.36 \times 10^5 \text{ J kg}^{-1}$, $S_{ice} = 2100 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$ এবং $L_v = 2.26 \times 10^6 \text{ J kg}^{-1}$)
- ক. ধারকত্ব কি? ১
খ. বস্তুর ভর কখনোই অসীম হতে পারে না কেন?- ব্যাখ্যা কর। ২
গ. আলিফের প্রক্রিয়ায় মোট প্রয়োজনীয় তাপ নির্ণয় কর। ৩
ঘ. সায়েমের দাবি সঠিক কিনা- গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪
- ৮ ▶ রফিক সিজিয়াম ধাতুর পাতে 4500 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করে ফটো তড়িৎ ক্রিয়ার পরীক্ষা পরিচালনা করছে। সে নিবৃত্তি বিভব পেলে 1.5 V। পরবর্তীতে 5500 Å তরঙ্গদৈর্ঘ্যের সবুজ আলো ব্যবহার করে। [দেওয়া আছে, ইলেকট্রনের ভর = $9.1 \times 10^{-31} \text{ kg}$]
- ক. অবক্ষয় ধ্রুবক কি? ১
খ. কার্শফের ১ম সূত্র চার্জের নিত্যতা সূত্র মেনে চলে।- ব্যাখ্যা কর। ২
গ. ফটোইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। ৩
ঘ. সবুজ আলো ব্যবহার করায় ফটোতড়িৎ প্রবাহ ঘটবে কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

নটর ডেম কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 7 5




সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১▶ উদ্দীপকের চিত্রে ২ মোল গ্যাসের ক্ষেত্রে AB, BC এবং CA একটি চক্রীয় প্রক্রিয়া দেখানো হয়েছে। AB রুদ্ধতাপীয় প্রক্রিয়া। ($C_p = 28.8 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$ এবং $\gamma = 1.4$)
- ক. আবদ্ধ সিস্টেম কাকে বলে? ১
- খ. রেফ্রিজারেটর এর কর্মসম্পাদন সহগ ৩ বলতে কী বুঝ? ২
- গ. AB পথে সম্পাদিত কাজ নির্ণয় কর। ৩
- ঘ. তিনটি ধাপে এনট্রপির পরিবর্তনের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪
- ২▶ A ও B বিন্দুর মধ্যে বিভব পার্থক্য 1.25 V প্রদান করে ধারক দুটি চার্জিত করার পর C_1 ধারকটি বর্তনী হতে খুলে নেয়া হলো। পরবর্তীতে C_1 ধারকের পাত দুটির মধ্যবর্তী দূরত্ব পরিবর্তনের মাধ্যমে এর ধারকত্ব $2\mu\text{F}$ করতে $3.75 \times 10^{-6} \text{ J}$ কাজ করতে হলো।
- ক. তড়িৎদ্বিমের ড্রামকের মাত্রা সমীকরণটি লিখ। ১
- খ. অসম তড়িৎ ক্ষেত্রের জন্য তড়িৎ প্রবাল্য থেকে কিভাবে তড়িৎ বিভব নির্ণয় করা যায়?— ব্যাখ্যা কর। ২
- গ. C_2 ধারকের মধ্যবর্তী তড়িৎ ক্ষেত্র নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের পর্যবেক্ষণ গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩▶ চিত্রে হুইটস্টোন ব্রিজ বর্তনীতে ১ম ও ২য় বাহুতে যথাক্রমে 2Ω এবং 3Ω মানের দুইটি রোধ ছিল। পরে রোধ দুইটিকে যথাক্রমে P ও Q দ্বারা প্রতিস্থাপন করা হলো, যেখানে $0.3 \text{ P} = 0.2 \text{ Q}$ ।
- ক. ইলেকট্রনের তাড়ন বেগ কাকে বলে? ১
- খ. কোন পরিবাহীর পরিবাহিতা 0.2 সিমেন্স বলতে কী বুঝ? ২
- গ. ১ম ক্ষেত্রে অ্যামিটারটি কত পাঠ দিবে? ৩
- ঘ. ২য় ক্ষেত্রে ভোল্টমিটারটির পাঠ নির্ণয় করা যাবে কি?— উত্তরের স্বপক্ষে গাণিতিক যুক্তি প্রদান কর। ৪
- ৪▶ আলো ব্যতিচার সংক্রান্ত ইয়ং-এর দ্বি-চির পরীক্ষায় শূন্য মাধ্যমে অবস্থিত দুই চিরের মধ্যবর্তী দূরত্ব 1 mm । চির দুটিকে পর্যায়ক্রমে দুটি ভিন্ন সুসঙ্গত আলোক উৎস দ্বারা আলোকিত করা হলো। সুসঙ্গত উৎস দুটির জন্য ডোরার প্রস্থ বনাম চির হতে পর্দার দূরত্বের লেখচিত্র যথাক্রমে OA ও OB রেখা দ্বারা নির্দেশিত হয়। পরীক্ষায় চির দুটির মধ্যবর্তী দূরত্ব অপরিবর্তিত থাকবে।
- ক. ফ্রেনেল শ্রেণির অপবর্তন কাকে বলে? ১
- খ. সমবর্তিত আলো সমবর্তন তলে অবস্থান করে না— ব্যাখ্যা কর। ২
- গ. OA রেখায় তৃতীয় ও পঞ্চম উজ্জ্বল ডোরা দুটির মধ্যকার দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. সুসঙ্গত আলোক উৎস দুটি দ্বারা উৎপন্ন ডোরা প্রস্থের ভিন্নতার কারণ— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪



- ৫▶ আলোক তড়িৎ ত্রিয়ার পরীক্ষায় কোনো ধাতুর উপর নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করলে নিবৃত্তি বিভবের মান 5 V পাওয়া যায়। পরবর্তীতে ঐ ধাতুর উপর দ্বিগুণ তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করলে নিবৃত্তি বিভবের মান 1.65 V হয়। একজন পর্যবেক্ষক ধারণা করলেন ধাতুর কার্যপেক্ষক 1.65 eV হতে 1.75 eV এর মধ্যে।
- ক. দৈর্ঘ্য সংকোচন কাকে বলে? ১
- খ. এক্স-রশ্মি উৎপন্নে এক্স-রশ্মির ন্যূনতম তরঙ্গদৈর্ঘ্য বনাম প্রযুক্ত বিভব পার্থক্যের লেখচিত্র অঙ্কন করে— ব্যাখ্যা কর। ২
- গ. উভয় ক্ষেত্রে ধাতু হতে নিগূত ইলেকট্রনের সর্বোচ্চ বেগের তুলনা কর। ৩
- ঘ. উদ্দীপকের পর্যবেক্ষকের ধারণার যথার্থতা— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৬▶ একটি আয়তাকার মাঠের দৈর্ঘ্য বরাবর 0.6 c বেগে গতিশীল রকেটের একজন পর্যবেক্ষক মাঠটির দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 80 m ও 64 m পরিমাপ করলেন। রকেটের স্থির ভর 10^5 kg ও দৈর্ঘ্য 20 m। মাঠে উপস্থিত থাকা একজন দর্শক রকেটটির ঘনত্ব 312.5 kg m^{-3} পরিমাপ করলেন।
- ক. সূচন কম্পাঙ্ক কাকে বলে? ১
- খ. আলোক তড়িৎ ত্রিয়ার নিবৃত্ত বিভব বনাম কম্পাঙ্ক লেখচিত্র অঙ্কন করে— ব্যাখ্যা কর। ২
- গ. মাঠটির প্রকৃত ক্ষেত্রফল নির্ণয় কর। ৩
- ঘ. স্থির রকেটের ঘনত্ব নির্ণয় করা সম্ভব কি না?— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৭▶ একটি তেজস্ক্রিয় চেইন বিক্রিয়ার শুরুর দিকে নিউক্লিয়াসটি হলো ${}_{90}^{232}\text{Th}$ যার অর্ধায়ু 1.4×10^{10} বছর। ছয়টি আলফা রশ্মি এবং চারটি বিটা রশ্মি বিকিরণের পর যে নিউক্লিয়াসটি ${}_{Z}^{A}\text{X}$ পাওয়া যায় তার প্রতি নিউক্লিয়নে বন্ধন শক্তি 7.666 MeV। ${}_{Z}^{A}\text{X}$ এর আণবিক ভর 207.97665 amu, প্রতিটি প্রোটনের ভর 1.00727663 amu এবং প্রতিটি নিউট্রনের ভর 1.008665 amu।
- ক. কৌণিক ভরবেগ সংক্রান্ত বোর এর স্বীকার্যটি লিখ। ১
- খ. নিউক্লিয়াস এর ব্যাসার্ধ বনাম ভরসংখ্যা লেখচিত্রটি ব্যাখ্যা কর। ২
- গ. থোরিয়ামের একটি নমুনার 10% ক্ষয়ের জন্য কত বছর লাগবে? ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত পর্যবেক্ষণটি গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৮▶
- চিত্র-১
- চিত্র-২ (প্রথম ডায়োডের I-V লেখচিত্র)
- ক. বায়াস ভোল্টেজ কাকে বলে? ১
- খ. কমন এমিটার বিবর্ধক বর্তনীতে প্রবাহ বিবর্ধন গুণক স্থির থাকলে এর বিবর্ধন ক্ষমতা বর্তনীর ইনপুট ও আউটপুট রোধের সাথে কীভাবে সম্পর্কযুক্ত?— ব্যাখ্যা কর। ২
- গ. ডায়োড-১ এর গতীয় রোধ নির্ণয় কর। ৩
- ঘ. চিত্র-৩ এর দুটি ডায়োডকেই AB এবং DC স্থানে কীভাবে স্থাপন করা হলে বাতিটি পর্যায়ক্রমে জ্বলবে এবং নিভবে? সঠিক বর্তনী চিত্র অঙ্কন করে প্রবাহ পথ নির্দেশ করে তোমার যুক্তি প্রকাশ কর। ৪


সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ নিচের চিত্রে একটি কার্ণো চক্র দেখানো হয়েছে। কার্ণো চক্র দ্বি-পারমাণবিক গ্যাস ব্যবহার করা হয়েছে।




$$\frac{V_2}{V_1} = \frac{3}{1} \text{ এবং } \frac{V_3}{V_2} = \frac{4}{3}$$

- ক. একটি সিস্টেমের অন্তঃস্থ শক্তি কী? ১
খ. রুদ্ধতাপীয় প্রক্রিয়া একটি সম এনট্রপি প্রক্রিয়া— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে তাপ গ্রাহকের তাপমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. চক্রের প্রথম দুটি ধাপে কাজের পরিমাণ একই হবে কী? গাণিতিক বিশ্লেষণসহ মতামত দাও। ৪
- ২ ▶ সার্কিটটি লক্ষ কর :




- ক. কির্শফের দ্বিতীয় সূত্র বিবৃত কর। ১
খ. রোধের উষ্ণতা গুণাঙ্ক ঋণাত্মক বলতে কী বুঝ? ২
গ. I_1 নির্ণয় কর। ৩
ঘ. $V_b > V_c$ কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৩ ▶ নিচে একটি ইলেকট্রিক ডাইপোলার চিত্র দেওয়া হয়েছে। O হলো ইলেকট্রিক ডাইপোলার মধ্য বিন্দু।



- ক. পরাবৈদ্যুতিক ধ্রুবক কী? ১
খ. 5 eV বলতে কী বুঝ? ২
গ. ইলেকট্রিক ডাইপোলার দূরত্ব 10 mm থেকে কমিয়ে 5 mm করতে কী পরিমাণ কাজ সম্পন্ন করতে হবে? ৩
ঘ. M বিন্দুতে E_r , E_θ এর কতগুণ তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৪ ▶ একজন ছাত্র পদার্থবিজ্ঞান ল্যাবরেটরির অঙ্কার কক্ষে ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় 5900 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করলো। চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.4 mm এবং চির থেকে পর্দার লম্ব দূরত্ব 100 cm।

- ক. আলোর সমবর্তন কী? ১
খ. “প্রকৃতিতে কোন উৎসই সুসঙ্গত নয়”— ব্যাখ্যা কর। ২
গ. কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা থেকে ৫ম অঙ্কার ডোরার দূরত্ব নির্ণয় কর। ৩
ঘ. ইয়ং এর দ্বিচির পরীক্ষায় 7000 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করলে কি পর্দায় 4 mm দৈর্ঘ্যে সমান সংখ্যক ডোরার সৃষ্টি হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৫ ▶ পৃথিবীতে মাতা ও কন্যার বয়স যথাক্রমে 30 বছর ও 10 বছর এবং মাতার ভর 60 kg। কন্যাকে পৃথিবীতে রেখে মাতা কাল্পনিক মহাকাশযানে চড়ে 0.8 c বেগে রওনা দিল।
- ক. ভরের আপেক্ষিকতা কী? ১
খ. গ্যালিলিও ও লরেঞ্জ রূপান্তর সমীকরণের দুটি পার্থক্য লিখ। ২
গ. গতিশীল কাঠামোতে মাতার ভর নির্ণয় কর। ৩
ঘ. মাতা ও কন্যার বয়স একই হওয়া সম্ভব কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৬ ▶ নিচের সার্কিটটি লক্ষ কর। এখানে $V_{BE} = 0.7 \text{ V}$, $\beta = 100$ ।



- ক. বিভব প্রাচীর কী? ১
খ. p-n-p ট্রানজিস্টরে ধনাত্মক চার্জের প্রবাহের কারণে তড়িৎ প্রবাহের সৃষ্টি হয়— ব্যাখ্যা কর। ২
গ. নিঃসারক কারেন্ট নির্ণয় কর। ৩
ঘ. $V_{CE} > V_{CB}$ কিনা? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৭ ▶ একটি নিউট্রনের ভর = 1.008665 amu, একটি প্রোটনের ভর = 1.007277 amu, ${}_3\text{Li}^7$ এর ভর = 7.016004 amu এবং ${}_{26}\text{Fe}^{56}$ এর ভর = 55.845 amu।
- ক. ভরত্রুটি কী? ১
খ. হাইড্রোজেন পরমাণুর প্রত্যেকটি কক্ষপথের ইলেকট্রন কি একই বেগে গতিশীল? ব্যাখ্যা কর। ২
গ. ${}_3\text{Li}^7$ এর বন্ধনশক্তি নির্ণয় কর। ৩
ঘ. ${}_3\text{Li}^7$ ও ${}_{26}\text{Fe}^{56}$ পরমাণুর মধ্যে কোনটি বেশি স্থিতিশীল? গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৮ ▶ কোন ধাতুর সূচন তরঙ্গদৈর্ঘ্য 6000 Å। ঐ ধাতুটিকে 4000 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো দ্বারা আলোকিত করা হলো।
- ক. সূচন কম্পাঙ্ক কাকে বলে? ১
খ. আলোক তড়িৎ ক্রিয়ায় প্রবাহমাত্রা বনাম আপতিত ফোটনের কম্পাঙ্ক লেখটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে ফটো ইলেকট্রনের সর্বোচ্চ গতিশক্তি নির্ণয় কর। ৩
ঘ. ধাতুটিকে 2000 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো দ্বারা আলোকিত করা হলে নিবৃত্তি বিভব কি দ্বিগুণ হবে? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 7 5

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ● সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ দ্বিপারমাণবিক গ্যাস সম্বলিত একটি কার্নো ইঞ্জিন 400 K তাপমাত্রার উৎস হতে তাপ গ্রহণ করে। প্রতি প্রসারণে এর আয়তন 2.5 গুণ হয়।
- ক. অপ্রত্যাবর্তী প্রক্রিয়া কাকে বলে? ১
- খ. এনট্রপির পরিবর্তন সর্বদা ধনাত্মক— ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের ইঞ্জিনটির প্রাথমিক দক্ষতা নির্ণয় কর। ৩
- ঘ. ইঞ্জিনের দক্ষতা 48% করতে হলে কী ব্যবস্থা নিতে হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪


- ২ ▶ চিত্রটি লক্ষ করো:

C বিন্দুতে 1.5 kg ভরের 0.4 C চার্জ স্থাপন করা হলো।



- ক. পরাবৈদ্যুতিক ধ্রুবক কী? ১
- খ. কুলম্বের সূত্রের সীমাবদ্ধতা ব্যাখ্যা কর। ২
- গ. C বিন্দুতে (চার্জ স্থাপনের পূর্বে) তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
- ঘ. C বিন্দুতে চার্জিত বস্তুটি স্থির থাকবে কিনা— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶



- ক. তড়িৎ প্রাবল্য কী? ১
- খ. জলপ্রপাতের কিছু উপর থেকে পানি পড়লে পানির তাপমাত্রা বৃদ্ধি পায় কেন? ২
- গ. শুধুমাত্র K_1 চাবি বন্ধ অবস্থায় উদ্দীপকের বর্তনীতে প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের বর্তনীর সবগুলো চাবি বন্ধ অবস্থায় P_1 রোধের কীরূপ পরিবর্তন করলে গ্যালভানোমিটারের মধ্যে দিয়ে কোনো তড়িৎ প্রবাহিত হবে না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৪ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষণে ব্যবহৃত আলোক উৎসের তরঙ্গদৈর্ঘ্য 6000 Å। চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1.5 mm এবং চির ও পর্দার দূরত্ব 0.75 m। পরবর্তীতে চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব এক তৃতীয়াংশ এবং চির ও পর্দার দূরত্ব দ্বিগুণ করা হলো।
- ক. গ্রেটিং ধ্রুবক কাকে বলে? ১

- খ. অনুদৈর্ঘ্য তরঙ্গ সমবর্তিত হয় না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. 1ম ক্ষেত্রে কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে দশম উজ্জ্বল ডোরার দূরত্ব নির্ণয় কর। ৩
- ঘ. দ্বিতীয় ক্ষেত্রে ডোরা প্রশ্ন পরিবর্তিত হয়— গাণিতিক ব্যাখ্যা দাও। ৪
- ৫ ▶ 0.85 c গতিতে চলমান একটি মহাকাশযানে 0.9 kg স্থির ভরের 1.5 মিটার লম্বা একটি তামার দণ্ড রাখা আছে। স্থির অবস্থায় তামার ঘনত্ব 8960 kg m^{-3} । $c = 3 \times 10^8 \text{ ms}^{-1}$ আলোর শূন্যস্থানে দ্রুতি।
- ক. দৈর্ঘ্য সংকোচন কী? ১
- খ. লরেন্টজ রূপান্তর থেকে কীভাবে গ্যালিলীয় রূপান্তরে পরিবর্তন করা যায়? ব্যাখ্যা কর। ২
- গ. তামার দণ্ডটি থেকে গতিশীল অবস্থায় কী পরিমাণ শক্তি পাওয়া যাবে নির্ণয় কর। ৩
- ঘ. প্রশ্ন ও বেধ আপেক্ষিকতার বিবেচনায় না এনে মহাকাশযানে তামার ঘনত্বের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৬ ▶ একটি ধাতব পাতের $4.5 \times 10^{-7} \text{ m}$ তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করে ফটোতড়িৎ ক্রিয়ার পরীক্ষা পরিচালনা করার সময় 1.5 V নিবৃত্তি বিভব পাওয়া গেল। পরবর্তীতে $5.5 \times 10^{-7} \text{ m}$ তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করা হলো।
- ক. সূচন কম্পাঙ্ক কী? ১
- খ. আলোর উজ্জ্বল্য বাড়লে আলোক তড়িৎ প্রবাহ বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপক অনুসারে আলোক ইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের পরবর্তীতে আলো ব্যবহার করায় আলোক তড়িৎ প্রবাহ ঘটবে কি না? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪
- ৭ ▶ একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি হিসেবে বিজ্জানীরা U-235 ব্যবহার করে। এক বছর পর প্রতিমোল অর্থাৎ 6.02×10^{23} টি পরমাণু ভেঙে 1.02×10^{23} টি পরমাণু অক্ষত থাকে।
- ক. ভরশক্তি কী? ১
- খ. অর্ধায়ু ও ক্ষয় ধ্রুবকের মধ্যে সম্পর্ক স্থাপন কর। ২
- গ. U-235 এর অর্ধায়ু নির্ণয় কর। ৩
- ঘ. পরবর্তী এক বছরে ভেঙে যাওয়া পরমাণুর সংখ্যা পূর্ববর্তী এক বছরে ভেঙে যাওয়া পরমাণু সংখ্যার সমান হবে কি না— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৮ ▶ সাধারণ নিঃসারক ট্রানজিস্টর সংযোগে 0.95 V ও 1.15 V বিভব প্রয়োগ করলে যথাক্রমে 15 mA ও 35 mA বেস প্রবাহ পাওয়া যায়। ট্রানজিস্টরটির প্রবাহ লাভ $\beta = 80$ এবং লোড রোধ 95 Ω।
- ক. ডোপিং কী? ১
- খ. p-n জংশনকে রেকটিফায়ার বলা হয় কেন? ব্যাখ্যা দাও। ২
- গ. ট্রানজিস্টরটির প্রবাহ বিবর্ধকগুণক α নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের ট্রানজিস্টর সংযোগটি বিবর্ধক হিসেবে কাজ করে— গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 7 5


সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶



- ক. ভরপ্রণালী কি? ১
খ. গড় বন্ধন শক্তি বনাম ভরসংখ্যা লেখচিত্র আঁক। ২
গ. সুইচ খোলা থাকা অবস্থায় বাস্তবিক মধ্য দিয়ে কি পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে? ৩
ঘ. সুইচটি বন্ধ করা হলে বাস্তবিক উজ্জ্বলতার কোনো পরিবর্তন হবে কিনা তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ 100 Ω রোধের একটি গ্যালভানোমিটারের সাথে 5Ω রোধের একটি সান্ট সমান্তরালে যুক্ত করে অ্যামিটার বানানো হলো। অ্যামিটারটি 2A তড়িৎ প্রবাহ নিরাপদে পরিমাপ করতে সক্ষম হলো।

- ক. ডায়োড কি? ১
খ. ব্যতিচারের ক্ষেত্রে তীব্রতা বনাম পথ পার্থক্যের লেখচিত্র আঁক। ২
গ. অ্যামিটারটির অভ্যন্তরীণ রোধ নির্ণয় কর। ৩
ঘ. কি ধরনের ব্যবস্থা গ্রহণ করলে অ্যামিটারটি দ্বারা 10A তড়িৎ প্রবাহ পরিমাপ করা যাবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ পৃথিবী পৃষ্ঠ থেকে 500 আলোকবর্ষ দূরে একটি গ্রহে গবেষণা করার জন্য একদল বিজ্ঞানী 50 বছর বয়সের একটি কচ্ছপকে 0.9 c চলমান নভোযানের মাধ্যমে ঐ গ্রহে পাঠায়। কচ্ছপটির গড় আয়ু 500 বছর এবং ভর 20 kg.


- ক. ওহমের সূত্রটি লিখ। ১
খ. পরিবাহীর রোধ বনাম তাপমাত্রার লেখচিত্র আঁক। ২
গ. চলমান অবস্থায় কচ্ছপটির ভর নির্ণয় কর। ৩
ঘ. কচ্ছপটি জীবিত অবস্থায় ঐ গ্রহে পৌঁছাতে পারবে কি না তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৪ ▶ ${}_{92}\text{U}^{235} + {}_0\text{n}^1 \longrightarrow {}_{54}\text{Xe}^{140} + {}_{38}\text{Sr}^{94} + 2 {}_0\text{n}^1 + \text{Energy}$

[$M_{\text{U}} = 235.043933 \text{ amu}$, $M_{\text{Xe}} = 139.92164 \text{ amu}$,
 $M_{\text{Sr}} = 93.91536 \text{ amu}$, $m_{\text{p}} = 1.007276 \text{ amu}$, $m_{\text{n}} = 1.008665 \text{ amu}$]


- ক. রোধের উষ্ণতা গুণাঙ্ক কি? ১
খ. কোন শর্তে সমান সংখ্যক কোষের শ্রেণি ও সমান্তরাল উভয় সমবায়ে বহিঃস্থ রোধের মধ্য দিয়ে সমপরিমাণ তড়িৎ প্রবাহিত হবে? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রদত্ত ফিশন বিক্রিয়ায় নির্গত শক্তির পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. Xe এবং Sr নিউক্লিয়াসের মধ্যে কোনটি অধিকতর স্থায়ী তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৫ ▶




- ক. কার্ল দীর্ঘায়ন কি? ১
খ. একটি ডায়োড কিভাবে সুইচ হিসেবে আচরণ করে ব্যাখ্যা কর। ২

- গ. চিত্র প্রদত্ত তড়িৎ বর্তনীটি নির্দেশিত লজিক গেইটটির প্রতীক এবং সত্যক সারণী আঁক। ৩
ঘ. প্রদত্ত লজিক গেইটটি সার্বজনীন গেট কিনা তা প্রয়োজনীয় চিত্রসহ বিশ্লেষণ কর। ৪
৬ ▶ পার্শ্বে একটি কার্ণো চক্র P-V লেখচিত্রের মাধ্যমে প্রদর্শন করা হলো। যেখানে 1 mole He গ্যাস ব্যবহার করা হয়েছে।




- ক. ম্যাক্সওয়েলের সূত্রটি লিখ। ১
খ. গ্রোটিংয়ে বর্ণালী সৃষ্টি হয় কেন—ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে BC অংশে অন্তঃস্থ শক্তির পরিবর্তন কিরূপ হবে নির্ণয় কর। ৩
ঘ. চক্রটির প্রতিধাপে এনট্রপির পরিবর্তন এর তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৭ ▶



- প্রত্যেকটি পাতের ক্ষেত্রফল = 0.2m²
ক. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রটি লিখ। ১
খ. সমান ভরের একই পরিমাণ তাপ দুটি ভিন্ন বস্তুতে সরবরাহ করা হলে তাপমাত্রার পরিমাণ ভিন্ন হয়— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ধারকটির ধারকত্ব নির্ণয় কর। ৩
ঘ. ধারকটির পাতদ্বয়ের ঠিক মাঝখানে t = 2mm পুরুত্বের K=5 পরাবৈদ্যুতিক মাধ্যম প্রবেশ করানো হলে সম্ভবত শক্তির কিরূপ পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
৮ ▶ উদ্দীপকে 3800 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করে ইয়ং এর দ্বিচির পরীক্ষা সম্পন্ন করা হচ্ছে।



- ক. তড়িৎ ফ্লাক্স কাকে বলে? ১
খ. তড়িৎ দ্বিমেরু লম্বদ্বিখন্ডকের উপর বিভবের রাশিমালা ব্যাখ্যা কর। ২
গ. 0.1 mm প্রস্থের একটি একক চিরের দরশন অপবর্তন পরীক্ষায় একই তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করে ১ম ক্রমের চরমের জন্য অপবর্তন কোণ θ_1 নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ব্যবস্থাটি পানি মাধ্যমে নিলে ৫ম উজ্জ্বল ডোরার কোণিক বিচ্যুতির কি পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

বীরশ্রেষ্ঠ মুন্সী আব্দুর রউফ পাবলিক কলেজ, ঢাকা

বিষয় কোড : 175


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ নিচের চিত্রে দুটি অনুভূমিক সমান্তরাল পরিবাহী পাত শূন্য মাধ্যমে নির্দিষ্ট বিভব পার্থক্যে রাখা আছে। 4×10^{-12} kg ভরের এবং $+3 \times 10^{-14}$ C আধানের একটি ক্ষুদ্র কণা A উপরের পাতের নিকট থেকে মুক্ত হলো-




- ক. তড়িৎ দ্বিমেরু ড্রামক কাকে বলে? ১
খ. একটি গোলাকার চার্জিত বস্তুর পৃষ্ঠে ও কেন্দ্রে বিভব সমান কেন? ব্যাখ্যা কর। ২
গ. A কণাটির উপর ত্রিাশীল মোট বল কত? ৩
ঘ. যখন A কণাটি নিচের পাতে পৌঁছে তখন তার গতিশক্তি কত হবে? আধানটি ঋণাত্মক হলে কি ঘটতো-বিশ্লেষণ কর। ৪
- ২ ▶ নিম্নে একটি কার্নো প্রত্যাবর্তী ইঞ্জিনের চার ধাপের ত্রিয়া দেখানো হলো-

কার্নো ইঞ্জিনটিতে 3 mole N_2 গ্যাস ব্যবহার করা হয়। প্রথম ধাপে গৃহীত তাপের পরিমাণ 750 J এবং গ্যাসের আয়তন দ্বিগুণ হয়।



- ক. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রটি লিখ। ১
খ. জগতের তাপীয় মৃত্যু বলতে কি বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. তৃতীয় ধাপে ইঞ্জিনটির এন্ট্রপির পরিবর্তন নির্ণয় কর। ৩
ঘ. প্রথম ও দ্বিতীয় ধাপের মধ্যে কোন ক্ষেত্রে কাজের পরিমাণ বেশি হয়? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৩ ▶



- ক. রোধের তাপমাত্রা সহগ কাকে বলে? ১
খ. “তড়িচ্চালক বল আসলে বল নয় শক্তি” ব্যাখ্যা কর। ২
গ. ব্যাটারী হতে প্রবাহিত বিদ্যুৎ প্রবাহ I এর মান নির্ণয় কর। ৩
ঘ. A বিন্দুতে মূল প্রবাহ যে তিন পথে বিভক্ত হয় তা কির্শফের সূত্রের সাহায্যে নির্ণয় করা সম্ভব। গাণিতিকভাবে উক্তিটি যাচাই কর। ৪

- ৪ ▶ একটি ইয়ং এর দ্বিচির পরীক্ষায় চির হতে 1 m দূরে পর্দা স্থাপন করা হলো। দুটি চিরের মধ্যবর্তী দূরত্ব 1 mm। প্রতিটি ডোরার প্রস্থ পাওয়া গেল 0.2 mm।

- ক. অপবর্তন শ্রেটিং কাকে বলে? ১
খ. ব্যতিচার ও অপবর্তনের বৈসাদৃশ্য ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে আপতিত আলোর কম্পাঙ্ক নির্ণয় কর। ৩
ঘ. কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে 5-তম উজ্জ্বল ও 5-তম অন্ধকার ডোরার দূরত্বের বিয়োগফল একটি ডোরা প্রস্থের সমান হবে কি? গাণিতিক বিশ্লেষণ কর। ৪


- ৫ ▶ নাসার একদল বিজ্ঞানী সিলিভার আকৃতির একটি বস্তু নিলেন যার দৈর্ঘ্য 5 m, ব্যাসার্ধ 5 cm এবং ভর 2 kg। বস্তুটিকে সাথে নিয়ে 0.5 c বেগে গতিশীল একটি নভোযানে চড়ে মহাকাশ ভ্রমণে গেলেন।

- ক. কাল দীর্ঘায়ন কাকে বলে? ১
খ. আইনস্টাইনের আপেক্ষিকতার বিশেষ স্বীকার্য ব্যাখ্যা কর। ২
গ. গতিশীল অবস্থায় বস্তুর গতিশক্তি কত হবে? ৩
ঘ. গতিশীল অবস্থায় বস্তুর ঘনত্বের কি কোন পরিবর্তন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

- ৬ ▶ একদল শিক্ষার্থী আলোক-তড়িৎ ত্রিয়া পরীক্ষা করছিল। দুটি কোয়ার্টজ নলের একটিতে সোডিয়াম পাত ও অপরটিতে পটাশিয়াম পাত ব্যবহার করে উভয় ক্ষেত্রে একই বিভব পার্থক্য সৃষ্টি করল। সোডিয়াম ও পটাশিয়ামের সূচন তরঙ্গদৈর্ঘ্য যথাক্রমে 6800 Å ও 5500 Å। উভয় ক্ষেত্রে 6×10^{15} Hz কম্পাঙ্কের আলোকরশ্মি ক্যাথোড প্রান্তে ফেলা হল এবং বহিঃবর্তনীর মিলিঅ্যামিটার থেকে তড়িৎ প্রবাহ রেকর্ড করল।

- ক. 1 amu বলতে কি বুঝ? ১
খ. কার্ঠামোর বেগ যাই হোক না কেন বস্তুর দৈর্ঘ্য ও ত্রিয়াকালের গুণফল সর্বদা ধ্রুব থাকে- ব্যাখ্যা কর। ২
গ. সোডিয়ামের ক্ষেত্রে সর্বোচ্চ কত বেগের ইলেকট্রন নিঃসৃত হবে? ৩
ঘ. উল্লিখিত উভয় ক্ষেত্রে বহিঃবর্তনীতে কি একই পরিমাণ প্রবাহ পাওয়া যাবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

- ৭ ▶ দুটি তেজস্ক্রিয় পদার্থ X ও Y এর পরমাণু সংখ্যা বনাম সময় লেখচিত্র নিম্নরূপ। যেখানে X মৌলটির ক্ষয়ধ্রুবক $6.93 \times 10^{-3} Y^{-1}$ ।



- ক. ক্ষয়ধ্রুবক কাকে বলে? ১
খ. অর্ধায়ু ও তেজস্ক্রিয় ক্ষয়ধ্রুবকের সম্পর্ক ব্যাখ্যা কর। ২
গ. X মৌলটির অর্ধায়ু কত? ৩
ঘ. উদ্দীপক অনুসারে X মৌলটির গড় আয়ু ও Y মৌলটির অর্ধায়ু একই হবে কিনা-গাণিতিকভাবে যাচাই কর। ৪

- ৮ ▶ রাফি একটি পরীক্ষণের মাধ্যমে সাধারণ পীঠ সংযোগে থাকা একটি ট্রানজিস্টরের নিঃসারক প্রবাহ ও পীঠ প্রবাহের মান পেল 1 mA ও 0.07 mA। এ অবস্থায় সে প্রবাহ বিবর্তন গুণক α এর মান নির্ণয় করল। পরবর্তীতে সে ঐ ট্রানজিস্টরের একই রকম সংযোগে নিঃসারক প্রবাহ দ্বিগুণ করে প্রবাহ লাভ β এর মান নির্ণয় করল।

- ক. লজিক গেট কি? ১
খ. সত্যক সারণি ও প্রতীকসহ OR গেট এর ত্রিয়া ব্যাখ্যা কর। ২
গ. প্রথম অবস্থায় রাফি α এর মান কত নির্ণয় করল। ৩
ঘ. উভয় ক্ষেত্রে β এর মানের কীরূপ পরিবর্তন হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

নিউ গভঃ ডিগ্রী কলেজ, রাজশাহী




বিষয় কোড : 175

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ কানোর তাপ ইঞ্জিন-১ | কানোর তাপ ইঞ্জিন-২
 উৎসের তাপমাত্রা 77°C | উৎসের তাপমাত্রা 97°C
 সংকোচন প্রসারণের অনুপাত 1:2 | সংকোচন প্রসারণের অনুপাত 1:2
 কার্যনির্বাহক বস্তু এক পরমাণুক | কার্যনির্বাহক বস্তু দ্বি-পরমাণুক
 গ্যাস 2 মোল | গ্যাস 3 মোল
- ক. উষ্ণমিতিক ধর্ম কী? ১
 খ. প্রত্যাবর্তী প্রক্রিয়ায় এনট্রপির পরিবর্তন—ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের তাপ ইঞ্জিন-১ এর সমোষ্ণ প্রসারণে কৃতকাজ নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের কোন ইঞ্জিনটি অধিক কর্মক্ষম—গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪
- ২ ▶ চিত্রটি লক্ষ কর এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও:
 পাশের চিত্রের সমান্তরাল পাত ধারকের প্রত্যেক পাতের ক্ষেত্রফল 2 mm^2 , পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 3 mm এবং পাতদ্বয়ের মধ্যে বিভব পার্থক্য 220 volt .
- 
- ক. তড়িৎ দ্বিমেরু ডামক কাকে বলে। ১
 খ. একটি বস্তুকে যেকোনো মানের আধানে চার্জিত করা সম্ভব নয় কেন?—ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের ধারকটির মধ্যবিন্দুতে তড়িৎপ্রাবল্য নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের ধারকে পরাবৈদ্যুতিক পদার্থ স্থাপনের আগে ও পরে ধারকত্বের পরিবর্তন—গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪
- ৩ ▶ বায়ু মাধ্যমে পাশাপাশি স্থাপিত 2 mm দূরত্বের দুটি সুসঙ্গত উৎস থেকে পর্দার দূরত্ব 1.2 m । এ ব্যবস্থাটিকে 589 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো দ্বারা আলোকিত করা হলে পর্দায় উজ্জ্বল ও অন্ধকার ডোরার সৃষ্টি হলো। অতঃপর সমগ্র ব্যবস্থাটিকে পানিতে নেওয়া হলো। পানির প্রতিসরাঙ্ক 1.33 ।
- ক. তরঙ্গমুখ কী? ১
 খ. সমবর্তিত আলো স্বাভাবিক আলো থেকে উজ্জ্বল হয় কেন? ২
 গ. উদ্দীপকে পর্দায় সৃষ্টি ৪র্থ উজ্জ্বল ডোরার কৌণিক অবস্থান নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের বায়ু এবং পানিতে সৃষ্টি ডোরার প্রস্থের ভিন্নতা—গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৪ ▶
- 
- ক. শার্ট কী? ১
 খ. ভোল্টমিটারের পাল্লা বৃদ্ধির উপায় ব্যাখ্যা কর। ২
 গ. চাবি খোলা অবস্থায় উদ্দীপকের বর্তনীর মূল প্রবাহ নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের বর্তনীতে কী ব্যবস্থা গ্রহণ করলে চাবি বন্ধ করার আগে ও পরে এমিটারের প্রবাহ অভিন্ন থাকবে—গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪
- ৫ ▶ 250 kg ভরের একটি মহাকাশযানের দৈর্ঘ্য 6 m , প্রস্থ 5.8 m এবং উচ্চতা 5.8 m মহাকাশযানটি গতিশীল হলে এটিকে ঘনক আকৃতির মনে হয়।
- ক. সূচন তরঙ্গদৈর্ঘ্য কাকে বলে? ১
 খ. কালো বস্তুর বিকিরণ ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের মহাকাশযানটির গতিবেগ নির্ণয় কর। ৩
 ঘ. নিউটনীয় বলবিদ্যা এবং আপেক্ষিকতা অনুযায়ী উদ্দীপকের মহাকাশযানটির গতিশক্তি—ব্যাখ্যা কর। ৪
- ৬ ▶ 2028 সালে জানুয়ারি মাসে 9.018×10^{29} টি অক্ষত পরমাণুর জ্বালানির দণ্ড নিয়ে একটি পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র চালু করা হলো। 2025 সালের জানুয়ারি পর্যন্ত 9×10^{15} টি পরমাণু ভেঙে গেল।
- ক. নিউক্লিয়ার বন্ধন শক্তি কি? ১
 খ. নিউক্লিয়ার ফিশন ও ফিউশনের মধ্যে পার্থক্য নির্ণয় কর। ২
 গ. উদ্দীপকের জ্বালানির অর্ধায়ু নির্ণয় কর। ৩
 ঘ. 2026 সালের জানুয়ারি পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রাপ্তির লক্ষ্যে উদ্দীপকের জ্বালানি দণ্ডটি কি যথেষ্ট—গাণিতিকভাবে তোমার মতামত দাও। ৪
- ৭ ▶ ABC সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 4 m . উক্ত ত্রিভুজের B ও C শীর্ষবিন্দুতে $+5\text{ }\mu\text{C}$ আধান স্থাপন করা হলো। অতঃপর A শীর্ষবিন্দুতে 5 kg ভরের বস্তুকে আহিত করে ঝুলিয়ে রাখার চেষ্টা করা হলো।
- 
- ক. গাউসের সূত্রটি লিখ। ১
 খ. পৃথিবীর বিভব শূন্য কিন্তু সর্বনিম্ন নয়—ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের BC বাহুর মধ্যবিন্দুতে বিভব নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের ব্যবস্থায় সফল হওয়ার সম্ভাবনা—গাণিতিক যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪
- ৮ ▶ 500 গুণ বিবর্ধনের জন্য পরীক্ষাগারে একটি কমন-এমিটার ট্রানজিস্টর বর্তনী তৈরি করে এর ভূমি-নিঃসারকে 30 mV প্রয়োগ করে ভূমি প্রবাহ 0.3 mA এবং সংগ্রাহক-নিঃসারকে 3 V প্রয়োগ করে সংগ্রাহক প্রবাহ 30 mA পাওয়া গেল। বর্তনীর আউটপুট রোধ $500\text{ }\Omega$ ।
- ক. ডায়োড কী? ১
 খ. বিশুদ্ধ অপেক্ষা অবিশুদ্ধ অর্ধ-পরিবাহীর পরিবাহিতা অধিক কেন? ২
 গ. উদ্দীপকের ট্রানজিস্টরের প্রবাহ বিবর্ধন গুণক নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের ট্রানজিস্টরের দ্বারা উদ্দেশ্য সফল হবে কী? গাণিতিক যুক্তিসহ মতামত দাও। ৪

খুলনা পাবলিক কলেজ

বিষয় কোড : 175


সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶



- ক. COP কাকে বলে? ১
 খ. সমোষ্ণ ও রুদ্ধতাপীয় প্রক্রিয়ার মধ্যে পার্থক্য লিখ। ২
 গ. পাত্র C এর চাপ হঠাৎ দ্বিগুণ করা হলে এর তাপমাত্রার পরিবর্তন কত হবে? ৩
 ঘ. A ও B পাত্রে পানি একত্রে মিশ্রিত করলে এনট্রপির পরিবর্তন গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶




- ক. তাড়নবেগ কাকে বলে? ১
 খ. ছইটস্টোন ব্রিজে ভিন্ন রোধের গ্যালভানোমিটার ব্যবহার করলে নিস্পন্দ অবস্থার কোনো পরিবর্তন হয় কিনা তা ব্যাখ্যা কর। ২
 গ. বর্তনীর প্রতিটি রোধের মধ্যদিয়ে প্রবাহিত তড়িৎ প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
 ঘ. বর্তনীর শক্তির সংরক্ষণশীলতা যাচাই কর। ৪

৩ ▶ একটি ফোটন 6000 \AA তরঙ্গদৈর্ঘ্য নিয়ে নির্গত হচ্ছে। বোলজম্যান ধ্রুবক $k = 1.38 \times 10^{-23} \text{ JK}^{-1}$

- ক. প্রতিরোধক বিভব কাকে বলে? ১
 খ. আলোর দ্রুতির ধ্রুবকতার নীতি ব্যাখ্যা কর। ২
 গ. ফোটনের গতিশক্তি নির্ণয় কর। ৩
 ঘ. এমন কোন তাপমাত্রা নির্ণয় করা সম্ভব কিনা যে তাপমাত্রায় ফোটনের গতিশক্তি ও কোনো গ্যাসের গতিশক্তি সমান হবে? ৪


৪ ▶



চিহ্নের বর্তনীর $\beta = 0.05$ এবং $I_B = 0.4 \text{ mA}$.

- ক. ডোপিং কাকে বলে? ১
 খ. NOR GATE কে OR GATE এর বিপরীত গেট বলা হয় কেন? ২
 গ. উদ্দীপকের তথ্যানুসারে I_E এর মান নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের বর্তনী দ্বারা সংকেতকে বিবর্ধিত করা যায় কিনা বিশ্লেষণ কর। ৪


৫ ▶



- ক. এক ফ্যারাড কাকে বলে? ১
 খ. আধানের কোয়ান্টায়ন বলতে কি বুঝ? ২

- গ. গোলকদ্বয়ের আধান ঘণত্বের তুলনা কর। ৩
 ঘ. উদ্দীপকের গোলকদ্বয়কে পরিবাহী তারদ্বারা যুক্ত করলে ইলেকট্রনের প্রবাহের দিক কোন দিকে হবে তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৬ ▶



চিত্রে ইয়ং এর দ্বি-চির পরীক্ষা দেখানো হলো। P বিন্দুতে 10 তম উজ্জ্বল ডোরা সৃষ্টি হয়। ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 6500 \AA ।

- ক. সুসংগত উৎস কাকে বলে? ১
 খ. দুটি মোমবাতির আলো ব্যতিচার সৃষ্টি করতে পারে কিনা ব্যাখ্যা কর। ২
 গ. OP এর দূরত্ব নির্ণয় কর। ৩
 ঘ. ৫ম উজ্জ্বল ও ৫ম অন্ধকার ডোরার মধ্যবর্তী দূরত্বের পার্থক্য একটি উজ্জ্বল ডোরার প্রস্থের সমান কি তা গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ মুরাদ গরম পানিতে গোসল করার জন্য 500 W এর একটি হিটার ক্রয় করল। হিটারটি পানির তাপমাত্রা 25° C হতে 100° C এ উন্নীত করতে সক্ষম। সময় সাশ্রয়ের জন্য হিটারের রোধ পরিবর্তন করে 0.1 mm ব্যাস, 0.5 m দৈর্ঘ্য এবং 50Ω একটি তার কুণ্ডলী ব্যবহার করেন। বৈদ্যুতিক লাইনের বিভব 220 V .
- ক. অতিপরিবাহীতা কাকে বলে? ১
 খ. বৈদ্যুতিক বাতির ফিলামেন্টের ক্ষেত্রে ওহমের সূত্রের সত্যতা প্রমাণ করা যাবে কি? কেন? ২
 গ. মুরাদের হিটারের আপেক্ষিক রোধ কত? ৩
 ঘ. হিটারের রোধ পরিবর্তনের সময় সাশ্রয় হবে কিনা? ৪
- ৮ ▶ ${}_{92}\text{U}^{235}$ এর ফিশনের ফলে Ba, Kr, n ও শক্তি নির্গত হয়। এই ভাঙ্গনকে বিশ্লেষণ করে দেখা গেল 10 gm হতে প্রতি সেকেন্ডে 5.02×10^6 টি পরমাণু নির্গত হয়। (${}_{92}\text{U}^{235} = 235.0439 \text{ U}$, $\text{Ba} = 140.9139 \text{ U}$, $\text{Kr} = 91.8937 \text{ U}$, $n = 1.0087 \text{ U}$)
- ক. গড় আয়ু কাকে বলে? ১
 খ. একটি ইলেকট্রন যখন প্রোটনকে কেন্দ্র করে আবর্তন করে তখন ইলেকট্রনের কক্ষচ্যুতি ঘটে না কেন? ২
 গ. ${}_{92}\text{U}^{235}$ এর $\frac{1}{4}$ অংশ ক্ষয় হতে কত সময় লাগবে? ৩
 ঘ. ${}_{92}\text{U}^{235}$ এর ফিশনের ফলে নির্গত শক্তির পরিমাণ 200 MeV হবে কিনা যাচাই কর। ৪

কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

বিষয় কোড : 175


সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান—৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ 37°C তাপমাত্রার 4 mole বায়ুকে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় সংকুচিত করে এর আয়তন অর্ধেক করা হলো। পরবর্তীতে ঐ সংকুচিত বায়ুকে সমোষ্ণ প্রক্রিয়ায় পুনরায় আয়তনে অর্ধেক করা হলো। [γ = 1.40, R = 8.31 Jmol⁻¹K⁻¹]
- ক. রেফ্রিজারেটরের কর্মসম্পাদনা সহগ কাকে বলে? ১
- খ. তাপগতিবিদ্যায় P-V লেখচিত্রের ক্ষেত্রফল কী প্রকাশ করে? তা ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে রুদ্ধতাপীয় সংকোচন শেষে বায়ুর তাপমাত্রা কত হবে? ৩
- ঘ. উদ্দীপকে রুদ্ধতাপীয় ও সমোষ্ণ উভয় প্রক্রিয়াতে বায়ুর আয়তন অর্ধেক করা হয়েছে। প্রতি ধাপে কৃতকাজের পরিমাণ সমান হবে কি-না- তা গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যাচাই কর। ৪




- ক. তড়িৎ ফ্লাক্স কী? ১
- খ. 1F ধারকত্ব বিশিষ্ট পরিবাহী তৈরি করা অসম্ভব কেন? ২
- গ. উদ্দীপকে - 10 μC চার্জকে B বিন্দু হতে C বিন্দুতে আনতে কৃতকাজ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে চার্জদ্বয়ের সংযোগ রেখার কোন বিন্দুতে তড়িৎ প্রাবল্য শূন্য হবে গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ নিচের বর্তনীটি লক্ষ কর :



- ক. কার্শফের দ্বিতীয় সূত্রটি বিবৃত কর। ১
- খ. একই মানের কোষের সমান্তরাল সমবায়ে সর্বোচ্চ পরিমাণ তড়িৎপ্রবাহ পাওয়ার ক্ষেত্রে অভ্যন্তরীণ রোধ কীরূপ হওয়া প্রয়োজন? ব্যাখ্যা কর। ২
- গ. চিত্রে চাবি K বন্ধ অবস্থায় বর্তনীর রোধ নির্ণয় কর। ৩
- ঘ. চিত্রে চাবি K খোলা না, বন্ধ অবস্থায় বাস্তবিক অধিক উজ্জ্বলতায় জ্বলবে গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে তোমার মতামত দাও। ৪
- ৪ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষায় 4×10^{-4} m ব্যবধানবিশিষ্ট চির হতে পর্দার দূরত্ব 1 m। 4950 Å এর সবুজ আলো ব্যবহার করে পর্দার ওপর নবম ডেরা পর্যবেক্ষণ করা হলো। পরবর্তীতে 6200 Å এর লাল আলো ব্যবহার করে ঐ পর্দার ওপর পূর্বের অবস্থানে সমসংখ্যক ডেরা তৈরির চেষ্টা করা হলো।
- ক. পয়েন্টিং ভেক্টর কাকে বলে? ১
- খ. প্রকৃতিতে কোনো উৎসই সুসঙ্গত নয় ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে কেন্দ্রীয় ডোরার উভয় পাশে তৃতীয় অঙ্কার ডোরার কৌণিক বিস্তার বের কর। ৩
- ঘ. উক্ত চির এবং উল্লিখিত আলো ব্যবহার করে উদ্দীপকের শর্ত পূরণ করা সম্ভব কি-না- গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

- ৫ ▶ P, Q ও R তিনজন বন্ধুর পৃথিবীতে বর্তমান বয়স 20 বছর। Q ও R বন্ধু দুটি নভোযানে করে 2.2×10^8 m s⁻¹ ও 1.8×10^8 m s⁻¹ বেগে মহাশূন্যে রওনা দিল। নভোযানের ভর যথাক্রমে 5000 kg ও 4000 kg। যখন তারা পৃথিবীতে ফিরে এল তখন তাদের বয়সের পার্থক্য 4 বছর হল।
- ক. নিবৃত্তি বিভব কাকে বলে? ১
- খ. গতিশীল বস্তুর দৈর্ঘ্য কী কখনও শূন্য হতে পারে? ব্যাখ্যা কর। ২
- গ. P বন্ধু Q বন্ধুর নভোযানের গতিশক্তি কত পরিমাপ করবেন? ৩
- ঘ. নভোযানগুলো পৃথিবীতে ফেরার পর Q ও R বন্ধুর হিসাব মতে P বন্ধুর বয়স কত হবে- গাণিতিকভাবে নির্ণয় কর। ৪
- ৬ ▶ একটি রোধ কুণ্ডলীর দুই প্রান্তে 220 volt বিভব পার্থক্য বজায় রেখে পানিতে নিমজ্জিত করলে উৎপন্ন তাপের 65% তাপ 6 মিনিটে 2 kg পানির তাপমাত্রা 10° C বৃদ্ধি করে। পানির আপেক্ষিক তাপ 4200 Jkg⁻¹K⁻¹।




E = 10 volt

R₁ = 120 Ω,R₂ = R₃ = 60 Ω,R₄ = 50 Ω, R₅ = 40 Ω

- ক. গাউসের সূত্রটি লেখ। ১
- খ. নিকেলের রোধের উষ্ণতা সহগ 6×10^{-3} °C⁻¹ বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত রোধ কুণ্ডলীর রোধ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকের চিত্রের বিভিন্ন রোধের মধ্য দিয়ে প্রবাহিত তড়িৎের মান নির্ণয় করে দেখাও যে, কার্শফের প্রথম সূত্রের ব্যত্যয় ঘটছে না। ৪

- ৭ ▶ Bi₈₃²⁰⁹ এর অর্ধায়ু 25 min। প্রোটন ও নিউট্রনের ভর যথাক্রমে 1.00728 amu এবং 1.008665 amu। নিউক্লিয়াসের ভর 208.980388 amu।

- ক. তেজস্ক্রিয় ক্ষয়ের সূত্রটি লেখ। ১
- খ. বন্ধনশক্তির ওপর পরমাণুর স্থায়িত্ব নির্ভর করে না, নির্ভর করে নিউক্লিয়ন প্রতি বন্ধনশক্তির ওপর- ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে Bi₈₃²⁰⁹ এর বন্ধন শক্তি নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে 1 কুরি তেজস্ক্রিয়তা পাওয়ার জন্য Bi₈₃²⁰⁹ এর কত পরিমাণ ভর প্রয়োজন হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪



- ক. শক্তি ব্যান্ড কী? ১
- খ. পরিবাহী ও ডায়োডের লেখচিত্রের I-V লেখচিত্রের কোনো পার্থক্য আছে কী? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকে চিত্রটির সত্যক সারণীর সাহায্যে Y এর মান দেখাও। ৩
- ঘ. উদ্দীপকে 2নং গেইটকে XOR গেইট দ্বারা প্রতিস্থাপন করা হলে Y এর মানের কোনো পরিবর্তন পরিলক্ষিত হবে কি না তা যাচাই কর। ৪

সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড : 175

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।


১ ▶ 28° C কক্ষ তাপমাত্রায় একটি কক্ষে দুটি রেফ্রিজারেটর রাখা আছে। একটি রেফ্রিজারেটর 0° C তাপমাত্রার 2 kg পানিকে বরফে পরিণত করছে। অন্য রেফ্রিজারেটরটি 3500 J তাপ গ্রহণ করে 5200 J তাপ পরিবেশে ছেড়ে দেয়। $[L_f = 3.36 \times 10^5 \text{ Jkg}^{-1}]$

- ক. তাপগতিবিদ্যার ২য় সূত্রটি লিখ। ১
খ. C_p , C_v এর চেয়ে বেশি কেন, তার ভৌত ব্যাখ্যা দাও। ২
গ. ১ম রেফ্রিজারেটরের জন্য বর্জিত তাপ নির্ণয় করো। ৩
ঘ. কোন রেফ্রিজারেটরটি বেশি সাশ্রয়ী গাণিতিকভাবে ব্যাখ্যা দাও। ৪

২ ▶ একটি সমান্তরাল পাত ধারকে দুটি আয়তাকার ধাতবপাত আছে যাদের দৈর্ঘ্য 5 cm এবং প্রস্থ 4 cm এবং পাত দুটির মধ্যবর্তী দূরত্ব 1 cm। ডান পাশের পাতে 4 mm পুরু একটি সালফার স্ল্যাব স্থাপন করা হয়েছে যার অন্তরক ধ্রুবক 4। উল্লেখ্য যে, পাতদ্বয়ের বিভব পার্থক্য 70 V।

- ক. পোলার ডাই ইলেকট্রিক কী? ১
খ. পানির পরাবৈদ্যুতিক ধ্রুবকের মান বেশি হওয়া সত্ত্বেও কেন ডাই ইলেকট্রিক হিসেবে পানি ব্যবহার করা হয় না? ব্যাখ্যা কর। ২
গ. সালফার স্ল্যাব স্থাপনের পূর্বে ধারকের ধারকত্ব নির্ণয় কর। ৩
ঘ. সালফার স্ল্যাব স্থাপনের পূর্বে এবং পরে কোন ক্ষেত্রে একক আয়তনে সঞ্চিত শক্তি বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ করো। ৪

৩ ▶



- ক. রোধের উষ্ণতা গুণাঙ্ক কী? ১
খ. এ্যামিটারের পাল্লা বৃদ্ধি করা হয় কিভাবে? ব্যাখ্যা কর। ২
গ. শুধুমাত্র K_1 চাবি বন্ধ (ON) অবস্থায় উদ্দীপকের বর্তনীতে মোট প্রবাহমাত্রা নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকের বর্তনীর সবগুলো চাবি বন্ধ (ON) করলে গ্যালভানোমিটারের মধ্য দিয়ে গতিশীল মূল প্রবাহের এক চতুর্থাংশ হবে কিনা-গাণিতিকভাবে যাচাই করো। ৪

৪ ▶ বায়ুতে ইয়ং এর দ্বিচির পরীক্ষায় ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 5200 Å। চির হতে পর্দার দূরত্ব 1 m এবং চিরদ্বয়ের ব্যবধান 0.4 mm। এই পরীক্ষণটি পরবর্তীতে 1.47 ও 1.66 প্রতিসারকের A ও B অপর দুটি মাধ্যমে সম্পন্ন করা হয়।

- ক. আলোর সমবর্তন কাকে বলে? ১
খ. ব্যতিচারের ক্ষেত্রে উৎসদ্বয় খুবই কাছাকাছি রাখা হয় কেন? ব্যাখ্যা করো। ২
গ. বায়ুতে কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে দশম উজ্জ্বল ডোরার দূরত্ব নির্ণয় করো। ৩
ঘ. A ও B উভয় মাধ্যমেই সমান প্রস্থের ডোরা পাওয়া যাবে কি না-গাণিতিকভাবে যাচাই করো। ৪


৫ ▶ করিম 6 Ω রোধের একটি তারকে টেনে তিনগুণ লম্বা করল এবং রহিম 1000টি তড়িতবাহিত বৃষ্টির ফোঁটাকে একত্রে মিশিয়ে একটি বড় ফোঁটায় পরিণত করল যাতে মোট তড়িতের পরিমাণ অপরিবর্তিত থাকে।

- ক. তড়িৎ প্রবাহ কাকে বলে? ১
খ. কোনো বস্তুতে যেকোনো মানের আধান থাকতে পারে কি না- ব্যাখ্যা কর। ২
গ. করিমের তারে বর্তমান রোধ কত? ৩
ঘ. ফোঁটাগুলির মোট তড়িৎশক্তির কোনো পরিবর্তন হবে কি না- গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৬ ▶ Na ধাতু দ্বারা তৈরি ধাতব তলে λ তরঙ্গদৈর্ঘ্যের আলোক রশ্মি আপতিত হলে ফটোইলেকট্রন নির্গত হয় এবং তখন নিবৃত্ত বিভব $3 V_0$ । একই তলে যখন 2λ তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত হয়, নিবৃত্ত বিভব V_0 । অন্য একটি ধাতু হতে X-ray নির্গত হচ্ছে যার তরঙ্গদৈর্ঘ্য 0.01 Å.

- ক. ফোটন কাকে বলে? ১
খ. নিউক্লিয়াস হতে β কণা নির্গত হয় কেন? ২
গ. X-ray উৎপন্ন করতে কত বিভব প্রয়োজন? ৩
ঘ. দেখাও যে, তলটির সূচন তরঙ্গদৈর্ঘ্য λ এর চারগুণ। ৪

৭ ▶



বর্তনীটি লক্ষ করো যেখানে, $\beta = 100$ এবং $V_{BE} = 0.7 \text{ V}$

- ক. ডোপিং কী? ১
খ. ডায়োড কেন একমুখীকারক হিসেবে ব্যবহৃত হয়- ব্যাখ্যা কর। ২
গ. বর্তনীটির I_B প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তনীটির V_C ও V_B এর তুলনামূলক বিশ্লেষণ দ্বারা এটি বিবর্ধক হিসেবে ব্যবহার করা যাবে কিনা- গাণিতিকভাবে যাচাই করো। ৪

৮ ▶ কোনো এক সময় পর্যবেক্ষণ করে দেখা গেল, 1 মোল তেজস্ক্রিয় পদার্থে 1 বৎসর পরে 5×10^{23} সংখ্যক পরমাণু অক্ষত থাকে। পরবর্তী বৎসরেও তেজস্ক্রিয় পদার্থটি পর্যবেক্ষণ করা হলো। $[N_A = 6.02 \times 10^{23}]$

- ক. পারমাণবিক ভর এককের সংজ্ঞা দাও। ১
খ. “অতি বেগুনি বিপর্যয়” নামক ব্যর্থতা পদার্থবিজ্ঞানের কোন ঘটনার প্রেক্ষিতে হয় ব্যাখ্যা কর। ২
গ. তেজস্ক্রিয় মৌলটির ৪র্থ কক্ষপথের ইলেকট্রনের কৌণিক ভরবেগ এককসহ নির্ণয় কর। ৩
ঘ. কোন বৎসরে বেশি সংখ্যক পরমাণু ভেঙে যাবে- গাণিতিকভাবে যাচাই করো। ৪

জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, সিলেট

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১▶ ঘটনাচিত্র- ১ : একটি সিলিন্ডার আকৃতি পাত্রে একটি অজানা দ্বিপরমাণুক গ্যাস রাখা আছে। পাত্রে গ্যাসের চাপ 4 atm। অতিদ্রুত প্রক্রিয়ায় গ্যাসের তাপমাত্রা 3 গুণ করা হলো।

ঘটনাচিত্র- ২ : 0° C তাপমাত্রার 1 kg পানিকে তাপ দিয়ে 100° C তাপমাত্রার বাষ্প পরিণত করা হলো। অন্যদিকে, 0° C তাপমাত্রার 5 kg বরফকে উত্তপ্ত করে 100° C তাপমাত্রার পানিতে পরিণত করা হলো।

- ক. পানির ত্রৈধবিন্দু বলতে কি বোঝায়? ১
খ. সমোষ্ণ প্রসারণে কৃতকাজ সমচাপীয় প্রসারণে কৃতকাজ অপেক্ষা বেশি- ব্যাখ্যা কর। ২
গ. ঘটনাচিত্র-১ এ সিলিন্ডারে সংরক্ষিত গ্যাসের চূড়ান্ত চাপ নির্ণয় কর। ৩
ঘ. ঘটনাচিত্র-২ এ কোন ক্ষেত্রে সিস্টেমের বিশৃঙ্খলতার পরিমাণ অধিক হবে? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে তোমার মতামত দাও। ৪

২▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. গৌণ কোণ কাকে বলে? ১
খ. নিরাপত্তা ফিউজে বিসৃঙ্খল ধাতু ব্যবহার করা হয় না কেন? ২
গ. C বিন্দুতে বিভব নির্ণয় কর। ৩
ঘ. C বিন্দুতে লব্ধি প্রাবল্যের মান ও দিক গাণিতিকভাবে নির্ণয় কর। ৪

৩▶ ঘটনাচিত্র-১ : 20 kg পানিতে নিমজ্জিত 250 Ω রোধকের মধ্য দিয়ে 30 min ধরে বিদ্যুৎ প্রবাহিত করা হলো।


ঘটনাচিত্র-২ : চিত্রের বর্তনীটি

লক্ষ কর-

$R_1 = 20\Omega, R_2 = 200\Omega$

$R_3 = 20\Omega, R_4 = 150\Omega$

$R_5 = 30\Omega$




- ক. তাপের যান্ত্রিক সমতা কি? ১
খ. জলপ্রপাতের পানি উপর হতে নিচে পড়লে নিচের পানির উষ্ণতা উপরের পানির তুলনায় বেশি হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. ঘটনাচিত্র-১ এ কত মাত্রার বিদ্যুৎ প্রবাহিত করলে পানির তাপমাত্রা 50° C বৃদ্ধি করা যাবে? ৩
ঘ. ঘটনাচিত্র-২ এ কি ব্যবস্থা গ্রহণ করলে চিত্রে প্রদর্শিত R_1 রোধের প্রবাহ শূন্য হয়ে যাবে? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে তোমার মতামত দাও। ৪


৪▶ 25° C তাপমাত্রায় একটি নিকেলের তারের রোধ 80 Ω এবং এর রোধের উষ্ণতার গুণক 0.006/°C। অপরদিকে 150 Ω রোধ বিশিষ্ট একটি তামার তারকে 30° C তাপমাত্রার 5 kg পানিতে নিমজ্জিত করে 6 A অ্যাম্পিয়ার প্রবাহ এক ঘণ্টা ধরে চালনা করা হলো। পানির আপেক্ষিক তাপ 4200 Jkg⁻¹ K⁻¹।

- ক. ভরের আপেক্ষিকতা কাকে বলে? ১
খ. চলমান বস্তুর দৈর্ঘ্য কখনোই শূন্য হয় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. 100° C তাপমাত্রায় নিকেলের তারের রোধ নির্ণয় কর। ৩
ঘ. তামার তারের ক্ষেত্রে পানি বাষ্পীভূত হবে কি? গাণিতিকভাবে মতামত দাও। ৪
- ৫▶ ইয়ং এর একটি দ্বি-চির পরীক্ষায় 585 nm তরঙ্গদৈর্ঘ্যের আলো ব্যবহার করে 1.5 m দূরে স্থাপিত পর্দায় ব্যতিচার সজ্জা সৃষ্টি করা হলো। চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1.2 mm।
- ক. ভর ঘাটতি কাকে বলে? ১
খ. পরমাণুতে আবদ্ধ ইলেকট্রনের মোট শক্তি ঋণাত্মক-ব্যাখ্যা কর। ২
গ. প্রথম উজ্জ্বল ডোরার কৌণিক বিস্তার নির্ণয় কর। ৩
ঘ. চির ও পর্দার অবস্থান অপরিবর্তিত রেখে দশম উজ্জ্বল ডোরার অবস্থানে 15-তম অঙ্কার ডোরা সৃষ্টি করা যাবে কিনা? গাণিতিক ব্যাখ্যাসহ মতামত দাও। ৪

৬▶ উদ্দীপকটি লক্ষ কর :



- ক. তরঙ্গমুখ কী? ১
খ. আলোর ব্যতিচারে সুসংগত উৎস ব্যবহার করা হয় কেন? ২
গ. B পাতের সূচন তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপক অনুযায়ী 3 V বিভব প্রয়োগে ফটো কারেন্ট পাওয়া যাবে কিনা- গাণিতিকভাবে যাচাই করো। ৪
- ৭▶ A ও B দুটি মৌল। তাদের অর্ধায়ুর সমষ্টি 35 বছর। কিন্তু B-এর অর্ধায়ু A-এর অর্ধেক।
- ক. ডোপিং কাকে বলে? ১
খ. p-টাইপ ও n-টাইপ সেমিকন্ডাক্টর তড়িৎ নিরপেক্ষ কেন? ২
গ. A এর ক্ষয় ধ্রুবক নির্ণয় কর। ৩
ঘ. A-এর 40% এর B-এর 80% ক্ষয় হতে সমান সময় লাগবে কিনা গাণিতিকভাবে যাচাই কর। ৪
- ৮▶ নিচে একটি কমন এমিটার npn ট্রানজিস্টর বর্তনী দেখানো হলো :



- ক. ধারকত্ব কী? ১
খ. সমবিভব তলে চার্জের স্থানান্তরের ক্ষেত্রে কৃতকাজ শূন্য হয় কেন? ২
গ. প্রবাহ বিবর্ধন গুণক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের বর্তনী থেকে বিবর্ধিত সংকেত পাওয়া সম্ভব কিনা ভোল্টেজ গেইন নির্ণয়ের মাধ্যমে গাণিতিকভাবে দেখাও। ৪

বরিশাল সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 175

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

- ১ ▶ দুই বন্ধু X ও Y মাহমুদ দুটি কার্ণো ইঞ্জিন A ও B নিয়ে কাজ করছে। A ইঞ্জিনটি 800K তাপমাত্রায় তাপ গ্রহণ করে এবং T তাপমাত্রায় তাপ গ্রাহকে তাপ বর্জন করে। B ইঞ্জিনটি A এর ছেড়ে দেয়া তাপ গ্রহণ করে এবং 300K তাপমাত্রায় তাপ গ্রাহকে তাপ বর্জন করে।
- ক. এন্ট্রপি কী? ১
- খ. জগত প্রাকৃতিক নিয়মে তাপীয় মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে— ব্যাখ্যা কর। ২
- গ. উভয় ইঞ্জিনের কাজের মান সমান হলে T তাপমাত্রার মান কত? ৩
- ঘ. X বলল যেহেতু দুটি ইঞ্জিনের কাজের মান সমান তাই তাদের কর্মদক্ষতাও সমান হবে। Y তার সাথে একমত হলো না। কার বক্তব্য সঠিক— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ২ ▶ চিত্রে গোলকদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1m এবং তাদের ব্যাসার্ধ যথাক্রমে 12 cm ও 8 cm।
- চার্জ, 40 C
চার্জ, 30 C
A গোলক B গোলক
- ক. স্থির তড়িৎ কাকে বলে? ১
- খ. কোন বস্তুর মধ্যে $4 \times 10^{-19}C$ চার্জ থাকা সম্ভব নয় কেন? ২
- গ. A গোলকের পৃষ্ঠ হতে নির্গত মোট বলরেখার সংখ্যা কত? ৩
- ঘ. গোলকদ্বয়কে একটি পরিবাহী তার দ্বারা যুক্ত করার পূর্বে এবং পরে এদের মধ্যবর্তী বিকর্ষণ বলের মান অপরিবর্তিত থাকবে কি-না? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৩ ▶ নিচের চিত্রে একটি বর্তনী দেখানো হয়েছে।
-
- উপরের চিত্রে $R_1 = 10 \Omega$, $R_2 = R_4 = R_5 = 20 \Omega$, $R_3 = 2 \Omega$ এবং $V = 10 V$
- ক. কির্শফের লুপের সূত্রটি বিবৃত কর। ১
- খ. নিকেলের রোধের উষ্ণতা সহগ $6 \times 10^{-3} \text{ } ^\circ\text{C}^{-1}$ বলতে কী বুঝ? ২
- গ. BC অংশের রোধটি অপসারণ করে বিন্দুদ্বয়কে শর্ট করা হলে বর্তনীর তুল্যরোধ কত হবে? ৩
- ঘ. BC অংশের রোধটি থাকা অবস্থায় R_5 রোধের মানের পরিবর্তনের মাধ্যমে BC পথে কোন প্রবাহ বন্ধ করা সম্ভব— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪
- ৪ ▶ 290 Wm⁻² তীব্রতার অসমবর্তিত আলো পাশাপাশি স্থাপিত দুটি পোলারয়েডের মধ্য দিয়ে প্রবেশ করলে অসমবর্তিত আলোর 50% ও 25% তীব্রতার সমবর্তিত আলো পাওয়া যায়। পরবর্তীতে উক্ত অসমবর্তিত আলো পানির মধ্য দিয়ে একটি কাচের পাত্রে আপতিত হলে সর্বোচ্চ সমবর্তিত আলো পাওয়া যায়। পানি ও কাচের প্রতিসরাঙ্ক যথাক্রমে 1.33 এবং 1.52।
- ক. তরঙ্গ-মুখ কাকে বলে? ১
- খ. বেগুনি আলোর জন্য ডোরা প্রস্থ কম কিন্তু লাল আলোর জন্য বেশি হয়। ব্যাখ্যা কর। ২
- গ. পোলারয়েডদ্বয়ের মধ্যবর্তী কোণ কত ছিল? ৩
- ঘ. সর্বোচ্চ সমবর্তনের জন্য সমবর্তন কোণ পোলারয়েডদ্বয়ের মধ্যবর্তী কোণের সমান ছিল কি-না? গাণিতিক বিশ্লেষণ কর। ৪
- ৫ ▶ কোন ধাতব পাত্রে 5000 Å তরঙ্গদৈর্ঘ্যের আলোকরশ্মি আপতিত করলে ঐ ধাতব পাত থেকে ফটোইলেকট্রন নির্গত হয়, যা বন্ধ করতে 0.5 V নিবৃত্তি বিভবের প্রয়োজন হয়। [ইলেকট্রনের ভর $9.1 \times 10^{-31} \text{ kg}$ এবং প্লাঙ্কের ধ্রুবক $6.63 \times 10^{-34} \text{ Js}$]
- ক. কার্যাপেক্ষক কাকে বলে? ১
- খ. জড় প্রসঙ্গ কাঠামো ও অজড় প্রসঙ্গ কাঠামোর মধ্যে পার্থক্য কি? ২
- গ. নির্গত ফটোইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। ৩
- ঘ. উদ্দীপকে উল্লেখিত ধাতব পাতের কার্য অপেক্ষক 1.98 eV হলে এক্ষেত্রে গতিশক্তি বনাম কম্পাঙ্কের লেখচিত্রের ঢাল প্ল্যাঙ্ক ধ্রুবকের সমান হবে কি-না? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪
- ৬ ▶ ভূ-পৃষ্ঠ থেকে মহাশূন্যচারীসহ 800 kg ভরের রকেটকে উৎক্ষেপণ করা হলো। পৃথিবীর বায়ুমণ্ডল অতিক্রমের পর $3.68 \times 10^6 \text{ m s}^{-1}$ বেগে গতিশীল অবস্থায় ভূ-পৃষ্ঠের একজন পর্যবেক্ষক রকেটটির উৎক্ষেপনের অতিক্রান্ত সময় 30 দিন পর্যবেক্ষণ করলেন।
- ক. কাল দীর্ঘায়ন কী? ১
- খ. চলমান বস্তুর দৈর্ঘ্য কখনও শূন্য হয় না কেন? ব্যাখ্যা কর। ২
- গ. বায়ুমণ্ডল অতিক্রমের পরে রকেটের ভর কত বাড়বে? ৩
- ঘ. মহাশূন্যচারী কর্তৃক নির্ণীত পর্যবেক্ষণকাল উদ্দীপকে উল্লেখিত ভূ-পৃষ্ঠের পর্যবেক্ষকের নির্ণীত মানের অর্ধেক হলে রকেটটির বেগের কিরূপ পরিবর্তন করতে হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪
- ৭ ▶ হাইড্রোজেন পরমাণুর নিউক্লিয়াসে একটি প্রোটন এবং এর বাইরের কক্ষপথে একটি ইলেকট্রন থাকে। উল্লেখ্য যে, প্লাঙ্কের ধ্রুবকের মান, ইলেকট্রনের ভর, ইলেকট্রনের চার্জ এবং শূন্যস্থানের ভেদনযোগ্যতার মান যথাক্রমে $6.63 \times 10^{-34} \text{ Js}$, $9.1 \times 10^{-31} \text{ kg}$, $1.6 \times 10^{-19} \text{ C}$ এবং $8.854 \times 10^{-12} \text{ C}^2\text{N}^{-1}\text{m}^{-2}$ ।
- ক. চেইন বিক্রিয়া কী? ১
- খ. রেডনের অর্ধায়ু 3.82 দিন বলতে কি বোঝ? ব্যাখ্যা কর। ২
- গ. উদ্দীপকের আলোকে হাইড্রোজেন পরমাণুর বোর কক্ষপথের ব্যাসার্ধ নির্ণয় কর। ৩
- ঘ. গাণিতিকভাবে দেখাও যে, উদ্দীপকের ইলেকট্রনটি প্রথম বোর কক্ষপথে আবর্তনরত অবস্থায় থাকতে এর বেগ $2.19 \times 10^6 \text{ m s}^{-1}$ এর বেশি বা কম হতে পারে না। ৪
- ৮ ▶ দিকপরিবর্তী প্রবাহকে সরাসরি প্রবাহে পরিণত করার উদ্দেশ্যে একই মুহূর্তে কতগুলো বিশুদ্ধ সিলিকন একপ্রান্তে ত্রিযোজী এবং অপর প্রান্তে পঞ্চযোজী মৌল ডোপিং করে তুমি কতগুলো ডায়োড তৈরি করলে।
- ক. ডোপিং কী? ১
- খ. ট্রানজিস্টরের বেস অংশ পাতলা হয় কেন? ব্যাখ্যা কর। ২
- গ. তোমার তৈরিকৃত ডায়োডগুলোর যেকোনো একটি ডায়োডের সম্মুখ ঝাঁক এবং বিমুখী ঝাঁক এর বায়াস দেখাও। ৩
- ঘ. উদ্দীপকের ডায়োডগুলো থেকে যেকোনো ৪টি ডায়োড ব্যবহার করে তুমি কিভাবে তোমার উদ্দেশ্য সফল করবে? বর্তনীচিত্রসহ ব্যাখ্যা কর। ৪

রংপুর সরকারি কলেজ

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]


- ১ ▶ একজন শিক্ষার্থী তাপীয় বিশৃঙ্খলা পর্যবেক্ষণ করতে গিয়ে দেখলো A ও B দুটি তাপ উৎপাদক যন্ত্রের A কে 750 kJ শক্তি সরবরাহ করায় উহা 2 kg পানিকে 25° C হতে 100° C তাপমাত্রায় উন্নীত করে এবং B এর 2 kg পানিকে 20° C হতে 100° C তাপমাত্রায় বাষ্প পরিণত করে।

- ক. অনমনীয় প্রক্রিয়া কাকে বলে? ১
খ. একটি গতিশীল বুলেট থামিয়ে দেওয়া হলে শক্তির পরিবর্তন ব্যাখ্যা কর। ২
গ. A যন্ত্রের দক্ষতা নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের তথ্য থেকে যন্ত্র দুটির Entropy পরিবর্তনের তুলনা কর। ৪



উপরের চিত্রে চার্জদ্বয় পরস্পর হতে 10 cm দূরত্বে অবস্থিত। এখানে, AO = BO = 5 cm এবং BD = 4 cm.

- ক. ডাই-ইলেকট্রিক কী? ১
খ. কোনো ধারককে যেকোনো উচ্চমানের বিভবে আহিত করা কী সম্ভব- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'O' বিন্দুতে প্রাবল্য কত? ৩
ঘ. B চার্জকে D বিন্দুতে সরিয়ে আনতে কত কাজ হবে? ৪




- $R_1 = R_4 = 2 \Omega$, $R_2 = 4 \Omega$, $R_3 = 3 \Omega$
ক. কির্শফের ভোল্টেজ সূত্রটি লিখ। ১
খ. উচ্চমানের তড়িৎ প্রবাহ পাঠাতে পারে এমন ব্যাটারি হুইটস্টোন ব্রিজ বর্তনীতে ব্যবহার করা সংগত নয়-ব্যাখ্যা কর। ২
গ. বর্তনীর প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. AC অংশের ভোল্টেজ কারেন্ট লেখচিত্র এবং XY অংশের ভোল্টেজ কারেন্ট লেখচিত্র মানসহ খাতায় অঙ্কন কর। ৪

- ৪ ▶ ইয়ং-এর দ্বি-চির দুটির মধ্যবর্তী দূরত্ব 2 mm। চির হতে পর্দার দূরত্ব 1m। চির দুটিকে একবর্ণী আলো দ্বারা আলোকিত করলে পর্দায় ব্যতিচার সৃষ্টি হয়। উক্ত ব্যতিচারের পরপর একটি উজ্জ্বল ও অন্ধকার ডোরার কেন্দ্রের মধ্যবর্তী দূরত্ব 0.3 mm.

- ক. গঠনমূলক ব্যতিচার কাকে বলে? ১
খ. দুটি একই ধরনের আলোক উৎস ব্যতিচার সৃষ্টি করতে পারে না-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে ব্যবহৃত একবর্ণী আলোর তরঙ্গদৈর্ঘ্য কত? ৩
ঘ. উদ্দীপকের পরীক্ষণে কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে 12-তম উজ্জ্বল ডোরার দূরত্ব ডোরার প্রস্থের 12-গুণ হবে কিনা-তা গাণিতিকভাবে বের কর। ৪

৫ ▶




$[h = 6.63 \times 10^{-34} \text{ Js}, \epsilon_0 = 8.85 \times 10^{-12} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}, e = 1.6 \times 10^{-19} \text{ C}, m = 9.1 \times 10^{-31} \text{ kg}]$ পরমাণুর ভূমির অবস্থার শক্তি = 13.6 eV

- ক. ক্ষয় প্রবকের সংসা দাও। ১
খ. কাচের সমবর্তন কোণ 57° বলতে কী বুঝায়? ২
গ. প্রথম চিত্রে ইলেকট্রনটি যে কক্ষপথে অবস্থিত তার ব্যাসার্ধ নির্ণয় কর। ৩
ঘ. কোন চিত্রে ইলেকট্রনের কক্ষচ্যুতি ঘটবে? গাণিতিক বিশ্লেষণের সাহায্যে মন্তব্য কর। ৪
- ৬ ▶ কোনো পরমাণুর দুটি ইলেকট্রনের বেগ যথাক্রমে 0.90 c ও 0.99 c। এখানে c হলো আলোর বেগ। ইলেকট্রনটির স্থির ভর $9.1 \times 10^{-31} \text{ kg}$.
- ক. কোয়ার্ক কী? ১
খ. কোন গতিশীল কণার বেগের সাথে তরঙ্গদৈর্ঘ্যের সম্পর্ক কী- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে ইলেকট্রন দ্বারা শক্তির অনুপাত নির্ণয় কর। ৩
ঘ. প্রথম ইলেকট্রনের নিউটনিয়ান গতিশক্তি ও দ্বিতীয় ইলেকট্রনের আপেক্ষিক গতিশক্তি সমান কি-না গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে মন্তব্য কর। ৪

- ৭ ▶ একখণ্ড রেডিয়াম 5000 বছরে তেজস্ক্রিয় বিকিরণের ফলে এক চতুর্থাংশে পরিণত হলো। কিন্তু $20 \times 10^{-3} \text{ kg}$ ভরের অন্য একটি তেজস্ক্রিয় পদার্থ A-এর 10 বছর পর $5 \times 10^{-3} \text{ kg}$ অবশিষ্ট থাকে।

- ক. আইসোমার কাকে বলে? ১
খ. নিউক্লিয় ফিশন বিক্রিয়ায় ক্যাডমিয়াম দণ্ড ব্যবহার করা হয় কেন- ব্যাখ্যা কর। ২
গ. রেডিয়ামের ক্ষয় প্রবক নির্ণয় কর। ৩
ঘ. রেডিয়াম ধাতুর তুলনায় A ধাতুর অর্ধায়ু কেমন হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

- ৮ ▶ নিচের চিত্রে একটি ধারক দেখানো হলো :



- ক. পয়েন্টিং ভেক্টর কী? ১
খ. তড়িৎবিভব ও তড়িৎ প্রাবল্যের মধ্যে গাণিতিক সম্পর্ক নির্ণয় কর। ২
গ. উদ্দীপকের ধারকের ধারকত্ব কত? ৩
ঘ. ধারকটির দুই পাতের মাঝখানে $K = 5$ পরাবৈদ্যুতিক প্রবকের পদার্থ স্থাপন করা হলে ধারকটির ধারকত্বে কিরূপ পরিবর্তন হবে-গাণিতিক যুক্তির সাহায্যে ব্যাখ্যা কর। ৪

শহীদ সৈয়দ নজরুল ইসলাম কলেজ, ময়মনসিংহ

বিষয় কোড : 1 7 5

সময়—২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান—৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।

১ ▶ একটি তাপ ইঞ্জিনের কার্যকরী পদার্থ 620 K তাপমাত্রার তাপ উৎস হতে 1000 J তাপ গ্রহণ করে এবং 310 K তাপমাত্রার তাপস্রোতকে 500 J তাপ বর্জন করে।


- ক. তাপীয় সাম্যাবস্থা কী? ১
 খ. রুদ্ধতাপীয় সংকোচনে সিস্টেমের অভ্যন্তরীণ শক্তি বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
 গ. তাপ ইঞ্জিনটির দক্ষতা নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের ইঞ্জিনটি প্রত্যাগামী না অপ্রত্যাগামী গাণিতিক বিশ্লেষণে মতামত দাও। ৪

২ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. বিন্দু চার্জ কী? ১
 খ. +1 C চার্জ হতে কত সংখ্যক বলরেখা নির্গত হবে? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপকের ত্রিভুজের মধ্যবিন্দুতে বিভব নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের সংস্থার মোট স্থিতিশক্তি নির্ণয় সম্ভব কি না— গাণিতিকভাবে দেখাও। ৪


৩ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



$M_p = 1.672 \times 10^{-27}$ kg, $M_n = 1.675 \times 10^{-27}$ kg। A পরমাণুর নিউক্লিয়াসটির প্রকৃত ভর = 6.64×10^{-27} kg। B পরমাণুর নিউক্লিয়াসটির প্রকৃত ভর A পরমাণুর প্রকৃত ভরের অর্ধেক।


- ক. নিউক্লিয় ফিউশন কী? ১
 খ. রাদারফোর্ডের পরমাণু মডেল অনুসারে পরমাণুর স্থায়ী অস্তিত্ব থাকতে পারে না— ব্যাখ্যা কর। ২
 গ. B পরমাণুর ভরত্রুটি নির্ণয় কর। ৩
 ঘ. কোন পরমাণু থেকে প্রোটন ও নিউট্রনকে আলাদা করতে বেশি শক্তির প্রয়োজন হবে— গাণিতিক যুক্তি দিয়ে ব্যাখ্যা কর। ৪

৪ ▶ চিত্রে ট্রানজিস্টরের প্রবাহ লাভ 100। পীঠ ও নিঃসারকের মধ্যবর্তী বিভব পার্থক্য 0.7 V।




- ক. ট্রানজিস্টর কাকে বলে? ১
 খ. NAND গেটের প্রতীক অঙ্কন করে সত্যক সারণি লিখ। ২
 গ. সংগ্রাহক ও নিঃসারকের মধ্যে বিভব পার্থক্য (V_{CE}) নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের বর্তনীটিকে ইলেক্ট্রনিক সুইচ হিসাবে ব্যবহার করা যায় কি? বিশ্লেষণ কর। ৪

৫ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. 1 kWh কাকে বলে? ১
 খ. কার্শফের ২য় সূত্রটি বিবৃতি ও ব্যাখ্যা কর। ২
 গ. 12 Ω রোধের সাথে কত মানের রোধ যুক্ত করলে বর্তনীর A ও B বিন্দুর বিভব সমান হবে? ৩
 ঘ. বর্তনীটিকে 20°C তাপমাত্রার 2 kg পানিতে ডুবিয়ে 1 h ধরে বিদ্যুৎ সরবরাহ করলে পানি ফুটবে কি না গাণিতিকভাবে বিশ্লেষণ কর। (পানির আপেক্ষিক তাপ $S = 4200 \text{ J kg}^{-1} \text{ K}^{-1}$)। ৪

৬ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



- ক. ডোপিং কি? ১
 খ. অর্ধপরিবাহী ডায়োড ওহমের সূত্র মেনে চলে কি না— ব্যাখ্যা কর। ২
 গ. বর্তনীর প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
 ঘ. সিলিকনের চারটি ডায়োড কিভাবে বর্তনীতে যুক্ত করে AC থেকে DC পাওয়া যায় বর্তনী চিত্র ঐক্কে Input ও Output বিশ্লেষণ কর। ৪

৭ ▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



যেখানে AB পর্দা, S_1 এবং S_2 দুটি সুসংগত উৎস। এক্ষেত্রে ব্যবহৃত আলোকের তরঙ্গদৈর্ঘ্য ছিল 5780 Å।

- ক. আলোকের অপবর্তন কাকে বলা হয়? ১
 খ. S_1 এবং S_2 উৎসকে সুসংগত উৎস কেন বলা যাবে? ব্যাখ্যা কর। ২
 গ. উদ্দীপক অনুযায়ী পর্দায় সৃষ্ট ডোরা ব্যবধান নির্ণয় কর। ৩
 ঘ. পর্দার দূরত্ব 30% বৃদ্ধি করার পরও একই প্রস্থের ডোরা তৈরি করতে বললে তুমি কি করবে— যুক্তিসহ মতামত দাও। ৪

৮ ▶ কোনো পদার্থবিজ্ঞান গবেষণাগারে ফটোটোডিং ক্রিয়া পর্যবেক্ষণের পরীক্ষায় 2000 Å তরঙ্গদৈর্ঘ্যের অতিবেগুনী রশ্মি 4.21 eV কার্যাপেক্ষক বিশিষ্ট অ্যালুমিনিয়াম পাতের উপর আপতিত হলে তা হতে 9.13×10^{-31} kg ভরের ফটোইলেক্ট্রন নির্গত হলো

- ক. আপেক্ষিকতা তত্ত্বে কাল দীর্ঘায়ন কাকে বলা হয়। ১
 খ. মাইকেলসন মোরলের পরীক্ষার ফলাফল হতে কী সিদ্ধান্ত পাওয়া গিয়েছিল লেখ। ২
 গ. উদ্দীপকের বর্ণিত পরীক্ষায় অ্যালুমিনিয়ামের সূচন তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
 ঘ. উদ্দীপকের গবেষণাগার সাপেক্ষে 0.6 c বেগে চলমান কোনো রকেটে থাকা কোনো পর্যবেক্ষকের নিকট ফটোইলেক্ট্রনের ভর কত প্রতীয়মান হবে তা নির্ণয় কর। ৪

রাজশাহী ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. নিচের কোন বৈশিষ্ট্যটি প্রমাণ করে যে আলো একটি অনুপ্রস্থ তরঙ্গ?

- (ক) প্রতিফলন (খ) ব্যতিচার
(গ) অপবর্তন (ঘ) সমবর্তন

২.



একটি নিরেট গোলকের অভ্যন্তরে সমানভাবে আধান বিতরণ করা আছে। এই গোলক থেকে একটি গোলাকার অংশ সরানো হয়েছে যেমন চিত্রে দেখানো হয়েছে। খালি স্থানের ভিতরে বৈদ্যুতিক ক্ষেত্র কী হবে?

- (ক) সর্বত্র শূন্য (খ) অশূন্য এবং সমান
(গ) অসমান (ঘ) শুধুমাত্র কেন্দ্রে শূন্য

৩. $\sqrt{\mu_0 \epsilon_0}$ এর মাত্রা কী?

- (ক) $[L^{-1}T]$ (খ) $[L^{-1}T^2]$
(গ) $[L^{-2}T^2]$ (ঘ) $[L^2T^{-1}]$

৪. তাপগতিবিদ্যার প্রথম সূত্রটি কী প্রকাশ করে?

- (ক) শক্তির সংরক্ষণশীলতা
(খ) ভরের সংরক্ষণশীলতা
(গ) এনট্রপির বৃদ্ধি (ঘ) শক্তির হ্রাস

৫. একটি সমোষ্ণ প্রক্রিয়ায়, অভ্যন্তরীণ শক্তির কি পরিবর্তন হয়?

- (ক) ধনাত্মক (খ) ঋণাত্মক
(গ) শূন্য (ঘ) এক জুল

৬. এনট্রপি কী পরিমাপ করে?

- (ক) তাপের পরিমাণ (খ) বিশৃঙ্খলা
(গ) তাপমাত্রার পরিবর্তন
(ঘ) কৃতকাজ

৭. নিচের কোন প্রক্রিয়াটি বিপরীতমুখী নয়?

- (ক) সমোষ্ণ সংকোচন
(খ) রুদ্ধতাপীয় প্রসারণ
(গ) গরম থেকে ঠাণ্ডায় প্রাকৃতিক তাপ প্রবাহ
(ঘ) ঘর্ষণহীন পিস্টনের চলাচল

৮. একটি সমান্তরাল পাত ধারকের ধারকত্ব কীসের উপর নির্ভর করে না?

- (ক) পাতদ্বয়ের ক্ষেত্রফল
(খ) পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব
(গ) পাতদ্বয়ের মধ্যবর্তী মাধ্যম
(ঘ) পাতদ্বয়ের উপর আধান

৯. আলোর তীব্রতা বনাম ফটো কারেন্টের জন্য কোন গ্রাফটি সঠিক?

- (ক) (খ)
(গ) (ঘ)

১০. একটি ঘনক একটি বিন্দু আধান q কে আবদ্ধ করে। যদি আধানটি ঘনকের কেন্দ্র থেকে সামান্য সরে যায়, তাহলে ঘনকের মধ্য দিয়ে বৈদ্যুতিক ফ্লাক্স—

- (ক) বৃদ্ধি পাবে (খ) হ্রাস পাবে
(গ) অপরিবর্তিত থাকবে
(ঘ) শূন্য হয়ে যাবে


১১. একটি সার্কিটে যদি একটি 60 W বাম্ব এবং একটি 100 W বাম্ব শ্রেণিবদ্ধভাবে সংযুক্ত থাকে, তাহলে কোনটি বেশি উজ্জ্বল হবে?

- (ক) 60 W বাম্ব (খ) 100 W বাম্ব
(গ) উভয়ই সমানভাবে জ্বলবে
(ঘ) নির্ধারণ করা যাবে না

১২. যদি একটি তাপ ইঞ্জিন থেকে কোন তাপ বর্জিত না হয়, তাহলে এর কর্মদক্ষতা কত হবে?

- (ক) 0% (খ) 1%
(গ) 50% (ঘ) 100%

■ নিচের সার্কিটটি লক্ষ কর এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :


১৩. 100 Ω রোধের মধ্য দিয়ে প্রবাহিত কারেন্ট—

- (ক) 0 A (খ) 0.024 A
(গ) 0.03 A (ঘ) 0.036 A

১৪. 50 Ω রোধের মধ্যদিয়ে প্রবাহিত কারেন্ট—

- (ক) 0 A (খ) 0.02 A
(গ) 0.03 A (ঘ) 0.036 A

১৫. নিচের চিত্রটি ফটোইলেকট্রিক প্রভাবের জন্য গতিশক্তি বনাম কম্পাঙ্ক দেখায়। লেখচিত্রের ঢাল কী নির্দেশ করে?



- (ক) নিবৃত্তি বিভব (খ) কার্যপেক্ষক
(গ) প্ল্যাঙ্কের ধ্রুবক (ঘ) সূচন কম্পাঙ্ক

১৬. যদি একটি বিন্দুতে বৈদ্যুতিক বিভব $V = (4x + 3y + 4z)$ V হয়, তাহলে সেই বিন্দুর বৈদ্যুতিক প্রাচ্যের মান কত হবে?

- (ক) 5 NC^{-1} (খ) 6 NC^{-1}
(গ) 36 NC^{-1} (ঘ) 49 NC^{-1}

১৭. নিচের কোনটিতে নিষিদ্ধ অঞ্চল (forbidden gap) রয়েছে?

- i. পরিবাহী
ii. অর্ধপরিবাহী
iii. অন্তরক

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. আলোর বেগে চলমান m_0 ভরের বস্তুর গতিশীল অবস্থায় ভর কত?

- (ক) শূন্য (খ) অসীম
(গ) m এর সমান (ঘ) m_0 এর দ্বিগুণ

১৯. আলোর অপবর্তনের ক্ষেত্রে—

- i. কেন্দ্রীয় উজ্জ্বল ডোরার তীব্রতা সর্বোচ্চ
ii. সম্পূর্ণ অন্ধকার বিন্দু পাওয়া যায় না
iii. ডোরাগুলো সমান প্রস্থবিশিষ্ট

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. ইলেকট্রন ভোল্ট (eV) হলো—

- i. 1 V বিভব পার্থক্যে একটি ইলেকট্রনকে সরানোর জন্য কৃতকাজ
ii. কোয়ান্টাম মেকানিক্সে ব্যবহৃত শক্তির একক

iii. $1 \text{ eV} = 1.6 \times 10^{-19} \text{ J}$

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. তড়িৎ চুম্বকীয় তত্ত্ব অনুসারে পরিবর্তনশীল তড়িৎ ক্ষেত্র এবং পরিবর্তনশীল চৌম্বক ক্ষেত্রের অনুপাত কত? (c = আলোর বেগ)

- (ক) c (খ) $\frac{1}{c}$
(গ) $\sqrt{\mu_0 \epsilon_0}$ (ঘ) $\frac{1}{\mu_0 \epsilon_0}$

২২. গ্যাসের অভ্যন্তরীণ শক্তি কোন রাশির উপর নির্ভর করে?

- (ক) তাপমাত্রা (খ) চাপ
(গ) আয়তন (ঘ) আপেক্ষিক তাপ

২৩. আর্গন (Ar) গ্যাসের জন্য γ এর মান কত?

- (ক) 1.33 (খ) 1.40
(গ) 1.50 (ঘ) 1.67

২৪. বৈদ্যুতিক বিভবের ঋণাত্মক হেডিয়েন্ট কী নির্দেশ করে?

- (ক) আধানের ঘনত্ব (খ) বৈদ্যুতিক ফ্লাক্স
(গ) বৈদ্যুতিক প্রাবল্য (ঘ) ধারকত্ব

২৫. ধ্বংসাত্মক ব্যতিচারের জন্য উপরিপাতিত তরঙ্গগুলোর পথ পার্থক্য কত?

- (ক) λ এর জোড় গুণিতক
(খ) λ এর বিজোড় গুণিতক
(গ) $\frac{\lambda}{2}$ এর জোড় গুণিতক
(ঘ) $\frac{\lambda}{2}$ এর বিজোড় গুণিতক

জয়পুরহাট গার্লস ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. ফ্রেনেল শ্রেণীর অপবর্তনে কোন ধরনের আলোকরশ্মি এবং তরঙ্গ তৈরি হয়?
 (ক) অপসারী এবং গোলকাকার
 (খ) অভিসারী এবং গোলকাকার
 (গ) সমান্তরাল এবং সমতলীয়
 (ঘ) সমান্তরাল এবং সিলিন্ডার আকৃতির
২. 20 cm ব্যাসার্ধের একটি ফাঁপা গোলকে 5 μC চার্জ সরবরাহ করা হলো। গোলকের অভ্যন্তরে তড়িৎ তীব্রতা কত হবে?
 (ক) $5.625 \times 10^6 \text{ NC}^{-1}$
 (খ) $1.125 \times 10^6 \text{ NC}^{-1}$
 (গ) অসীম
 (ঘ) শূন্য
৩. বর্তনীতে উৎপন্ন তাপের সমীকরণ—
 i. VIt
 ii. $\frac{V^2}{Rt}$
 iii. I^2Rt
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
৪. ইয়াং এর দ্বি-চির পরীক্ষায় ধ্বংসাত্মক ব্যতিচারের ক্ষেত্রে দশা পার্থক্য হবে—
 (ক) $2n\pi$ (খ) $2n \frac{\lambda}{2}$
 (গ) $(2n + 1)\pi$ (ঘ) $(n + \frac{1}{2})\lambda$
৫. 400 W – 200 V চিহ্নিত বাস্তব রোধ কত?
 (ক) 200 Ω (খ) 100 Ω
 (গ) 2 Ω (ঘ) 0.5 Ω
৬. পয়েন্টিং ভেক্টর $\vec{S} =$
 (ক) $\vec{H} \cdot \vec{E}$ (খ) $\vec{H} \times \vec{E}$
 (গ) $\vec{E} \cdot \vec{H}$ (ঘ) $\vec{E} \times \vec{H}$
৭. নিচের কোনটি নির্ণয়ে পোস্ট অফিস বক্স ব্যবহৃত হয়?
 (ক) তাড়ন বেগ
 (খ) তড়িচ্চালক শক্তি
 (গ) রোধ
 (ঘ) তড়িৎ প্রবাহ
৮. নিচের কোনটির কম্পাঙ্ক সবচেয়ে বেশি?
 (ক) রেডিও তরঙ্গ
 (খ) মাইক্রো তরঙ্গ
 (গ) অবলোহিত রশ্মি
 (ঘ) অতিবেগুনি রশ্মি
৯. আপেক্ষিকতার তত্ত্ব অনুসারে, গতির কারণে—
 (ক) দৈর্ঘ্য সংকোচন হয়
 (খ) ভর কমে যায়
 (গ) দৈর্ঘ্য বাড়ে
 (ঘ) সময় সংকোচন হয়
১০. তড়িৎ প্রবাহের ক্ষেত্রে কোন দুটি সূত্র প্রযোজ্য?
 (ক) কুলম্বের সূত্র এবং ওহমের সূত্র
 (খ) গাউসের সূত্র এবং কির্শফের সূত্র
 (গ) কুলম্বের সূত্র এবং গাউসের সূত্র
 (ঘ) ওহমের সূত্র এবং কির্শফের সূত্র
১১. ভূ-সংযোগে রাখা বস্তুর তড়িৎ বিভব—
 (ক) ধনাত্মক (খ) ঋণাত্মক
 (গ) অসীম (ঘ) শূন্য
- নিচের তথ্যের ভিত্তিতে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :
 একটি কার্নো ইঞ্জিন 327° C তাপমাত্রার উৎস হতে 800 J তাপশক্তি গ্রহণ করে 127° C তাপমাত্রার তাপগ্রাহকে বর্জন করে। পরবর্তিতে তাপগ্রাহকের তাপমাত্রা 227° C এ উন্নীত করা হয়।
১২. ইঞ্জিন দ্বারা কৃতকাজের পরিমাণ কত?
 (ক) 250 J (খ) 267 J
 (গ) 500 J (ঘ) 800 J
১৩. পরবর্তী কর্মদক্ষতা পূর্ববর্তী কর্মদক্ষতার তুলনায়—
 (ক) অর্ধেক (খ) সমান
 (গ) দ্বিগুণ (ঘ) তিনগুণ
১৪. একই তরঙ্গমুখের উপর দুই বিন্দুতে দশা পার্থক্য—
 (ক) $\frac{\pi}{2}$ (খ) π (গ) $\frac{\pi}{4}$ (ঘ) 0
১৫. তাপমাত্রা বৃদ্ধিতে পরিবাহকের পরিবাহকত্ব কিরূপে পরিবর্তন হয়?
 (ক) বাড়ে (খ) একই থাকে
 (গ) কমে যায় (ঘ) শূন্য হয়
১৬. গতিশীল কার্ঠামোর একটি ঘড়ির সাপেক্ষে স্থিতিশীল ঘড়ি—
 (ক) ধীরে চলে (খ) দ্রুত চলে
 (গ) একই থাকে
 (ঘ) দ্বিগুণ গতিতে চলে
১৭. ত্রি-পারমাণবিক গ্যাসের ক্ষেত্রে γ এর মান কত?
 (ক) 1.05 (খ) 1.33
 (গ) 1.4 (ঘ) 1.66
১৮. একটি তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু এবং অবক্ষয় ধ্রুবকের মধ্যে সম্পর্ক কী?
 (ক) $T_{\frac{1}{2}} = 0.693 \lambda$ (খ) $T_{\frac{1}{2}} = \frac{0.693}{\lambda}$
 (গ) $T_{\frac{1}{2}} = \frac{1}{\lambda}$ (ঘ) $T_{\frac{1}{2}} = \frac{\lambda}{0.693}$
১৯. দুটি উৎসকে সুসঙ্গত বলা হবে যদি তাদের থেকে নিঃসৃত আলোকরশ্মি—
 (ক) বিস্তার ও দশা একই হয়
 (খ) তরঙ্গদৈর্ঘ্য একই ও দশা পার্থক্য আলাদা হয়
 (গ) আলাদা তীব্রতা ও একই তরঙ্গদৈর্ঘ্য হয়
 (ঘ) তরঙ্গদৈর্ঘ্য ও দশা পার্থক্য উভয়ই আলাদা হয়
২০. সমবর্তন কোণ 60° হলে মাধ্যমের প্রতিসরণাঙ্ক কত হবে?
 (ক) $\frac{1}{\sqrt{2}}$ (খ) $\frac{1}{2}$
 (গ) $\sqrt{2}$ (ঘ) $\sqrt{3}$
২১. দ্বি-চির পরীক্ষায় চিরের ব্যবধান এবং পর্দায় দূরত্ব দ্বিগুণ হলে ডোরার প্রস্থ কেমন হবে?
 (ক) অর্ধেক (খ) এক-চতুর্থাংশ
 (গ) দ্বিগুণ (ঘ) একই থাকবে
২২. volt এর সমতুল্য একক কোনটি?
 (ক) JC^{-1} (খ) C
 (গ) NC^{-1} (ঘ) Nm^{-1}
২৩. 1.8 Ω রোধের মধ্য দিয়ে 1 A বিদ্যুৎ প্রবাহিত হয়। 10 A বিদ্যুৎ প্রবাহ পরিমাপের জন্য কত মানের শাট ব্যবহার করতে হবে?
 (ক) 4.2 Ω (খ) 2.2 Ω
 (গ) 1.2 Ω (ঘ) 0.2 Ω
২৪. কার্নো চক্রের দ্বিতীয় ধাপে—
 i. চাপ হ্রাস পায়
 ii. আয়তন হ্রাস পায়
 iii. তাপমাত্রা হ্রাস পায়
 নিচের কোনটি সঠিক?
 (ক) i ও ii (খ) i ও iii
 (গ) ii ও iii (ঘ) i, ii ও iii
২৫. প্রত্যাবর্তী প্রক্রিয়ার ক্ষেত্রে,
 (ক) এটি ধীর প্রক্রিয়া
 (খ) এটি স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া
 (গ) তাপীয় সাম্যাবস্থা রক্ষা হয় না
 (ঘ) শক্তি নষ্ট হয়

কুমিল্লা ক্যাডেট কলেজ

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহননির্বাচনী অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহননির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]


১. বায়ুমণ্ডল না থাকলে আকাশের রঙ কেমন হতো?

- (ক) নীল (খ) বেগুনি
(গ) সাদা (ঘ) কালো

২. I এবং 4 I তীব্রতার দুটি আলোক তরঙ্গের গঠনমূলক ব্যতিচারে সৃষ্ট তরঙ্গের তীব্রতা কত হবে?

- (ক) 9 I (খ) 4 I
(গ) 3 I (ঘ) 5 I

৩. নিচের কোন চিত্রটি ফটো তড়িৎ ক্রিয়ার ক্ষেত্রে মুক্ত ইলেকট্রনের গতিশক্তি ও আলোর তীব্রতার মধ্যে সম্পর্ক নির্দেশ করে?



৪. কার পরীক্ষা ইথারের অস্তিত্ব থাকার কথা ভুল প্রমাণ করে?

- (ক) ইয়ং
(খ) মাইকেলসন-মোরলি
(গ) আইনস্টাইন (ঘ) গ্যালিলিও

৫. পদার্থবিজ্ঞান পরীক্ষাগারে মি. রহিম একটি ধাতুর ঘনত্ব নির্ণয় করলেন $19.3 \times 10^3 \text{ kg m}^{-3}$ অন্যদিকে মি. করিম 0.9 c দ্রুতিতে গতিশীল একটি প্রসঙ্গ কাঠামো থেকে একই ধাতুর ঘনত্ব নির্ণয় করলেন। গতিশীল প্রসঙ্গ কাঠামোতে ধাতুটির ঘনত্বের মান কত?

- (ক) $101.5 \times 10^3 \text{ kg m}^{-3}$
(খ) $103.5 \times 10^3 \text{ kg m}^{-3}$
(গ) $106.5 \times 10^3 \text{ kg m}^{-3}$
(ঘ) $109.5 \times 10^3 \text{ kg m}^{-3}$


৬. তেজস্ক্রিয়তা হলো—

- i. একটি নিউক্লিয়ার ঘটনা
ii. একটি নিরবচ্ছিন্ন ঘটনা
iii. বাহ্যিক ক্ষেত্র দ্বারা প্রভাবিত

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৭. কোন চিত্রে কৃতকাজের পরিমাণ ঋণাত্মক?



৮. সমোষ্ণ প্রক্রিয়ার ক্ষেত্রে—

- i. এটি একটি দ্রুত প্রক্রিয়া
ii. এই প্রক্রিয়ায় পরিবাহক দরকার
iii. এটি বয়েলের সূত্র মানে না

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

৯. রেফ্রিজারেটরের কর্মসম্পাদন সহগ 2.5।

যদি এটি শীতল প্রকোষ্ঠ থেকে প্রতি চক্রে 500 J তাপ অপসারণ করে তাহলে পঁচটি চক্রে সরবরাহকৃত মোট কাজের পরিমাণ কত?

- (ক) 800 J (খ) 900 J
(গ) 1000 J (ঘ) 1200 J

১০. তড়িৎ ফ্লাক্সের সমতুল একক কোনটি?

- (ক) ওয়েবার (খ) N/Cm
(গ) NC/m (ঘ) C/m

কোনো বিন্দুতে তড়িৎ বিভবের সমীকরণ,
 $V = 5 + 4x^3$

১১ এবং ১২ নং প্রশ্নের উত্তর দাও :

১১. $x = 0.5 \text{ m}$ দূরত্বে তড়িৎ ক্ষেত্রের প্রাবল্য কত?

- (ক) -4 N/C (খ) -3 N/C
(গ) -2 N/C (ঘ) -1 N/C

১২. ঐ তড়িৎক্ষেত্রে $-2 \times 10^{-6} \text{ C}$ চার্জের উপর তড়িৎ বল কত?

- (ক) $2 \times 10^{-6} \text{ N}$ (খ) $3 \times 10^{-6} \text{ N}$
(গ) $4 \times 10^{-6} \text{ N}$ (ঘ) $6 \times 10^{-6} \text{ N}$

১৩. ধারকের ক্ষেত্রে,

- i. এটি ডি.সি. কারেন্টকে বাঁধা দেয়
ii. এর একক CV
iii. এর মাঝে ডাইইলেকট্রিক পদার্থ ব্যবহৃত হয়

নিচের কোনটি সঠিক?

- (ক) i (খ) ii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৪. প্রবাহ ঘনত্বের একক কোনটি?

- (ক) Am (খ) A/m
(গ) Am^{-2} (ঘ) Am^{-3}

১৫. তাপের যান্ত্রিক তুল্যাক্ষের একক—

- (ক) Cal/gram (খ) Nm/Cal
(গ) Cal/Joule (ঘ) Joule-Cal

১৬. নিচের কোন পদার্থটির রোধের উষ্ণতা সহগের মান ঋণাত্মক?

- (ক) Al (খ) Cu
(গ) Si (ঘ) Bi


১৭. $1 \text{ curie} = x \text{ dps}$, x এর মান কত?

- (ক) 3.7×10^{10} (খ) 4.7×10^{10}
(গ) 5.7×10^{10} (ঘ) 6.7×10^{10}

১৮. একটি ট্রানজিস্টর এর β এর মান কত? যার $\alpha = 0.95$ এবং $I_E = 0.9 \text{ mA}$.


- (ক) 20 (খ) 19
(গ) 18 (ঘ) 17

১৯. চিত্রে A দ্বারা চিহ্নিত পিন নাম্বার কত?




- (ক) 13 (খ) 12
(গ) 11 (ঘ) 10

২০. নিচের কোন চিত্রে তাপমাত্রার সাথে পরিবাহকের রোধের সম্পর্ক দেখানো হয়েছে?



২১. যদি G এর মান 100Ω হয় তাহলে শাট এর মান কত হবে?



- (ক) 10Ω (খ) 0.9Ω
(গ) 8Ω (ঘ) 11Ω

২২. পোস্ট অফিস বক্স ব্যবহৃত হয়—

- (ক) পোস্ট অফিস বিল সংগ্রহ করার জন্য
(খ) কোষের EMF নির্ণয় করার জন্য
(গ) অজানা রোধ নির্ণয়ের জন্য
(ঘ) প্রবাহ নির্ণয়ের জন্য

২৩. মিটার ব্রীজ নিচের কোন নীতি অনুসারে কাজ করে?

- (ক) অ্যাম্পিয়ারের সূত্র
(খ) হুইটস্টোন ব্রীজের নীতি
(গ) ফার্মাটের নীতি
(ঘ) কির্শফের সূত্র

২৪. কোন চিত্রটি আলোর ব্যতিচার নির্দেশ করে?

- (ক) চিত্র a (খ) চিত্র b
(গ) চিত্র c (ঘ) চিত্র d

২৫. যদি 4000 \AA তরঙ্গদৈর্ঘ্যের দুটি আলোর পথ পার্থক্য $2 \times 10^{-7} \text{ m}$ হয়। তাহলে দশা পার্থক্য হবে?

- (ক) π (খ) 2π
(গ) $\frac{3\pi}{2}$ (ঘ) $\frac{\pi}{2}$

রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা

বিষয় কোড : 175

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. সম আয়তন প্রক্রিয়ার ক্ষেত্রে নিম্নের কোনটি প্রযোজ্য?

- (ক) বহিঃস্থ কাজ সম্পাদিত হয়
(খ) কৃতকাজ সরবরাহকৃত তাপশক্তির সমান
(গ) কৃতকাজ শূন্য
(ঘ) অভ্যন্তরীণ শক্তি হ্রাস পায়

২. এনট্রপির মাত্রা নিচের কোনটি?

- (ক) $ML^2T^2K^{-1}$ (খ) $ML^2T^2K^{-2}$
(গ) $ML^2T^{-2}K^{-1}$ (ঘ) $ML^2T^{-2}K^{-2}$

৩. তাপগতিবিদ্যায় এনট্রপি-

- i. তাপ ও পরম তাপমাত্রার অনুপাত সমান
ii. তাপ সঞ্চালনের দিক নির্দেশ কর
iii. তাপমাত্রা ও চাপের ন্যায় অনুভব করা যায়

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৪. 500 মিটার উঁচু জলপ্রপাতের তলদেশ ও শীর্ষদেশের পানির তাপমাত্রার পার্থক্য কত হবে?

- (ক) $1.19^\circ C$ (খ) $2.19^\circ C$
(গ) $3.19^\circ C$ (ঘ) $4.19^\circ C$

৫. তড়িৎ দ্বিমের ড্রামকের একক নিচের কোনটি?

- (ক) কুলম্ব/মিটার (খ) কুলম্ব-মিটার
(গ) মিটার/কুলম্ব (ঘ) কুলম্ব/মিটার^২

৬. শূন্য মাধ্যমে এক কুলম্ব ধনাত্মক চার্জ হতে কত তড়িৎ ফ্লাক্স নির্গত হবে?

- (ক) $8.85 \times 10^{-12} Nm^2C^{-1}$
(খ) $8.85 \times 10^{12} Nm^2C^{-1}$
(গ) $1.1 \times 10^{-11} Nm^2C^{-1}$
(ঘ) $1.1 \times 10^{11} Nm^2C^{-1}$

৭. তড়িৎ বিভবের ঋণাত্মক গ্রেডিয়েন্টকে কি বলে?

- (ক) চার্জ ঘনত্ব (খ) তড়িৎ ফ্লাক্স
(গ) তড়িৎ প্রাবল্য (ঘ) ধারকত্ব

৮. দুটি সমান ধারকত্বের ধারককে প্রথমে শ্রেণিতে ও পরে সমান্তরালে যুক্ত করলে তুল্য ধারকত্বের অনুপাত কত?

- (ক) 1 : 4 (খ) 1 : 2
(গ) 2 : 1 (ঘ) 4 : 1

■ নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :

একটি মিটার ব্রিজের বাম ফাঁকে 15 Ω রোধ এবং ডান ফাঁকে 0.2 mm ব্যাসার্ধ

ও 314 cm দৈর্ঘ্যের একটি তার যুক্ত করা হলে বাম প্রান্ত হতে 58 cm দূরে সাম্যবিন্দু পাওয়া গেল।

৯. ডান ফাঁকে দেওয়া তারটির রোধ কত?

- (ক) 9.86 Ω (খ) 10.86 Ω
(গ) 11.86 Ω (ঘ) 12.86 Ω

১০. তারটির উপাদানের আপেক্ষিক রোধ কত?

- (ক) $3.34 \times 10^{-7} \Omega\text{-m}$
(খ) $4.34 \times 10^{-7} \Omega\text{-m}$
(গ) $5.34 \times 10^{-7} \Omega\text{-m}$
(ঘ) $6.34 \times 10^{-7} \Omega\text{-m}$

১১. কোন নির্দিষ্ট উপাদানের তারকে টেনে তিনগুণ ও প্রস্থচ্ছেদ এক-তৃতীয়াংশ করা হলে, তারটির আপেক্ষিক রোধ হবে-

- (ক) তিনগুণ
(খ) নয় গুণ
(গ) অপরিবর্তিত থাকবে
(ঘ) এক-তৃতীয়াংশ

১২. কোষের তড়িচ্চালক বল মাপার যন্ত্রের নাম কি?

- (ক) অ্যামিটার
(খ) মিটার ব্রিজ
(গ) পোস্ট অফিস বক্স
(ঘ) পটেনশিওমিটার

১৩. একটি তরঙ্গমুখের উপরস্থ বিন্দুগুলোর দশা পার্থক্য-

- (ক) 0° (খ) 90°
(গ) 180° (ঘ) 270°

১৪. একটি ছোট্ট এর প্রতি একক দৈর্ঘ্যে রেখার সংখ্যা N এবং ছোট্টের দৈর্ঘ্য d এর মধ্যে সম্পর্ক নিচের কোনটি?

- (ক) $N = \frac{1}{d}$ (খ) $N = d$
(গ) $N = \frac{1}{d^2}$ (ঘ) $N = \frac{1}{\sqrt{d}}$

১৫. কাচের প্রতিসরণাঙ্ক 1.52। বায়ু সাপেক্ষে কাচের সমবর্তন কোণ কত?

- (ক) 33.34° (খ) 41.13°
(গ) 48.13° (ঘ) 56.66°

১৬. নিচের কোনটি দ্বারা অনুদৈর্ঘ্য ও অনুপ্রস্থ তরঙ্গকে পৃথক করা যায়?

- (ক) সমবর্তন
(খ) ব্যতিচার
(গ) অপবর্তন
(ঘ) আলোক তড়িৎ ক্রিয়া

১৭. আপতিত আলোর কি বৃদ্ধি করলে ফটো তড়িৎ ক্রিয়ায় নিঃসৃত ইলেকট্রনের গতিশক্তি বৃদ্ধি পাবে?

- (ক) তীব্রতা (খ) কম্পাঙ্ক
(গ) তরঙ্গদৈর্ঘ্য
(ঘ) তরঙ্গদৈর্ঘ্য ও তীব্রতা

১৮. এক্স-রে উৎপাদনের ক্ষেত্রে ক্যাথোড পাত হিসেবে নিচের কোন ধাতুটি ব্যবহৃত হয়?

- (ক) পটাশিয়াম (খ) প্লাটিনাম
(গ) মলিবডেনাম (ঘ) অ্যালুমিনিয়াম

১৯. আপেক্ষিকতার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?

- (ক) ভর বেশি, বেগ কম
(খ) ভর কম, বেগ বেশি
(গ) ভর বেশি, বেগ বেশি
(ঘ) ভর কম, বেগ কম

২০. কোন ধাতুর কার্যপেক্ষক 1.85 eV হলে সূচন কম্পাঙ্ক কত?

- (ক) $9 \times 10^9 \text{ Hz}$ (খ) $4.46 \times 10^{14} \text{ Hz}$
(গ) $4.46 \times 10^{17} \text{ Hz}$ (ঘ) $2.23 \times 10^{20} \text{ Hz}$

২১. নিউক্লিয়াসের আয়তন এর ভর সংখ্যার কিরূপ?

- (ক) বর্গের সমানুপাতিক
(খ) বর্গের ব্যস্তানুপাতিক
(গ) সমানুপাতিক (ঘ) ব্যস্তানুপাতিক

২২. নিচের কোন নিউক্লিয়াসটির প্রতি নিউক্লিয়ন বন্ধন শক্তি সর্বাধিক?

- (ক) হিলিয়াম (খ) অক্সিজেন
(গ) আয়রন (ঘ) গোষ্ঠ

২৩. নিচের কোন রশ্মিটির আয়নায়ন ক্ষমতা সবচেয়ে কম?

- (ক) আলফা রশ্মি (খ) বিটা রশ্মি
(গ) গামা রশ্মি (ঘ) এক্স রশ্মি

২৪. হাইড্রোজেন পরমাণুর চতুর্থ কক্ষের ইলেকট্রনের বেগ দ্বিতীয় কক্ষের ইলেকট্রনের বেগের কত গুণ?

- (ক) 0.5 (খ) 0.707
(গ) 1.414 (ঘ) 2

২৫. সমন্বিত বর্তনীর ক্ষেত্রে-

- i. কম বিদ্যুতের প্রয়োজন হয়
ii. ওজন ও দম কম
iii. কোন যন্ত্রাংশ নষ্ট হলে সমস্ত চিপটি অকেজো হয় না

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

ভিকারননিসা নূন স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. একটি তারের রোধ 10Ω । একে $6 V$ তড়িচ্চালক শক্তি ও 5Ω অভ্যন্তরীণ রোধের একটি বিদ্যুৎ কোষের দুই প্রান্তের সাথে যুক্ত করা হলো। কোষের প্রান্তীয় বিভব পার্থক্য কত হবে?

- ক) $2 V$ খ) $3 V$ গ) $4 V$ ঘ) $6 V$

২. কোন যন্ত্রের সাহায্যে রোধ পরিমাপ করা যায়?


- i. মিটার ব্রিজ
ii. পোস্ট অফিস বক্স
iii. পটেনশিওমিটার

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ নিচের বর্তনী থেকে ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :

($P = Q = 4 \Omega$ এবং $R = S = 8 \Omega$)



৩. বর্তনীর তুল্য রোধ কত?

- ক) 4Ω খ) 5.33Ω
গ) 8Ω ঘ) 12Ω

৪. গ্যালভানোমিটারটির মধ্য দিয়ে প্রবাহিত বিদ্যুতের পরিমাণ কত?

- ক) $4 A$ খ) $0 A$
গ) $8 A$ ঘ) $12 A$

৫. কোন কণার বিনিময়ের মাধ্যমে তড়িৎ চৌম্বক বল কার্যকর হয়?

- ক) প্রোটন খ) বোসন
গ) ফোটন ঘ) গ্লুয়ন

৬. কার পরীক্ষায় ইথারের অস্তিত্ব ভুল প্রমাণিত হয়?

- ক) ইয়ং খ) আইনস্টাইন
গ) মাইকেলসন-মর্লি ঘ) গ্যালিলিও

৭. একটি নিউট্রন $0.4 \times 10^8 m s^{-1}$ বেগে গতিশীল হলে এর গতিশক্তি কত?

- ক) $1.34 \times 10^{-11} J$ খ) $1.35 \times 10^{-12} J$
গ) $0.4 \times 10^8 J$ ঘ) $1.5 \times 10^{-10} J$

৮. একজন মহাকাশচারী তাঁর গতির সাহায্যে $60 LY$ দূরত্বকে $48 LY$ অপেক্ষা কম দূরত্বে পরিণত করলেন। এজন্য তার গতিবেগ হতে হবে—

- ক) $0.6 c$ অপেক্ষা বেশি
খ) $0.6 c$ অপেক্ষা কম
গ) $0.8 c$ অপেক্ষা বেশি
ঘ) $0.8 c$ অপেক্ষা কম

৯. একটি নিউক্লিয়াসের গড় ঘনত্ব কত?

- ক) $3 \times 10^{16} kgm^{-3}$
খ) $2.3 \times 10^{17} kgm^{-3}$
গ) $2.3 \times 10^{-17} kgm^{-3}$
ঘ) $9.1 \times 10^{-31} kgm^{-3}$

১০. একটি স্থির নিওক্লিয়াস হঠাৎ দুই টুকরোয় বিভক্ত হলো। টুকরো দুটির বেগের অনুপাত $1:27$ হলে তাদের ব্যাসার্ধের অনুপাত কত?

- ক) $1:27$ খ) $1:3$
গ) $3:1$ ঘ) $27:1$

১১. ${}_{90}Th^{234} \rightarrow {}_{91}Pa^{234} + X$; এখানে X কি?

- ক) আলফা কণা খ) বিটা কণা
গ) গামা কণা ঘ) X-ray

১২. U^{238} এর অর্ধায়ু $1.42 \times 10^{17} sec$ হলে $1 g$ ইউরেনিয়াম থেকে প্রতি সেকেন্ডে কতগুলো পরমাণু ভেঙে যাবে?

- ক) 238টি খ) 12341.5টি
গ) 1.42×10^{17} টি ঘ) 6.023×10^{23} টি


১৩. পরিবাহীর পরিবহন ও যোজন ব্যান্ডের মধ্যে শক্তির ব্যবধান কত?

- ক) $1.1 eV$ খ) $6 eV$
গ) $0 eV$ ঘ) $0.7 eV$

১৪. একটি ট্রানজিস্টরের প্রবাহ বিবর্তন গুণক 0.96 হলে প্রবাহ লাভ কত হবে?

- ক) 6 খ) 12 গ) 24 ঘ) 48

১৫.



15Ω রোধের মধ্য দিয়ে কি পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে?

- ক) $0.1 A$ খ) $10 A$
গ) $0 A$ ঘ) $1 A$

১৬. $\gamma = \frac{5}{3}$ এর জন্য কোনটি সত্য—

- ক) $C_p = \frac{3}{2} R$ খ) $C_v = \frac{3}{2} R$
গ) $C_p = \frac{5}{2} R$ ঘ) $C_v = \frac{5}{2} R$

১৭. এনট্রপির মাত্রা—

- ক) $ML^2\theta^{-1}$ খ) $ML^1L\theta^{-2}$
গ) $ML^2T^{-2}\theta^{-1}$ ঘ) $MLT^{-1}\theta^2$

১৮. একটি চার্জিত সমতল পরিবাহীর সম্মুখে তড়িৎ ক্ষেত্র প্রাবল্য বনাম দূরত্ব এর লেখচিত্র কোনটি?

- ক) খ)
গ) ঘ)

১৯. $2 C$ চার্জ বিশিষ্ট $20 cm$ ব্যাসার্ধের A একটি ধাতব ফাঁপা গোলক B কে আকর্ষণ করছে। A গোলকটির তলমাত্রিক ঘনত্ব কত?

- ক) $4.797 C/m^2$ খ) $4.973 C/m^2$
গ) $3.979 C/m^2$ ঘ) $3.797 C/m^2$

■ নিচের তথ্যের ভিত্তিতে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :

$20 gm$ পানিকে $10^\circ C$ হতে $100^\circ C$ -এর বাষ্পে পরিণত করা হলো।

২০. শুধুমাত্র বাষ্পে পরিণত করতে প্রয়োজনীয় তাপের পরিমাণ কত?

- ক) $45360 J$ খ) $43560 J$
গ) $46350 J$ ঘ) $53460 J$

২১. উক্ত পরিবর্তনের ফলে এনট্রপির পরিবর্তন নির্ণয় করো—

- ক) $145.80 JK^{-1}$
খ) $144.804 JK^{-1}$
গ) $143.80 JK^{-1}$
ঘ) $142.80 JK^{-1}$

২২. $2 mm$ দূরত্বে রক্ষিত দুইটি চার্জ $\pm 2 \mu C$ দ্বারা একটি ইলেকট্রিক দ্বিপোল গঠিত হয়েছে। দ্বিপোলটি $4 \times 10^4 NC^{-1}$ তড়িৎক্ষেত্রে অভিলম্বভাবে স্থাপন করার জন্য কত টর্ক প্রয়োজন হবে?

- ক) $1.5 \times 10^{-4} Nm$
খ) $1.6 \times 10^{-4} Nm$
গ) $1.8 \times 10^{-4} Nm$
ঘ) $1.9 \times 10^{-4} Nm$

২৩. পয়েন্টিং ভেক্টর \vec{S} হলো—

- i. $\frac{1}{\mu_0} (\vec{E} \times \vec{B})$
ii. $\vec{E} \times \vec{H}$
iii. $\vec{E} \times \vec{B}$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৪. শূন্য মাধ্যমে আলোর বেগ c হলে কোনটি সঠিক—

- ক) $c = \sqrt{\epsilon_0 \mu_0}$ খ) $c = \frac{1}{\sqrt{\epsilon_0 \mu_0}}$
গ) $c = \sqrt{\frac{\mu_0}{\epsilon_0}}$ ঘ) $c = \sqrt{\frac{\epsilon_0}{\mu_0}}$

২৫. আলোক বর্ষ কার একক?

- ক) বেগ খ) দূরত্ব
গ) সময় ঘ) কম্পাঙ্ক

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল, ঢাকা

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহননির্বাচনী অভীক্ষা

সূর্যমাস : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহননির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. নিচের বর্তনীতে X, Y, Z কোন মানগুলোর জন্য R বাম্বাট জ্বলবে?



- ক) 0, 1, 1 খ) 1, 0, 0
গ) 1, 0, 1 ঘ) 1, 1, 0

২. 5000 Å আলোক রশ্মির জন্য যে অপবর্তন গ্রেটিং প্রথম ক্রমের জন্য 30° অপবর্তন কোণ প্রদান করে তার প্রতি মিলিমিটারে রাখার সংখ্যা কত?

- ক) 1000 খ) 10000
গ) 100000 ঘ) 1000000


৩. অর্ধপরিবাহীতে গরিষ্ঠ আধান বাহক কোনটি?

- ক) n-টাইপে হোল এবং p-টাইপে ইলেকট্রন
খ) n-টাইপ ও p-টাইপ উভয়েই ইলেকট্রন
গ) n-টাইপে ইলেকট্রন এবং p-টাইপে হোল
ঘ) n-টাইপ ও p-টাইপ উভয়েই হোল

৪. r ব্যাসার্ধের গোলকীয় তলের কেন্দ্রে $q = 8.854 \times 10^{-8}$ C চার্জ রাখা। উক্ত তল থেকে নিঃসৃত তড়িৎ ফ্লাক্স এর মান—

- ক) $10 \text{ Nm}^2 \text{ C}^{-1}$ খ) $10^4 \text{ Nm}^2 \text{ C}^{-1}$
গ) $10^3 \text{ Nm}^2 \text{ C}^{-1}$ ঘ) $\frac{1}{10000} \text{ Nm}^2 \text{ C}^{-1}$

■ নিচের তথ্যের ভিত্তিতে ৫ ও ৬নং প্রশ্নের উত্তর দাও :



৫. বর্তনীর তড়িৎ প্রবাহের পরিমাণ কত?

- ক) 1.904 A খ) 0.987 A
গ) 0.493 A ঘ) 0.110 A

৬. যদি বর্তনীর A কোষটিকে B কোষের সাথে বিপরীত ক্রমে সংযোগ দেওয়া হয় তাহলে বর্তনীর মোট তড়িচ্চালক বল—

- ক) বাড়বে খ) কমবে
গ) অপরিবর্তিত থাকবে ঘ) শূন্য হবে

৭. অ্যামিটারের পাল্লা বৃদ্ধির সমীকরণ—

- ক) $S = (n-1)r$ খ) $S = n(r-1)$
গ) $S = \frac{r}{n-1}$ ঘ) $S = \frac{n-1}{r}$

৮. আলোক তড়িৎ ক্রিয়ায়—

- i. আপতিত আলোর কম্পাঙ্ক সূচন কম্পাঙ্কের চেয়ে কম হলেই কেবল ইলেকট্রন নির্গমন ঘটে
ii. আলোর কম্পাঙ্ক বাড়লে নির্বৃত্ত বিভব বৃদ্ধি পায়
iii. আলোর বর্ণ পরিবর্তনের সাথে নির্গত ইলেকট্রনের শক্তির সম্পর্ক রয়েছে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৯. এক্স রশ্মি উৎপাদন মেশিনে অ্যানোড ও ক্যাথোড এর মধ্যে বিভব পার্থক্য 50 KV হলে ক্যাথোড হতে নির্গত ইলেকট্রনের বেগ?

- ক) $2.60 \times 10^8 \text{ m s}^{-1}$ খ) $1.32 \times 10^8 \text{ m s}^{-1}$
গ) $1.86 \times 10^8 \text{ m s}^{-1}$ ঘ) $0.93 \times 10^8 \text{ m s}^{-1}$

১০. ত্বরণযুক্ত প্রসঙ্গ কাঠামোকে বলে—

- ক) জড় প্রসঙ্গ কাঠামো
খ) অজড় প্রসঙ্গ কাঠামো
গ) গ্যালিলিও প্রসঙ্গ কাঠামো
ঘ) নিউটনীয় প্রসঙ্গ কাঠামো

১১. আলোর বেগ—

i. $c = \frac{E_0}{B_0}$ ii. $c = \frac{1}{\sqrt{\mu_0 \epsilon_0}}$ iii. $c = \frac{E}{P}$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১২. একটি বৈদ্যুতিক বাতি, পাখা ও হিটারের গায়ে যথাক্রমে 100 W-230 V, 80 W-230 V এবং 1 kW-230 V লেখা আছে। কোনটির রোধ সবচেয়ে কম?

- ক) বাতি খ) পাখা
গ) হিটার ঘ) বাতি ও পাখা

১৩. তাড়ন বেগ ও প্রবাহ ঘনত্বের মধ্যে সম্পর্ক—

ক) $v = \frac{JA}{ne}$ খ) $v = \frac{i}{nAe}$
গ) $v = \frac{J}{ne}$ ঘ) $v = \frac{IA}{ne}$

১৪. অপবর্তন গ্রেটিং—

- i. আলোর প্রকৃতি নির্ণয় করতে পারে
ii. নির্দিষ্ট দিকে আপতিত রশ্মিকে একত্রিত করতে পারে
iii. তীক্ষ্ণ বর্ণালী সৃষ্টি করতে পারে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii


১৫. কৃষ্ণবস্তুর বিকিরণ ব্যাখ্যা করে—

- ক) প্লাঙ্কের তত্ত্ব খ) র্যাল-জিঙ্গের তত্ত্ব
গ) চিরায়ত পদার্থবিজ্ঞানের তত্ত্ব
ঘ) তেজস্ক্রিয় ক্ষয় তত্ত্ব


১৬. একটি আলোক উৎস দর্শকের দিকে $\frac{c}{4}$ বেগে গতিশীল। দর্শকের কাছে আলোর বেগ কত প্রতীয়মান হবে?

- ক) $\frac{5}{4}c$ খ) c
গ) 4c ঘ) 5c

১৭. আলোক তড়িৎ ক্রিয়ায় আপতিত আলোর তীব্রতা ও ফটো ইলেকট্রন নিঃসরণের হারের মধ্যে নিম্নের কোন লেখচিত্রটি সঠিক?



১৮. নিচের নিউক্লিয় বিক্রিয়ায় X-কণাটি কী?



- ক) একটি ইলেকট্রন খ) একটি প্রোটন
গ) একটি নিউট্রন
ঘ) একটি হিলিয়াম নিউক্লিয়াস

১৯. একটি বস্তুর তাপমাত্রা 9 মিনিটে 50° C থেকে 35° C এ নেমে আসে। ফারেনহাইটে তাপমাত্রা নেমে আসার হার কত?

- ক) 0.03° FS⁻¹ খ) 0.04° FS⁻¹
গ) 0.05° FS⁻¹ ঘ) 0.06° FS⁻¹

■ উদ্দীপকের আলোকে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :

সমব্যাসার্ধের দুটি গোলক A ও B-তে যথাক্রমে $q_1 = +2 \text{ C}$ এবং $q_2 = -2 \text{ C}$ পরিমাণ চার্জ আছে।

২০. A গোলক কতটি ইলেকট্রন হারিয়েছে?

- ক) 1.6×10^{19} খ) 3.2×10^{19}
গ) 6.25×10^{19} ঘ) 1.25×10^{19}

২১. উপরোল্লিখিত উদ্দীপকের ক্ষেত্রে —

- i. A ও B গোলকের পৃষ্ঠে তড়িৎ বিভবের মান সমান
ii. A ও B গোলকের পৃষ্ঠে তড়িৎ প্রাবল্যের মান সমান
iii. A ও B গোলকের পৃষ্ঠের আধান ঘনত্ব সমান

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. বিবর্ধক—

- i. পরিবর্তীপ্রবাহ, ভোল্টেজ এর বিস্তার বৃদ্ধি করে
ii. ইনপুটে দেওয়া দুর্বল সংকেতকে আউটপুট বৃদ্ধি করে
iii. মাইকে ব্যবহৃত হয়

নিচের কোনটি সঠিক?

- ক) i ও iii খ) i ও ii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. ক্রিকেট খেলায় ব্যবহৃত ইলেকট্রিক স্কোরবোর্ড ডিসপ্লে সাধারণত কী ধরনের অর্ধপরিবাহী দিয়ে তৈরি—

- ক) ট্রানজিস্টার
খ) আলো নিঃসারক ডায়োড
গ) সৌরকোষ
ঘ) ফিল্ড ইফেক্ট ট্রানজিস্টার

■ নিচের তথ্যের ভিত্তিতে ২৪ ও ২৫নং প্রশ্নের উত্তর দাও :

স্থির চাপের 6 gm হিলিয়াম গ্যাসের কিছু পরিমাণ তাপশক্তি সরবরাহ করা হয়। গ্যাস কর্তৃক কৃতকাজ 80 J, $C_p = 13.2 \text{ J mole}^{-1} \text{ K}^{-1}$ । তাপমাত্রার পরিবর্তন 6.4 K।

২৪. তাপগতিবিদ্যার ২য় সূত্রকে প্রকাশ করা যায়—

- i. তাপ ইঞ্জিনের দক্ষতা কখনই 100% হতে পারে না
ii. তাপ সবসময় উত্তপ্ত বস্তু থেকে শীতল বস্তুর দিকে প্রবাহিত হয়
iii. মহাবিশ্বের মোট এন্ট্রপি সবসময় স্থির

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. কী পরিমাণ অন্তঃস্থ শক্তির পরিবর্তন ঘটবে?

- ক) 17 J খ) 27 J গ) 37 J ঘ) 47 J

হলি ক্রস কলেজ, ঢাকা

বিষয় কোড : 175

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. নিচের কোন তড়িৎ চুম্বকীয় বিকিরণের কম্পাঙ্ক সবচেয়ে কম?

- ক) গামা খ) অবলোহিত
গ) অতিবেগুনী ঘ) এক্স-রে

২. $\sqrt{\mu_0 \epsilon_0}$ এর মাত্রা কত?

- ক) LT^{-1} খ) $L^{-1}T$ গ) LT^{-2} ঘ) L^2T^{-1}

৩. কাচে অসমবর্তিত আলো কত কোণে আপতিত হলে প্রতিফলিত রশ্মি সমবর্তিত হবে?

- ক) 75° খ) 57° গ) 35° ঘ) 27°

৪. $\frac{c}{\sqrt{3}}$ বেগে চলমান একটি কণার মোট শক্তি হলো—

- ক) $0.173 m_0 c^2$ খ) $\sqrt{\frac{3}{2}} m_0 c^2$

- গ) $\sqrt{\frac{2}{4}} m_0 c^2$ ঘ) $1.732 m_0 c$

৫. আপেক্ষিক তড়ের ক্ষেত্রে—

- i. চলমান ঘড়ি নিশ্চল ঘড়ি অপেক্ষা দ্রুত চলে
ii. চলমান অবস্থায় কোনো বস্তুর দৈর্ঘ্য এর নিশ্চল দৈর্ঘ্য অপেক্ষা ছোট
iii. গতিশীল কোনো বস্তুর ভর এর নিশ্চল ভর অপেক্ষা বেশি

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৬. একটি রকেট কত দ্রুতিতে চলে গেলে এর দৈর্ঘ্য আদি দৈর্ঘ্যের এক-চতুর্থাংশ হবে?

- ক) $3 \times 10^8 \text{ ms}^{-1}$ খ) $2.99 \times 10^8 \text{ ms}^{-1}$
গ) $2.94 \times 10^8 \text{ ms}^{-1}$ ঘ) $2.90 \times 10^8 \text{ ms}^{-1}$


৭. 60 V বিভব পার্থক্যে গতিশীল একটি ইলেকট্রনের ভরবেগ কত হবে?

- ক) $4.14 \times 10^{-24} \text{ kg ms}^{-1}$
খ) $4.41 \times 10^{-22} \text{ kg ms}^{-1}$
গ) $3.4 \times 10^{-24} \text{ kg ms}^{-1}$
ঘ) $3.41 \times 10^{-22} \text{ kg ms}^{-1}$

৮. পানি ও হীরকের প্রতিসরাঙ্ক যথাক্রমে 1.33 এবং 2.4, পানিতে আলোর বেগ $2.28 \times 10^8 \text{ m s}^{-1}$ হলে হীরকে আলোর বেগ কত হবে?

- ক) $1.26 \times 10^8 \text{ ms}^{-1}$ খ) $1.5 \times 10^8 \text{ ms}^{-1}$
গ) $1.8 \times 10^8 \text{ ms}^{-1}$ ঘ) $2.01 \times 10^8 \text{ ms}^{-1}$

৯. এখানে দুটি প্রক্রিয়ায় A (সমোষ্ণ প্রক্রিয়া), B পথে একই প্রক্রিয়ায় গ্যাস আদি অবস্থান (i) হতে শেষ অবস্থানে (f) আসলে



- i. শেষ তাপমাত্রা B, A পথে একই
ii. B পথে কৃতকাজ A পথে কৃতকাজ থেকে কম

iii. B পথে তাপমাত্রা প্রথমে বাড়ে পরে কমে

- নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১০. নিচের কোনটি সত্য?

- ক) নিউক্লিয়ার চুল্লিতে অনিয়ন্ত্রিত শৃঙ্খল বিক্রিয়া ঘটানো হয়
খ) নিউক্লিয়ার চুল্লিতে মডারেটরের কাজ নিউক্লীয় বিক্রিয়া নিয়ন্ত্রণ করা
গ) নিউক্লিয়ার চুল্লিতে ভারি পানি নিউট্রনের বেগকে নিয়ন্ত্রণ করে
ঘ) গ্রাফাইট দণ্ড ব্যবহৃত হয় নিয়ন্ত্রক দণ্ড হিসাবে

১১. একটি p-type অর্ধ-পরিবাহী তৈরি করার জন্য বিশুদ্ধ সিলিকনকে যে অপদ্রব্য পরমাণু দিয়ে ডোপিং করা হয় তা হলো—

- ক) ফসফরাস খ) বোরন
গ) অ্যান্টিমনি ঘ) ক্রোরিন

১২. ট্রানজিস্টরের $\alpha = 0.98$ হলে β এর মান কত?

- ক) 29 খ) 38 গ) 49 ঘ) 56

১৩. অর্ধ-পরিবাহীর ক্ষেত্রে নিচের কোন বৈশিষ্ট্যগুলো সঠিক?

- i. যোজ্যতা ব্যান্ড ও পরিবহন ব্যান্ড সমপাতিত হয়।
ii. আধান বাহক হিসেবে কাজ করে হোল ও ইলেকট্রন।
iii. কয়েক মিলি অ্যাম্পিয়ারের বেশি প্রবাহ যেতে পারে না।

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. গামা রশ্মির বৈশিষ্ট্য সম্পর্কে কোনটি সত্য?

- i. তড়িৎ ও চৌম্বক ক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় না
ii. আয়নায়ন ক্ষমতা বেশি
iii. স্থিতিভর শূন্য

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. উদযান বোমা কোন নীতির ওপর ভিত্তি করে তৈরি করা হয়েছে?

- ক) চেইন খ) ফিশন
গ) নিত্যতা নীতি ঘ) ফিউশন

১৬. নিচের বিবৃতিসমূহ লক্ষ করো?

- i. অর্ধ-পরিবাহীর ক্ষেত্রে নিষিদ্ধ শক্তিস্তর সম্পর্কিত
ii. Transistor এর ক্ষেত্রে সংগ্রাহক অঞ্চলের বিস্তৃতি মধ্যম মানের
iii. Transistor এর ক্ষেত্রে নিঃসরক অঞ্চলে ডোপিং সর্বনিম্ন

নিচের কোনটি সঠিক?

- ক) i খ) i ও iii গ) ii ঘ) ii ও iii

১৭. হিমায়াকর সম্পাদক সহগ 4.63, অপসারিত তাপের পরিমাণ 250J হলে কৃতকাজ—

- ক) 304 J খ) 45 J
গ) 54 J ঘ) 37 J


১৮. ধারকের সঞ্চিত শক্তি নির্ভর করে—

- i. ধারকের চার্জের ওপর
ii. ধারকের বিভব পার্থক্যের ওপর
iii. ধারকের ধারকত্বের ওপর

নিচের কোনটি সঠিক?


- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. নিচের বর্তনীতে ব্যাটারি হতে যে পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে তার মান নিচের কোনটি?



- ক) 1 A খ) 1.5 A
গ) 2 A ঘ) 3 A

২০.



উপরের বর্তনীতে 6 μF ধারকত্ব বিশিষ্ট ধারকে কী পরিমাণ চার্জ জমা হবে?

- ক) 18 μC খ) 36 μC
গ) 54 μC ঘ) 72 μC

২১. বায়ু মাধ্যমে 1C ধনাত্মক আধান থেকে কত তড়িৎফ্লাক্স নির্গত হবে?

- ক) অসীম খ) 9×10^9
গ) 8.85×10^{-12} ঘ) $\frac{1}{8.85} \times 10^{12}$

২২. R Ω রোধের একটি তারকে বাঁকিয়ে ABCD বর্গ তৈরি করা হলো পাশের চিত্রের ন্যায়। C এবং E বিন্দুর তুল্যরোধ নির্ণয় কর। [E হচ্ছে CD এর মধ্যবিন্দু]




- ক) R Ω খ) $\frac{7}{64} R \Omega$
গ) $\frac{4}{3} R \Omega$ ঘ) $\frac{7}{16} R \Omega$

২৩. মেঘে কী পরিমাণ আধান আছে তা পরিমাপ করা যায় কোন সূত্র প্রয়োগ করে?

- ক) কুলম্বের সূত্র খ) লেঞ্জের সূত্র
গ) গাউসের সূত্র ঘ) ফ্যারাডের সূত্র

২৪. নিচের চিত্রে r এর পরিবর্তনের সাথে কোন রাশির পরিবর্তন দেখানো হয়েছে। [r হচ্ছে কেন্দ্র থেকে দূরত্ব]



- ক) সুসমভাবে আহিত ফাঁপা গোলকের তড়িৎক্ষেত্র

- খ) সুসমভাবে আহিত ফাঁপা গোলকের বিভব

- গ) সুসমভাবে আহিত নিরেট গোলকের তড়িৎক্ষেত্র

- ঘ) সুসমভাবে আহিত নিরেট গোলকের বিভব

২৫. 1 Ω , 2 Ω , 3 Ω রোধের তিনটি রোধককে শ্রেণি সমবায়ী যুক্ত করে 12V ব্যাটারির সাথে বর্তনী তৈরি করা হলো। ব্যাটারির অভ্যন্তরীণ রোধ নগণ্য। বর্তনীতে যুক্ত 2 Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য কত?
ক) 0V খ) 1V গ) 4V ঘ) 6V

বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ

বিষয় কোড : 175

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. ${}_{86}^{222}\text{X} \rightarrow {}_{82}^{214}\text{Y} + n\alpha$ বিক্রিয়াটিতে কয়টি কণা নির্গত হয়?

- ক) 1টি
খ) 2টি
গ) 4টি
ঘ) 8টি

২. নিচের কোন গেট দুটিকে সর্বজনীন গেট বলা হয়?

- ক) AND ও OR
খ) OR ও NOT
গ) NOR ও NAND
ঘ) NAND ও X-OR

৩. 25 এর বাইনারি কোড হলো—

- ক) 10011 খ) 11001
গ) 10101 ঘ) 10001

৪. কাচের সমবর্তন কোণ 57° হলে, কাচ মাধ্যমের প্রতিসরাঙ্ক—

- ক) 1.29 খ) 1.33
গ) 1.51 ঘ) 1.54

৫. হাইড্রোজেনের ভূমি অবস্থার শক্তি -13.6 eV হলে, উহার দ্বিতীয় কক্ষের শক্তি কত?

- ক) -54.4 eV
খ) -27.2 eV
গ) -6.8 eV
ঘ) -3.4 eV

৬. আলোক তড়িৎ ক্রিয়ার নিঃসৃত ইলেকট্রনের গতিশক্তি বৃদ্ধি পায় বিকিরণের—

- ক) কম্পাঙ্ক বাড়লে
খ) কম্পাঙ্ক কমলে
গ) তীব্রতা বাড়লে
ঘ) তীব্রতা কমলে

৭. কোন তাপমাত্রা ও চাপে পানি, বরফ ও জলীয়বাষ্প একত্রে থাকতে পারে?

- ক) 0°C , 4.58 mm Hg
খ) 273.16 K , 4.58 mm Hg
গ) 0°C , 4.85 mm Hg
ঘ) 273.16 K , 4.85 mm Hg

৮. একটি তামার তারের রোধ $2R$ । আয়তন সমান রেখে তারটির দৈর্ঘ্য দ্বিগুণ করা হলে পরিবর্তিত রোধ কত?

- ক) R খ) $2R$
গ) $4R$ ঘ) $8R$

৯. এন্ট্রপির একক হলো—

- ক) J.kg^{-1} খ) J.K^{-1}
গ) J.K ঘ) $\text{J}^{-1}\text{K}^{-1}$

১০. সমান্তরাল পাত ধারকের ধারকত্ব নিচের

কোন কোন বিষয়ের উপর নির্ভরশীল?

- i. মাধ্যমের প্রকৃতির উপর
ii. প্রত্যেক পাতের ক্ষেত্রফলের উপর
iii. পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্বের উপর

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১১. স্থির তড়িৎ এ কুলম্বের সূত্রের ধ্রুবকের মান কত?

- ক) $8.85 \times 10^{-12} \text{ C}^2 \text{ Nm}^{-2}$
খ) $88.5 \times 10^{-11} \text{ C}^{-2} \text{ Nm}^{-2}$
গ) $8.85 \times 10^{-12} \text{ C}^2 \text{ Nm}^2$
ঘ) $0.885 \times 10^{-11} \text{ C}^2 \text{ N}^{-1} \text{ m}^{-2}$

১২. নিচের কোনটির রোধের উষ্ণতা সহগ ঋণাত্মক?

- ক) তামা
খ) পিতল
গ) লোহা
ঘ) সিলিকন

১৩. পয়েন্টিং ভেক্টর হলো—

- ক) $\frac{1}{\mu_0} (\vec{E} \times \vec{B})$ খ) $\frac{1}{\mu_0} (\vec{B} \times \vec{E})$
গ) $\frac{1}{\epsilon_0} (\vec{E} \times \vec{B})$ ঘ) $\frac{1}{\epsilon_0} (\vec{B} \times \vec{E})$

১৪. ${}_{29}^{64}\text{Cu}$ নিউক্লিয়াসের ব্যাসার্ধ কত?

- ($r_0 = 1.4 \text{ fm}$)
ক) 0.53 \AA খ) 13.6 \AA
গ) 5.6 fm ঘ) 56 fm

১৫. কোন রঙের আলোকে তরঙ্গদৈর্ঘ্য সবচেয়ে কম?

- ক) লাল খ) নীল
গ) কমলা ঘ) বেগুনী

■ নিচের উদ্দীপকটি পড় এবং ইহার আলোকে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :

একটি ইলেকট্রনের নিশ্চল ভর, $m_0 = 9.1 \times 10^{-31} \text{ kg}$ । ইলেকট্রনটি 0.6 c দ্রুতিতে গতিশীল।

১৬. উদ্দীপক অনুসারে ইলেকট্রনটির নিশ্চল শক্তি কত?

- ক) $8.19 \times 10^{-14} \text{ J}$
খ) $4.09 \times 10^{-14} \text{ J}$
গ) $5.12 \times 10^{-14} \text{ J}$
ঘ) $10.23 \times 10^{-14} \text{ J}$

১৭. উদ্দীপক অনুসারে ইলেকট্রনের চলমান ভর ও নিশ্চল ভরের অনুপাত কত?

- ক) $0.8 : 1$ খ) $1.25 : 1$
গ) $1.56 : 1$ ঘ) 1.58×1

১৮. নিচের কোন তাপমাত্রাটি পানির স্ফুটনাঙ্ক?

- ক) 25°C খ) 212°F
গ) 273 K ঘ) 273°C

১৯. তেজস্ক্রিয় সক্রিয়তার একক—

- i. বেকেরেল
ii. কুরি
iii. রাদারফোর্ড

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড় এবং ইহার আলোকে ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :

একটি ট্রানজিস্টরের সংগ্রাহক প্রবাহ 5 mA এবং ভূমি প্রবাহ $100 \mu\text{A}$ ।

২০. নিঃসারক প্রবাহ কত?

- ক) 4.9 mA খ) 5 mA
গ) 5.1 mA ঘ) 5.2 mA

২১. প্রবাহ বিবর্ধন গুণক কত হবে?

- ক) 0.02 খ) 0.98
গ) 1.02 ঘ) 50

২২. একটি তারের রোধ 2Ω । তারটির উপাদান ও প্রস্থচ্ছেদ ঠিক রেখে দৈর্ঘ্য দ্বিগুণ করলে রোধ হবে—

- ক) 1Ω খ) 2Ω
গ) 3Ω ঘ) 4Ω

২৩. রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় নিচের কোন ভৌত রাশির পরিবর্তন হয় না?

- ক) তাপমাত্রা খ) আয়তন
গ) এন্ট্রপি ঘ) চাপ

২৪. একটি $220 \text{ V} - 44 \text{ W}$ বাস্তব মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহিত হবে?

- ক) 0.2 A খ) 0.3 A
গ) 0.44 A ঘ) 5 A

২৫. সমান্তরাল পাত ধারকের ধারকত্ব কোন কোন বিষয়ের উপর নির্ভর করে?

- i. মাধ্যমের প্রকৃতির
ii. পাতের ক্ষেত্রফল
iii. পাতদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

কুষ্টিয়া সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. 40°C তাপমাত্রায় 1 মোল অক্সিজেন গ্যাসকে ধীরে ধীরে প্রসারিত করে আয়তন দ্বিগুণ করলে সম্পন্ন কৃতকাজ কত জুল?

- (ক) 230.4 (খ) 664.4
(গ) 1802.9 (ঘ) 5202.2

২. $\gamma = \frac{5}{3}$ এর জন্য কোনটি সঠিক?

- (ক) $C_p = \frac{5}{3} R$ (খ) $C_v = \frac{5}{3} R$
(গ) $C_v = \frac{3}{2} R$ (ঘ) $C_v = 2R$

৩. এক স্থির বিন্দু পদ্ধতিতে তাপমাত্রা পরিমাপের মূলনীতি ব্যবহৃত হয় নিম্নের কোন স্কেলে?

- (ক) সেলসিয়াস
(খ) রোমার
(গ) কেলভিন
(ঘ) ফারেনহাইট

৪. 0.01 kg পানিকে 0°C থেকে 10°C এ উত্তপ্ত করা হলো। এনট্রপির পরিবর্তন কত JK^{-1} ?

- (ক) 3.5 (খ) 4.5
(গ) 2.5 (ঘ) 1.5

৫. সমবিভব তলের যেকোনো দুটি বিন্দুর বিভব পার্থক্য-

- (ক) শূন্য (খ) অসীম
(গ) এক ভোল্ট (ঘ) দুই ভোল্ট


৬. নিচের কোনটি ভোল্টের সমতুল্য?

- (ক) $\text{JA}^{-1} \text{s}^{-1}$ (খ) $\text{JA}^{-1} \text{s}$
(গ) JAs^{-1} (ঘ) JAs

৭. সমবিভব তল ও তড়িৎক্ষেত্রের মধ্যবর্তী কোণ-

- (ক) 60° (খ) 90°
(গ) 120° (ঘ) 180°

■ চিত্রটি লক্ষ কর এবং ৮ ও ৯নং প্রশ্নের উত্তর দাও :



৮. বর্তনীটি তুল্য রোধ হবে ----- Ω ।

- (ক) 21.7 (খ) 10
(গ) 40 (ঘ) 55

৯. বর্তনীটির $E = 20 \text{ V}$ হলে R_2 এর তড়িৎপ্রবাহ --- A?

- (ক) 0.5 (খ) 1
(গ) 2 (ঘ) 1.5

১০. একটি গ্যালভানোমিটারের রোধ 102Ω । এর সাথে কত সান্ট যুক্ত করলে মূল প্রবাহের 99% সান্টের মধ্যদিয়ে প্রবাহিত হবে?

- (ক) 1.03Ω (খ) 1.05Ω
(গ) 1.07Ω (ঘ) 1.09Ω

১১. রোধ কোন বিষয়ের উপর নির্ভর করে না?

- (ক) উপাদান
(খ) পরিবাহীর দৈর্ঘ্য
(গ) তড়িৎ প্রবাহ
(ঘ) প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল

১২. অন্ধকারে ছবি তোলার জন্য ক্যামেরায় ব্যবহৃত হয়-

- (ক) গামা রশ্মি
(খ) অতিবেগুনি রশ্মি
(গ) এক্স রশ্মি
(ঘ) অবলোহিত রশ্মি

১৩. গ্রেটিং এর ভিতর দিয়ে 5000 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেলা হলে ১ম ও ৩য় চরমের জন্য অপবর্তন কোণের পার্থক্য কত? $N = 6000 \text{ cm}^{-1}$

- (ক) 17.46° (খ) 64.16°
(গ) 46.7° (ঘ) 51°

১৪. আলোর অপবর্তনের ক্ষেত্রে -

- i. ডোরার প্রস্থ সমান হয়
ii. ডোরার উজ্জ্বলতা সমান হয় না
iii. অন্ধকার ডোরার সম্পূর্ণ অন্ধকার হয় না

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫. অষ্টাল সংখ্যা পদ্ধতিতে 377 এর পরবর্তী সংখ্যা কোনটি?

- (ক) 378 (খ) 400
(গ) 388 (ঘ) 488

১৬. ট্রানজিস্টর ব্যবহার করা হয়-

- i. বিবর্ধক হিসেবে
ii. রেকটিফায়ার হিসেবে
iii. সুইচ হিসেবে

নিচের কোনটি সঠিক?

- (ক) i, ii ও iii (খ) i ও ii
(গ) ii ও iii (ঘ) i ও iii

১৭. নিচে কোন ধর্মের বর্ণের আলোর ফোটনের শক্তি সর্বোচ্চ?

- (ক) লাল (খ) নীল
(গ) সবুজ (ঘ) বেগুনী

১৮. একটি ট্রানজিস্টরের বিবর্ধন গুণাঙ্ক 0.98 এবং অ্যামিটার কারেন্ট 1.5 mA হলে, কালেকটর কারেন্ট কত mA ?

- (ক) 1.47 (খ) 2.47
(গ) 3.47 (ঘ) 4.47

১৯. হিগ্‌স কণা হচ্ছে-

- (ক) লেপটন (খ) বোসন
(গ) ব্যারিয়ন (ঘ) ফার্মিয়ন

২০. 0.8 c বেগে চলমান রকেট থেকে মিটার স্কেলের দৈর্ঘ্য কত হবে?

- (ক) 0.8 m (খ) 0.7 m
(গ) 0.6 m (ঘ) 0.4 m

২১. একটি চলমান ঘড়ি কত দ্রুত চললে একজন স্থির পর্যবেক্ষকের কাছে এটি অর্ধেক হারে সময় দিচ্ছে বলে মনে হবে?

- (ক) 0.50 c (খ) 0.65 c
(গ) 0.78 c (ঘ) 0.87 c

২২. দুটি ফোটন কণা বেগে পরস্পরের দিকে ধাবিত হলে তাদের আপেক্ষিক বেগ কত হবে?

- (ক) 0 (খ) 2 c
(গ) 0.5 c (ঘ) c

২৩. কোন ধরনের তেজস্ক্রিয়তায় নিউক্লিয়াসের ভরসংখ্যা অপরিবর্তিত থাকে?

- (ক) আলফা ক্ষয়
(খ) শুধুমাত্র বিটা ক্ষয়
(গ) আলফা ও গামা ক্ষয়
(ঘ) আলফা ও বিটা ক্ষয়

২৪. সূর্যে কোন নিউক্লিয় বিক্রিয়া সংঘটিত হয়?

- (ক) ফিশন (খ) ফিউশন
(গ) শিকল (ঘ) α -নিঃসরণ

২৫. আলোর কোন ধর্মটি আড়তরঙ্গ ও লম্বিক তরঙ্গের পার্থক্য নির্দেশ করে?

- (ক) অপবর্তন (খ) সমবর্তন
(গ) ব্যতিচার (ঘ) প্রতিসরণ

কুমিল্লা সরকারি মহিলা কলেজ

বিষয় কোড : 175

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহননির্বাচনি অভীক্ষা

সূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহননির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. থার্মিস্টরে উষ্ণতামিতিক পদার্থ হিসেবে কোনটি ব্যবহার করা হয়?

- ক) অর্ধ-পরিবাহীর রোধ
খ) অর্ধ-পরিবাহক পদার্থ
গ) পরিবাহীর রোধ
ঘ) দুটি ধাতব পদার্থের যুগল

২. অভ্যন্তরীণ শক্তি নির্ভরশীল-

- i. আন্তঃআণবিক শক্তি
ii. আপেক্ষিক তাপ
iii. প্রসারণ-সহগ

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

৩. 27° C তাপমাত্রায় 1 kW ক্ষমতার একটি ইলেকট্রিক কেটলিতে 2 litre পানি আছে। কেটলিকে 10 মিনিটের জন্য সুইচ অন করা হলো। যদি চারপাশে তাপ হ্রাসের হার 160 J/s হয় তবে 10 মিনিটে কেটলির তাপমাত্রা হত হবে?

- ক) 27° C খ) 67° C
গ) 77° C ঘ) 87° C

৪. রেফ্রিজারেট স্থান থেকে আগত উষ্ণ বাষ্প কোথায় শ্রেরণ করা হয়?

- ক) কমপ্রেশারে খ) কনডেনসারে
গ) প্রসারক বাস্বে ঘ) রেফ্রিজারেট পদার্থে

৫. ভ্যান মুসচেন আবিষ্কৃত চার্জ সঞ্চয় করার যান্ত্রিক কৌশলটির নাম-

- ক) ভ্যান জ্যার খ) মুসচেন জ্যার
গ) লিডেন জ্যার ঘ) চার্জ জ্যার

৬. একটি দ্বিপোলের জন্য তড়িৎপ্রাবল্য নিম্নরূপে পরিবর্তিত হয়-

- ক) r^{-1} খ) r^{-2}
গ) r^{-3} ঘ) r^{-4}


৭. পরাবিদ্যুৎ পদার্থের বৈশিষ্ট্য হচ্ছে-

- i. পরিবাহী ইলেকট্রন থাকে
ii. পরিবাহী ইলেকট্রন থাকে না
iii. বেশি বিদ্যুৎ পরিবহন করতে পারে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. চিত্রের P বিন্দুতে শূন্য মাধ্যমে তড়িৎ প্রাবল্য কত?




- ক) $\frac{\sigma}{\epsilon_0}$ খ) $\frac{\sigma}{2\epsilon_0}$ গ) 0 ঘ) 1

৯. 4 Ω রোধের একটি তারকে বাঁকা করে বৃত্তাকার করা হলো বৃত্তের ব্যাসের প্রান্তদ্বয়ের রোধ কত হবে?

- ক) 1 Ω খ) 2 Ω গ) 3 Ω ঘ) 4 Ω

১০. তাপমাত্রা বাড়লে নিচের কোন পদার্থের তড়িৎ পরিবাহকত্ব বৃদ্ধি পায়?

- ক) সিলিকন খ) তামা
গ) রূপা ঘ) অ্যালুমিনিয়াম




১১. চিত্রে উল্লিখিত ব্যবস্থটির তুল্য রোধ কত ওহম?

- ক) $\frac{1}{6}$ খ) 6 গ) $\frac{3}{2}$ ঘ) $\frac{2}{3}$

১২. নাইক্রোমের রোধকত্ব কত?

- ক) $100 \times 10^{-7} \Omega \text{cm}$
খ) $100 \times 10^{-8} \Omega \text{cm}$
গ) $100 \times 10^{-7} \Omega \text{m}$
ঘ) $100 \times 10^{-8} \Omega \text{m}$

■ নিচের তথ্যের ভিত্তিতে ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও :




আলোক তড়িৎ ক্রিয়ার ঘটনা দেখানো হয়েছে।

১৩. প্রাথমিক অবস্থায় অ্যামিটারে কোনো পাঠ পাওয়া গেল না, অ্যামিটারের পাঠ পেতে কী করতে হবে?

- ক) আলোক রশ্মির তীব্রতা বাড়াতে
খ) E এর বিভব বাড়াতে হবে
গ) বিভবের দিক পরিবর্তন করতে হবে
ঘ) আলোক রশ্মির কম্পাঙ্ক বাড়াতে হবে

১৪. অ্যামিটারের পাঠ ধীরে ধীরে বাড়াতে থাকলে নিচের কোন লেখচিত্রটি সঠিক?



নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. কৃষ্ণবস্তুর তাপমাত্রা ধীরে ধীরে বৃদ্ধি করতে থাকলে 850 K তাপমাত্রায় কোন বর্ণ ধারণ করে?

- ক) সাদা খ) কমলা
গ) হলুদ ঘ) লাল

১৬. মাইকেলসন মোরলে পরীক্ষায় অপসারণ ব্যতিচার রেখায় কত অংশ হয়?

- ক) 5 ভাগের 1 ভাগ খ) 10 ভাগের 1 ভাগ
গ) 25 ভাগের 1 ভাগ ঘ) 50 ভাগের 1 ভাগ

১৭. মাইক্রোওয়েভ তরঙ্গ নিঃসরণকারী উৎস-

- ক) হিলিয়াম বাস্বে খ) ম্যাগনেট্রন বাস্বে
গ) মেসন কণা ঘ) সোডিয়াম বাস্বে

১৮. ইয়ং এর দ্বিচির পরীক্ষায় 5877 Å তরঙ্গদৈর্ঘ্যের আলোর জন্য 92 টি পট्टি দেখা যায়। 5461 Å তরঙ্গদৈর্ঘ্যের আলোর জন্য কত সংখ্যক পট्टি দেখা যাবে?

- ক) 89 খ) 90
গ) 96 ঘ) 99

১৯. উৎস হতে দূরবর্তী অঞ্চলে তরঙ্গমুখের বক্রতা কেমন পরিবর্তিত হয়?

- ক) কমতে থাকে খ) বাড়তে থাকে
গ) দ্বিগুণ বাড়তে থাকে ঘ) অপরিবর্তিত থাকে

২০. রাদারফোর্ডের α-কণিকার পরীক্ষায় কতগুলো কণিকার মধ্য থেকে একটি কণিকা ফিরে আসে?

- ক) 10,000 খ) 20,000
গ) 30,000 ঘ) 2,00,000

■ নিচের তথ্যের ভিত্তিতে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দাও :

ধনাত্মক আধানযুক্ত রশ্মির আধানের পরিমাণ একটি প্রোটনের আধানের দ্বিগুণ। রশ্মিটি ফটোগ্রাফিক প্লেটে প্রতিক্রিয়া সৃষ্টি করে।

২১. রশ্মিটি কত বেগে নির্গত হয়?

- ক) $1.10 - 2.96 \times 10^6 \text{ m s}^{-1}$
খ) $1.4 - 2.3 \times 10^7 \text{ m s}^{-1}$
গ) $2.96 - 10^8 \text{ m s}^{-1}$
ঘ) $3 \times 10^8 \text{ m s}^{-1}$

২২. রশ্মিটি-

- i. এর ভর হাইড্রোজেন পরমাণুর চারগুণ
ii. বেরিয়াম প্লাটিনোসায়ানাইডে প্রতিপ্রভা সৃষ্টি করে

iii. তীব্র আয়নায়ন সৃষ্টি করতে পারে

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৩. একটি অর্ধপরিবাহীতে যদি ইলেকট্রন ও হোলার সংখ্যা যথাক্রমে n_e ও n_p হয় তাহলে এক্সট্রিনসিক অর্ধপরিবাহীতে-

- ক) $n_e = n_p$ খ) $n_e < n_p$
গ) $n_e > n_p$ ঘ) $n_e \neq n_p$

২৪. জার্মেনিয়াম কেলাসের মূল কাঠামোর পরিবর্তন না ঘটিয়ে এর সাথে এন্টিমনি মেশানো হলে-

- ক) সহজাত অর্ধপরিবাহী গুণ অক্ষুণ্ণ থাকে
খ) এন-টাইপ অর্ধপরিবাহীতে রূপান্তর হয়
গ) পি-টাইপ অর্ধপরিবাহীতে রূপান্তর হয়
ঘ) অপরিবাহী পদার্থে রূপান্তর হয়

২৫. ইনটিগ্রেটেড সার্কিট (IC) এর সুবিধা কোনটি?

- ক) উচ্চ ক্ষমতা লাভ খ) উচ্চ দক্ষতা সম্পন্ন
গ) ওজন বেশি ঘ) ক্ষুদ্রাকৃতির

চট্টগ্রাম কলেজ

বিষয় কোড : 175

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. নিচের কোন গুচ্ছে প্রত্যেকটি রাশি তাপগতীয় চলরাশি?

- (ক) দৈর্ঘ্য, ক্ষেত্রফল, আয়তন
(খ) তাপ, তাপমাত্রা, রোধ
(গ) চাপ, তাপমাত্রা, আয়তন
(ঘ) বিভব, তাপমাত্রা, রোধ

২. অপবর্তনের ক্ষেত্রে—

- i. ডোরার প্রস্থ সমান হয়
ii. অঙ্ককার ডোরায় আলো থাকে
iii. সকল বিন্দুর উজ্জ্বলতা সমান নয়
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৩. আইনস্টাইনের ফটোতড়িৎ ক্রিয়ার

সমীকরণ $h\nu = \phi + k$ এখানে k হলো—

- (ক) আপতিত ইলেকট্রনের গতিশক্তি
(খ) আপতিত ফোটনের গতিশক্তি
(গ) নির্গত ইলেকট্রনের গতিশক্তি
(ঘ) যেকোনো মুহূর্তের গতিশক্তি

৪. ফটো তড়িৎ ক্রিয়ায় একটি ধাতব পদার্থের নিবৃত্ত বিভব 10 V । এই প্রক্রিয়ায় নিসৃত ইলেকট্রনের সর্বোচ্চ গতিশক্তি হবে—

- (ক) $3.2 \times 10^{-19}\text{ J}$ (খ) $3.2 \times 10^{-18}\text{ J}$
(গ) $1.6 \times 10^{-19}\text{ J}$ (ঘ) $1.6 \times 10^{-18}\text{ J}$

৫. সুখমভাবে আহিত ফাঁপা গোলকের জন্য তার কেন্দ্র থেকে r দূরত্বে তড়িৎ প্রাবল্য হলো— ($r > R$)

- (ক) $E \propto r$ (খ) $E \propto \frac{1}{r}$
(গ) $E \propto \frac{1}{r^2}$ (ঘ) $E \propto r^2$

৬. প্রথম তিনটি বোর কক্ষপথের ব্যাসার্ধের অনুপাত হচ্ছে—

- (ক) $1 : \frac{1}{4} : \frac{1}{9}$ (খ) $1 : 2 : 3$
(গ) $1 : 4 : 9$ (ঘ) $1 : 8 : 27$

■ উদ্দীপকটি পড় এবং ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :

একটি আদর্শ গ্যাসের আপেক্ষিক তাপদ্বয়ের অনুপাত 1.40। মোলার গ্যাস ধ্রুবক $8.314\text{ J mol}^{-1}\text{ K}^{-1}$ ।


৭. উদ্দীপকের গ্যাসটির স্থির আয়তনে আপেক্ষিক তাপ কত?

- (ক) 20.785 (খ) 29.099
(গ) 207.85 (ঘ) 290.99

৮. 30° C তাপমাত্রায় গ্যাসটির ওপর রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় চাপ দ্বিগুণ করা হলে চূড়ান্ত তাপমাত্রা কত?

- (ক) 369° C (খ) 303.33° C
(গ) 96.36° C (ঘ) 66.66° C

৯. স্থির মানের বিভব পার্থক্যে কোন পরিবাহীর উৎপন্ন তাপ বনাম রোধের লেখচিত্র কোনটি?



১০. ফেনেল শ্রেণির অপবর্তনে তরঙ্গমুখ—

- i. সমতল ii. গোলায় iii. চোঙাকৃতি
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. $A \xrightarrow{\beta} B \xrightarrow{\alpha} C \xrightarrow{\gamma} D$

উদ্দীপকে D মৌলের ভরসংখ্যা 210 এবং পারমাণবিক সংখ্যা 82 হলে B মৌলের ভর সংখ্যা কত?

- (ক) 210 (খ) 214 (গ) 80 (ঘ) 78

১২. ১টি ট্রানজিস্টরে $I_E = 6\text{ mA}$; $I_B = 6\text{ mA}$ হলে, $\beta = ?$

- (ক) 9.99 (খ) 99.9
(গ) 999 (ঘ) 9999

১৩. একটি বস্তু 2 C চার্জ হারালে কতটি ইলেকট্রন হারিয়েছে?

- (ক) 1.6×10^{-9} (খ) 3.2×10^{-19}
(গ) 6.25×10^{18} (ঘ) 1.25×10^{19}

১৪. তেজস্ক্রিয় ক্ষয় ধ্রুবকের মাত্রা কোনটি?

- (ক) [T] (খ) [T⁻¹] (গ) [M] (ঘ) [L⁻¹]

১৫. ফিউজ ও সান্ট-এর ক্ষেত্রে সঠিক—

- (ক) উভয়টি শ্রেণিতে যুক্ত করা হয়
(খ) উভয়টি সমান্তরাল যুক্ত করা হয়
(গ) ফিউজ সমান্তরালে, সান্ট শ্রেণিতে যুক্ত করা হয়
(ঘ) সান্ট সমান্তরালে, ফিউজ শ্রেণিতে যুক্ত করা হয়

■ উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :

ইয়ং-এর দ্বি-চির পরীক্ষায় চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 0.4 mm । চিরটিকে 6000 \AA তরঙ্গদৈর্ঘ্যের আলো দ্বারা আলোকিত করলে পর্দার কেন্দ্রীয় উজ্জ্বল হতে 18 mm দূরে সর্বশেষ উজ্জ্বল ডোরা পাওয়া যায়। চির হতে পর্দার দূরত্ব 1 m ।

১৬. পর্দায় মোট কতগুলো উজ্জ্বল ডোরা পাওয়া যাবে?


- (ক) 12টি (খ) 24টি (গ) 25টি (ঘ) 49টি

১৭. কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে ২য় উজ্জ্বল ডোরা এবং ৪র্থ অঙ্ককার ডোরার মধ্যবর্তী দূরত্বের অনুপাত কত?

- (ক) 0.57 (খ) 1.57 (গ) 1.75 (ঘ) 2.57

১৮. তাপমাত্রা 15° C হতে 30° C -এ উন্নীত করা হলে কোনটির রোধ বৃদ্ধি পাবে?

- (ক) কার্বন (খ) সিলিকন
(গ) জার্মেনিয়াম (ঘ) কপার



১৯. i-এর মান কত?

- (ক) 0.2 A (খ) 1.8 A
(গ) 2 A (ঘ) 2.2 A


২০. একটি বিন্দু চার্জ হতে 1 cm দূরে প্রাবল্য E, এরূপ সমধর্মী চার্জ 2 cm দূরে রাখলে ঐ বিন্দুতে প্রাবল্য হবে—

- (ক) 0 (খ) E (গ) 2E (ঘ) -E

২১. সূচন কম্পাঙ্কের চেয়ে বড় কম্পাঙ্কের আলো কোন ধাতব পদার্থে আপতিত হলে নিঃসৃত ইলেকট্রন সংখ্যা হবে আলোর—

- (ক) তীব্রতার সমানুপাতিক
(খ) কম্পাঙ্কের সমানুপাতিক
(গ) তরঙ্গদৈর্ঘ্যের সমানুপাতিক
(ঘ) বেগের সমানুপাতিক

২২. নিচের কোন লেখটি বর্ণিত প্রক্রিয়ার সাথে সামঞ্জস্যপূর্ণ?



২৩. একটি সমান্তরাল পাতধারকের পাতদ্বয়ের মধ্যকার দূরত্ব নিচের কোনটি হলে বলরেখাগুলি বেশি ও সমান্তরাল হবে?

- (ক) 1 m (খ) 0.5 m
(গ) 1 cm (ঘ) 0.5 cm

২৪. তড়িৎকোষের সমবায়ের ক্ষেত্রে—

- i. $R \gg r$ হলে; শ্রেণি সমবায়ে শক্তিশালী প্রবাহ পাওয়া যায়
ii. $R \ll r$ হলে; সমান্তরাল সমবায়ে শক্তিশালী প্রবাহ পাওয়া যায়
iii. তাত্ত্বিকভাবে উভয় ধরনের সমবায়ে শক্তিশালী প্রবাহ পাওয়া যায়
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. p - n জংশন ব্যবহৃত হয় নিচের কোনটিতে?

- (ক) রেকটিফায়ার (খ) সুইচ
(গ) বিবর্ধক (ঘ) ধারক

মুরারিচাঁদ কলেজ, সিলেট

বিষয় কোড : 175

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. p-n জাংশনের সংযোগস্থলে নিঃশেষিত স্তর সৃষ্টির কারণ হলো—

- (ক) ইলেকট্রনের তাড়ন
(খ) হোলের তাড়ন
(গ) আধান বাহকের ব্যাপন
(ঘ) অপদ্রব্য আয়ন ভর স্থানান্তর

২. একটি p-n জাংশনের মধ্যে 400 mA তড়িৎ প্রবাহের পরিবর্তনের ফলে এর দুই প্রান্তে 0.1 V বিভব পার্থক্যের পরিবর্তন হয়। ইহার রোধ কত?

- (ক) 0.25 Ω (খ) 0.3 Ω
(গ) 0.15 Ω (ঘ) 0.35 Ω

৩. একটি রেস্তিফায়ারের আউটপুট সিগন্যালকে রিপল মুক্ত করতে নিচের কোন যন্ত্রের প্রয়োজন?

- (ক) ট্রান্সফরমার (খ) আবেশক
(গ) ধারক (ঘ) p-n জাংশন

৪. ফটোটড়িৎ প্রক্রিয়ার আলোর প্রাবল্য বাড়ালে—

- (ক) আপতিত ফোটনের সংখ্যা বাড়ে
(খ) ইলেকট্রনের গতিশক্তি বাড়ে
(গ) ফোটনের সংখ্যা অপরিবর্তিত থাকে
(ঘ) নির্গত ইলেকট্রনের সংখ্যা কমে

৫. একটি আলোক উৎস দর্শকের দিকে $\frac{c}{4}$ বেগে গতিশীল। দর্শকের কাছে আলোর বেগ কত প্রতীয়মান হবে?

- (ক) $\frac{3}{4}c$ (খ) c (গ) 3c (ঘ) 4c

৬. প্লাটিনামের কার্যপেক্ষক 6.31 eV, এর সূচন কম্পাংক কত?

- (ক) 15.23×10^{14} Hz
(খ) 16.32×10^{14} Hz
(গ) 15.45×10^{14} Hz
(ঘ) 15.50×10^{14} Hz

■ নিচের তথ্যের ভিত্তিতে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও :

কোন তাপ ইঞ্জিনের তাপগ্রাহকের তাপমাত্রা 300 K এবং দক্ষতা 45%।

৭. তাপ উৎসে তাপমাত্রা কত?

- (ক) 400 K (খ) 500 K
(গ) 545.45 K (ঘ) 455.45 K

৮. ইঞ্জিনের দক্ষতা দুই তৃতীয়াংশ বৃদ্ধি করতে হলে উৎসের তাপমাত্রা বৃদ্ধি করতে হবে—

- (ক) 1200 K (খ) 654.55 K
(গ) 428.57 K (ঘ) 400 K

৯. কোন তেজস্ক্রিয় পদার্থের গড় আয়ু এর ক্ষয় ধ্রুবকের—

- (ক) সমানুপাতিক (খ) ব্যস্তানুপাতিক
(গ) সমান (ঘ) 0.0693 গুণ

১০. দ্বিতীয় বোর কক্ষের ব্যাসার্ধ প্রথম বোর কক্ষের ব্যাসার্ধের—

- (ক) এক চতুর্থাংশ (খ) অর্ধেক
(গ) দ্বিগুণ (ঘ) চারগুণ


১১. একটি তেজস্ক্রিয় পদার্থের অর্ধায়ু 20 min। 20% থেকে 80% এর মধ্যে ক্ষয় হতে কত সময় লাগবে?

- (ক) 10 min (খ) 20 min
(গ) 30 min (ঘ) 40 min

১২. নিচের কোনটির জন্য 6543 \AA তরঙ্গদৈর্ঘ্যের ফোটন কণা নির্গত হয়? [দেওয়া আছে, $c = 3 \times 10^8 \text{ ms}^{-1}$ ও $h = 6.63 \times 10^{-34} \text{ J-s}$]

- (ক) n = 4 থেকে n = 2
(খ) n = 4 থেকে n = 3
(গ) n = 3 থেকে n = 2
(ঘ) n = 3 থেকে n = 1


১৩. নিচের কোনটি সময়ের সাথে তেজস্ক্রিয় নিউক্লিয়াসের অবক্ষয় নির্দেশ করে?



১৪. টিট্রিয়ামের অর্ধায়ু 12.5 বছর। 50 বছর পর 1 kg টিট্রিয়ামের কতটুকু ক্ষয় হবে?

- (ক) 62.5 gm (খ) 125 gm
(গ) 500 gm (ঘ) 937.5 gm

১৫. দুটি সমান্তরাল পাতের মধ্যে তড়িৎক্ষেত্রের প্রাবল্য সুস্থম। একটি পাত হতে অন্যটির দূরত্ব বাড়ার সাথে বিভব নিচের কোন লেখচিত্র অনুযায়ী পরিবর্তিত হবে?



■ নিচের তথ্যের ভিত্তিতে ১৬ ও ১৭নং প্রশ্নের উত্তর দাও :

দুই জোড়া ধাতব পাতের 1ম জোড়ার ক্ষেত্রফল অপর জোড়ার ক্ষেত্রফলের অর্ধেক। মধ্যবর্তী স্থানে বায়ু রেখে প্রত্যেক জোড়া পাত দিয়ে একটি করে সমান্তরাল পাত ধারক তৈরি করা হলো। প্রথম ধারকের প্রত্যেক পাতের ক্ষেত্রফল 8 cm^2 ।

১৬. প্রথম ধারকে 40 C চার্জ দেওয়া হলে পাতদ্বয়ের মধ্যবর্তী স্থানে তড়িৎ প্রাবল্য হবে—

- (ক) $5 \times 10^4 \text{ NC}^{-1}$ (খ) $5.647 \times 10^{15} \text{ NC}^{-1}$
(গ) $2.64 \times 10^{12} \text{ NC}^{-1}$ (ঘ) $1.56 \times 10^{15} \text{ NC}^{-1}$

১৭. উভয় ধারকের ধারকত্ব সমান করতে হলে দ্বিতীয় জোড়া পাতের মধ্যবর্তী দূরত্ব প্রথম জোড়া পাতের মধ্যবর্তী দূরত্বের নিচের কোনটি করতে হবে?

- (ক) দ্বিগুণ (খ) তিনগুণ
(গ) অর্ধেক (ঘ) এক তৃতীয়াংশ

১৮. ইয়ং এর দ্বিচির পরীক্ষায় সোডিয়াম আলো ($\lambda = 5898 \text{ \AA}$) ব্যবহার করলে পর্দায় 92টি ডোরা পাওয়া যায়। যদি সবুজ আলো ($\lambda = 5461 \text{ \AA}$) ব্যবহার করা হয় তবে কতগুলো ডোরা পাওয়া যাবে?

- (ক) 62 (খ) 67
(গ) 90 (ঘ) 99

১৯. নিচের কোনটি শান্টের গুণক?

- (ক) $\frac{S}{G+S}$ (খ) $\frac{G}{G+S}$
(গ) $\frac{G+S}{S}$ (ঘ) $\frac{G+S}{G}$

২০. নিচের কোনটি প্রবাহ ঘনত্বের একক?

- (ক) Cm^{-2} (খ) Am^{-2}
(গ) Ωm (ঘ) Sm^{-2}

২১. ছইটস্টোন ব্রিজের সাহায্যে কী পরিমাণ করা হয়?

- (ক) প্রবাহ (খ) বিভব পার্থক্য
(গ) তড়িচ্চালক শক্তি (ঘ) রোধ


২২. দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্যের পাল্লা কোনটি?

- (ক) 100 nm হতে 300 nm
(খ) 400 nm হতে 780 nm
(গ) 1000 nm হতে 1200 nm
(ঘ) 5000 nm হতে 10000 nm

২৩. অ্যাম্পিয়ার-সেকেন্ড কীসের একক?

- (ক) তড়িৎ প্রবাহ (খ) প্রবাহ ঘনত্ব
(গ) তড়িৎ শক্তি (ঘ) তড়িৎ আধান

২৪. জুলের তাপ সংক্রান্ত সূত্রসমূহকে সমর্থন করে না নিচের কোন চিত্রটি?



২৫. একটি তারকে টেনে লম্বা করলে—

- i. আপেক্ষিক রোধ বৃদ্ধি পায়
ii. রোধ বৃদ্ধি পায়
iii. রোধ হ্রাস পায়
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) ii ও iii

সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. তড়িৎ চালক বল পরিমাপ করা হয় কোন যন্ত্রের সাহায্যে?
 ক) গ্যালভানোমিটার
 খ) অ্যামিটার
 গ) পোটেনশিওমিটার
 ঘ) মিটার ব্রিজ
২. সাধারণ জাংশন ডায়োড কি হিসেবে ব্যবহার করা হয়?
 ক) সুইচ
 খ) বিবর্ধক
 গ) অসিলেটর
 ঘ) রেস্টিফায়ার
৩. মানব দেহের ক্যান্সার কোষ ধ্বংস করার জন্য কোন রশ্মি ব্যবহার করা হয়?
 ক) আলফা রশ্মি
 খ) গামা রশ্মি
 গ) বিটা রশ্মি
 ঘ) অতিবেগুনি রশ্মি
৪. কোন তরঙ্গের কম্পাঙ্ক সবচেয়ে বেশি?
 ক) বেতার তরঙ্গ
 খ) গামা রশ্মি
 গ) এক্স রশ্মি
 ঘ) আবলোহিত রশ্মি
৫. কোন গেইটের সকল ইনপুট 1 হলে আউটপুট 1 হয়?
 ক) OR খ) NOT
 গ) X-OR ঘ) AND
৬. একটি গ্যালভানোমিটারের রোধ 102Ω । এর সাথে কত শান্ট যুক্ত করলে মূল তড়িৎ প্রবাহের 99% শান্টের মধ্য দিয়ে যাবে?
 ক) 103Ω খ) 1.3Ω
 গ) 1.03Ω ঘ) 0.103Ω
৭. একটি তরঙ্গের দুটি বিন্দুর মধ্যবর্তী পথ পার্থক্য $\frac{3\lambda}{4}$ হলে দশা পার্থক্য কত?
 ক) $\frac{\pi}{2}$ খ) $\frac{3\pi}{2}$
 গ) π ঘ) 2π
৮. একটি মহাশূন্যযান কত দ্রুত ভ্রমণ করলে মহাশূন্যে 1 দিন অতিবাহিত হলে পৃথিবীতে 2 দিন অতিবাহিত হবে?
 ক) $2.598 \times 10^8 \text{ m s}^{-1}$
 খ) $2.48 \times 10^8 \text{ m s}^{-1}$
 গ) $3.2 \times 10^7 \text{ m s}^{-1}$
 ঘ) $3.6 \times 10^6 \text{ m s}^{-1}$
৯. ফোটনের তরঙ্গদৈর্ঘ্য 6630 \AA হলে শক্তি কত?
 ক) $1.6 \times 10^{-19} \text{ J}$
 খ) $2.8 \times 10^{-19} \text{ J}$
 গ) $3 \times 10^{-19} \text{ J}$
 ঘ) $3.2 \times 10^{-19} \text{ J}$
১০. একটি ট্রানজিস্টরের $\alpha = 0.95$ ও $I_E = 1 \text{ mA}$ হলে β এর মান কত?
 ক) 0.95 খ) 1.95
 গ) 19 ঘ) 20
১১. গ্যাসের অভ্যন্তরীণ শক্তি কীসের উপর নির্ভর করে?
 ক) চাপ
 খ) তাপমাত্রা
 গ) আয়তন
 ঘ) এনট্রপি
১২. হলোহ্রাফি তৈরিতে কোন রশ্মি ব্যবহার করা হয়?
 ক) ক্যাথোড রশ্মি
 খ) গামা রশ্মি
 গ) লেজার রশ্মি
 ঘ) এক্স রশ্মি
১৩. বায়ুর মধ্যে শব্দ সঞ্চালন কোন প্রক্রিয়া?
 ক) সমোষ্ণ
 খ) রুদ্ধতাপীয়
 গ) ধ্রুব আয়তন
 ঘ) সমচাপ
১৪. ইঞ্জিনের তাপ উৎস ও তাপ গ্রাহকের তাপমাত্রার পার্থক্য কী নির্দেশ করে?
 ক) কর্মদক্ষতা
 খ) অপচয়কৃত শক্তি
 গ) কৃতকাজ
 ঘ) এনট্রপি
১৫. প্রত্যগামী প্রক্রিয়ার ক্ষেত্রে—
 i. এটি ধীর প্রক্রিয়া
 ii. একটি স্বতঃস্ফূর্ত প্রক্রিয়া
 iii. কার্য নির্বাহক বস্তু আদি অবস্থায় ফিরে আসে
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii
১৬. $\sqrt{\mu_0 \epsilon_0}$ এর মাত্রা কত?
 ক) LT^{-1} খ) L^{-1}T
 গ) LT^2 ঘ) L^2T^{-1}
১৭. কোনো বেতার তরঙ্গের $E_0 = 10^{-4} \text{ Vm}^{-1}$ হলে চৌম্বকক্ষেত্র B_0 এর মান কত?
 ক) $3 \times 10^{-12} \text{ T}$
 খ) $3 \times 10^{-14} \text{ T}$
 গ) $3.33 \times 10^{-13} \text{ T}$
 ঘ) $0.33 \times 10^{13} \text{ T}$
১৮. কোন পরীক্ষায় ইথারের অস্তিত্ব ভুল প্রমাণিত হয়?
 ক) মাইকেলসন-মর্লি
 খ) গ্যালিলিও
 গ) আইনস্টাইন
 ঘ) লরেঞ্জ
১৯. P-type অর্ধপরিবাহী তৈরিতে কোন মৌল ভেজাল হিসেবে ব্যবহার করা হয়?
 ক) ফসফরাস
 খ) আর্সেনিক
 গ) অ্যালুমিনিয়াম
 ঘ) অ্যান্টিমনি
২০. লরেঞ্জের রূপান্তর সূত্র কয়টি স্বীকারের উপর প্রতিষ্ঠিত?
 ক) দুইটি খ) তিনটি
 গ) চারটি ঘ) পাঁচটি
২১. হিমাঙ্ক ও স্ফুটনাঙ্কের মধ্যে কার্যরত একটি কার্নো ইঞ্জিনের দক্ষতা কত?
 ক) 26.81% খ) 28.61%
 গ) 36.81% ঘ) 38.81%
২২. এনট্রপির মাত্রা কী?
 ক) $\text{ML}^2\text{T}^{-2}\text{K}^{-1}$ খ) $\text{ML}^2\text{T}^2\text{K}^{-2}$
 গ) MLT^2K ঘ) $\text{MLT}^2\text{K}^{-1}$
২৩. হিমায়ক মেনে চলে—
 i. তাপগতিবিদ্যার 1ম সূত্র
 ii. তাপগতিবিদ্যার ২য় সূত্র
 iii. কার্নো চক্র
 নিচের কোনটি সঠিক?
 ক) i ও ii খ) i ও iii
 গ) ii ও iii ঘ) i, ii ও iii
২৪. একটি তারের রোধ 3Ω । তারের দৈর্ঘ্য টেনে 3 গুণ করা হলে রোধ কত হবে?
 ক) 9Ω খ) 18Ω
 গ) 21Ω ঘ) 27Ω
২৫. হাইগেনসের নীতির সাহায্যে ব্যাখ্যা করা যায় না—
 ক) অপবর্তন খ) সমবর্তন
 গ) ব্যতিচার ঘ) প্রতিসরণ

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ❏ বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]

১. শক্তি বনাম কম্পাঙ্ক এর লেখচিত্রের ঢাল কী নির্দেশ করে?

- ক) কার্যাপেক্ষক খ) ত্বরণ
গ) প্লাঙ্কের ধ্রুবক ঘ) সূচন কম্পাঙ্ক

২. নিচের কোনটিকে সর্বজনীন গেইট বলা হয়?

- ক) NOT, OR খ) AND, NOT
গ) XOR, NOT ঘ) NAND, NOR

৩. অর্ধপরিবাহী ডায়োডকে বলা হয়—

- ক) রেকটিফায়ার খ) ফেট
গ) বিবর্ধক ঘ) জেফেট

৪. Si এর নী ভোল্টেজ কত?

- ক) 0.3 V খ) 0.7 V
গ) 1.1 V ঘ) 2.1 V


৫. X-NOR গেইটের আউটপুট 1 হবে যখন ইনপুট দুটি হবে—

- i. 0, 0
ii. 1, 0
iii. 1, 1

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপক হতে ৬ ও ৭নং প্রশ্নের উত্তর দাও :



৬. নিচের কোনটি বিক্রিয়াটি নিয়ন্ত্রণ করে?

- ক) বোরন খ) ভারী পানি
গ) গ্রাফাইট ঘ) কপার

৭. বিক্রিয়াটিতে কী পরিমাণ শক্তি উৎপন্ন হয়?

- ক) 132 MeV খ) 182 MeV
গ) 192 MeV ঘ) 200 MeV

৮. পৃথিবীর বিভবের মান—

- ক) ধনাত্মক খ) ঋণাত্মক
গ) শূন্য ঘ) অসীম

৯. চার্জিত গোলকের কোথায় বেশি চার্জ থাকে?

- ক) উত্তল তলে খ) অবতল তলে
গ) সমতল তলে ঘ) কেন্দ্রে

১০. তিনটি বস্তু তাপীয় সাম্যাবস্থায় থাকলে নিচের কোন রাশিটি একই হবে?

- ক) ভর
খ) বিভবশক্তি
গ) অভ্যন্তরীণ শক্তি
ঘ) তাপমাত্রা

১১. কোন তাপমাত্রায় বিশুদ্ধ বরফ, পানি ও

- জলীয়বাষ্প তাপীয় সাম্যাবস্থায় থাকে?
ক) 0 K
খ) 273° C
গ) 273.16 K
ঘ) 232 K

১২. অপ্রত্যাবর্তী প্রক্রিয়ার বৈশিষ্ট্য—

- i. ধীর
ii. স্বতঃস্ফূর্ত
iii. একমুখী

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১৩. একটি রেফ্রিজারেটরের কার্যসম্পাদন সহগ

2.5। রেফ্রিজারেটরটি যদি ঠাণ্ডা প্রকোষ্ঠ থেকে 500 J তাপ অপসারিত করে তাহলে প্রতি চক্রে কী পরিমাণ কাজ হবে?

- ক) 1250 J খ) 502.5 J
গ) 500 J ঘ) 200 J

১৪. ${}_{18}^{40}\text{Ar}$ ও ${}_{20}^{40}\text{Ca}$ হচ্ছে—

- ক) আইসোমার
খ) আইসোটোপ
গ) আইসোবার
ঘ) আইসোটোন

■ নিচের উদ্দীপকের আলোকে ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :

একটি সমান্তরাল পাত ধারকের প্রতিটি পাতের ক্ষেত্রফল 1 m^2 এবং পাতদ্বয়ের মধ্যবর্তী ব্যবধান 1 mm .

১৫. ধারকের ধারকত্ব বৃদ্ধি পাবে—

- ক) ক্ষেত্রফল কমালে
খ) ক্ষেত্রফল বাড়ালে
গ) দূরত্ব বাড়ালে
ঘ) কোনোটিই নয়

১৬. ধারকের ধারকত্ব কত?

- ক) $9 \times 10^9 \text{ F}$
খ) $88.5 \times 10^{-9} \text{ F}$
গ) $8.85 \times 10^{-9} \text{ F}$
ঘ) অসীম

১৭. কোনটি মৌলিক বলের অন্তর্ভুক্ত নয়?

- ক) সর্বল বল খ) দুর্বল বল
গ) মহাকর্ষ বল ঘ) ঘাত বল

১৮. $2 \text{ amu} =$ কত?

- ক) 1863 MeV খ) 931.5 MeV
গ) 1863 eV ঘ) 931.5 eV


১৯. X-রে উৎপাদনের পদ্ধতি—

- i. গ্যাস নল
ii. কুলিজ নল
iii. পুলিনবার

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

■ নিচের চিত্রটি লক্ষ কর এবং ২০ ও ২১নং প্রশ্নের উত্তর দাও :



২০. বর্তনীর তুল্যরোধ নির্ণয় কর।

- ক) 3.33Ω খ) 1.33Ω
গ) 0.75Ω ঘ) 0.33Ω

২১. বর্তনীর শাখা প্রবাহগুলোর মধ্যে সম্পর্ক হলো—

- i. $I_{AB} > I_{CD}$
ii. $I_{AB} < I_{CD}$
iii. $I_{PQ} = I_{QE}$

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. একই উপাদানের তৈরি দুটি সমমানের রোধের তারের দৈর্ঘ্যের অনুপাত 2.3।

তার দুটির ব্যাসের অনুপাত কত?

- ক) 4 : 9 খ) $2 : \sqrt{3}$
গ) $\sqrt{2} : \sqrt{3}$ ঘ) $\sqrt{3} : \sqrt{2}$

২৩. তড়িচ্চুম্বকীয় তরঙ্গের ধর্ম হলো—

- i. অনুপ্রস্থ তরঙ্গ
ii. \vec{E} এবং \vec{B} ক্ষেত্রের সমন্বয়ে গঠিত
iii. \vec{E} এবং \vec{B} পরস্পর লম্ব

নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৪. পয়েন্টিং ভেক্টর হলো—

- ক) $\frac{1}{\mu_0} (\vec{E} \times \vec{B})$ খ) $\frac{1}{\mu_0} (\vec{B} \times \vec{E})$
গ) $\frac{1}{\epsilon_0} (\vec{E} \times \vec{B})$ ঘ) $\frac{1}{\epsilon_0} (\vec{B} \times \vec{E})$

২৫. আলো অনুপ্রস্থ তরঙ্গ নিচের কোন পরীক্ষা দ্বারা প্রমাণিত হয়?

- ক) ব্যতিচার খ) অপবর্তন
গ) বিচ্ছুরণ ঘ) সমবর্তন

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ, মোমেনশাহী

বিষয় কোড : 1 7 5

সময় : ২৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র ● বহুনির্বাচনী অভীক্ষা

পূর্ণমান : ২৫

[বি. দ্র. : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলাম দ্বারা সম্পূর্ণ ভরাট কর।]


১. একটি বাড়ির মেইন মিটারে 220 V – 6 A লেখা আছে। বাড়িতে 60 W এর কয়টি বাস্ব নিরাপদে ব্যবহার করা যাবে?

- ক) 12 টি খ) 22 টি
গ) 32 টি ঘ) 42 টি

২. 6 Ω রোধের একটি তারকে টেনে চারগুণ লম্বা করলে রোধ কত হবে?

- ক) 24 Ω খ) 48 Ω
গ) 54 Ω ঘ) 96 Ω

■ উদ্দীপকটি লক্ষ্য কর এবং ৩ ও ৪নং প্রশ্নের উত্তর দাও :



৩. 5 Ω রোধের প্রবাহ কত?

- ক) 1 A খ) 2 A
গ) 3 A ঘ) 4 A

৪. 2 Ω রোধের দুই প্রান্তের বিভব পার্থক্য কত?

- ক) 18 V খ) 8 V
গ) 10 V ঘ) 0 V

৫. তড়িৎ চুম্বকীয় তরঙ্গের বেগের অভিমুখ ও তড়িৎক্ষেত্র \vec{E} এর মধ্যবর্তী কোণ হলো-

- ক) 0° খ) 30°
গ) 45° ঘ) 90°

৬. একক চিরের দরুন অপবর্তনে চরমের ক্ষেত্রে-

- ক) $a \sin \theta = n\lambda$
খ) $a \sin \theta = 2n \frac{\lambda}{4}$

গ) $a \sin \theta = (2n + 1) \frac{\lambda}{2}$

ঘ) $a \sin \theta = (n + 1) \frac{\lambda}{2}$

৭. শ্রেটিং ফ্রবক-

i. $d = a + b$

ii. $d = \frac{1}{N}$

iii. $d = (a + b)^{-1}$


নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. কোন শর্তে লরেঞ্জ রূপান্তর গ্যালিলিও রূপান্তরে পরিণত হয়?

- ক) $\frac{v}{c} \approx 1$ খ) $v \ll c$
গ) $v \gg c$ ঘ) $v \ll 1$

■ উদ্দীপকটি লক্ষ্য কর এবং ৯ ও ১০নং প্রশ্নের উত্তর দাও :



৯. OA রেখার ঢাল নির্দেশ করে-

- ক) সূচন কম্পাঙ্ক খ) কার্যাপেক্ষক
গ) প্লাঙ্কের ধ্রুবক ঘ) নিবৃত্তি বিভব

১০. O বিন্দুতে কম্পাঙ্ক কত?

- ক) 3×10^{15} Hz
খ) 1.55×10^{15} Hz
গ) 1.26×10^{15} Hz
ঘ) 1.16×10^{15} Hz

১১. নিবৃত্তি বিভব নির্ভর করে-

- i. আলোর তীব্রতা
ii. আলোর কম্পাঙ্ক
iii. ধাতব পৃষ্ঠের কার্যাপেক্ষক
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১২. n টাইপ অর্ধ-পরিবাহীতে অপদ্রব্য হিসেবে ব্যবহৃত হয়-

- ক) Al খ) In
গ) Sb ঘ) B

১৩. ট্রানজিস্টর ব্যবহৃত হয়-


- i. রেকটিফায়ার হিসেবে
ii. সুইচ হিসেবে
iii. বিবর্ধক হিসেবে
নিচের কোনটি সঠিক?

- ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৪. গাড়ির ইন্টেলিগেন্ট ডিজাইনে নিচের কোন লজিক গেইট ব্যবহৃত হয়?

- ক) NAND খ) NOR
গ) AND ঘ) OR

■ উদ্দীপকটি লক্ষ্য কর এবং ১৫ ও ১৬নং প্রশ্নের উত্তর দাও :



১৫. A বিন্দু নির্দেশ করে-

- ক) অর্ধায়ু খ) গড় আয়ু
গ) ক্ষয় ধ্রুবক ঘ) অবশিষ্ট অংশ

১৬. B বিন্দুতে সময় হলো-

- ক) $-\frac{1}{\lambda} \ln \left(\frac{N}{N_0} \right)$ খ) $\frac{\ln(2)}{\lambda}$
গ) $\frac{1}{\lambda}$ ঘ) $\frac{0.693}{\lambda}$

১৭. α-কণার সংকেত হলো-

- ক) ${}^4_2\text{He}$ খ) ${}^2_1\text{H}$
গ) ${}^3_1\text{H}$ ঘ) ${}^4_2\text{He}^{2+}$

১৮. নিচের কোনটি রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় ধ্রুবক থাকে?

- ক) তাপমাত্রা খ) অভ্যন্তরীণ শক্তি
গ) এন্ট্রপি ঘ) চাপ


১৯. কার্ণের চক্রের ৪র্থ ধাপে-

- ক) $dQ > 0$ খ) $dS < 0$
গ) $dU = 0$ ঘ) $dU > 0$

২০. তড়িৎ ফ্লাক্সের একক হলো-

- ক) Nm^2C^{-2} খ) Vm
গ) NC^{-1} ঘ) VmC^{-1}


২১. নিচের কোনটি ফাঁপা গোলকে তড়িৎ বিভব (V) ও দূরত্ব (r) এর সম্পর্ক নির্দেশ করে?



২২. তড়িৎ দ্বিমেরুর ক্ষেত্রে তড়িৎ প্রাবল্য দূরত্বের সাথে কিভাবে পরিবর্তিত হয়?

- ক) r^{-1} খ) r^{-2}
গ) r^{-3} ঘ) r^{-4}

■ উদ্দীপকটি লক্ষ্য কর এবং ২৩ ও ২৪নং প্রশ্নের উত্তর দাও :



চিত্র-তাপগতীয় প্রক্রিয়া

২৩. AB লেখাে কোনটি ধ্রুবক?

- ক) এন্ট্রপি খ) অভ্যন্তরীণ শক্তি
গ) আয়তন ঘ) চাপ

২৪. দুি পারমাণবিক AC ও AB লেখের ঢালের অনুপাত হবে-

- ক) 1.41 : 1 খ) 1 : 1.41
গ) 1.67 : 1 ঘ) 1 : 1.67

২৫. পারদের রোধের সঙ্কট তাপমাত্রা হলো-

- ক) 4.2 K খ) 8.2 K
গ) 12.5 K ঘ) 20 K

এক্সকুসিভ মডেল টেস্ট

এক্সকুসিড মডেল টেস্ট ০১

বিষয় কোড : 1 7 5

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট


পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।


১ ▶ নিচের উদ্দীপকটি লক্ষ কর :

চিত্রে গ্যাসের চাপ ও আয়তনের পরিবর্তন দেখানো হয়েছে। এখানে Q থেকে R এ যেতে তাপগতীয় ব্যবস্থায় 80 J তাপশক্তি সরবরাহ করা হয়েছে।




- ক. অভ্যন্তরীণ শক্তি কাকে বলে? ১
খ. রুদ্ধতাপীয় প্রসারণে সিস্টেম শীতল হয়- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে R অবস্থানে আসতে তাপগতীয় ব্যবস্থটিতে অন্তঃস্থ শক্তির পরিবর্তন কত? ৩
ঘ. উদ্দীপক অনুসারে, PQR চক্রের প্রতিটি ধাপে কাজের তুলনা কর। ৪

২ ▶ চিত্রে বায়ু মাধ্যমে বর্গক্ষেত্রের A, B ও C বিন্দুতে যথাক্রমে $q_1 = 2 \times 10^{-9} C$ ও $q_2 = 3 \times 10^{-9} C$ ও $q_3 = -4 \times 10^{-9} C$ চার্জ আছে। বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 1 m.




- ক. ধারক কী? ১
খ. চার্জের তলমাত্রিক ঘনত্ব তড়িৎ প্রাবল্যের ϵ_0 গুণ- ব্যাখ্যা কর। ২
গ. বর্গক্ষেত্রের কেন্দ্র P তে তড়িৎ প্রাবল্য নির্ণয় কর। ৩
ঘ. যে কোনো চার্জকে D বিন্দু হতে P বিন্দুতে আনতে কাজ সম্পাদিত হবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৩ ▶ উদ্দীপকটি লক্ষ কর :



- ক. 1 কুলম্ব চার্জের সংজ্ঞা দাও। ১
খ. বর্তনীতে কোষের তড়িচ্চালক বল সম্পূর্ণ কার্যকর হয় না কেন?- ব্যাখ্যা কর। ২
গ. গ্যালভানোমিটার বিচলিত অবস্থায় তড়িৎ প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের 'X' Ω রোধটি, ব্রিজে প্রদত্ত কোনো একটি রোধের সাথে ব্যবহার করে সাম্যাবস্থা সৃষ্টি সম্ভব কিনা? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৪ ▶ বর্তনীটি লক্ষ কর :



- ক. ডোপিং কী? ১
খ. বর্তনীতে ফিউজ ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

- গ. 10 সেকেন্ডে 2 Ω এ উৎপন্ন তাপের পরিমাণ নির্ণয় কর। ৩
ঘ. A ও B বিন্দুর মধ্যে '40 W - 100 V' এর একটি বাত্ম শ্রেণিতে স্থাপন করলে ইহা পূর্ণ উজ্জ্বলতার সাথে জ্বলবে কি-না- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৫ ▶ একজন পরীক্ষার্থী সমতল অপবর্তন গ্রেটিং ব্যবহার করে আলোর অপবর্তন পর্যবেক্ষণ করছিল। অপবর্তন গ্রেটিং এর চিরের ও দাগের বেধ যথাক্রমে 0.005 mm এবং 0.001 mm। ব্যবহৃত আলোর তরঙ্গদৈর্ঘ্য 4000 Å। পর্দার কেন্দ্রীয় চরমের উভয় পাশে গৌণ চরম দেখতে পায়।

- ক. আলোর সুসঙ্গত উৎস কাকে বলে? ১
খ. ডোপিং কীভাবে অর্ধপরিবাহীর তড়িৎ পরিবাহিতাকে প্রভাবিত করে? ব্যাখ্যা কর। ২
গ. প্রথম ক্রমের উজ্জ্বল রেখার জন্য অপবর্তন কোণ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপক অনুসারে ৬ষ্ঠ অবমের জন্য অপবর্তন সম্ভব কি-না? গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৬ ▶ কোন ধাতু থেকে ইলেকট্রন নিঃসরণের জন্য প্রয়োজনীয় তরঙ্গ দৈর্ঘ্যের সর্বোচ্চ মান 4400 Å। উক্ত ধাতুর উপর 1500 Å তরঙ্গদৈর্ঘ্যের অতিবেগুনি রশ্মি এবং 500 Å তরঙ্গদৈর্ঘ্যের এক্স-রশ্মি ফেলা হলো। প্লাঙ্কের ধ্রুবক $h = 6.63 \times 10^{-34} Js$ ।

- ক. কাল দীর্ঘায়ন কাকে বলে? ১
খ. কোনো বস্তু আলোর সমান বেগে চলতে পারে না- ব্যাখ্যা কর। ২
গ. ধাতুর কার্যপেক্ষক নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের কোন আলোক রশ্মির জন্য নিঃসৃত ইলেকট্রনের বেগ বেশি হবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৭ ▶ সামিয়া ও স্নেহা প্রত্যেকে আলাদাভাবে যথাক্রমে 22 MeV ও 25 MeV শক্তি প্রয়োগ করে হিলিয়াম নিউক্লিয়াস ভেঙে প্রোটন ও নিউট্রনে পরিণত করার চেষ্টা করল। প্রোটনের ভর $m_p = 1.00758 amu$, নিউট্রনের ভর $m_n = 1.00894 amu$ এবং হিলিয়াম নিউক্লিয়াসের ভর 4.00389 amu।

- ক. ক্ষয় ধ্রুবকের সংজ্ঞা দাও। ১
খ. নিউক্লিয় ফিশন বিক্রিয়ায় কেন ক্যাডমিয়াম দণ্ড ব্যবহার করা হয়? ব্যাখ্যা কর। ২
গ. হিলিয়ামের ভরক্রটি বের কর। ৩
ঘ. সামিয়া অথবা স্নেহা হিলিয়াম নিউক্লিয়াস ভাঙতে সক্ষম হবে কি-না, গাণিতিকভাবে ব্যাখ্যা কর। ৪

৮ ▶ কমন ইমিটার ট্রানজিস্টর সংযোগ বর্তনীতে 0.85 V ও 1.10 V বিভব প্রয়োগে ইমিটার প্রবাহ যথাক্রমে 10 mA ও 40 mA পাওয়া যায়। প্রবাহ বিবর্ধন গুণক 0.98 এবং ভার রোধ 120 Ω।

- ক. এক কুরী কাকে বলে? ১
খ. সকল অপরিবাহী ডাইইলেকট্রিক নয়- ব্যাখ্যা কর। ২
গ. ট্রানজিস্টরটির প্রবাহ লাভ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ট্রানজিস্টরটি বিবর্ধক রূপে ক্রিয়া করবে কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

এক্সকুসিভ মডেল টেস্ট ০২

বিষয় কোড : 1 7 5

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০


[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

- ১ ▶ 327° C তাপমাত্রার 1 মোল গ্যাস দ্বারা একটি কার্নো ইঞ্জিন কাজ সম্পাদন করছে। কার্নো চক্রের প্রতিটি ধাপে সংকোচন বা প্রসারণের অনুপাত 1 : 6।

(সার্বজনীন গ্যাস ধ্রুবক $R = 8.31 \text{ J mol}^{-1} \text{ K}^{-1}$ এবং $\gamma = 1.4$)


- ক. সিস্টেম কী? ১
খ. অপ্রত্যাগামী প্রক্রিয়া একটি একমুখী প্রক্রিয়া- ব্যাখ্যা কর। ২
গ. ইঞ্জিনের সর্বনিম্ন তাপমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. কার্নোর চক্রের সমোষ্ণ প্রসারণ ও সংকোচনে সম্পাদিত কাজের পরিমাণ একই হবে কি-না? গাণিতিকভাবে যাচাই কর। ৪

- ২ ▶ সমান ব্যাসার্ধের দুটি গোলক X ও Y শূন্যস্থানে পরস্পর থেকে 30 cm দূরে অবস্থিত। A গোলকে চার্জ $+6 \times 10^{-12} \text{ C}$ এবং B গোলকে চার্জ $+24 \times 10^{-12} \text{ C}$ আছে।




- ক. অপবর্তন কাকে বলে? ১
খ. ডিজিটাল ও এনালগ পদ্ধতির মধ্যে পার্থক্য নিরূপণ কর। ২
গ. R বিন্দুতে তড়িৎ বিভব নির্ণয় কর। ৩
ঘ. R বিন্দুতে তড়িৎপ্রাবল্য শূন্য হতে পারে কিনা? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

৩ ▶




- ক. তাড়ন বেগ কী? ১
খ. তড়িচ্চালক শক্তি ও বিভব পার্থক্যের মধ্যে পার্থক্য লেখ। ২
গ. বর্তনীর প্রবাহ নির্ণয় কর। ৩
ঘ. R_3 এর সাথে কত মানের রোধ কীভাবে যুক্ত করলে এর ভেতর দিয়ে R_1 এর সমান প্রবাহ পাওয়া যাবে? গাণিতিকভাবে তোমার মতামত দাও। ৪

৪ ▶



- ক. কার্শফের ১ম সূত্র বিবৃত কর। ১
খ. শাট কিভাবে গ্যালভানোমিটারকে রক্ষা করে? ব্যাখ্যা কর। ২
গ. প্রদত্ত বর্তনীর মূল তড়িৎ প্রবাহমাত্রা নির্ণয় কর। ৩
ঘ. বর্তনীতে 1 মিনিট তড়িৎ প্রবাহ চললে কোন রোধকে বেশি তাপ উৎপন্ন হবে? গাণিতিকভাবে যাচাই কর। ৪

- ৫ ▶ চিত্রে ইয়ং এর দ্বি-চির পরীক্ষার একটি ব্যবস্থা দেখানো হলো। চিরে 3100 Å তরঙ্গদৈর্ঘ্যের আলো ফেলা হলে পর্দার কেন্দ্র হতে উভয় দিকে 10টি ডোরা দেখা গেল।



- ক. সুসঙ্গত উৎস কী? ১
খ. রেডনের অর্ধায়ু 3.82 দিন বলতে কী বুঝায়? ২
গ. পর্দায় 10 তম উজ্জ্বল ডোরার কৌণিক সরণ কত? ৩
ঘ. উদ্দীপকে চির দুটির ব্যবধান অর্ধেক করা হলে পর্দায় ডোরার সংখ্যার কী পরিবর্তন হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪

- ৬ ▶ অনন্য সিঁজিয়াম ধাতুর পাতে $4.5 \times 10^{-7} \text{ m}$ তরঙ্গদৈর্ঘ্যের আলো আপতিত করে ফটো তড়িৎ ক্রিয়ার পরীক্ষা পরিচালনা করছে। সে নিবৃত্তি বিভব পেলে 1.5 V। পরবর্তীতে $5.5 \times 10^{-7} \text{ m}$ তরঙ্গদৈর্ঘ্যের সবুজ আলো ব্যবহার করে।


[দেওয়া আছে, ইলেকট্রনের ভর = $9.1 \times 10^{-31} \text{ kg}$]

- ক. জড় প্রসঙ্গ কাঠামো কাকে বলে? ১
খ. কোনো বস্তুর ভর কখনো অসীম হতে পারে না কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপক অনুসারে ফটোইলেকট্রনের সর্বোচ্চ গতিবেগ নির্ণয় কর। ৩
ঘ. সবুজ আলো ব্যবহার করায় ফটোতড়িৎ প্রবাহ ঘটবে কিনা? গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে দেখাও। ৪

- ৭ ▶ সুমি গবেষণাগারে A, B ও C তিনটি তেজস্ক্রিয় পদার্থের নমুনা নিয়ে পরীক্ষা করছিল। কোনো এক মুহূর্তে A ও B পদার্থের ভাঙনের হার যথাক্রমে 500 s^{-1} ও 400 s^{-1} এবং 5 s পর যথাক্রমে 400 s^{-1} ও 300 s^{-1} পর্যবেক্ষণ করল। C নমুনার গায়ে অর্ধায়ু 36 d লেখা ছিল।

- ক. নিউক্লিয় বন্ধনশক্তি কাকে বলে? ১
খ. হাইড্রোজেন পরমাণুর ১ম কক্ষপথে ঘূর্ণায়মান ইলেকট্রনের বেগ অপেক্ষা ২য় কক্ষপথে ঘূর্ণায়মান ইলেকট্রনের বেগ কম- ব্যাখ্যা কর। ২
গ. C মৌলের তেজস্ক্রিয় ক্ষয় ধ্রুবক নির্ণয় কর। ৩
ঘ. A ও B মৌলের তেজস্ক্রিয়তা সমান কিনা? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

৮ ▶



- ক. ডোপিং কী? ১
খ. n-টাইপ অর্ধপরিবাহী তড়িৎ নিরপেক্ষ কি-না? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বিন্যাসে প্রবাহ বিবর্তন কত হবে? ৩
ঘ. নিঃসারক বাহুর মধ্য দিয়ে কী পরিমাণ তড়িৎ প্রবাহ পাঠালে বহির্গামীতে 5 watt ক্ষমতা পাওয়া যাবে? গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

এক্সক্লুসিভ মডেল টেস্ট ০৩

বিষয় কোড : 175

সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান-৫০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১ ▶ একটি ইঞ্জিন 321°C তাপমাত্রার তাপ উৎস থেকে 521 J তাপ গ্রহণ করে 21°C তাপমাত্রার তাপ গ্রাহকে কিছু তাপ বর্জন করে।

- ক. ভরের আপেক্ষিকতা কী? ১
খ. C_p , C_v এর চেয়ে বড় কি? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত ইঞ্জিন দ্বারা কৃতকাজ নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত ইঞ্জিনটির দক্ষতা ৪ গুণ করা সম্ভব কি-না- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

২ ▶ দ্বিপারমাণবিক গ্যাস সম্বলিত একটি কার্নো ইঞ্জিন 400 K তাপমাত্রার উৎস হতে তাপ গ্রহণ করে। প্রতি প্রসারণে এর আয়তন 2.5 গুণ হয়।

- ক. অপ্রত্যাবর্তী প্রক্রিয়া কাকে বলে? ১
খ. এনট্রপির পরিবর্তন সর্বদা ধনাত্মক- ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ইঞ্জিনটির প্রাথমিক দক্ষতা নির্ণয় কর। ৩
ঘ. ইঞ্জিনের দক্ষতা 48% করতে হলে কী ব্যবস্থা নিতে হবে? গাণিতিক বিশ্লেষণ কর। ৪


৩ ▶ সমকেন্দ্রিক দুটি চার্জিত গোলক শূন্যস্থানে রাখা আছে যাদের ব্যাসার্ধ 10 cm ও 15 cm । গোলকের ভেতরের তলে 40.6 nC এবং বাইরের তলে 19.3 nC চার্জ আছে।

- ক. নিবৃত্তি বিভব কি? ১
খ. কৃষ্ণগহ্বর থেকে আলো বের হতে পারে না কেন? ২
গ. গোলকের কেন্দ্রে বিভব কত? ৩
ঘ. কেন্দ্র থেকে 10 cm ও 22 cm দূরে তড়িৎ প্রাবল্য তুলনা কর। ৪

৪ ▶ একটি বর্তনীতে $15\ \Omega$ ও $20\ \Omega$ মানের দুটি রোধককে সমান্তরাল সমবয়ে সাজিয়ে 9 volt তড়িচ্চালক শক্তির সাথে যুক্ত করতে তাতে

- 1 A তড়িৎ প্রবাহিত হলো।
ক. প্রত্যাবর্তী প্রক্রিয়া কাকে বলে? ১
খ. তড়িৎ প্রবাহের ফলে বর্তনীতে তাপ উৎপন্ন হয় কি? ব্যাখ্যা কর। ২
গ. কোষের অভ্যন্তরীণ রোধের মান কত? ৩
ঘ. প্রত্যেক রোধকের মধ্যদিয়ে প্রবাহিত প্রবাহমাত্রার মোট মান, মূল প্রবাহের সমান হবে কি-না- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৫ ▶




- ক. গসিয়ান তল কাকে বলে? ১
খ. তাপমাত্রার সাথে রোধের কিরূপ পরিবর্তন হয়?- ব্যাখ্যা কর। ২
গ. R_2 রোধের মধ্যদিয়ে তড়িৎ প্রবাহের মান নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের 'A' লুপের R_1 রোধের সাথে শ্রেণিতে নাকি সমান্তরালে কত রোধ যুক্ত করলে উভয় লুপে একই তড়িৎ প্রবাহিত হবে- গাণিতিকভাবে যাচাই কর। ৪

৬ ▶ ইয়ং এর দ্বি-চির পরীক্ষণে ব্যবহৃত আলোক উৎসের তরঙ্গদৈর্ঘ্য $6000\ \text{Å}$ । চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব 1.5 mm এবং চির ও পর্দার দূরত্ব 0.75 m । পরবর্তীতে চিরদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব এক তৃতীয়াংশ এবং চির ও পর্দার দূরত্ব দ্বিগুণ করা হলো।

- ক. গ্রেটিং ফ্রবক কাকে বলে? ১
খ. অনুদৈর্ঘ্য তরঙ্গ সমবর্তিত হয় না কেন? ব্যাখ্যা কর। ২
গ. 1 m ক্ষেত্রে কেন্দ্রীয় উজ্জ্বল ডোরা হতে দশম উজ্জ্বল ডোরার দূরত্ব নির্ণয় কর। ৩
ঘ. দ্বিতীয় ক্ষেত্রে ডোরা প্রস্থ পরিবর্তিত হয়- গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

৭ ▶ দ্বাদশ শ্রেণির বিজ্ঞানের ছাত্রী মিনা পরীক্ষাগারে ফটোতড়িৎ ক্রিয়া প্রদর্শন করে তার প্রাপ্ত ফলাফল হতে উল্লিখিত গ্রাফটি অঙ্কন করলো। পরীক্ষাগারে 1.5 volt এর একটি ব্যাটারি আছে।



- ক. আপেক্ষিকতার প্রথম স্বীকার্য বিবৃত কর। ১
খ. নিউক্লিয়ার ফিশন বিক্রিয়া দ্রুত হারে বৃদ্ধি পায় কেন? ব্যাখ্যা কর। ২
গ. সূচন তরঙ্গদৈর্ঘ্য নির্ণয় কর। ৩
ঘ. মিনা কি কোনোভাবে উক্ত পরীক্ষায় প্রাপ্ত ফটোপ্রবাহ ঐ ব্যাটারির সাহায্যে বন্ধ করতে পারবে? গাণিতিকভাবে ব্যাখ্যা দাও। ৪

৮ ▶ সাধারণ নিঃসারক ট্রানজিস্টর সংযোগে 0.95 V ও 1.15 V বিভব প্রয়োগ করলে যথাক্রমে 15 mA ও 35 mA বেস প্রবাহ পাওয়া যায়। ট্রানজিস্টরটির প্রবাহ লাভ $\beta = 80$ এবং লোড রোধ $95\ \Omega$ ।

- ক. ডোপিং কী? ১
খ. p-n জংশনকে রেকটিফায়ার বলা হয় কেন? ব্যাখ্যা দাও। ২
গ. ট্রানজিস্টরটির প্রবাহ বিবর্ধকগুণক α নির্ণয় কর। ৩
ঘ. উদ্দীপকের ট্রানজিস্টর সংযোগটি বিবর্ধক হিসেবে কাজ করে- গাণিতিকভাবে বিশ্লেষণ কর। ৪

এক্সকুসিভ মডেল টেস্ট ০৪

বিষয় কোড : 1 7 5


সময়-২ ঘণ্টা ৩৫ মিনিট

পদার্থবিজ্ঞান দ্বিতীয় পত্র সৃজনশীল প্রশ্ন


পূর্ণমান-৫০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দিতে হবে।


- ১ ▶ 56 g নাইট্রোজেন গ্যাসকে একটি ইঞ্জিনের সাহায্যে প্রথমে সমোষ্ণ প্রক্রিয়ায় ও পরে রুদ্ধতাপীয় প্রক্রিয়ায় আয়তন তিনগুণ করা হলো। ইঞ্জিনটি 127° C এবং 27° C তাপমাত্রায় কার্যকর আছে। (নাইট্রোজেনের আণবিক ভর 28 g)
- ক. তাপগতিবিদ্যার শূন্যতম সূত্রটি বিবৃত কর। ১
